

হজরত্ এমাম গাজালী (রাহ্মাতুল্লাহ্ আলায়হে) প্রায়ীক মেন্হাজোল আবেদিন ও ছেরাজোচুহ্নাক্রিকিনী নামক গ্রন্থের বঙ্গানুরাদ্ধি


অনুবাদক ও প্রকাশক খানবাহাত্তর মোলবী চৌধুরী কাজেমদ্দীন আহমদ সিদ্দিকী, জমিদার, বলিয়াদী, (ঢাকা)।

প্রাপ্তিস্থান— প্রাইভেট সেক্রেটারী, খানবাহাত্বর কে,এ, সিদ্দিকী, জমিদার, পোঃ ব্যলিস্থাদী, (ভাক্ষা ) <sup>অথবা</sup> ইস্লামিয়া লাইব্রেরী, পাটুয়াটুলী, ঢাকা।

All rights reserved ]

[ भूला २।॰ नंग्रमिका।

#### প্রিণ্টার—ঐবোগেন্তচন্দ্র দাস। ইস্লোমিয়া প্রিণ্টিৎ ওয়ার্কিস্ ২নং কুমারটুলী, ঢাকা।



## সূচী পত্ৰ

					পৃষ্ঠা
>1	ভূমিকা	•••	• • •	•••	>
२।	উপক্রমণিকা	•••	•••	•••	ఎ
<b>७।</b>	প্রথম অধ্যায়—	–এলেমের	যাটি	•••	২১
8 1	দ্বিতীয় অধ্যায়-	—তওবার	যাটি	•••	৩৯
¢ 1	তৃতীয় অধ্যায়–	—আওয়া	য়কের ঘাটি	.•••	<b>¢</b> 8
७।	চতুৰ্থ অধ্যায়—	-আওয়ারে	কের ঘাটি	•••	>8°
91	পঞ্চম অধ্যায়—	–বাওয়ায়ে	ছের ঘাটি	•••	১৮২
٢ ا	ষষ্ঠ অধ্যায়—ক	চা ওয়াদেরে	হর ঘাটি	•••	>>8
ا ھ	সপ্তম অধ্যায়—	-হাম্দ্ ও	শোকরের ঘ	াটি	२०৫
> 1	পরিশিষ্ট		•••	•••	৾ঽ১৽

## ত্রুটী স্বীকার পত্রী

"ছাপাখানায় ভূতের উপদ্রব" শোনা ছিল দেখা ছিল না, এবার অতি ক্রত "শান্তি-সোপান" ছাপান'র কল্যাণে ঐ ভূত প্রত্যক্ষ করার সোভাগ্য লাভ ঘটিলেও পাঠক-সদনে অনুবাদককে লজ্জিত হইতেও ক্রটি স্বীকার করিতেই হইবে; তাই ছাপার ভ্রম-প্রমাদের জন্য "জবন্য উহা সংক্রিপ্ত হইলেও" সহৃদয় পাঠক-পাঠিকাগণ সমীপে মুক্তকঠে, সলাজ ক্রটি স্বীকার করিতেছি।

অনুবাদক-



#### সুধী পাঠক ও পাঠিকাগ**ের মনো**হোগ ও সদয় দৃষ্টি আকর্ষ**ার্থ নগ**ন্য অনুবাদকের গোটা দৃই কথা

বা



অপার করুণাময় আল্লাহ্-তায়লার স্থষ্ট জীবের মধ্যে মানবই সর্বব্রেষ্ঠ জীব এবং মানব স্থাষ্ট করার একমাত্র উদ্দেশ্য কেবল "এবাদাত্ বান্দেগী" ওনানা প্রকার সৎ ও পুণ্যজনক ক্যার্য্যাদি ও আল্লাহ্-তায়লার প্রত্যেক আদেশ—গভীর শ্রদ্ধা ও ভক্তির সহিত নির্বিকারে নির্বিকার চিত্তে অক্ষরে অক্ষরে মান্য ও পালনে রত ও লিপ্ত থাকিয়া এই পার্থিব পাঞ্চ-ভৌতিক ক্ষণস্থায়ী নশ্বর মানব জীবন অতি পবিত্র ও বিশুদ্ধভাবে যাপন ও অতিবাহিত করা।

কিন্তু বৰ্ত্তমান যুগে আজকাল যত্ৰ তত্ৰ ও দেশ বিদেশে সেই উদ্দিষ্ট ধর্ম্ম ছাড়িয়া অধর্ম পথে বিচরণ করাই যেন একরূপ ফ্যাশন ও গোরবের বিষয় হইয়। দাঁড়াইয়াছে। বিশেষতঃ বঙ্গীয় অদূরদর্শী, অজ্ঞ, অকাল-কুম্মাণ্ড, ধর্ম্মধ্বজী, মোসুেমগণ যেমন উল্লাবেগে, ধর্মহীনতা ও কেলেঙ্কারীর মারাত্মক সর্বনাশা বন্ধুর পথে অগ্রসর ও প্রধাবিত হইতেছে, তাহা ভাবিতেও মন দুঃখ, ভয়, লঙ্জা, ঘূণা ও পরিতাপে মুহুমান, ভয়চকিত ও অবশপ্রায় হইয়া উঠে। ইহার প্রধানতম যুগপৎ কারণ, ধর্মশিক্ষা ও ধর্ম্মজ্ঞানের একান্ত অভাব.—পক্ষান্তরে ধর্ম্মহীন পাশ্চাত্য শিক্ষার অতি প্রাত্নভাব। সরল বিশ্বাসী তরল মতি তরুণের। এই ধর্ম্ম-হীন শিক্ষায় যতই শিক্ষিত ও অগ্রসর হইতেছে ততই মোহাচ্ছন্ন ও উদ্ত্রান্ত হইয়া পড়িতেছে ও বিগড়াইয়া যাইতেছে। তাই. এখন ইহারা প্রকাশ্যভাবে ধর্মে জলাঞ্চলী দিয়া ধর্মহীন বিত্যালয়ের "ডিগ্রি' পুচ্ছশীরে অধর্ম্মের ডালি লইয়া এক অদ্ভত জীবরূপে জন-সমাজে আত্ম প্রকাশ করতঃ নির্লজ্জতার তাগুব নর্ত্তন কুর্দ্দনে চরম অশিষ্টতা ও ধৃষ্টত্বের পরাকাষ্ঠা প্রদর্শনে এই অতি মহান, সত্যা, সরল, পূতঃ, পবিত্র স্বাগীয় এছলাম ধর্ম্ম নিষেবিত, শান্ত-শিষ্ট, বিরাট মোলুম সমাজকে সন্ত্রস্ত, ব্যতিব্যস্ত ও অতিষ্ঠ করিয়া তুলিয়া নিজেদেরই চুর্ভাগ্যের সূচনা ও নরকের পথ স্থগম ও প্রশস্ত করিতে থাকিলেও আমার দৃঢ় বিশাস ও ধারণা যে, যে কোন উপায়ে এখনও যদি আমাদের এই অবুঝ-সবুজ সোনার চাঁদ সরল মতি ছেলেদিগকে পবিত্র এছলাম ধর্ম্মের

#### ভূমিকা

শুলতত্ত্ব সম্বন্ধে কিঞ্চিন্মাত্ৰও জ্ঞান ও শিক্ষা দেওয়ার, ও মুষ্টিমেয় জন-কয়েক ধর্মহীন স্বার্থপর দেশদ্রোহী অথচ "নামকা ওয়াস্তে" দেশ-হিতৈখী ধোকাবাজ ভণ্ড নেতা ও স্বার্থপর লোভী, গণ্ড-মূর্থ, অথচ ধরিবাজ "খেতাবী মওলানাদের" করাল কবল হইতে রক্ষা করার ব্যবস্থা করা যায়, তবে ইহাদের সাহায্যে বঙ্গের এই মৃতকল্প এছলাম ধর্ম পুনরুজ্জীবিত ও অত্যধিক শক্তিশালী ও সুষমা সম্পন্ন হইতে পারে, যাহা আমাদের স্থায় জরাজীর্ণ শত সহস্র বৃদ্ধদের দ্বারা সম্পন্ন হওয়া একাস্তই অসম্ভব, কেননা, তরুণের তারুণ্য সর্ববাবস্থায় সর্ববকার্য্যেই বৃদ্ধ-জনোচিত কার্য্যকরী শক্তি, সামর্থাপেক্ষা শত সহস্র গুণে শ্রেষ্ঠ, প্রবল ও বলবান এবং সাধারণ জাগতিক নিয়মও ইহাই। অতএব এই ঘোর চুর্দ্দিনে আমাদের বর্ত্তমান ও ভবিষ্যতের একমাত্র আশা ভরসার স্থল, সোনার চাঁদ তরুণগণের স্বধর্ম সম্বন্ধে মোটামোটী ভাবে সামাশ্য কিছুও শিক্ষা ও জ্ঞান যাহাতে লাভ হইতে পারে তজ্জ্য আমাদের প্রত্যেকের প্রাণপণ যত্ন, চেষ্টা করা একান্ত প্রয়োজন ও আবশ্যক: বরং আমি উহা আমাদের পক্ষে অবশ্য করণীয় ও একটী বাধ্যকর কর্ত্তব্য বলিয়াই বিশাস করি: কিন্তু তুঃখের বিষয় আমাদের সমগ্র ধর্মগ্রন্থই, আরবি, পারসি বা উর্দ্দুতে লিখিত, বর্ত্তমান ছেলেদের মধ্যে কেহ কেহ উহা পাঠ করিতে পারিলেও বাঙ্গলার অধিকাংশ তরুণ ও অতরুণই ঐ সব গ্রন্থ পাঠ করিতে বা উহার রসাম্বাদন করিতে অসমর্থ। এই সব দেখিয়া শুনিয়া প্রায় এক বৎসর পূর্বেব এই সমস্থা

সমাধান জন্ম আমার মনে একটা ক্ষীণ প্রেরণা ও চিস্তার উদয় হইয়াছিল, কিন্তু বাৰ্দ্ধকা ও বোগ যাতনার পাষাণ চাপে উহা এক প্রকার নিজ্জীব ও লুপ্ত প্রায়ই হইয়া গিয়াছিল। তাই এতদিনের মধ্যেও উহাতে মনোযোগ দিবার বা হস্তক্ষেপ করিবার সামর্থ বা অবসর মোটেই ঘটিয়া উঠে নাই, কিন্তু সেদিন হঠাৎ কলিকাতা এলবার্ট হলে মোস্লেম তরুণদের 'মোল্লা-বিদ্রোহ" সভার প্রস্তাবাবলীপূর্ণ একখানি সংবাদ পত্র আমার সেই বৎসরেক পূর্বের লুপ্ত প্রায় ক্ষাণ প্রেরণাটিকে অতি প্রবলভাবে ঝাঁকাইয়া সজীব ও জাগ্রত করতঃ আমার এই জরাজীর্ণ, রোগশীর্ণ, বৃদ্ধ দেহখানিকেও দাঁড় করিয়া তুলিয়াছে; এবং আমাকে আমার সেই বহুকালের পরিত্যক্ত প্রাচীন, চুর্বল, ও অপট্ট লেখনী পুনঃ ধারণে বাধ্য করতঃ মহা দার্শনিক পণ্ডিত, হুজরত্ এমাম গাজালী (রাহ্মাতুল্লাহ্ আলায়হে) প্রণীত মেন্হাজোল আবেদিন ও ছেরাজোচ্ছালেকিন নামক দর্শন ও আধ্যাত্মিক তত্ত্বপূর্ণ গ্রন্থখানির বঙ্গানুবাদে প্রবৃত্ত ও লিপ্ত করিয়াছে। ইহা একখানি ''তাছাওফ'' ওধর্ম্মতত্ত্ব মূলক ক্ষুদ্র পুস্তক হইলেও ইহা ধর্ম্মের সূক্ষা তর্মপূর্ণ বহু বিষয়ক, গবেষণা, সতুপদেশ ও আধ্যাত্মিকতা সম্ভারে পরিপূরিত। ইহাতে ভাবিবার, বুঝিবার, শিথিবার বহুবিধ কথা ও বিষয় বিছমান আছে এবং এই পুস্তকখানিকে একটা উপক্রমণিকা, সাতটী অধ্যায় ও একটা পরিশিষ্টে সমাপ্ত করা হইয়াছে। ইহার বঙ্গামুবাদ করিতে আমাকে অক্লান্তভাবে মোট ৪৫৫ চারিশত

পঞ্চান্ধ ঘন্টা সময় পরিশ্রাম করিতে হইয়াছে। এই পুস্তককে আমার প্রিয় সহৃদয় পাঠক পাঠিকাগণের সহজ বোধ্য ও সরল পাঠ্য করণ ও ইহার বাহুল্যতা বর্জ্জনোদেশ্যে মাঝে মাঝে ও স্থানে স্থানে মূল প্রস্তের অনেক কথা ও বিষয় পরিবর্জ্জন ও পরিবর্জন করা হইয়াছে, কিন্তু তাহাতে মূল উদ্দেশ্য ও লক্ষ্যের কোন প্রকার ব্যতায় বা বিচ্যুতি ঘটে নাই। ভরসা করি আল্লাহ্-তায়লার ফজলে তঙ্জ্জ্য উহার ভাষার শ্রুতি কঠোরতা বা বুঝিবার পক্ষে কোন প্রকার কাঠিন্য ও জটিলতা আনয়ন না করিয়া সরসতা ও সারলাই আনয়ন করিবে।

আমার কল্পনা বা রচনার শক্তি যে কত হীন, সীমাবদ্ধ ও নগণ্য তাহা আমার জানা আছে,—বেশ উত্তমরূপেই জানা আছে এবং উহা জানা থাকা সম্বেও কেন যে আমি আমার এই কল্পনাহীন অক্ষম, অযোগ্য, অনভ্যস্ত ও তুর্ববল মস্তিক প্রসূত করেকটা অতি হের ও নগণ্য "উপমা" স্বেচ্ছামত ভাষায় উদাহরণ স্বরূপ এই পুস্তকে সন্নিবেশিত করিতে সাহসা হইয়াছি ও মূল প্রস্থের বঙ্গামুবাদে লিপ্ত হইয়াছি, তাহার কারণ ও উদ্দেশ্য আমার পাণ্ডির ফলান বা আত্মার্থব প্রকট করা নহে। উহার প্রকৃত ও মুখ্য উদ্দেশ্য বর্ত্তমান বঙ্গায় মোস্লেম প্রাতাগণের নীচতা, অনাচার ও ধর্মাহীনতাজনিত সমাজের অশেষবিধ অকল্যাণ, তুঃখ, দৈন্য, তুর্দ্দশা ও কয়্টের প্রতি লক্ষ্য করিয়া মোস্লেম, সর্ববজনীন্

ভ্রাত্ত্বের (१) ﴿ كُلُّ مُوْءِ مِينَ الْحُوا اللَّهُ ) প্রবল আকর্ষণ, সহামুভূতি ও



সমবেদনার দুর্দ্দমনীয় হৃদয়াবেগ সংযত ও সম্বরণ করিতে না পারাই ইহার প্রধান ও মূল কারণ। তাহা না হইলে বৃদ্ধ বয়সে এই রুগ্ন শরীরে ইহাতে লিপ্ত হইয়া শরীরকে সমধিক দুর্ববল, ক্লান্ত ও অস্ত্রস্থ করিয়া তোলার কোনই সার্থকতা ও কারণই ছিল না। কেননা, আমি বিচক্ষণ লেখক, বিজ্ঞ কবি, স্থপণ্ডিত বা সাহিত্যিক নহি, অথবা পুস্তক লিখা বা অমুবাদ করা আমারু বাতিক বা ব্যবসায়ও নহে, কিম্বা আমি অতি বড় সাহিত্যরস-রসিক বা ঐরূপ ছোট, বড়, মেজো একটা কৃষ্ণ, বিষ্ণু বা ঐ প্রকার কোন কিছুই নহি ; বরং আমি বঙ্কিমচন্দ্রের তুর্গেশ নন্দিনীর বিভা দিগ্গজেরই প্রায় অনুরূপ—কিন্তু সম্পূর্ণ নীরস ও শুঙ্গং কাষ্ঠং বিশেষ একটা মূর্ত্তিমান গন্ত। তথাপিও এই বাৰ্দ্ধক্য নিপীড়িত জরাজীর্ণ দেহ মন লইয়া এত বড় কার্য্যে তরুণের মতই ঝাঁপাইয়া পড়ার প্রথম কারণ আমার ঐ অদমনীয় হৃদয়াবেগ ও ঐ শ্রেণীস্থই আর একটা বিশেষ कारन ७ উদ্দেশ্য এই যে আমার—এই স্থদীর্ঘ জীবনে অসংখ্য পাপ ও বিলাসিতায় আকণ্ঠ নিমজ্জিত ও মগ্ন থাকা ভিন্ন এমন কোন একটা স্মারণ যোগ্য ক্ষুদ্রতম্ অকিঞ্চিৎকর কাজও বোধ হয় করি নাই, যাহা পুশুবাচক বিশেষণে বিশেষিত ও অভিহিত হইতে পারে। বা পাপ মেঘার্ত অশান্তিপূর্ণ আমার এই জীবন সন্ধ্যার কৃষ্ণাকাশকে পুর্যের সামান্ত একটুখানি বিজ্ঞালি বিকাশে মুহূর্ত্তের জন্মও সমুম্ভাসিত ও পাপ মেঘের ঘন ঘোর বিনাশে সামান্ত একটু শান্তি বারিও বর্ষণ

করিতে পারে ? তাই এই জীবন সন্ধ্যায় অতি সস্তায় পুণ্যার্জ্জনের অতিমাত্র লোভ ও প্রবল আশা, আকাজ্জা ও আগ্রহে প্রাণপণ যত্ন চেক্টায়, স্বাস্থ্যের প্রতি দৃক্পাত মাত্র না করিয়া এই মহৎ কার্য্যে হস্তক্ষেপ করিয়াছি। এই পুস্তক পাঠে অন্ততঃ পক্ষে আমার একজন ভাতা বা ভগিনীও যদি উপকৃত হন, ও এই অধম, পাপী বৃদ্ধের রাশিকৃত অগণিত পাপ বিমোচন ও মুক্তির জন্য একটা বারের তরেও সেই অগতির গতি, পতিত পাবন, অপার করুণাময়, আল্লাহ্-তায়লার—পাক-পবিত্র-মহান-দরবারে প্রার্থনা করেন, তবেই এ অযোগ্য, অধম, নগণ্য লেখকের পরিশ্রম সার্থক হইবে, জীবন ধন্য হইবে, উদ্দেশ্য পূর্ণ হইবে।

#### ( १ )

ধর্ম সম্বন্ধীয় বিষয় মাত্রই সংসারী, বিলাসী ও ভোগীদের নিকট একটু বিরস ও তিক্ত বলিয়া অনুভূত হয় এবং এই পুস্তকখানিও ধর্ম সম্বন্ধীয়, কাজেই ইহার ভাষা উপত্যাসের মত মধুর ও রসাল না হইয়া, কটু, কষায় ও বিস্বাদ হওয়াই স্বাভাবিক, সেইজন্ম ইহার ভাষাকে একটু সরস ও মধুর করিবার অভিপ্রায়ে পুস্তকের দ্বিতীয় অধ্যায়ের প্রায় প্রারম্ভ হইতেই স্থানে স্থানে মূল প্রন্থের ভাষার অবিকল অনুবাদ না করিয়া প্রন্থের প্রতিপাত্য বিষয় ও মূল উদ্দেশ্যের প্রতি যথায়থ ভাবে লক্ষ্য স্থিরতর ও বলবৎ



রাখিয়া, ভাষার মধ্য দিয়া একটু একটু করিয়া রস যোগাইবার চেফা ও যত্ন করা হইয়াছে, যাহাতে পাঠক পাঠিকাগণের ক্লান্তি ও অবসাদ আনয়ন না করিয়া বরং উহা অপনোদনে তাহাদিগকে প্রফুল্ল ও আনন্দিত করিয়া তোলে। জানি না, ইহাতে আমি কৃতকার্য্য হইতে পারিয়াছি কি না। স্থণী পাঠক পাঠিকাগণই তাহার বিচারক। ইতি—

আশীর্ঝাদ ভিখারী নগণ্য অন্থবাদক বিনীত— কাজেমদ্দিন আহ্মদ সিদ্দিকী, বলিয়াদী, ঢাকা, বন ১৩৩৬ বাং ৩১শে আর্ম্য ।

#### \* بسم الله الرحمن الرحيم \*

# শান্তি-সোপান



### গ্রন্থারম্ভ বা উপক্রমণিকা

সমস্ত প্রশংসা সেই দয়ায়য় আল্লাহ্-তায়লার য়িনি
"ছায়াজাহানের" প্রভু, অপার করুণায়য়, শ্রেষ্ঠ দাতা, অসীয়
অনুগ্রহকারী, দর্পহারী, একান্ত দয়াল ও মঙ্গলয়য়, এবং য়িনি
আকাশ, পাতাল, জল, স্থল, জীব, জন্তু, পাহাড়, পর্বত, গার্ছপালা,
স্বায় অপার দয়া ও অসীম শক্তিবলে বিনা য়েল্ল অবহেলায়,
অনায়াসে, ইচ্ছামাত্রে, স্প্রি করিয়াছেন ও একান্ত করুণা
ও দয়া প্রকাশে, "জেন" ও অতি স্থদৃশ্য মানবগণকে
তাঁহার, "এবাদাত্" অর্থাৎ সাধন ভজনের অধিকার প্রদান
করিয়া সাধকগণের সোভাগ্যা, স্লখ, শান্তি ও "বেহেন্তের"
পথ প্রশস্ত করিয়াছেন তাঁহাকে কোটা কোটা "ছেজ্দা"
(প্রণাম) করিতেছি; আর এই স্লুসংবাদ বহনকারী আল্লাহ্-তায়লার
প্রিয়্ন "রছুল" ও "বান্দা" এবং আমাদের অতি প্রিয়্ন মহামান্য

"পায়গান্বার" শেষ ''নবী'' ও ''রছুল" হজরত্ মোহাম্মদ মোস্ডফা "ছাল্ল্যাললাত্ত আলায়হেওয়াছাল্লাম" ও তাঁহার "ছাহাবা" ও পরিজনের উপর কোটী কোটী ''দরুদ'' ও ''ছালাম'' পঁঁহুছাইতেছি এবং সেই করুণাময় আল্লাহ্-ভায়লার, "পাক'' পবিত্র, মহান দরবারে আমার ও সমস্ত মোসুেম ভ্রাতা ভগ্নিগণের সত্য, সরল এছলামের পথ প্রাপ্তির জন্ম প্রার্থনা করিতেছি। মানব জীবনের মুখ্য উদ্দেশ্য "এবাদাত্" বান্দেগী" করা ও "এলেম্" অর্জ্জন করা। আল্লাহ্-তায়লার "অলি" ও "পরহেজগার" ও স্থাজনের একমাত্র আদরের বস্তু ও পুঁজি এই "তারিকাতের" পথ, ও এই ''এবাদাত্" ও ''বান্দেগীই" ''বেহেস্তের" ও আল্লা প্রাপ্তির একমাত্র সোপান, ষেমন আল্লাহ্-তায়লা "কোরাণ শরিকে" "ফরমাইতেছেন" ু ১৯৯১ টি ন্ট্রি ( অর্থাৎ আমি তোমাদের পালন কর্ত্তা অতএব আমারই পূজা ও উপাসনা কর) এবং े अर्थार वाहार्-ांशन। ﴿ إِنْ هَذَا كَا نَ لَكُمْ جَزَاءٌ رَكَانَ سَعَيْكُمْ مُشْكُورًا "কেয়ামতের" দিন পুণ্যবান ও সৎকার্য্যকারিগণকে বলিবেন, ধর এই নেও তোমার পুণ্যের পুরস্কার)। অতএব পরিষ্কার বুঝা গেল, বান্দার অর্থাৎ দাসগণের পক্ষে আল্লাহ্-তায়লার পূজা করা ভিন্ন পরিত্রাণ ও মুক্তির অন্য কোন পথ ও উপায়ই নাই অথচ এই ''এবাদাত্" ও পূজার পথ যেমনই পিচ্ছিল ও কণ্টকাকীর্ণ তেমনই রাস্তায় বন্ধু অপেক্ষা শত্রুর সংখ্যা বেশী, কেননা, ইহা যে "বেহেস্তের" পথ, এই জন্মই আমাদের

অতি প্রিয় মহামান্ত "পায়গাম্বার" হজরত্ ( দঃ ) ফরমাইয়াছেন যে, আল্লাহ্-তায়লা বেহেস্তের পথ নানারূপ প্রতিবন্ধক, বিপদ, আপদ ও কাঠিন্য দিয়া ঢাকিয়া রাখিয়াছেন, আর "দোজখের" পথ নানারকম আপাত মধুর ক্ষণস্থায়ী স্থুখ, শান্তি ও প্রলোভন দারা পরিপূর্ণ করিয়া রাখিয়াছেন। আমি উপরে "বেহেস্তের" পথের যে কাঠিন্য বর্ণনা করিয়াচি, তদপেক্ষা বেশী কঠিন এই যে, আমরা—বান্দারা অতিশয় চুর্ববল চিত্ত ও ক্ষণজীবি, আর পৃথিবী প্রলোভন ও মায়াময়ী দীর্ঘজীবিনী, মৃত্যু আমাদের শিয়রে লার গন্তব্য স্থান বহুদুরে : অতএব ইহার প্রতিকারের একমাত্র পথ যে "এবাদাত্" ও "বান্দেগী" তাহাতেই যদি অমনোযোগিতা ও আলস্থতা আসে তবে তাহার মত "বদ-বংত" ও "বে-নছিব" আর কেহ কি হইতে পারে ৭ আর যে এই "এবাদাত্" ও "বান্দেগীর" "ভওফিক" পাইয়াছে, তাহার ঁমত ভাগ্যবান, চিরস্থখী আর কে হইতে পারে ? সত্যই এই সোপান অতি কঠিন ও ছুরারোহ এবং সেই জন্মই এই "বেহেস্তের" পথের পথিকের সংখ্যা কম এবং এই কমের মধ্যেও আরও কম লোকই গন্তব্য স্থানে পঁহুছিতে পারিয়াছেন; কিন্তু যাঁহারা ঠিক স্থানে পঁহুছিতে পারিয়াছেন তাঁহারা নিশ্চিতই পরম সৌভাগ্য লাভ করিয়া আপামর সর্ববসাধারণের নমস্থ হইয়াছেন এবং তাঁহারাই আল্লাহ্-তায়লার একান্ত দয়া ও করুণায় আলাহ্-তায়লার প্রেম "মায়ারেফাত" ও সম্ভুষ্টি লাভ করতঃ বেহেস্তবাসী হইবেন। আল্লাহ-তায়লা আমাকে

ও আমার বন্ধু বান্ধব ও মোসলমান মাত্রকেই এই পথের পথিক করুন, আমীন।

যখন "এবাদাত্" ও খোদা প্রাপ্তির এই পদ্ধতি আমি অবগত হইলাম, তখন কেমন করিয়া নিরাপদ, নির্বিল্পে ও সহজে এই কঠিন পথ উত্তীৰ্ণ হইয়া অভীষ্ট স্থানে পঁহুছিতে পারা যায় তৎপ্রতি বিশেষ মনোযোগ ও অধ্যবসায়ের সহিত গভীর চিন্তা করিয়া এই পথের পথিকদের জন্য সূক্ষ্মতত্ত্ব ও গবেষণা পূর্ণ "কিমিয়া ছায়াদাত্" নামক ও আরও কয়েকখানি পুস্তক রচনা করিয়াছি ; কিন্তু ঐ কেতাব সমূহ সহজ বোধ্য নয় বলিয়া অনভিজ্ঞ লোকেরা উহার নিন্দাবাদ করিয়াছেন, তজ্জ্য আশ্চর্য্য হইবার কোনই কারণ নাই, কেননা, আল্লাহ্-তায়লার শ্রেষ্ঠ "কালাম" কোরাণ শরিফকেই যখন কাফেরগণ أَسَاطِيُرُ الْارِلِينَ ( অর্থাৎ পূর্নববত্তীদের গল্প গুজব ) বলিয়াছে, তখন মৎপ্রাণিত নগণ্য কেতাবের তুলনাই আসিতে পারে না। তথাপি জনহিত-কর প্রবৃত্তিতে প্রবুদ্ধ হইয়া মানব কল্যাণ জন্ম পুনরায় আমি দয়াময় করুণাধার আল্লাহ্-তায়লার পাক পবিত্র মহান দরবারে সবিনয়ে আকুল প্রার্থনা করিলাম যে, হে দয়ায়য় আল্লাহ্-তায়লা! আমাকে এমন একখানি কেতাব রচনার শক্তি সামর্থ ও "তওফিক" দান কর, যাহা মানব মাত্রেরই শ্রদ্ধা ও প্রীতি আকর্ষণ করে ও উহা, উহার পাঠক মাত্রেরই কল্যাণকর ও মঙ্গলদায়ক হয়। প্রবাদ আছে যে, "উপায় হীনের উপায়

আল্লাহ্-তায়লা" সেই জন্য আমি—নিরুপায়ের বিনীত প্রার্থনা "পাক" "বারিতালা" "মঞ্জুর" "ফরমাইয়া" তাঁহার "ফজলে" এমন সব সৃক্ষমাতিসূক্ষ্ম-তত্ত্ব ও গুহুমাতিগুহু ভেদ ও নানা গুপ্ত বিছা "এলহামের" দ্বারায় আমাকে শিক্ষা দিয়াছেন যাহা ইতি পূর্বেব অন্য কোন পুস্তকেই লিখিত হয় নাই। সেই "এলহামি তত্ত্ব সমূহের "তরতিব" অর্থাৎ শ্রেণী বিভাগ এইরূপ I আল্লাহ্-তায়লার<sup>ঁ</sup> করুণাবারি সিঞ্চনে মোহনিদ্রা হইতে জাগরিত হইয়। ধে এই পথের পথিক হয়, প্রথমতই তাহার মনে সত্যানুসন্ধান লিপ্সা জাগে ও চিন্তা প্রবল হয় এবং সেই চিন্তাধারা এইভাবে প্রবাহিত হইতে থাকে যে, যে প্রভু এই স্থন্দর মানব জনম, জীবন, বাক্-পট্তা, বুদ্ধি, কার্য্যক্ষমতা ও নানাপ্রকার, চব্য-চোষ্য, লেহ্য-পেয়, আহারাদি বিনামূল্যে প্রদান করিতেছেন ও নানারূপ আপদ, বিপদ, চুঃখ, কষ্ট, দারিদ্র, রোগ, শোক, জালা, যন্ত্রণা, ইত্যাদি হইতে স্বায় অপার করুণা, দয়া ও অনুকম্পা-গুণে রক্ষা করতঃ নানাপ্রকার বসন ভূষণে বিভূষিত করিয়া আমাদের মনোরঞ্জন ও বাসনা পূর্ণ ও তৃপ্ত করিতৈছেন। তাঁহার আদেশ যদি পালন না করি ও কৃতজ্ঞ হৃদয়ে সতত তাঁহার "শোকরিয়া" আদায় না করি, তবে এই সমস্ত "নেয়ামাত্" ছিনাইয়া লইবেন ও কঠোর শাস্তি বিধান করিবেন এবং এই "নেয়ামাত্" দিবার ও পুনঃ ইহা কাড়িয়া নিয়া কঠোর শাস্তি বিধান করিবার ক্ষমতা তাঁহাতে প্রচুর ও যথেষ্ট পরিমাণে বিভ্যমান আছে

এবং ইহা ও অন্যান্ত যজ্জাবতীয় প্রয়োজনীয় বিষয় বিষদভাবে আমাদিগকে বুঝাইবার জন্ম তিনি "রছল" পাঠাইয়াছেন এবং আমাদের মহামান্ত "পায়গাম্বার" হজরত "রছুলোল্লা" (দঃ) অতি উত্তমরূপে আমাদের প্রতীতি ও বিশাস জন্মাইয়া দিয়াছেন যে, তোমাদের একজন স্রফী ও প্রতিপালক আছেন যিনি অসীম, শক্তিধর, অমর বিজ্ঞ, ইচ্ছাময়, করুণাময় ও বিধি নিষেধের কর্ত্তা, সর্ববজ্ঞ এবং তোমার অন্তরের অতি গোপন কথাটীও তিনি জানেন ও আদেশ পালনকারীকে প্রচুর পুরস্কার ও আদেশ অমাত্য-কারীকে কঠোরতম দণ্ড দিবার প্রবল ও অসীম ক্ষমতা, তাঁহাতে প্রচুরভাবে বিজ্ঞমান আছে এবং তিনিই "শারিয়াত্" মাত্য করিবার জন্ম দৃঢ় ও স্পষ্ট আদেশ প্রদান করিয়াছেন ও কার্য্যানুরূপ "বেহেস্ত" ও "দোক্তথ" উভয়েরই "ওয়াদা" ''ফরমাইয়াছেন"। এই সমস্ত বিষয় চিন্তা করিলে, স্বভাবতঃই তোমার মনে আদের সঞ্চার হইবে ও এই বিপদ হইতে রক্ষা পাইবার জন্ম স্বতঃই মন একান্ত বিচলিত ও অস্থির হইয়া উঠিবে অথচ এই বিপদ মুক্তির একমাত্র পথ ''এলেম'' অর্থাৎ "শারিয়াতী" বিভা শিক্ষা, যে বিভা না শিখিলে কোন্ কাজ আল্লাহ্-তায়লার প্রিয় ও কোন্ কাজ তাঁহার অপ্রিয় তাহা বুঝিবার উপায়ই নাই এবং এই "এল্মে-শারিয়াত্" জানা না থাকিলে কিছতেই ''এবাদাত্" ও ''বান্দেগী" করিতে পারিবে না, সেইজন্য প্রথম ঘাটিই হইল এলেম। অর্থাৎ ধর্ম্ম শিক্ষাই এ গথের

প্রথম ও প্রধান সোপান। অতএব "এলেম" ভিন্ন মুক্তির যখন কোন উপায়ই নাই তখন ইচ্ছায় অনিচ্ছায় এই "এলেম" শিখিতেই হইবে, যাহাতে ''গায়েব'' অর্থাৎ অদৃশ্য আল্লাহ্-তায়লার স্থিতির প্রতি বিশাস অতি মাত্রায় দৃঢ় ও প্রবল হয় ও এই পর্যান্ত পরিজ্ঞাত হয় যে, আমার স্মষ্টিকর্ত্তা খোদা এক, তাঁহার কোন শরিক নাই, এবং তিনি আমাকে আমার অন্তর বাহির দ্বারায় একাগ্র চিত্তে তাঁহার প্রতি আদেশ অক্ষরে অক্ষরে পালন ও খেদমাত্, অর্থাৎ ''এবাদাত্'' করিবার আদেশ প্রদান করিয়াছেন এবং নাফারমানি, "কোফর" ও পাপ ইত্যাদি করিতে নিষেধ করিয়াছেন, আর ইহাও "ফরমাইয়াছেন" যে, যে বান্দেগী ও আদেশ পালন করিবে সে অনস্তকাল স্থায়ী স্থুখ ও "ছওয়াব" ও যে আদেশ অমান্য ও "নাফারমানি" করিবে সে অনন্ত কাল স্থায়ী তুঃখ, ও "আজাব" প্রাপ্ত হইবে। এই পর্যান্ত জ্ঞান যখন তাহার জন্মিবে তখন সে নিশ্চয়ই আলস্থ পরিত্যাগ করিয়া স্বীয় প্রভুর "এবাদাত্" ও"বান্দেগীতে" আগ্রহের সহিত লিপ্ত হইবে। এই পর্য্যস্ত "এলেম" ও জ্ঞান লাভ করিয়া সে ইহাই বুরীবে যে মানব মাত্রের পক্ষেই আল্লাহ্-তায়লার ''এবাদাত্" ও ''বান্দেগী" করা অবশ্য কর্ত্তব্য ও করণীয় ও "ফরজ" কিন্তু ঐ "এবাদাতের" মধ্যে কোন্টী করজ ও কোন্টী "ওয়াজেব" তাহা তো দে বুঝিতে পারিবে না, তখন তাহার সমধিক "এলেম" ও জ্ঞানার্জ্জন ভিন্ন গত্যস্তর নাই বুঝিয়াই সে সর্ববাস্তঃকরণে "এলেম" ও জ্ঞান অর্জ্জনে প্রবৃত্ত হইবে। যখন

দে এই "এলেমের" ঘাটি উত্তার্ণ হইবে তথন দে দিবাচক্ষে পরিক্ষাররূপে দেখিতে ও বুঝিতে পারিবে যে, এতদিন সে অতি অপবিত্র তুর্গন্ধময় পাপপঙ্কে আকণ্ঠ নিমঙ্কিত ছিল। পাপ কলুষিত দেহ মন কিছুতেই দেই পরম পাক পবিত্র আল্লাহ্-তায়লার "এবাদাত্" ও "বান্দেগীর" যোগ্য নহে, তখন "এবাদাত্" ও ''বান্দেগী" করার যোগ্যতার্জ্জন কামনায়, দে অতিমাত্র ব্যাগ্রতার সহিত দ্বিতীয় ঘাটি "তওবার" দিকে আপনাপনিই একাস্কভাবে প্রলুব্ধ ও আকৃষ্ট হইয়া পড়িবে। আল্লাহ্-তায়লার কুপায় ''তওবার'' ঘাটি স্থন্দরভাবে উত্তীর্ণ হইয়া "এবাদাতের" জন্ম যথন সম্পূর্ণ প্রস্তুত হইবে, তথন সে দেখিতে পাইবে যে অনেকগুলি বিষয় ও বস্তু এই "এবাদাতের" পথ রুদ্ধ করিয়া দাঁড়াইয়া আছে। বিশেষ অভিনিবেশ সহকারে চিন্তা করিলে বুঝিতে পারিতে যে, মূলতঃ ৪টা জিনিষ তাহার গন্তব্য পথের পরিপন্থী (১) "দূর্নিস্রা" (২) "মানুস্র" (৩) "শহ্রতান" (৪) "নাফ্ছ"। এই চারি শত্রুকে নিপাত বা দমন করিতে না পারিলে "এবাদাতের" এই শান্তিময় স্মিগ্নোজ্জল বিশাল পরমার্থ পথে অগ্রসর হইবার শক্তি কাহারও নাই ও জন্মে না, তখন সে এই পথকে পরিফার ও নিষ্কণ্টক করিবার জন্ম স্থির সঙ্কল্প ও দৃঢ় প্রতিজ্ঞ হইয়া প্রথমেই চুনিয়ার লোভ সন্থরণ, দ্বিতীয় লোক সঙ্গ পরিবর্জ্জন, তৃতীয় "শয়তানের" সহিত যুদ্ধ ঘোষণা, চতুর্থতঃ সর্ববপ্রকার কাম, ক্রোধ, লোভ, মোহ, মাৎসর্য্য ও স্থুথ হইতে "নাফ্ছ" ও মনকে অতি সন্তর্পণে দূরে রক্ষা করিবে।

আল্লাহ্-তায়লার একান্ত "ফজল", "রহম" ও "করমে" যখন এই ঘোর সংগ্রামে জয় লাভ করিবে তখন আর কতিপয় প্রতিবন্ধক যুক্তিরূপে প্রাচীরের ন্যায় পথ রোধ করিয়া দাঁড়াইবে। প্রথমই "রেজেক" অর্থাৎ অন্ন চিন্তার উদয় হইবে। নাফ্ছ বলিবে, তুমি যখন তুনিয়া ও মানবগণকে পরিত্যাগ করিয়াছ তখন আমি কি খাইয়া জীবন ধারণ করিব ? দ্বিতীয় "ওয়াছওয়াছা" সে বলিবে, যে ঠিক শাস্ত্র মত, শারিয়াতাত্মবায়ী কারবার আরম্ভ করিলে সে কারবারে তোমার লাভ হইবে কি ? বা তোমার কারবার টিকিবে কি ? কারবার ফেল করিয়া বিপদে পড়িবে না ভো ? তৃতীয়তঃ কুমতি বলিবে তুমি যখন লোকের সংশ্রেব ছাড়িয়াছ তখন তোমার প্রতি তাহাদের সহামুভূতি তো হইতেই পারে না ; বরং তাহারা তোমার বিরুদ্ধাচরণই করিবে এবং বিরুদ্ধাচরণ করাই তো তাহাদের পক্ষে স্বাভাবিক। চতুর্থতঃ তোমাকে পরীক্ষার জন্ম স্বয়ং আল্লাহ্-তায়লার "পাক" দরবার হইতেও বিপদ আপদ আসিবে। অবশ্য মাঝে মাঝে নিরাপদতা ও সৌভাগ্যও আসিতে থাকিবে। এই বাধা চতুষ্টয়ের প্রতিকারও ঐক্রপ ৪টী যথা—প্রথম বাধাকে এই বলিয়া বাধা দিতে হইবে যে, এ মুখও গড়িয়াছেন যিনি আহারও যোগাইবেন তিনি এবং কোরাণ শরিফে স্বয়ং আল্লাহ্-তায়লাই আহার যোগাইবার "ওয়াদা" ফরমাইয়াছেন। দ্বিতীয় "ওয়াছওয়াছা" এ সম্বন্ধে আল্লাহ্-তায়লার উপর নির্ভর করিলেই ধথেষ্ট হইবে, কেননা, আল্লাহ্-তায়লা যাহা করিবেন তাহাই যখন হইবে, তখন আমি অনর্থক "ওয়াছওয়াছা"

জনিত নানাপ্রকার বাহুলা চিন্তা বা তুশ্চিন্তায় মনকে ব্যথিত, ব্যাকুলিত ও তিক্ত করিয়া তুলি কেন ? যাহা হইবার তাহা তো হইবেই। তৃতীয় কুমতির কথামত বিপদই যদি আদে, তবে তাহাতে "ছবর" করিব। চতুর্থ আল্লাহ্-তায়লার নিকট হইতে বিপদ যদি আদে, তবে উহা মঙ্গলময়ের কল্যাণকর দান বলিয়া সাহলাদে মাথা পাতিয়া গ্রহণ করিব। মঙ্গলময় আল্লাহ্-তায়লার অপার করুণায় স্থন্দরভাবে এই ঘাটি উত্তীর্ণ হইয়া "এবাদাত্" ও "বান্দেগীর" জন্ম যখন দণ্ডায়মান হইবে তখন "নাফ্ছকে" অত্যন্ত তুর্বল ও "একাদাত্" বিমুখ পাইবে, দেই সময় "নাফ্ছকে" "এবাদাতে" প্রলুদ্ধ ও সবল করিয়া তুলািবর জন্ম "খাওফ" ও "রাজ্বা" স্মরণ দেওয়াইবে অর্থাৎ "বান্দেগী" ও "এবাদাত্কারীদের" জন্ম কেমন কেমন তুল্লভি ও উপাদেয় জিনিষ সমূহ প্রদানের প্রতিশ্রুতি জ্ঞাপন ও অমান্য কারীদের জন্ম কিরপে কঠোর ও ভীতিপূর্ণ শাস্তির ব্যবস্থার কথা আল্লাহ্-তায়লা কোরাণ শরিফে বর্ণনা করিয়াছেন।

নাফ্ছ যখন এই উভয় বিধ "খাওফ" ও "রাজা" ভয় ও
আশা-ভরসা, গাঢ়ভাবে শ্বরণে আনিবে তখন তাহার তুর্বলতা ও
"এবাদাতে" অনিচ্ছার-ভাব কর্পুরের মত উড়িয়া যাইবে, উহার
চিক্ত মাত্রও আর অবশিষ্ট থাকিবে না। এই ঘাটি যখন
আল্লাহ্-তায়লার "ফজলে" উত্তীর্ণ হইবে তখন সে "এবাদাত্" ও
"বান্দেগীতে বিমল আনন্দ ও অপর্য্যাপ্ত সুখ, শাস্তি উপভোগ
করিতে থাকিবে, এই এবাদাতানন্দ উপভোগের সময় ভাহার অতি

ভীষণ ও প্রবল পরাক্রান্ত চুইটা মহা শক্রুর সন্মুখীন হওয়ার সবিশেষ সম্ভাবনা। ঐ শক্রন্ধয়ের একটার নাম "ওজব" ও দ্বিতীয়টার নাম "রেয়া" এবং এই ঘাটির নামই "কাওক্সাদেহ্"। উক্ত '"ওজ্ব" শত্রু নিপাতের একমাত্র ব্রহ্মান্ত্র আল্লাহ্-তায়লার অহেতুকী অসংখ্য "এহ্ছান", দয়া দাক্ষিণ্য ও করুণার কথা নিবিষ্ট-চিত্তে গভীর মনোযোগের সহিত সর্ববদা স্মরণ ও চিন্তা করা ও নিজকে ও নিজের কৃতকার্য্যতাকে অতীব হীন ও অকিঞ্চিৎকর মনে করা। দ্বিতীয় শত্রু "রেয়া" নিবারণের একমাত্র পন্থা একান্তভাবে স্বীয় প্রত্যেক ছোট বড় সর্ব্বপ্রকার সর্ব্ব রকমের "এবাদাত্" "বান্দেগী" একমাত্র আল্লাহ্-তায়লার উদ্দেশ্যে ও তাঁহারই সন্তুষ্টি কামনায় করা ও পূর্বভাবে আল্লাহ্-তায়লাকে আত্ম সমর্পণ করা। অপার মহিমাময় আল্লাহ্-তায়লার একান্ত করুণায় এই ঘাটি যখন উত্তার্ণ হইবে, তখন সহসা সে দিব্য চক্ষে দিখিতে পাইবে যে, অযাচিতভাবে সেই অপার করুণাময় আল্লাহ্-তায়লার কৃপাসিন্ধু উচ্ছু সিত হইয়া অনন্ত ধারায় তাহার উপর বর্ষিত হইতেছে। এই সময় হইতে "শোকরিয়ার" দিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখিতে ও সর্ববদা সজাগ থাকিতে হইবে ও লক্ষ্য রাখিতে হইবে যে, জ্ঞানে, অজ্ঞানে, অন্তরে, বাহিরে, কথায় কি কাজে, মুহূর্ত্তের জন্মও সামান্য এতটুকুও অকৃতজ্ঞতা যেন প্রকাশ না পায় এবং সর্ববদাও সর্ববক্ষণ কৃতজ্ঞ হৃদয়ে সেই আল্লাহ্-তায়লার "হামদ্" ও "শোকর" করিতে থাকে, তাহার নাম ও গুণ গান মুহূর্ত্তের ব্রুন্থত যেন বিস্মৃত না হয়। অন্তরে বাহিরে, আহারে

বিহারে, শয়নে, জাগরণে, সম্পদে, বিপদে সেই নাম গুণ গান, "হামদ্" ও "শোক্তর" করিতে থাকে। এই শেষ ঘাটির নাম "হামদ্" ও "শোক্তরের" ঘাটি। যে ভাগ্যবান এই সোভাগ্য লাভ করিয়াছে, তাহার তুলনায় সসাগরা পৃথিবী ও পৃথিবীর স্থুখ অতি নগণ্য। সে অপার্থিব স্থুখ, সম্পদ, শান্তি বর্ণনার শক্তি, সামর্থ বা ভাষা, কোন মানবের নাই, সে অনৈসর্গিক, অতুলনীয় সম্পদের তুলনা নাই। সেই কল্পনাতীত, অতুলনীয় সম্পদের জন্ম গললগ্রিকৃত বাসে গদ্গদ্ কণ্ঠে যুক্ত করে প্রার্থনা করিতেছি, হে মঙ্গলময়, করুণাধার, আল্লাহ্-তায়লা! স্বীয় দয়াগুণে এ অভাজন দাস ও তোমার প্রত্যেক মোসলমান দাস দাসীকে ঐ অপার্থিব অমূল্য ধনে ধনী করিয়া জীবন সার্থক কর, সফল কর, মানব জনম ধন্য কর—করহে দয়াময়।

সেই পরম দয়াময় আল্লাহ্-তায়লা তাঁহার অপার করুণায় "এলহাম" যোগে আমাকে যে সপ্ত ঘাটি শিক্ষা দিয়াছিলেন, উপরে তাহারই স্থূল মর্ম্ম প্রকাশ করা হইল, নিম্নে ঐ সপ্ত ঘাটি সপ্ত অধ্যায়ে পৃথক পৃথক ভাবে বর্ণনা করিবার চেষ্টা করিব।

প্রথম ঘাটি এলেম (علم) ''দ্বিতীয় ঘাটি তওবা
ত্বা কুটি তাওৱাহোক (عوائق) চতুর্থ ঘাটি
আওৱারেজ (عوارض) পঞ্চম ঘাটি বাওৱাহোছ
সপ্তম
ঘাটি হামদ্ ও পোকর (شكر)।

#### প্রথম অধ্যায়

#### এলেমের ঘাটি

"এলেমের" সাধারণ শব্দার্থ জানা, অবগত হওয়া, যে কোন বিষয়ের জ্ঞান অর্জ্জন করা ; কিন্তু ইহা ধর্ম্ম সম্বন্ধীয়, জ্ঞান, ও বিত্যাৰ্জ্জন সন্বন্ধেই ব্যবহার হইয়া থাকে অর্থাৎ "এলেম" বলিলেই বুঝিতে হইবে যে, উহা ধর্ম্ম ও "শারিয়াত্" সম্বন্ধীয় বিছা। হে, সাধক, উপাসক ও শিক্ষার্থী মানব! তোমার সর্ববপ্রধান ও প্রথম কর্ত্তব্য "এলেম" শিক্ষা করা, কেমনা, ইহকাল ও পরকাল এই উভয় কালের স্থুখ ও শান্তি লাভের একমাত্র কেন্দ্র এই "এলেম" যে হেতু আল্লাহ্-তায়লার স্ষষ্টি সমষ্টির মধ্যে "এবাদাত্" ও "এলেম" এই চুইটীই শ্রেষ্ঠ স্ষ্ঠি এবং এই চুইটীর জন্মই আল্লাহ্-তায়লা "ছারাজাহান" আকাশ, পাতাল, ও তন্মধ্যস্থ জাব, জন্তু ও "বেহেস্ত", "দোজখ", "ফেরেস্তা", "রছুল", "নবি", "জেন", "শয়তান", ইত্যাদি "পয়দা" করিয়াছেন ও "কোরাণ শরিফ", "ইঞ্জিল" "তোরিভ", "জবুর", ইত্যাদি আছমানি কেতাব সকল "নাজেল"

অর্থাৎ অবতীর্ণ করিয়াছেন, যেমন আল্লাহ্-তায়লা কোরাণ শরিকে ফরমাইয়াছেন—

اَ لِللهُ اللهِ عَلَى مَا مَا مَا مَا مَا اللهِ عَلَى مَا اللهِ اللهِ مَعْلَمُونَ تَا تَنْزَلُ مُ الله الله على كَلِي شَيْرٍ قَدِيرٍ ٥ وَإِنَّ اللهِ عَلَى كَلِي شَيْرٍ قَدِيرٍ ٥ وَإِنَّ اللهِ

قَدْ أَحَاطَ بِكُلِّ شَيْ عِلْمًا \*

সেই আল্লাহ্-তায়লা যিনি সপ্ত আকাশ ও সেই পরিমাণ মেদিনী স্মষ্টি করিয়াছেন, ইহা এবং ইহার ভিতরের সর্ব্ব-প্রকার স্পন্দন ও কার্য্যাদি তাঁহার আদেশ ক্রমে পরিচালিত নির্বাহিত হয়, ইহা দেখিয়া তোমরা এই শিক্ষা ও জ্ঞান লাভ কর যে, আল্লাহ্-তায়লা সর্বক্ষম, অসীম শক্তিধর ও সর্ববজ্ঞ ) ঐ অপর আর এক স্থানে "ফরমাইতেছেন" ें مَا خَلَقْتُ الْجِلَ ( अर्था९ आमि "अन" ७ وَمَا خَلَقْتُ الْجِلَ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبِدُ وَنَ মানবগণকে একমাত্র আমার "এবাদাত্" করিবার জন্মই স্পষ্টি করিয়াছি)। প্রথম "আয়েত্' "এলেম" সন্মন্ত্রে, দ্বিতীয় "আয়েত্" "এবাদাত্" সম্বন্ধে করমাইয়াছেন। অতএব এই চুইটী কাজকে সর্ববকাজের শ্রেষ্ঠ কাজ বলিয়া অতি দৃঢ়তার সহিত অবলম্বন করতঃ মনে-প্রাণে ইহাতে লিপ্ত হওয়া এবং নিয়মানুগভাবে এই কাজ স্থচারু-সম্পন্ন হওয়ার পূর্বেব ইহলোকিক কি পারলৌকিক অন্য কোন কাজেই কোন অবস্থাতেই হস্তক্ষেপ

করা বা লিপ্ত হওয়া একাস্ত গহিত, অবিধেয় ও অস্থায়, কেননা, যেমন এক আকাশে এক সঙ্গে চুইটা সূর্য্যের একত্র স্থান হয় না. তেমনই এক মনে এক সঙ্গে চুইটী বিপরীত বিষয়ের একত্র সমাবেশ হইতে পারে না। ইহাও সেইরূপ এই এক জাতীয় দুইটী কাজ ভিন্ন অন্য কোন কাজে মনোযোগ আকৃষ্ট হইলে কোন কাজই স্থচারু-সম্পন্ন হইতে পারিবে না ও হইবে না, বরং সমস্তই রুখা ও পগু-শ্রমে পর্য্যবসিত হইয়া যাইবে। যখন তুমি এই "এলেম" ও "এবাদাতের" সার্থকতা, মর্য্যাদা বুঝিতে সক্ষম হইলে, তখন তোমার হৃদয়-ফলকে উজ্জ্বল স্বর্ণাক্ষরে লিখিয়া নেও আর উত্তমরূপে অতি সাবধান ও সতর্কতার সহিত জানিয়া রাখ যে, "এলেম" "এবাদাত্" অপেক্ষা শ্রেষ্ঠ, শুধু শ্রেষ্ঠ নয়, বহু বহুগুণে শ্রেষ্ঠ, যেমন আমাদের মহামান্য হজরত "রছলোল্লাহ" ( দঃ ) "ফরমাইতেছেন" যে আমি আমার "ওম্মতের" উপর যেমন শ্রেষ্ঠ, "আবেদের" উপর "আলেমও" সেইরূপ শ্রেষ্ঠ। মহামান্য হজরত্ ( দঃ ) আরও বলিয়াছেন যে, নামাজ রোজার সহিত পূর্ণ এক বৎমুর্টেরর কঠোর "এবাদাত্" করা অপেক্ষা মুহূর্ত্তের তরে সম্রম ও প্রীতির চক্ষে, যে কোন "আলেমের" প্রতি দৃষ্টিপাত বা তাঁহার মুখাবলোকন করা আল্লাহ্-তায়লার নিকট সমধিক প্রিয়। মহামান্ত হজরত্ (দঃ) স্বীয় "ছাহাবাগণকে" (রাজিঃ) আরও ফরমাইয়াছেন, হে "ছাহাবাগণ"! তোমা-দিগকে কি আমি দেখাইব যে, শ্রেষ্ঠ "বেহেন্ডি" কে ?

"ছাহাবাগণ" ( রাজিঃ ) বলিলেন হাঁ, "এয়া" "রছুলোল্লাহ" (দঃ)। তখন মহামান্ত হজরত্ (দঃ) "ফরমাইলেন", যে, আমার "ওমতের" মধ্যে যাহারা "আলেম''। ইহাতে বুঝা গেল "এবাদাত্" অপেক্ষা "এলেম" কত অধিক শ্রেষ্ঠ ; কিন্তু "বান্দার" "এবাদাত্" করা ভিন্ন গতি নাই আর "এবাদাত্" বিহীন "এলেমের" কোন মূল্য বা সার্থকতা নাই, কেননা, "এলেম" বৃক্ষ, "এবাদাত্" উহার ফল স্বরূপ, ফলের মূল বৃক্ষ বলিয়া বৃক্ষ সম্মানার্হ হইলেও ফলহীন বৃক্ষ যেমন কোনই উপকারে আসে না, ''এলেমও" সেইরূপ ''এবাদাত্'' বিহনে তাহার কোন স্বার্থকতাই থাকে না। যখন তুমি বুঝিলে যে, এ উভয়ই একে অন্মের সহিত ওতপ্রোতভাবে বিজড়িত, তখন বাধ্য হইয়া তোমাকে এ উভয় জিনিষই অর্থাৎ ''এলেম'' ও ''এবাদাত্'' অর্জ্জন করিতেই হইবে, কেননা, ইহা ভিন্ন তোমার গতাঁন্তর নাই, যেমন হাছান-বাছরী (রহঃ) বলিয়াছেন যে, "এলেম' শিখিতে "নফল" "এবাদাতের" যদি ক্ষতি হয় হউক ; কিন্তু "নফল" "এবাদাতে" যেন "এলেমের" ক্ষতি না হয়। এখন তোমার মনে এই প্রশ্ন জাগিতে পারে যে, "এলেম" ও "এবাদাত্" এই উভয়ই যখন অবশ্য পাল্য ও করণীয় তখন "এবাদাত্" অপেক্ষা "এলেমের" মর্য্যাদা অত্যধিক হওয়ার কারণ কি ? কারণ এই যে, "এলেম" "এবাদাতের" পথ প্রদর্শক, "এলেম" ভিন্ন "এবাদাত্" হইতেই পারে না, সেই জন্ম মহামান্ম হজরত্ (দঃ) ফরমাইয়াছেন যে '"এলেম"

"আমলের" অর্থাৎ সৎকাজের "এমান" অর্থাৎ অগ্রবন্তী এবং ''আমল" ''এলেমের" অধীন হওয়ার কারণ এই যে, উপাস্থ কে ? তাহা না জানিলে. না চিনিলে তো উপাসনা চলে না এবং "এলেম' ভিন্ন উপাস্থের ধারণা বা জ্ঞান কিছুতেই জন্মিতে পারে না। মনে কর যেমন তুমি কোথাও কোন দেশে ভ্রমণে যাইতে ইচ্ছা করিতেছ, তোমার সেই ইচ্ছা কার্য্যে পরিণত করার পূর্বের গন্তব্য পথের জ্ঞান লাভ করা তোমার জন্ম অপরিহার্য্য অর্থাৎ ষ্টীমারে, ট্রেণে, নৌকায় বা হাটা পথে— যে কোন যান, বাহন, বা পথই হউক না কেন, তাহা জানা একাস্ত দরকার, উহা না জানিলে অনস্তকালের মধ্যেও তুমি তোমার গস্তব্য স্থানে বা লক্ষো উপনীত হইতে বা প্রভূঁছিতে পারিবে না। সেইরূপ "এলেমের" সাহায্যে তোমার উপাস্ত, আরাধ্য আল্লাহ্-তায়লার পবিত্র ''পাক'' দরবারে পহুঁছার পথের পরিচয় ও দরবারের রীতি-নীতি, আদব-কায়দা প্রথমেই তোমার শিক্ষা করা অতি অবশ্য কর্ত্তব্য। ঐ জ্ঞান তোমার না থাকিলে. হইতে পারে যে, তুমি এমন কোন কাজ বা ব্যবহার করিয়া বসিলে; যাহা আংশিক বা সম্পূর্ণভাবে দরবারের নীতি-বিরোধী, তখন পুরস্কারের পরিবর্ত্তে তোমার ভাগ্যে তিরস্কার ও লাঞ্ছনাই লাভ হইবে; বরং এমনও হওয়া আশ্চর্য্য নহে যে, শুধু এই অজ্ঞতার জন্মই তুমি সমূলে বিনাশ প্রাপ্ত হইবে। এই জন্মই ''এবাদাতু" ও ''আমল" অপেক্ষা ''এলেমের" মর্য্যাদা এত অধিক i এই ''এলেম'' ঘারায় তুমি শিখিতে ও হৃদয়ঙ্গম

করিতে পারিবে যে, ''এবাদাত্" কি ? এবং কেমন ? এবং-কি ভাবে ইহা স্থুসম্পন্ন করিতে হয় ও পাপ কি ? ও তাহার মারাত্মকতা ও ভীষণতা কেমন ও কি ভাবে চলিলে উহা হইতে অব্যাহতি পাওয়া যায়। অতএব প্রথম "এবাদাতে-শারিয়া" ( याहा না শিখিলেই নয় ) তাহাই শিখিতে হইবে যেমন—''তাহারাত্", নামাজ, রোজা, উহার সমস্ত নিয়ম ও সর্ত্তসহ। সঙ্গে সঙ্গে ইহাও অবগত হওয়া অবশ্য কর্ত্তব্য যে, এই সব বাহ্যিক ''এবাদাতের" সহিত অন্তরের যোগ সাধিত না হইলে ও আভ্যস্তরীণ 'এবাদাত্' যথাযথভাবে সমাপন না করিলে সমস্তই রুণা ও পণ্ড হইয়া যাইবে কেননা, বাহ্যিক "এবাদাত্" ''তাহারাত্" নামাজ, রোজা ইত্যাদি যেমন "ফারজ" আভ্যন্তরীণ "এবাদাত্"—"তাওয়াকোল", "তাফ্ভিজ", "রাজা", "তওবা", "এখলাছ" ইত্যাদিও অবিকল তেমনই ফারজ, ইহাতে বিন্দু পরিমাণও পার্থক্য নাই, এবং এই ভিতর বাহির উভয় প্রকার "এবাদাত্" করাও যেমন "ফার্জ" ইহার বিপরীত যথা "গোস্তা" "তুল-আমাল'', "হাছাদ'', "রেয়া" "কেবের" "ওজব" ইত্যাদি না করা অর্থাৎ পরিত্যাগ করাও তদ্রূপ "ফার্জ"।

বাহ্যিক দেহ "পাক" অর্থাৎ পবিত্র রাখা ও "এবাদাত্" করায় "এবাদাতের" উদ্দেশ্য ও পূর্ণ ফলের শতাংশের একাংশ ফল লাভ হয় বটে; কিন্তু অবশিষ্ট নিরানব্বই অংশ ফল লাভ হয় মনের পবিত্রতা ও আভ্যন্তরীণ "এবাদাতে"। এই আভ্যন্তরীণ "এবাদাত্" কি কি তাহা জ্ঞানা ও তক্রপ

''আমল' ও ''এবাদাত্''করাও সমান ''ফারজ''। আল্লাহ্-তায়লা স্বীয় ''পাক" ''কালাম" ''কোরাণ শরিফে" ফরমাইতেছেন ्यें क्रिक वित्र वित्र में وعلى الله فَتَرَكَّلُوا إِنْ كُنْتُمْ مُو مِنْدِنَ ( अर्था यिन जूमि मछा মোসলমান হও তবে আল্লাহ্-তায়লার উপর সম্পূর্ণ ভরসা ও নির্ভর কর)। অন্য স্থানে আছে ১১০১১ টু কুর্মিন বিশ্ব কর )। ( অর্থাৎ আল্লাহ্-ভায়লাকে ধন্যবাদ প্রদান কর, যদি তুমি তাহার উপাসক হও অর্থাৎ উপাস্থের নিকট কুতজ্ঞ থাকা উপাসকের وَ ا صُبُر رَ مَا صُبُركَ اللَّهِا للهِ वरण कर्छवा) आत এक शात्न आरह ( অর্থাৎ তুমি ধৈর্য্যাবলম্বন কর এবং এই ধৈর্য্যাবলম্বন আল্লাহ্র সাহায্য ভিন্ন পাইবার উপায় নাই ) অন্য আর এক স্থানে আছে ত্র্যাথিত সমস্ত পরিত্যাগ করিয়া একাগ্রচিত্তে ( অর্থাৎ সমস্ত পরিত্যাগ আলাহ্-তায়লার দিকে প্রধাবিত হও ) এই রকম এই সম্বন্ধে বহু কোরাণ শরিফের বহু স্থানে বিভ্যমান আছে। বাহ্মিক "এবাদাত্" নামাজ, রোজা, ইত্যাদিকে যে আল্লাহ্-তায়লা যে কোরাণ শরিফে 'ফোরজ' বলিয়া আদেশ প্রদান ও ঘোষণা করিয়াছেন. সেই আল্লাহ-তায়লাই সেই কোরাণ শরিফেই আভ্যন্তরীণ ''এবাদাত্" যথা ''তাওয়াকোল" ''ছবর'' ইত্যাদিকেও অবিকল সেইরূপ ফারজ বলিয়া আদেশ জারি করিয়াছেন ও ঘোষণা প্রচার করিয়াছেন: অথচ সাধারণে নামাজ, রোজা ইত্যাদিকে যেরূপ বাধ্যকর অর্থাৎ "ফারজে-আয়েন" বলিয়া

জানে, ''তাওয়াকোল" ''ছবর" ইত্যাদিকে সেরূপ ফারজ বলিয়া জানে না ও মনে করে না। আমি বুঝিতে পারি না যে, লোকে কি জন্ম এরূপ মারাত্মক ভূল করে। ইহা কি একান্ত মূর্থতা ও অজ্ঞতার ফল ? না ইহা কোন চুষ্ট প্রকৃতি "ফেরেববাজ" তুনিয়াদারের শয়তানী কুটাল চাল ? এই শয়তানী চালের কুটীল চক্রে পড়িয়া কত শত সহস্র মূর্থ আবেদ ও নিরক্ষর উপাসক যে নিষ্পেষিত হইয়া যাইতেছে এবং জীবন ভোর কঠোর এবাদাত্ বান্দেগী ও তপস্থাদি করিয়াও একমাত্র এই অজ্ঞতার জন্মই দোজখের পথ প্রশস্ত ও বেহেস্তের পথ রুদ্ধ ও কণ্টকাকীর্ণ করিতেছে তৎপ্রতি কয়জনের দৃষ্টি আকৃষ্ট হয় ? এবং তাহাদের এই অজ্ঞতা ও 'বে-এল্মীর' জন্মই ক্ষণেকের তরেও তাহাদের মনে সন্দেহ মাত্রও জাগে না যে, যে পথে তাহারা চলিতেছে ইহা স্থপথ নহে কুপথ এবং ইহার শেষ পরিণতি স্থখ নহে তুঃখ, পুরস্কার নহে তিরস্কার, বেহেস্ত নহে দোজথ। এই জন্মই আল্লাহ্-তায়লা ফরমাইয়াছেন ঃ---

وَالْمُعُلَّاءُ وَاللَّهُ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ (अर्थाद आहार्-

তায়লার বান্দাদের মধ্যে তাহারাই আল্লাহ্-তায়লাকে ভর করে, যাহারা জ্ঞানী অর্থাৎ মূর্থ ব্যক্তি তো আল্লাহ্-তায়লার অপার মহিমা, অসীম শক্তি ইত্যাদির খবরই রাখে না; কাজেই জানিত ব্যক্তির তুল্য, অজানিত ব্যক্তি আল্লাহ্-তায়লাকে ভয়ও করে না বা করিতেও পারে না) এবং মহামান্ত হজরত্ও (দঃ) ফরমাইতেছেন যে, "আলেমের নিদ্রা মুর্থের সারারাত্রির নামাজ পড়া অপেক্ষাও ভাল"। তিনি আরও ফরমাইয়াছেন যে ''অজানিত ব্যক্তি স্বীয় অজ্ঞতার জন্য উত্তম কাজকেও অধম করিয়া ফেলে"। তিনি আরও ফরমাইয়াছেন যে. "যে ভাগ্যধান সে "গায়েব" হইতে অর্থাৎ আল্লাহ্-তায়লা হইতে ''এলেম" শিক্ষা প্রাপ্ত হয়, যে বদ-নছিব ও মন্দভাগ্য সে 'এলেম' হইতে বঞ্চিত হয়''। যে 'আলেম' তাঁহার মনে আল্লাহ্-তায়লার প্রতি ভয় ও ভক্তি মূর্থাপেক্ষা অধিক হওয়াই স্বাভাবিক এবং তাহাই হয়। অতএব এখন আরও পরিষ্ণার ও উত্তমরূপে বুঝা গেল যে. সমস্ত 'এবাদাতের' বরং মনুষ্মত্বের মূল ও সার ও আসলই হইতেছে এই 'এলেম'। কাঞ্চেই মোসলমান মাত্রেরই উপর এই পৃথিবীর অবশ্য করণীয় যজ্জাবতীয় কাজের মধ্যে সর্বব-প্রধান ও প্রথম সেরা কাজই হইতেছে এই 'এলেম'। অতএব এই 'এলেম' শিক্ষা করাই প্রথম ফার্ক্ত নিদ্দিষ্ট হইয়াছে। এখন এই প্রশ্ন উঠিতে পারে যে. মহামান্ত হজরত (দঃ) ফরমাইয়াছেন

যে हैं مُسْلَم و مُسْلَم و مُورِيْضَةً عَلَى دُلِّ مُسْلَم و مُسْلَم و مُسْلَم و مُسْلَم و مُسْلَم و مُسْلَم و

পুরুষ নির্বিশেষে মেনিলমান মাত্রেরই "এলেম" শিক্ষা করা 'ফারজ' ? ইহা কোন্ 'এলেম' ও উহার কতটুকু শিক্ষা করা 'ফারজ' ? তাহার উত্তর এই যে, ''এল্মে-ফারিজা" অর্থাৎ অবশ্য শিক্ষণীয় বিছা তিন প্রকার,—এক "এল্মে-তগুহিদে" ইহা সেই বিছা যে বিছায় অল্লাহ -তায়লার একত্ব প্রমাণিত হয় অর্থাৎ

আল্লাহ্-তায়লাকে এক জানা। দিতীয় "এল্মে-ছের্র্" তেদ, গুপ্ত ও সূক্ষ্ম বিছা অর্থাৎ যাহা হৃদয়ের সহিত সংশ্রবিত আভ্যন্তরীণ। তৃতীয় "এল্মে-শারিক্সাত্" এছলামী ব্যবস্থা, দর্শন, আইন, নিষেধ বিধি অর্থাৎ এছলামী শাস্ত্র সম্মত বাহ্যিক আচার, বিচার, ব্যবহার প্রণালী ও নিয়মাদি। এই 'এলেম' ত্রেয়ের কোন্টার কতথানি শিক্ষা করা 'ফারজ' ? উহা এই ঃ—

প্রথম "এল্মে-তওহিদেৱ "ওচুল্" অর্থাৎ মূল ও সার কি তাহাই জানিতে, বুঝিতে ও শিথিতে হইবে, 'ওছুল' অর্থাৎ সার এই যে, আল্লাহ্-তায়লা এক, তাঁহার কোন বা সমকক্ষ কেহ নাই। তিনি সর্বববাাপী. সর্ববদর্শী, সর্ববজ্ঞ, সর্ববশক্তিমান, অমর, ইচ্ছাময়, সূক্ষ্ম ও তীক্ষদর্শী ও শ্রোতা, অবিনশ্বর, অবিধ্বংশী, চিরস্থায়ী, অসীম, অনন্ত, অব্যয়, ভাঁহার বিনাশ নাই। আর মহামাত্য হজরত্ মোত্রাম্মদ মোস্তাফা 'ছাল্লাল্লাহো আলায়হে ওয়াছাল্লাম,' তাঁহার বানদা ও শেষ 'রছুল', ভাঁহার পর আর কোন 'নবী' পয়দা হইবে না এবং ইহ ও পরকাল সম্বন্ধে তিনি যাহা যাহা বর্ণনা করিয়াছেন তাহা অক্ষরে অক্ষরে সত্য, উহার মধ্যে সামান্ত একবিন্দু পরিমাণও ভুল ভ্রান্তি নাই এবং হইতে পারে না ও থাকিতে পারে না এবং 'কোরাণ শরিফ' ও 'হাদিছ শরিফ' বিরোধী কোন কথা বা আচার ব্যবহারের প্রতি কিছুতেই এবং কোন প্রকারের সামান্য একটু আস্থা ও বিশাসও স্থাপন না করা ইত্যাদি।

দ্বিতীয় "এল্নে-ছেব্র, ইহার 'ওছুলের' এই পরিমাণ শিক্ষা করা ও অবগত হওয়া 'ফারজ' যাহাতে মহিমাময়, মহামহিম আল্লাহ্-তায়লার মহানুভবতা ও 'তাজিম' ও তাঁহার আদেশিত বিধি-নিষেধ গাঢ়ভাবে হৃদয়ে অঙ্কিত হয় এবং যদ্বারা 'এবাদাত্' ও পুণ্যজনক কার্য্যাদি বিশুদ্ধ নির্ম্মল, পবিত্র ও ফলো-পধায়ক হয়। ইহার বিস্তারিত ব্যাখ্যা পশ্চাৎ বর্ণনা করিব।

তৃতীয় "এল্মে-শারিহ্রাত্" এই 'এলেমের' যখন যতট্টকু পরিমাণ করা 'ফারজ' হয়, তথন তত্ট্টকু পরিমাণ শিক্ষা করা ও জানাও 'ফারজ' হয়, যেমন নামাজ, রোজা, 'হঙ্জ্ব' 'জাকাৎ' 'হায়েজ' 'নেফাছ' 'ওজু' 'গোছল', ইত্যাদি যখন যাহার উপর এই সব এবাদাত ফারজ হয় এবং ঐ সব কার্যোর কারণ ঘটে. (অর্থাৎ পুত্র কন্যা যথন যৌবন প্রাপ্ত হয়, বা বিবাহাদি করে বা সন্তানের জনক জননী হয় বা দরিদ্র বাক্তি ধনী হয় ) তখন তাহার প্রতি ঐ সম্বন্ধীয় 'মাছ্লা' শিক্ষা করা ও উত্তমরূপে অবগত হওয়াও 'ফারজ' হয়। 'উক্ত 'এলেম' ত্রয়ের এই পরিমাণ শিক্ষা করা, জানা বা অবগত হওয়া প্রতি মোসলমান স্ত্রী পুরুষের উপর সমান 'ফারজে-আয়েন' অর্থাৎ ্যে কোন কাজ উপস্থিত হওয়ার সঙ্গে সঙ্গেই সেই কাজ সম্বন্ধীয় শারিয়াতের বিধি ও নিষেধ তৎক্ষণাৎ ও তন্মুহূর্ত্তেই তাহা জানিতে বা শিক্ষা করিতেই হইবে এবং যে কোন উপায়েই হউক না কেন মোসলমান মাত্রেই উহা অবগত হইতে ও ঐ সম্বন্ধে পরিষ্কার জ্ঞান অর্জ্জন করিতে অতি অবশ্য বাধ্য ও দায়ী

এবং ঐ পরিমাণ শিক্ষা গ্রহণ না করিলে বা অবগত না হইলে সে কোন অবস্থাতেই ও কিছুতেই মোসলমান পদবাচ্য, পদাভিষিক্ত ও পর্য্যায়ভুক্ত হইতেই পারে না, পারিবে না ও হইবে না। এতদ্বাতীত অধিক এলেম শিক্ষা করাও ফারজ বটে : কিন্তু, তাহা "ফারজে-আয়েন" নহে, "ফারজে-কেফায়া"। স্থল কথা, যে সকল কথা না জানিলে এবাদাত্ই করিতে পারা যায় না ও যে সমস্ত কারণে ঐ এবাদাত্ পণ্ড বা অঙ্গহীন হয় বা ব্যর্থ হইবার আশঙ্কা জন্মে, তত্ত্বাবৎ শিক্ষা করাই "ফারজে-আয়েন" আর প্রয়ো-জনের অতিরিক্ত এলেম শিক্ষা করা ফারজে-আয়েন নহে, ফারজে-কেফায়া, যেমন উক্ত দিতীয় এল্মে-ছির্রির্ (আভ্যন্তরীণ বিছার) আভান্তরীণ বহুবিধ ও বহু বিষয়ের মধ্যে মাত্র ''নিয়ত", "এখলাছ", "হামদ", "শোকর", "তাওয়াকোল" ইত্যাদি কতিপয় বিষয়ই কেবল শিক্ষা করা বা অবগত হওয়া ফারজে-আয়েন, ইহার অধিক শিক্ষা করা বা জানা ফারজে-আয়েন নহে. ফারজে-কেফায়া মাত্র। সেইরূপ তৃতীয় এল্মে-শারিয়াত্ বা এল্মে-ফেকাহে প্রয়ো-জনাতিরিক্ত বিষয় যথা, বেচা-কেনা, ইজারা দেওয়া বা নেওয়া বিবাহ, তালাক, রাজায়াত, ইলা ইত্যাদি এবং দরিদ্র হইলে জাকাৎ, ফেৎরা, হজ্জের মাছ্লা ইত্যাদি শিক্ষা করা বা জানা ফারজে-আয়েন নহে. ফারজে-কেফায়া মাত্র। সঙ্গে সঙ্গে ইহাও বেশ করিয়। জানিয়া রাখ যে. এই এলেমের ঘাটি যেমনই কঠিন, তেমনই ইহা লক্ষ্যভেদে. অভীষ্ট সিদ্ধ করিতে ও কামনা পুরাইতে, এবং ইহ-পারলোকিক সর্ব্বপ্রকার স্থুখ শান্তি বিধায়ী

একমাত্র সোপান, এবং সেই অপার করুণাময় ও অনস্তলীলা ও মহিমাময় সর্ববশক্তিমান অসীম আল্লাহ্-তায়লার অপরিমেয় অসংখ্য, অগণ্য, ও অপরিদীম, গুণাবলীর সামান্য একটুকুর পরিচয় লাভের সোভাগ্য অর্জনের, ও তাঁহার দয়া, রূপা, করুণা আকর্ষণ ও সম্তুষ্টি বিধানের ইহাই একমাত্র বাঞ্ছাপূর্ণকারী, নির্দ্দিষ্ট ও নির্দ্ধারিত রাজবর্ম বিধায়, এই পথ একটু চুর্গম. আয়াসসাধ্য ও তুরারোহ। অনেক অপরিণামদশী হতভাগ্য এই পথে অল্পদুর মাত্র অগ্রসর হইয়াই স্বধু স্বীয় আগ্রহ-হীনতা চাপল্য ও আলম্মতার জন্মই পশ্চাদাবর্ত্তণ করিতে বাধ্য হইয়া ঐ সৌভাগ্য লাভে নিজকে নিজেই বঞ্চিত করিয়াছে। অনেকে এই পথে চলিতে চলিতে চিত্তের অপবিত্রতা, আবিলতা ও প্রকৃত উদ্দেশ্যের কৃত্রিমতায় লক্ষ্যভ্রম্ট ও কুপথে পরিচালিত হইয়া নাস্তিকতার ঘোরান্ধকার কৃপে নিপতিত হইয়াছে, আর উঠিতে পারে নাই। আবার অনেকে জীবন ভোর এই পথে চলিয়াও, জীবন সন্ধ্যায় গ্রহ বৈগুণো ভ্রান্ত ধারণা ও পার্থিব স্বার্থের মোহে বিমুগ্ধ হইয়া, এক জীবনব্যাপী কণ্ঠাৰ্জ্জিভ বিভাধনকে কর্মনাশার অতল তলে বিসর্জ্জন করতঃ শৃশুমনে. রিক্ত হস্তে, ক্লান্ত চরণে, মরণ-দ্বারে আসিয়া উপনীত হইয়াছে। আবার অনেক ভাগ্যবান মহাপুরুষ সামান্য সময়ে স্বল্প চেষ্টায় কেবলমাত্র স্বীয় সঙ্কল্পের দৃঢ়তা, হৃদয়ের আগ্রহ ও চিত্তের স্থৈর্য্যতা ও পবিত্রতা গুণে স্থুখ, শাস্তি ও চরমোন্নতির সৌধশিরে অবলীলায়: আরোহণ করতঃ নিজেকে বিশ্ব-বরেণ্য ও আত্মাকে

ধন্য ও চরিতার্থ করিয়া সার্বলৌকিক, সর্বজনীন স্থুখ, শান্তি, সম্পদ, খাতি, প্রতিপত্তি ও সম্মান অর্জ্জন ও লাভ করিয়াছেন। এ সমস্তই সেই লীলাময় আল্লাহ্-তায়লারই লীলা-খেলা। হে মঙ্গলময়! আল্লাহ্-তায়লা! তোমার মঙ্গল ইচ্ছা পূর্ণ হউক। কিন্তু ইহা স্থনিশ্চিত যে, মর্শ্মবেদনা, তুঃখ, দৈন্য, নাস্তিক্য ও তুর্ভাগ্যের স্থগভীর অন্ধতম কূপে তাহারাই নিক্ষিপ্ত হইয়াছে, হয় ও হইবে যাহারা পার্থিব স্থুখ, শান্তি, স্বার্থ, অর্থ, সম্মান ও সোভাগ্য লাভের কামনা ও আশায় এই পবিত্র "এলমে-দিনী", অর্থাৎ ধর্ম্ম-বিছা শিক্ষায় অগ্রসর ও প্রবৃত্ত হয়, আর যাহারা খোদা ও মহামাত্ত রছুলের (দঃ) আদেশ পালনার্থ ও বিশুদ্ধ এবাদাত্ বান্দেগী, দৎ—ও পুণ্যজনক কার্য্যাদি করণার্থ এলেম শিক্ষা করে, তাহারা স্থুখ শান্তি ও সমৃদ্ধির সমুচ্চ চূড়ায় আরোহণ করতঃ স্বীয় পুণ্য জ্যোতিঃ প্রভায় জগঙ্জন বিমোহন করে ও নিজেও কৃত কৃতার্থ হইয়া বিমল আনন্দ ও অনন্ত স্থুখ সোভাগ্য উপভোগ করিতে থাকে।

অতএব মোদলমান মাত্রেরই আল্লাহ্-তায়লায় আত্ম সমর্পণ ও পূর্ণ ভরদা করতঃ একাগ্রচিত্তে তন্ময় হইয়া এই এলেম শিক্ষার জন্ম দৃঢ়পদে দাঁড়াইতেই হইখে, কেননা, ভুমি তো উত্তমরূপেই ছদয়ক্ষম করিতে পারিয়াছ যে, এলেমহীন মূর্থের স্থান নরক বই আর কোথাও নাই। মহামান্ম হজরত্ (দঃ) করমাইতেছেন যে "মেয়েরাজের" রাত্রিতে আমি দেখিলাম দোজখের অধিকস্তু অধিবাদীই দরিদ্র" তথন ছাহাবাগণ (রাজিঃ)

জিজ্ঞাসা করিলেন, এয়া মহামহিম হজরত্ (দঃ) তাহারা কি অর্থের কাঙ্গাল ? মহামান্ত হজরত্ (দঃ) ফরমাইলেন যে ''না, তাহারা এলেমের কাঙ্গাল'।

অজানিত অশিক্ষিত ব্যক্তি কিছুতেই শিক্ষিত ও জানিত ব্যক্তির স্থায় এবাদাত্ করিতে পারে না। কোন অজ্ঞ লোক ফেরেস্তাদের সমতুল্য এবাদাত্-বান্দেগী করিলেও একমাত্র অজ্ঞতার জন্মই ঐ কঠোর তপস্থাও ব্যর্থ ও পণ্ড হইয়া যাইবে। এখন নিঃসন্দেহ ভাবে ইহাই প্রমাণিত হইল যে, ''গোমরাহী'' হইতে অব্যাহতি ও সত্য, সরল, পুণ্যময়, নিষ্ণটক পথ লাভ করিবার একমাত্র শাস্তি-সোপান "এলেম" এবং এই এলেমের ঘারাই এই শিক্ষা লাভ হয় ও জ্ঞান জন্মে যে, আমার সৃষ্টি কর্ত্তা, মুনিব, প্রভু, আল্লাহ্-তায়লা এক, তাঁহার কোন শরিক নাই, তিনি অদ্বিতীয় সর্ববশক্তিমান, সর্ববজ্ঞ, অপার করুণাময়, মঙ্গলময়, কল্যাণময়, দয়াময়, সূক্ষ্ম বিচারকর্ত্তা, অজয়, অমর, ইচ্ছাময়, বাধায়, সূক্ষ্ম-শ্রোতা, তীক্ষদর্শী, পালন কর্ত্তা, স্মষ্টিকর্ত্তা, রোগ, শোক, চু:খ ত্রাতা, অন্নদাতা, সর্ববপাপ পরিত্রাতা, সর্ববদোষ বিমুক্ত চিরস্থায়ী, অতুলনীয়, অরূপ, অব্যয়, অনন্ত, অসীম, তাঁহার কোন সীমা নাই এবং তিনি কোন স্থানে আবদ্ধ নহেন। তিনি চির-বিমুক্ত চির স্বাধীন, নির্বিকার, নিরাকার, ইত্যাদি নানাপ্রকার অসংখ্য, অপরিসীম কোটী কোটী গুণে তিনি গুণান্বিত ও মহিমায় মহিমান্বিত, বিরাট, বিশাল, একমাত্র তিনি আল্লাহ্-তায়লা "জাল্লাজালালাহু", "আম্মানাওয়ালাহু"। তৎপর আমাদের মহামান্ত

হজরতের (দঃ) নানাপ্রকার গুণাবলী ও "মায়য়াজেজা" ইত্যাদি অবগত হইয়া বা না হইয়া দ্বিধা শূন্ত অকপট হৃদয়ে স্থায়ী দৃঢ়তা ও নিশ্চয়তার সহিত অতীব সত্য বলিয়া বিশ্বাস করে যে, তিনি আল্লাহ্-তায়লার প্রেরিত শেষ রছুল অর্থাৎ আল্লাহ্-তায়লার প্রেরিত শেষ মহাপুরুষ ও বার্ত্তাবহ। তাঁহার পর পৃথিবীর সেই শেষ দিন অর্থাৎ মহাপ্রলয়কাল পর্য্যন্ত অন্য কোন নবি, রছুল, বা পায়গাম্বার এই ধরাধামে আর প্রেরিত হইবেন না এবং তিনি আল্লাহ্-তায়লার প্রত্যেক বিধি নিষেধের বাণী, আদেশ ও হুকুম সমূহ আমাদিগকে যথাযথরূপে, বিস্তৃত ও পরিস্কার ভাবে অতি বিশ্বস্ততা ও সততার সহিত জ্ঞাপন করতঃ আমাদের হৃদয়ে উত্তমরূপে বন্ধমূল ও প্রবিষ্ট করাইয়া বুঝাইয়া দিয়াছেন যে, উহার বিন্দু বিসর্গত ব্যতিক্রম, অপচয়, বা ইতর বিশেষ হয় নাই এবং অতি দৃঢ়তার সহিত ইহার উপরও ইমান আনিতে হইবে ও স্থির একিন ও বিশ্বাস করিতে ও রাখিতে হইবে যে, আমাদের ভাগ্যে পরকালে আল্লাহ্-ভায়লার দর্শন লাভ ঘটিবে ও কোরাণ শরিফ আল্লাহ্-তায়লার পাক স্বকীয় "কালাম", ইহা অন্থান্য স্বষ্টি করা বস্তু, বাক্য, কথা বা **मक ७ ऋतित ग्राय एके जिनिय नरह** : এवः आल्लाङ्-তायनात অনুমতি ভিন্ন গাছের একটা পাতাও নড়িতে বা কম্পিত হইতে পারে না। যজ্জাবতীয় কাজ, কর্ম্ম, সুখ, দুঃখ, পাপ, পুণ্য, লাভ, লোকসান, কোফর ও ইমান ইত্যাদি তাঁহার অসীম ইচ্ছাশক্তি ও বিরাট ক্ষমতার একান্ত ও সম্পূর্ণ অধীন। সমস্ত

স্পৃষ্টি ও স্ফট বস্তুর উপর তাঁহার অসীম ক্ষমতা ও অবাধ আধিপত্য ও অধিকার একইরূপ সমানভাবে পরিব্যাপ্ত ও বিস্তৃত হইলেও তাঁহার উপর স্থাষ্টির কিন্তু বিন্দু মাত্রও অধিকার বা দাবী দাওয়া नारे। তিনি याशांक थूमौ विना পুণ্যে বেহেস্তে দিতে পারেন ও বাহাকে খুদা বিনা পাপে দোজখে দিতে পারেন। এই অবাধ অপরিমিত ও অসাম শক্তি থাকা সত্ত্বেও বিনাপুণ্যে কেবলমাত্র স্থীয় অপার করুণা ও দয়াগুণে যেমন বহুব্যক্তিকে তিনি বেহস্তবাসের সৌভাগ্য প্রদানে কুতার্থ করিবেন, তেমন বিনা পাপে ও বিনা বিচারে একজন লোককেও কিন্তু দোজখে নিক্ষেপ করিবেন না, কেননা, আজ পর্যান্ত পৃথিবীতে এমন কেহ বা কিছু জন্মায় নাই ও জন্মিবেও না, যে আল্লাহ্-তায়লার প্রদত্ত অ্যাচিত, অসংখ্য ও অগণ্য দান ও করুণার বিন্দু পরিমিত প্রতিদান ও এবাদাত্-বান্দেগী বা অন্য যে কোন প্রকার ক্রিয়া বা উপায়ের দ্বারায় করিতে পারিয়াছে বা পারিবে। কাজেই আল্লাহ -তায়লার একান্ত করুণা ও ফজল ভিন্ন কেহই বেহেন্তে যাইতে পারে না ও পারাও অসম্ভব। তৎপর মহামান্য হজরত্(দঃ) ''(কয়ামত'', আমল-নামী", ''কবরের আজাব', ''মোনকের নকিরের", প্রশ্নাবলী, "আদলের" নিক্তি, "ছেরাত" ইত্যাদি সম্বন্ধে যাহা যাহা ফরমাইয়াছেন অর্থাৎ বলিয়াছেন, গভীর মনোযোগ ও অভিনিবেশ সহকারে যথাযথভাবে তত্ত্বাবতের জ্ঞান ও শিক্ষা অর্জ্জন করিয়া তৎপ্রতি অতি দৃত্ ও অটল স্থির বিশাসের সহিত "ইমান" আনয়ন ও আল্লাহ্-তায়লার উপর সম্পূর্ণ নির্ভর ও ভরসা স্থাপন

করতঃ আমল করিতে প্রবৃত্ত হইলে আল্লাহ্-তায়লার একাস্ত কজল, রহম ও করমে এলেমের এই কঠিনতম প্রথম ঘাটি উত্তীর্ণ হইয়া সপ্ত সোপান যুক্ত সোভাগ্য-সোধের প্রথম সোপান অতিক্রম করতঃ মানব জনম সফল ও সার্থক করিয়া দ্বিতীয় সোপানা-রোহণের সোভাগ্য ও অধিকার লাভ করিবে ও সঙ্গে সঞ্চে অসংখ্য পুণ্যও সঞ্চিত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## তওবার ঘাটি. অর্থাৎ প্রায়শ্চিতের ঘাটি

এলেমের ঘাটি প্রশংসার সহিত উত্তীর্ণ হইবাব পর সুই কারণে পাপ হইতে "তওবা" করা অর্থাৎ প্রায়শ্চিত্ত করা তোমার জন্ম ফরজ, অর্থাৎ অবশ্য কর্ত্তব্য। প্রথম কারণ, এবাদাত্ করিবার "তওফিক" অর্থাৎ ভাগ্য অর্জ্জন করা, কেননা, পাপের কঠিন নিগড়ে যাহার হাত পা আবদ্ধ ও হৃদয় কলুষিত সে কেমন করিয়া এবাদাতের অধিকারী ও এই পুণ্য পথের পথিক হইতে পারিবে ? ঠিক বটে পাপে অভ্যস্থ হৃদয় পাষাণাপেক্ষাও কঠিন এবং পাপের পিচ্ছিল ঢালু পথে নিজেকে একবার ছাড়িয়া দিলে উহার শেষ ধাপ ''কোফরী' পর্যান্ত পহুঁ ছিলেও জ্ঞানোদয় হয় না। মহামান্ত হজরত্ (দঃ) ফরমাইয়াছেন যে ''বান্দা যখন মিখ্যা বলে তখন তাহার মুখ হইতে এমন তীব্র তুর্গন্ধ বাহির হয় যে, "'কেরামন কাতেবায়েন" নামক সঙ্গীয় ফেরেস্তাদ্বয় দূরে সরিয়া যায়।" এইরূপ অপবিত্র মুখের অধিকারী ব্যক্তি কিছুতেই সেই পরম পাক—পবিত্র, আল্লাহ্-তায়লার এবাদাতের অধিকারী বা যোগা হইতে পারে না, এরূপ অবস্থাতেও গায়ের জোরে কেহ যদি এবাদাত্ করেও তবে এবাদাতের মাধুর্যা তৃপ্তি ও শাস্তির আস্বাদন হইতে সে বঞ্চিত থাকে এবং তাহার এই পাপ-কলুষিত অপবিত্র মুখোচ্চারিত পুতিগন্ধময় প্রার্থনা-বাণী সেই পরম পবিত্র পাক ও মহান দরবার "বারিতালাতে" পহুঁছিতে বা কোন প্রকার স্কুফল প্রসব করিতে পারে না।

তওবার দ্বিতীয় কারণ এই যে, তোমার এবাদাত্ বান্দেগী ও সর্বব্রকার উপাসনা ও প্রার্থনা ইত্যাদি যাহাতে কবুল হয়, তাহাই তো তোমার উদ্দেশ্য। কাজেই তুমি অনুতপ্ত হৃদয়ে বিশুদ্ধ তওবা করতঃ সর্ব্বপ্রকার পাপ পরিত্যাগ না করিলে তোমার ঐ উদ্দেশ্য সিদ্ধ হইতে পারে না. যেমন মনে কর তোমার একজন ক্রীতদাস বা চাকর আছে, সে যদি আপ্রাণ চেষ্টাতেও তোমার সেবা করে এবং তৎসঙ্গে তোমার আদেশ অমাত্য বা অবজ্ঞা করিতেও দ্বিধা বোধ না করে তবে, তুমি তাহার এত সেবা ও যত্ন করা সম্ভেও তাহাকে ভালবাসিতে বা পুরস্কৃত করিতে পারিবে কি ? নিশ্চয়ই পারিবেনা; বরং তাহাকে দূর হু দূর হু বলিয়া তাড়াইয়াই দিবে। এই উপমার দারায় তওবার উদ্দেশ্য ও প্রয়োজনীয়ত। স্থন্দরভাবে বুঝিতে পারিলে। এখন জানা দরকার, তওবা কাহাকে বলে ও তাহার সর্ত্ত কি গ তওবার চারি সর্ত্ত :---

প্রথম সর্ক্ত এই যে, দৃঢ়চিত্তে চিরদিনের জন্ম পাপ কার্য্য পরিত্যাগ করা এবং দৃঢ়প্রতিজ্ঞ হওয়া যে, অবশিষ্ট জীবনে আর কখনই কোন প্রকার পাপই করিব না; কিন্তু মনে যদি বিন্দু মাত্রপ্ত সন্দেহ জাগে যে, আবার বা আমার দ্বারায় এরূপ পাপ সঞ্জটিত হয়, তবে তাহার তওবা বিশুদ্ধ ছইবে না এবং তাহাকে "তায়েব" অর্থাৎ হৃদয়ের সহিত চিরদিনের জন্য পাপ পরিত্যাগকারী বলিবে না; বরং তাহাকে 'সাময়িক পাপ-ক্ষান্তকারী" বলিবে।

দ্বিতীয় সৰ্ক্ত এই যে, সেই প্ৰকার পাপের জন্ম অনুতপ্ত চিত্তে অতি দৃঢ়তার সহিত তওবা করা, যে প্রকার পাপ কখনও কোন সময়ে, যে কোন কারণেই হউক, তাহার ঘারায় অনুষ্ঠিত হইয়াছে বা ঘটিয়াছে, কিন্তু যে পাপ তাহার দারায় কখনও সমুষ্ঠিতই হয় নাই, সেই প্রকার কোন পাপের জ্যাও यिन जलवा करत जरव जाशांक "जाराव" विनाद ना, वतः ''মোত্তাকী'' বলিবে, কেন না, তাহার স্থান বহু উচ্চে, যে হেতু সে পাপ না করিয়াও কেবল একমাত্র আল্লাহ -ভায়লার ভয়েই একান্ত ভীত, চকিত ও সন্ত্রস্ত হইয়া তওবায় রত হইয়াছে, যেমন আমাদের অতি প্রিয় মহামান্ত শেষ পায়গান্ধার হজরত কে (দঃ) কোঁফরী পাপ হইতে তায়েব বলা চলে না বরং মোন্তাকী বলা চলে, কেননা, তিনি কখনও কাফের ছিলেন না, অথচ আল্লাহ -ভায়লার ভয়ে প্রত্যহ ৭০ বার বা ১০০ বার করিয়া তওবা করিতেন, আর হজরত ওমরকে (রাজীঃ) তায়েব বলিতে পার, যে হেতু তিনি প্রথম কাফের ছিলেন, পরে মোসলমান হইয়াছেন।

তৃতীশ্র সর্ক্ত এই যে, যে রকম পাপ সে পূর্বের করিরাছে, সেইরূপ পাপ করিবার শক্তি না থাকাবস্থায় তৎতুল্য অন্যবিধ পাপ পরিত্যাগ করিয়া দৃঢ়চিত্তে তওবা করিলে সেও তায়েবের

শ্রেণীভুক্ত হইবে। যেমন একজন ব্যাতব্যাধিগ্রস্থ পঙ্গু বা বৃদ্ধ, সে তাহার বিগত যৌবনে পরদার গমন ও চুরি ডাকাতি ইত্যাদি পাপ কাজ করিয়াছে, এখন সে তৎতুল্য অন্যান্য পাপ পরিত্যাগ করিয়া বিশুদ্ধ অস্তঃকরণ ও দৃঢ়চিত্তে তওবা করিলে সেও তায়েব শ্রেণীভুক্ত হইবে। ''বর্ত্তমান অবস্থায় সে উক্ত বিধ পাপ করিতে অক্ষম বা অসমর্থ বিধায় দায় পড়িয়া তওবা করিতেছে। অতএব সে তায়েব শ্রেণীভুক্ত হইতে পারে না", এরূপ কথা ও ধারণা, মুখে বা মনেও আনিও না; কেন না, উক্ত জেনা ও চুরি ডাকাতির তুল্য অস্থান্য পাপ যথা—জেনার "তোহমত" দেওয়া চুগলি খাওয়া, পরনিন্দা, পরচর্চ্চা করা ইত্যাদি পাপাচারের শক্তি তো তাহার আছে, কিন্তু একমাত্র আল্লাহ্-তারলার ভয়েই তাহা যখন সে করিতেছে না, তখন সেও ঐ তায়েক শ্রেণীভুক্ত হইয়া তৎতুল্য সম সম্মান ও সোভাগ্য লাভের অধিকারী হইবে।

চতুর্থ সর্ক্ত এই যে, কেবল মাত্র আল্লাহ্-তায়লার কঠোর শান্তির ভয়ে ও তাঁহার আদেশ পালন ও সন্তোয বিধানার্থই বিশুদ্ধ তওবা করিতে হইবে, তন্তিয় অন্য কোন প্রকার পার্থিক স্বার্থ, লোভ বা লোক-গঞ্জনা ও দারিদ্রতার ভয় বা জন-সমাজে প্রতিপত্তি ও সন্মান লাভের আশা আকাজ্জা ইত্যাদির নাম গদ্ধও যেন উহাতে না থাকে। উপরোক্ত সর্ত্ত চতুষ্টয়ের অনুরূপ বিশুদ্ধ ও একনিষ্ঠ তওবা করিতে পারিলে তাহা অবশ্যই গ্রাহ্মনীয় ও গ্রহণীয়-তওবা রূপে পরিণত ও পরিগণিত হইবে এবং অপার

করুণাময় আল্লাহ্-তায়লা স্বীয় অনস্ত দয়াগুণে নিশ্চয়ই উহা কবুল করিবেন।

এখন যে যে কারণে তওবার দিকে মন স্বতঃই আকৃষ্ট ও প্রলুব্ধ হইতে পারে ও হয়, তাহা পরিজ্ঞাত হওয়া আবশ্যক। তিন কারণে তওবার প্রতি মন আকৃষ্ট হয়।

প্রথম, স্বরুত পাপের মন্দ ফলের দিকটা ও উহার ভীষণ পরিণাম ও দণ্ড ব্যবস্থার বিষয় উত্তমরূপে বিশেষ মনোযোগ ও অভিনিবেশ সহকারে চিন্তা করা।

দ্বিতীস্থা, পাপীর প্রতি আল্লাহ্-তায়লার অতি কঠোর ও ভীষণ শাস্তির ব্যবস্থা ও বিধানের বিষয় ভালরূপ অবগত হওয়া, যে দণ্ডের কণামাত্র গ্রহণ বা সহ্য করিবার শক্তি কাহারই নাই ও হইতেও পারে না।

তৃতীস্ত্র, কোনরূপ ছল, চাতুরী প্রবঞ্চনা বা মিথাা উক্তি ও বক্তৃতা ঘারায় সেই সর্বক্ত সর্ববদর্শী আল্লাহ্তায়লাকে কিছুতেই ঠকান ও ভুলান যাইবে না ও চলিবে না,
ইহা যেন পৌনঃ-পুনিক ও উত্তমরূপে স্মরণ করে ও রাখে
এবং এইরূপ সুযুক্তিপূর্ণ তর্কাদির অবতারণা ও নানাপ্রকার
স্থাচন্তিত উপদেশাবলীর ঘারায় মনকে যেন উত্তমরূপে প্রবোধিত
করে যে, পার্থিব এই সাধারণ অগ্নি, সূর্যোত্তাপ, প্রহার ও
বর্শাঘাত বা ক্ষুদ্রে একটা পিপীলিকার সামান্ত একটু দংশন জালাও
যে দেহ সন্থ করিতে পারে না, সেই দেহ কেমন করিয়া নরকের
সেই ভীষণ কালানল ও হিন্দু মহাভারতোক্ত ভীমসেনাপেক্ষা

লক্ষ গুণাধিক বিরাট বপু ও বিশাল দেহধারী বিকটদর্শন নরক প্রহরিগণের অগ্নিময় বজ্রকঠোর বিষম গদা, ভল্ল, শেলাঘাৎ ও ত্রাস সঞ্চারী বিভীষিকা উৎপাদক নানাপ্রকার বিশালকায় সর্প বৃশ্চিকাদির জ্বালাময়া তীব্র দংশন জ্বালাসহ্য করিতে পারিবে ? দিবানিশি ইত্যাকার নানাপ্রকার সংযুক্তি ও উপদেশপূর্ণ চিন্তাদি সর্ববন্ধণ যদি কেহ করে ও একান্তমনে আল্লাহ্-তায়লার দয়া ও কুপার ভিখারী হয়, তবে সে নিশ্চয়ই আল্লাহ্-তায়লার ফজলে বিশুদ্ধ তওবার শক্তি লাভ করিবে ও স্থায়া তওবা করিতে সক্ষম হইবে। এখন তোমার ইহাও জ্বানা দয়কার যে, তোমার পূর্ববকৃত পাপজনিত ক্ষতিপূরণ হইবার উপায় কি ? তাহা এই, পাপ তিন প্রকার ঃ—

প্রথম প্রকার পাপ, কার্জ কাজে অবহেলা প্রদর্শন বা পরিত্যাগ করা, যেমন নামাজ, রোজা, জাকাত ইত্যাদি আদার না করা। যদি এই প্রকার ফার্জ কাজ পরিত্যক্ত হইয়া থাকে, তবে তাহার প্রতিকার সাধ্যানুসারে উহা পূরণ করা অর্থাৎ উহার "কাজা" আদায় করা।

বিতীর প্রকার পাপ, নিষিদ্ধ কাজ সমূহ করা, যেমন মদ খাওয়া, গান, বাজনা করা ইত্যাদি, এই শ্রেণীর পাপ করিয়া থাকিলে তাহার প্রতিকার, একান্ত লচ্ছিত, ক্ষুব্ধ ও অনুতপ্ত চিত্তে চিরজীবনের জন্ম স্থায়ীভাবে উহা পরিত্যাগ করতঃ আল্লাহ্-তায়লার ক্ষমা লাভাশায় সর্ববদা তাঁহার নিকট সরোদন বিনীত নম্র প্রার্থনায় রত হওয়া।

তৃতীয় প্রকার পাপ, ইহা অতি সাজাতিক, ইহার নাম ''এন্দোরাছ" অর্থাৎ মানুষের নিকট মানুষের পাপ। ইহা বহু রকম, যথা—নরহত্যা, অন্যায় অত্যাচার, পরস্বাপহরণ, পরদার গমন, বিশ্বাস ঘাতকতা ইত্যাদি, ইত্যাদি। ইহার প্রতিবিধান এই--- যদি ধনের পাপ হয় অর্থাৎ পরস্বাপহারী হইলে কর্ত্তবা ও উচিৎ যে, ঐ অপহারিত বস্তু টাকা, পয়সা, বা অন্য যে কোন জিনিষ্ট কেন হউক না, অন্যায়ভাবে যাহার নিকট হইতে যাহা যাহা গ্রহণ করিয়াছে বা লইয়াছে, তাহা তাহাকে প্রতার্পণ করা বা উহার অধিকারী হইতে মাফ নেওয়া। ঐ অধিকারী জীবিত না থাকিলে সেই অর্থ মৃতব্যক্তির আত্মার কল্যাণার্থ বায় করা। যদি ঐ অর্থ ব্যয়ে সে অসমর্থ হয় অর্থাৎ তওবাকারী যদি দরিদ্র হয়, তবে নফল নামাজ, রোজা, তছবিহ্ ইত্যাদি পাঠ দারায় পুণা সঞ্চয় করতঃ সেই সঞ্চিত পুণা সমূহ ঐ মৃতাত্মার উদ্দেশ্যে উৎসর্গ করিয়া, স্বীয় পাপ বিমুক্তির জন্ম অনন্য মনে সবিনয়ে একাগ্রতার সহিত আল্লাহ -তায়লার পাক, পবিত্র, মহান দরবারে কান্নাকাটি করা। আর হত্যাকারী হইলে, সেই হত ব্যক্তির ওয়ারিশের মিকট যাইয়া বলে যে, নিহতের প্রাণের বিনিময়ে তুমি বা তোমরা আমাকে হত্যা করিতে পার, আর श्रीय প্রাণ বিসর্জ্জনে সে यদি সমর্থ না হয় বা সাহস না পায়. তবে "দিয়াত" অর্থাৎ প্রাণের বিনিময় মূল্য প্রদান জন্ম তাহাকে প্রস্তুত হইতে হইবে। যদি দিয়াতের টাকা দিবার ক্ষমতাও তাহার না থাকে তবে ঐ নিহতের ওয়ারিশদের নিকট বিনীত ভাবে ক্ষমা

প্রার্থনা করিতে থাকে, ওয়ারিশেরা যদি ক্ষমা না করে তবে উপরোল্লিখিত প্রথমোক্তরূপ পুণ্য সঞ্চয় করিয়া মৃতের আত্মাকে দান করে ও আল্লাহ-ভায়লার নিকট ঐরূপ কান্নাকাটি করে। আর কেহর সত্য বা মিখ্যা, নিন্দাবাদ বা কলঙ্ক প্রচার বা গালা-গালি করিয়া থাকিলে তাহার নিকট যাইয়া, নানারূপে তাহার তোষামোদ ও মনোরঞ্জন করিয়া তাহার নিকট হইতে ক্ষমা গ্রহণ করে; কিন্তু যদি বুঝে যে তাহার নিকট যাইলে হিতে বিপরীত হইবে, তবে তাহার নিকট গমন না করিয়া উপরো-ল্লিখিত মত নানারূপ পুণ্যানুষ্ঠান করিয়া ঐ ব্যক্তির ইহ ও পারলোকিক মুক্তির জন্ম আল্লাহ্-তায়লার নিকট সদা সর্ববদা প্রার্থনা ইত্যাদি করে। আর যদি ব্যাভিচারের পাপ হয়, তবে দেই স্ত্রীলোকের স্বামী, আত্মীয় বা প্রভূদের নিকট না যাইয়া ও প্রকাশ না করিয়া একাগ্রমনে বিহবল চিত্তে শুধু আল্লাহ্-তায়লার নিকট ঐ পাপ মুক্তির জন্ম দিবস রজনী প্রার্থনা ও কাল্লাকাটি করে, যাহাতে কেয়ামতের দিন আল্লাহ্-তায়লা সদয় হইয়া ঐ স্ত্রীলোকের স্বামী বা প্রভুর নিকট হইতে তাহাকে মাফ লওয়াইয়া দেন। স্থূল কথা মানুষের নিকট যে পাপে আবদ্ধ সেই পাপ হইতে বিমৃক্ত হইবার জন্ম সেই মানুষের মনোরঞ্জন ও ক্ষমা লাভের নিমিত্ত আপ্রাণ চেষ্টা যত্ন ও আয়াস স্বীকার করা অবশ্য কর্ত্তব্য। উপরোল্লিখিত কারণাধীনে তাহা করিতে না পারিলে অতি অনুতপ্ত ও বিগলিত চিত্তে আল্লাহ্-তায়লার উপাসনায় দেহ, মন, প্রাণ পূর্ণভাবে বিনিয়োগ ও অস্ত করিয়া আল্লাহ্ -তায়লার অনুকম্পা লাভের জন্ম সর্বনা একান্ত মনে নিবিষ্ট চিত্তে কালাকাটি করে। এই উপাসনা, আরাধনা, বিশুদ্ধ, একনিষ্ঠ ও নির্ম্মল হইলে প্রম করুণাময় আল্লাহ্-তায়লার করুণা লাভের সম্ভাবনাই সমধিক। এবং তুমি বেশ মনোযোগের সহিত ইহাও জানিয়া রাখ যে, এই তওবা করার সৌভাগ্য সমস্তের ভাগ্যে ঘটে না। যে অতি ভাগ্যবান. সেই-ই এই বিশুদ্ধ ও স্থায়ী তওবার সৌভাগ্য লাভে দিন দিন শান্তি ও সৌভাগ্যের সমুচ্চাসনে উন্নিত হইতে থাকে। যেমন আল্লাহ্-णा कत्रभारे विकार है कि विकार कार्य है कि विकार कार्य है कि विकार कार्य है कि विकार कार्य कार्य कार्य कार्य कार्य (অর্থাৎ যাহারা তওবা করে ও পরিষ্কার পরিচ্ছন্ন ও পবিত্রভাবে থাকে, আল্লাহ্-ভায়লা তাহাদিগকে ভালবাসেন) আল্লাহ্-তালার প্রিয় হওয়া যে-সে দৌভাগ্যের নিদর্শন নহে। এখন ত্তুবা না করার অপকারিতা সম্বন্ধে তোমার কিছু জ্ঞান লাভ করা কর্ত্তব্য। যাহারা তওবা করিয়া পাপ বিমুক্ত হয় না বরং তওবা না করিয়া পাপেই রত থাকে। পাপের প্রথমাবস্থায় তাহাদের হৃদ্য় কোমল থাকিলেও ধীরে ধীরে ক্রমে ক্রমে উহা কঠিন হইতে কঠিনত্ব হইতে থাকিয়া পরিণামে ঐ পাপাচার সমূহ হৃদয়কে পাষাণবৎ দৃঢ় ও চুর্ভেগ্ন করতঃ পবিত্র এছলামের শান্তিময় স্নিগ্ধ ছায়া শীতল বৃক্ষতল হইতে বহিষ্কৃত করিয়া কোফ্রীর নিদাঘতপ্ত মধ্যাক্ষের ফুঁটি ফাটা সূর্য্যোত্তাপ তলে দাঁড় করাইয়া নরকের পথই স্থগম ও প্রশস্ত করিয়া দেয়, তথন পাপ করিতে মনে এতটুকু মাত্রও দিধা বা সঙ্গোচের উদয় হয় না বা পাপজনিত দণ্ডের সামান্য একটু ভয়ও মনে আর জাগিতে পায় না ও জাগেও না। তখন স্থমতিও বিবেক চির জীবনের মত পরাজিত, বিপর্যান্ত, বিধ্বস্ত, জীবর্ম্মৃত ও স্তব্ধ হইয়া পড়ে, তাহার বৈকুণ্ঠ প্রাপ্তি বা ঐহিক, পারত্রিক, স্থথ, শান্তি লাভের আশা-ভরসা সম্পূর্ণরূপে চিরদিনের জন্ম তিরোহিত, বিলুপ্ত ও নির্মূল হইয়া যায়, ত্রাণের অন্ম কোন উপায়ই আর অবশিষ্ট থাকে না। হে! করুণাময় আল্লাহ্-তায়লা, আমাকে ও সমস্ত মোসলমান নরনারিগণকে এই ঘোরতর বিপদ হইতে রক্ষা করিও, উদ্ধার করিও, এই একমাত্র সবিনয় সকরুণ প্রার্থনা আ-মী-ন।

হে! আমার প্রেয় পাঠক পাঠিকা ভ্রাতা ভগিনিগণ সামান্ত পাপকেও হিংস্র জন্তু, খল সর্প, ও প্রাণবিনাশী বিষাক্ত উদ্ভিদাদি অপেক্ষাও শত সহস্র গুণ স্বধিক ও অতি মাত্রায় ভয় করিয়া চলিও ও (১) "ইবলিছ, ও (২) "বালাম বাউরের" জীবনেতিহাস

১। ইবলিছ, শয়তানের নাম, ২। বালাম বাউর, ১৯৭ নাম। বানি এছরাইল অর্থাৎ ইহুলী বংশীর জনৈক অলী অর্থাৎ ফকিরের নাম। ইহানের উভয়ের সংক্ষিপ্ত জীবনী এই, ইহারা উভয়েই প্রথমে আল্লাহ্-তারলার একটা সামাত্ত আদেশ অবহেলা করিয়াছিল মাত্র, তৎপর অহঙ্কারের বশে ঐ অপকর্ম্মের জন্ত অন্তপ্তপ্ত হয় নাই ও তওবাও করে নাই অথচ ঐ সামাত্ত আদেশটা অমাত্ত করিবার পূর্বের ইহারা উভয়েই আল্লাহ্-তারলার এত অধিক ও কঠোর এবাদাত্ বানেলী ওসাধন ভজন করিয়াছিল বে, তাহার তুলনা হয় না, তথাপি ঐ একমাত্র তওবা না করার জন্তই, এত পুণা করিয়াও তাহারা চিরদিনের জন্ত আল্লাহ্-তারলার দয়া ও রূপা হইতে বঞ্চিত হইয়া নরকগামী হইয়াছে।

ও এই প্রকারের অক্সান্য বহু অতি সত্য ও প্রকৃত ঘটনা ও ঐতিহাসিক গল্পাবলী ও উপদেশ সমূহ সর্ববদা স্মরণ ও অভিনিবেশ সহকারে চিন্তা করিও, ও সূক্ষ্মভাবে বুঝিতে চেম্টা করিও যে, তাহারা কি কারণে আল্লাহ্-তায়লার এত বড় প্রিয়পাত্র, অনুগৃহীত, সাধক ও উপাসক হইয়াও স্থুখ সোভাগ্যের চরম সোধ-চূড়া হইতে মুহূর্ত্তের মধ্যে তুর্ভাগ্যের ঘোরান্ধকার গভীর কুপে নিক্ষিপ্ত হইয়া, চিরদিনের জন্ম নরকের কঠোর শাস্তি বরণ করিয়া লইয়াছে, প্রথমে তাহারা সামান্ত পাপই করিয়াছিল; কিন্তু আত্মগরিমা ও অহঙ্কারের বশে একমাত্র তওবা না করার জন্মই তাহারা পরিণামে কাট্রা কাফেরে পরিণত ও পরিগণিত হওত করুণাময় আল্লাহ্-তায়লার অপার করুণা হইতে বঞ্চিত হইয়া চিরতারে অতি কঠিন ও কঠোর যন্ত্রণাদায়ক অতি ভাষণ বিভীষিকাময় কালানলপূর্ণ নরকের গভীর অন্ধতম গহ্বরে নিক্ষিপ্ত হইয়াছে। অতএব কোন পাপকেই ক্ষুদ্র জ্ঞান করিও না। 'ছগিরা গোনাহ ই' শেষে 'কবিরায়' পরিবর্ত্তিত ও পর্যাবসিত হয় এবং মানবের দ্বারায় হঠাৎ কোন অতি হেয়, নগণ্য ক্ষুদ্র পাপও অনুষ্ঠিত হইলে তৎক্ষণাৎ তওবা করিয়া উহা পরিত্যাগ না করিলে, অনেক সময় এই অতি ক্ষুদ্র ও নগণ্য পাপই অতি গুরুতর ও বৃহৎ পাপের পথপ্রদর্শক বা কারণ স্বরূপ ছইয়া দাঁড়ায়। যখন দেখিবে যে, পাপ করিতে তোমার মনে কোন প্রকার ভীতির সঞ্চার হয় না, বা এবাদাত্ বান্দেগী বা কোন প্রকার সং.ও পুণ্যজনক কার্য্যাদি করিবার সময় বা ঐ কার্য্যান্তে

মনে কোনরূপ সুখ বা শান্তি অনুভব হয় না, বা কর না, বা কোনপ্রকার সতুপদেশেই তোমার মন বসিতে বা উহা গ্রহণ করিতে চাহে না, বা বিবেক জাগরিত হয় না, তথনই বুঝিবে যে, তোমার অবস্থা সাঙ্ঘাতিক। তৎক্ষণাৎ সমস্ত পাপ পরিত্যাগ করিয়া বিশুদ্ধ ও সরল অন্তঃকরণে তওবা না করিলে তোমার পরিণাম ইবলিছের পরিণামের সহিতই এক সূত্রেই গ্রথিত হইয়া যাইবে, কিছুতেই আর অব্যাহতির উপায় থাকিবে না। তওবা করিবার পূর্বেব বা পরে ইচ্ছার বিরুদ্ধে হঠাৎ যদি কোন পাপ করিয়া বস, তবে তৎক্ষণাৎ আরও দৃঢ়তা ও বিশুদ্ধতার সহিত পুনরায় তওবা করিবে। আল্লাহ-তায়লা না করেন এইরূপ ঘটনা পোনঃপুনিকই যদি ঘটে অর্থাৎ তোমার অনিচ্ছায় হঠাৎ পুনঃপুনঃই যদি তোমার দ্বারায় পাপাচার অনুষ্ঠিত হইতে থাকে তবে তুমিও পৌনঃপুনিকই তওবা করিতে তৎপর হইবে ও তওবার স্থায়িত্বতার জন্ম আপ্রাণ চেষ্টা, যত্ন ও পরিশ্রম করিতে থাকিবে। ইবলিছ শয়তানের ইঙ্গিতে,নিরাশ হইয়া কিছুতেই তওবা করিতে বিরত হইও না বা রুখা কালহরণ করিও না এবং এই বলিয়া মনকে প্রবোধ দিও যে, আমার দারায় দিতীয় বার পাপ অনুষ্ঠিত হইবার পূর্বেই যদি আমার শ্বত্যু হয় (কেন না মৃত্যুর সময় তো কাহারও জানা নাই ) তাহা হইলে তো আমি ঐ ভবিষ্যুৎ পাপ হইতে নিষ্কৃতি ও পরিত্রাণ লাভ করিতে পারিলাম ও করিলাম এবং বর্ত্তমান তওবাই বিগত পাপের রক্ষা কবচ স্বরূপ সর্বব বিপদে আমাকে রক্ষা করিবে, অতএব কোন অবস্থাতেই ও

কোন দিবসই তওবা করিতে বিস্মৃত বা বিরত হইও না, কেন না, আমাদের মহামান্য নিষ্পাপ পায়গাম্বার হজরত্ (দঃ) প্রত্যহ ৭০ হইতে ১০০ বার পর্যান্ত তওবা করিতেন, সে তুলনায় আমাদের ন্যায় ঘোর পাপিগণের পক্ষে প্রত্যহ কত লক্ষবার তওবা করা উচিত ? স্থী জনমাত্রেরই তাহা বিবেচ্য। পাঠক এই তওবা সম্বন্ধে আলাহ্-তায়লার একটী আদেশ শ্রবণ করঃ—

وَ مَنْ يَعْمَلُ سُوءً ۗ ٱ وَيُظْلِمُ نَفْسَهُ ثُمَّ يَسْتَغُفُراً لللهَ يَجِدِ اللَّهُ عَفُوراً رَحِيماً

( অর্থাৎ যে কেহ যে কোন প্রকার পাপ বা নিজের উপর অত্যাচার করতঃ পশ্চাৎ আল্লাহ্-তায়লার নিকট ক্ষমা প্রার্থনা করে অর্থাৎ তওবা করে, দ্য়াময় আল্লাহ্-ভায়লা তাহাকে ক্ষমা করেন ও রক্ষা করেন) পোনঃপুনিক তওবা ভঙ্গকারী সম্বন্ধে একটা হাদিছ কুদছির পার্শি অনুবাদ কবিতাটা (জনৈক পার্মসক কবির লিখিত) এথায় অপ্রাসঙ্গিক হইবে না। আদেশ অমাভাকারী অগ্নি উপাসক টি ়া ়া অথবা বিদ্রোহী কিন্তা পুতুল পূজক, أنجه هستى بازآ খদিও ভাঙ্গিয়া থাক "ভওবা" শতবার بين وكبر وبت তথাপি রেখেছি খুলি তওবার তুয়ার। أ يـــ ستــى باز أ চলে এস যে যথায়, যত পাপী জন, ১১ ,১ ১০ ১১ ১ । অমুতাপ অশ্রুজলে সিক্ত করি মন; نبوميدى نيست صد بارا گرتو بله , नित्रांभ इहेग्रा त्कर याहेरव ना किति পুরিবে সবের আশ আদেশ আমারি। টিট شركستي المراكبة

এই ঘাটির সার কথা এই যে, মানব যখন অতি দৃঢ়তার সহিত বিশুদ্ধ ও পবিত্র মনে সরল অন্তঃকরণে, পাপ পরিত্যাগে ও পুনর্ববার এই বিপদ-সঙ্কুল, বন্ধুর, পিচ্ছিল ও ঢালু পাপ পথে পদার্পণ না করিবার জন্ম কৃত-নিশ্চয় ও স্থির-প্রতিজ্ঞ হইয়া হক্দারের হক ও পাওনাদারের পাওনা পরিশোধ বা মনোরঞ্জন ও পরিত্যক্ত ফারজ, ওয়াজেব ও এবম্প্রকার যজ্জাবতীয় কার্য্য সমূহের "কাজা", স্বীয় শক্তি সামর্থানুযায়ী আদায় অর্থাৎ পরিশোধ করতঃ অবশিষ্ট জীবন বিশুদ্ধ ও পবিত্র ভাবে অনুতপ্ত চিত্তে, সর্ববাস্তঃ-করণে সত্য, ধর্ম, সৎ ও স্থায় পথে অতিবাহন ও যাপন জন্ম, অতিমাত্র আগ্রহ ও ব্যগ্রতার সহিত "তওবা" করিবার নিমিত্ত লালায়িত ও প্রস্তুত হয় এবং নিম্নলিখিত ভাবে তওবা করে, তখন সে আল্লাহ্-তায়লার একান্ত ফঞ্জলে তওবার এই কঠিন-তম ঘাটি, উত্তীর্ণ হইয়া আল্লাহ্ -তায়লার অনস্ত ''বরকত'', রহমত ও অভাবনীয়, অদৃষ্টপূর্বব নানাপ্রকার অসংখ্য রত্নরাজী ও অচিন্তাপূর্বর অগণিত বস্তু সমূহে পরিপূরিত ও পরিশোভিত চির অমান, শান্তিপূর্ণ, মঙ্গলময়, পুণ্য রাজ্যের অবাধ ভ্রমণকারীরূপে সোভাগ্যের সমুচ্চ সোপানে অধিরোহণ করতঃ মানব জনম ও জীবনের স্বার্থকতা ও সফলতা সম্পাদন ফরিতে থাকে।

তওবার প্রশালী—প্রথমতঃ তওবার উদ্দেশ্যে উত্তম-রূপে স্নান করিয়া একখানি পরিষ্কার, পরিচছন্ন, পাক অর্থাৎ পবিত্র বস্ত্র পরিধান করতঃ একটা নির্জ্জন স্থানে নিরিবিলি চারি রেকাৎ নফল নামাজ পড়িয়া সেই অকুলের কুল ইহপরকালের একমাত্র কাণ্ডারী, অপার করুণাময় আল্লাহ্-ভায়লার সদনে যুক্ত করে ধ্যানস্তিমিত নেত্রে, গদ্ গদ্ ভাষে অতি বিনীত ভাবে কান্দিয়া কান্দিয়া মোনাজাত করে ও অনুতপ্ত চিত্তে সকরুণ কণ্ঠে মনোবেদনা, হৃদয় যাতনা, নিবেদন করিয়া পাপ বিমুক্তি ও তওবার স্থায়িত্বতা ও পুণ্য কাজে আসক্তি ও এবাদাতের শক্তি লাভের প্রার্থনা জানায়, এই প্রার্থনা যদি প্রকৃত হৃদয় ব্যথাসঞ্জাত নির্দ্মল ও বিশুদ্ধ হয়, তবে অপার করুণাময় আল্লাহ্-ভায়লার পাক, পবিত্র, দরবারে নিশ্চয়ই গৃহীত হইবে।

ঠিক ভাবে তওবা কবুল অর্থাৎ প্রান্থ হইয়াথাকিলে তওবাকারীর মোনাজাত সাঙ্গ হওয়ার সঙ্গে সঙ্গেই তাহার মন এক
অনির্বাচনীয় ও অনাবিল স্থুখ, শান্তি ও তৃপ্তিতে ও নির্দ্মল
আন্দে উদ্বেলিত ও পূর্ণ হইয়া উঠিবে ও উভয় নয়ন হইতে
প্রেমাশ্রু ও নয়নাসার বিগলিত হইয়া তাহাকে স্লিগ্ধ, প্রেম-বিভোর
ও বিহ্বল করিয়া তুলিবে ও তাহার মনে হইতে থাকিবে যে,
সে যেন সম্পূর্ণ নিষ্পাপ নিম্কলঙ্ক ও আজিই মাতৃগর্ভ হইতে
ভূমিষ্ঠ হইয়াছে। পাপ, তাপ, জ্বালা, যন্ত্রণা তাহার সম্পূর্ণ
অপরিচিত ও অজ্জেয় একটা নৃতন জিনিষ। এয়া এলাহি!
আমাকে ও তোমার সমগ্র দাসদাসিগণকে এইরূপ "তওবাতুল্লাভূহার" তওফিক ও শক্তি প্রদান কর, আ-মী-ন।

## তুতীয় অধ্যায়

## আওয়ায়েকের ঘাটি

আয়েকের বহুবচন "আওয়ায়েক।" অর্থ বাধা, প্রতিবন্ধক ইত্যাদি, অর্থাৎ এবাদাত্ ও পুণ্যজনক কার্য্যাদিতে যে সব জিনিষ প্রতিবন্ধকতা বা বাধা উৎপাদন করে সেই সমস্তকে 'আওয়ায়েক' বলে।

এলেম ও তওবার পর 'আবেদ' অর্থাৎ উপাসকের প্রধান ও প্রথম কর্ত্তব্য এবাদাতের পথের কণ্টক সমূহ বিদূরিত ও সমূগ্র বাধা, বিদ্ন অপসারিত করা। মূলতঃ এই পথের প্রধান প্রতিক্ষক চারিটা—(১) দুনিস্ত্রা, (২) মানুষ্ম, (৩) শহ্রতান, (৪) নাফ্ছে। প্রথম বাধা, দুনিস্ত্রা অর্থাৎ সংসার। ছই কারণে এই পৃথিবী বা সংসারের লোভ প্রকৃত উপাসকের জন্ম অবশ্য পরিত্যাজ্য। প্রথম কার্রন এবাদাতের বিশুদ্ধতা ও পবিত্রতা রক্ষার জন্ম ছুনিয়ার লোভ অবশ্যই পরিত্যাজ্য কেন না, যেমন একস্থানে সম্পূর্ণ বিরুদ্ধ ভাবাপন্ন ও পরস্পার বিরোধী ছইটা শক্তি একত্র অবস্থান করিতে পারে না, তেমনই তোমার এক হৃদ্যে সম্পূর্ণ

পৃথক ও বিপরীত ভাবাপন্ন ও প্রকৃতি বিশিষ্ট চুইটী বিভিন্ন ভাবের একত্র সমাবেশও হইতে পারে না, সেইরূপ "এবাদাত্" ও "চুনিয়া" পরস্পর যোর বিরোধী স্বপত্নীতুল্য চুইটী ভাবের একত্র, একসঙ্গে, এক হৃদয়ে অঙ্গাঙ্গিভাবে অধিষ্ঠান বা বসতবাস করাও চলে না। তুইটা পত্নীর মধ্যে একটার মন যোগাইলে অপরা নিশ্চয়ই রুষ্টা, ক্রদ্ধা ও অসন্তুষ্টা হইবেই হইবে, সমভাবে উভয়ের মনস্তুষ্টি কিছুতেই করিতে পারিবে না ; অথবা "এবাদাত্" ও "তুনিয়াকে" "পূর্বব' "পশ্চিম" এই চুইটা দিকের সহিত তুলনা করিতে পার। তুমি পূর্ব্বদিকে অগ্রসর হইলে পশ্চিম দিক হইতে আপনিই দূরে আসিয়া পড়িবে, পক্ষান্তরে পশ্চিম দিকে অগ্রসর হইতে গেলে পূর্ব্বদিক আপনিই তোমা হইতে দূরত্ব ও ব্যবধানের স্বস্থি করিয়া তুলিবে ; উভয়কে একত্র পাইবার আশা. বা ধারণা কোন অবস্থাতেই কখনই তুমি করিতে পার না। বেমন আমাদের মহামাত্ত হজরত্ (দঃ) করমাইয়াছেন বে, "বে পরকালের প্রেমে মজিল, ছুনিয়া তাহাকে পরিত্যাগ করিল; আর যে চুনিয়াুর মোহময় পথে অগ্রসর হইল, সে পরকাল হইতে চিরবঞ্চিত হইল" অতএব এই ক্ষণভঙ্গুর নশ্বর তুনিয়ার আপাত-মধুর অথচ সত্যিকার চিরতুঃখ কষ্টের, কণ্টকাকীর্ণ কুটিল ও বিপদ-সঙ্কুল পথ পরিত্যাগ করিয়া পারলোকিক অবিনশ্বর, চিরস্থায়ী ও অনন্ত স্থুখ-সম্পদ বিধায়িনী শান্তিময়ী পথ অবলম্বন কর। সংসার ত্যাগের দ্বিতীহ্র কারণ এই যে, নির্লিপ্ত, নির্লোভ সংসারী বা সংসার বিরাগী

অর্থাৎ বাছিক সংসারে সম্পূর্ণরূপে লিপ্ত থাকিয়াও ঘাঁহাদের হৃদয় ও মন সংসারের লোভ, ভোগ ও লিপ্ততা হইতে সম্পূর্ণ বিমুক্ত অর্থাৎ উদাসীন, এইরূপ নির্লোভ ও নির্লিপ্ত সংসারী বা সংসার বিরাগীর এবাদাতে সমধিক পুণ্য সঞ্চয় হয় এবং এক্সকার ব্যক্তির এবাদাত্ বান্দেগী ও প্রত্যেক পুণ্যজনক কার্য্যই অন্যাপেক্ষা বহুগুণাধিক মূল্যবান ও পুণ্যদঞ্চারক ও আল্লাহ্-তায়লার নিকট আদরণীয় ও অতি প্রিয়, যেমন মহামান্ত হজরত (দঃ) ফরমাইতেছেন যে, "জনৈক সংসারত্যাগী অর্থাৎ সংসারের লোভ পরিশৃন্ত, সংসার বিরাগী আলেমের তুই রেকাত্ নামাজ, ছনিয়ার সমগ্র সংসারী অর্থাৎ সংসার লোভী আলেম, আবেদগণের ও সংসারী সর্ববমানবের সংমিশ্রিত, সর্বপ্রকার সর্ববরকমের এবাদাত বান্দেগী, সং ও পুণ্যজনক কার্য্যাদিপেক্ষা দেই পরম পাক পবিত্র, অপার করুণা ও অনন্ত দয়াময় আল্লাহ-ভায়লার নিকট সমধিক প্রিয় ও আদরের বস্তু। অতএব যখন বিষদভাবে, নিশ্চিতরূপে প্রতিপন্ন হইল ও উত্তমরূপে বুঝিতে পারা গেল যে, উপাসকের পক্ষে সংসার বিরাগী হওয়া অর্থাৎ সংসারের লোভ পরিত্যাগ করাই শ্রেয়ঃ ও প্রেয় এবং অবশ্য কর্ত্তব্য। তথন কোন্ কোন্ উপায়ে এই সংসারের লোভ পরিত্যাগ করা যাইতে পারে, তাহা বিশেষরূপে জানা ও অবগত হওয়া একান্ত আবশ্যক ও কর্ত্তব্য । "সংসারের লোভ পরিত্যাগ করা" কথাটাকে আরবিতে "জোহদ" বলে: আমরাও এই ''জোহদ'' শব্দই ব্যবহার করিব। ''জোহদ''

ত্রই প্রকার—এক প্রকার যাহা মানুষের আয়ত্তাধীন, দিতীয় অনায়ত্ত: যাহা আয়ত্তাধীন নহে। যাহা আয়ত্তাধীন, তাহা আবার তিন প্রকার—প্রথম, পার্থিব স্থুখ বিলাসের যে সকল জিনিষ আমার নাই, তাহা পাইবার আকাজ্জা পরিত্যাগ করা। দ্বিতীস্ত্র, বর্ত্তমানে পার্থিব যে সব জিনিষ আমার আছে, তাহাও পরিত্যাগ করা। তৃতীস্ত্র, পার্থিব জিনিষের লোভ মন হইতে দূর করা। দিতীয় প্রকার ''জোহদ'' যাহা মানুষের আয়ত্তাধীন নহে, তাহা এই যে পার্থিব স্থু বিলাসের কোনপ্রকার জিনিষের কামনাও যাহাতে মনের ছুয়ারে উকিটুকুও দিতে না পারে অর্থাৎ পার্থিব জিনিষের কামনা মাত্রই মন হইতে চিরতরে নির্বাসিত করা। ঐ কামনা মনের তৃসীমার বাহিরেও যেন পথ না পায়। উপরোল্লিখিত আয়ত্তাধীন জোহদের শ্রেণীত্রয়ে আল্লাহ্-তায়লার ফজলে উত্তীর্ণ হইতে পারিলে, অনায়ত্ত জোহদটী আপনা আপনিই লাভ করিতে পারিবে। •অবশ্য আয়ত্তাধীন জোহদের তৃতীয়টী, অর্থাৎ "সংসারের লোভ" মন হইতে বিদুরিত করাই কঠিন এবং ঐটী পরিত্যাগ করাই জোহদের মূল ও মুখ্য উদ্দেশ্য ও উপাসকের লক্ষ্য। ঐ অভ্যন্তরীণ জোহদ লাভ করা ভিন্ন এবাদাত্ কিছুতেই পূর্ণাঙ্গ হইতে পারে না, যেমন আল্লাহ্-ভায়লা ফরমাইভেছেনঃ---

تَنَكَ الدَّارُ الْأَخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِينَ لَايْرِ يُدُونَ عُلُواً فِي الْأَرْضِ. وَلَا أَنْ الْأَرْضِ. وَلَا فَسَادًا وَالْعَاقِبُةُ لِلْمُتَقَيْنِ \*

( অর্থাৎ পরকালের সেই হুখ শাস্তিময় ঘর আমি তাহাদিগকে প্রদান করিব, যাহারা এই পৃথিবীতে নিরীহ, নির্লোভী ও নিব্বিবাদী) অর্থাৎ পার্থিব সম্পদ প্রাপ্তির আশা ও সংসারের স্থুখ, বিলাস ইত্যাদি উপভোগের লোভ ও বাসনা যাহারা অন্তরের সহিত পরিত্যাগ করে, যাহারামোটেই সংসারের লোভ বা কামনা করে না। ইহার দ্বারায় ইহা বুঝিতে হইবে না যে ''সংসার ও সংসারের সর্ববপ্রকার স্থুখ ও বন্ধন ছিন্ন করিয়া অরণ্যবাসী হইতে হইবে বা সংসারের কোন কিছুই ভোগ করিতে পারিবে না; বরং ইহাই বুঝিতে হইবে যে সংসারের লোভ ও আকর্ষণ পরিশূন্য হইয়া, সংসারের মজ্জাবতীয় হালাল বস্তু সচ্ছন্দে উপভোগ করিতে পার; কিন্তু ঐ সমস্ত বস্তু বা জিনিষাদি অধিক পরিমাণে বা একেবারে কিছুই না পাইলেও যেন মনে কিঞ্চিন্মাত্রও ক্ষোভ বা চুঃখের উদয় না হয়। 'স্থূলকথা নির্লোভ ও নির্লিপ্ত হইয়া পার্থিব প্রত্যেক হালাল বস্তু তুমি অবাধে, অবলীলাক্রমে উপভোগ করিতে পার ; কিন্তু উহার লোভ, বা অমুক জিনিযটী পাইবার আকাজ্জা, ইত্যাকার কোন কিছুরই প্রাপ্তির বাসনা বা আকর্ষণ, মৃহুর্ত্তের জন্মও যেন তোমার মনে জাগিতে না পারে। এই প্রকার লোভ, বাসনা ও আকর্ষণ পরিশুন্ত-হৃদয়ে, বাহ্যিক ঘোর সংসারী ও সাংসারিক স্থুখ উপভোগ-কারী, হইলেও তাহাদের জন্ম পরকালের ঐ অনস্ত সুখ শান্তিপূর্ণ স্থায়ী আবাসের দার অবারিত ও চির উন্মুক্ত

রহিয়াছে; এবং "নির্লোভ, নিলপ্ত সংসার বিরাগী অথচ গৃহাশ্রম আশ্রমী ব্যক্তি" ও ঐরপ "নির্লোভ, নির্লিপ্ত, সংসার-বিরাগী কিন্তু গৃহাশ্রম ত্যাগী ব্যক্তি," এ উভয়ই পুণ্যবান ও বেহেস্ক-লাভের অধিকারী হইলেও প্রথমোক্ত "নির্লোভ গৃহীই" সমধিক সম্মানার্হ; কেননা, সে ভোগী ও গৃহাশ্রমী হইয়াও সংসারের লোভ দমন করিতে ও সংযম রক্ষা করিতে সমর্থ হইয়াছে। আর দিতীয় "সংসারত্যাগী ব্যক্তি", সে তো প্রলোভন ও সংযমতা পরীক্ষার কেন্দ্রেই উপস্থিত হয় নাই, এই কারণে দিতীয় শ্রেণীর ব্যক্তিগণ হইতে প্রথমোক্ত শ্রেণীর ব্যক্তিগণ অধিক সম্মানার্হ ও ভাগ্যবান।

আর যাহাদের মনে লোভ, বাসনা ও লিপ্সা থাকা সত্ত্বেও অভাব জনিত বা দরিদ্রতা বশতঃ কিম্বা অস্ত যে কোন কারণাধীনেই হউক না কেন, এই সংসারের স্থুখ ভোগ করে না, ও লিপ্ত হয় না বা লিপ্ত হইতে পারে না। এই ভৌণীর ব্যক্তিগণ এবাদাত্ বান্দেগী ও সৎকার্য্যাদি করিলেও বেহেস্তাগমন তাহাদের ভাগ্যে ঘটে না, ঘটিতে পারে না; কেন না, সংসারের প্রতি বীতরাগ, লোভ ও স্বার্থ পরিশৃত্য না হইলে শরিয়াত্ সম্মতভাবে এবাদাত্ বান্দেগী ও সৎকার্যাদি কাহারও দ্বারায়ই ঠিক মত অনুষ্ঠিত হইতেই পারে না। এবাদাত্ ও সৎকার্যাদির মূল যে উদ্দেশ্য অর্থাৎ অপার করুণামর আল্লাহ্তায়লার, করুণা, দয়া ও সন্তোষ অর্জ্জন। উহা আন্তরিক গভীর একনিষ্ঠতা ভিন্ন লাভ করা যায় না এবং মনে কোন

প্রকার লোভ, বাসনা বা স্বার্থের উদয় হইলে ঐ একনিষ্ঠতা কিছুতেই তিষ্ঠিতে পারে না। অতএব এই অনিত্য সংসারের প্রতি বৈরাগ্য আনয়ন করিবার ও ইহার অকিঞ্চিৎকর ক্ষণস্থায়ী স্বথ-সম্ভোগের প্রতি বীতশ্রদ্ধ হওয়ার প্রকৃষ্ট উপায় ও প্রণালী প্রবণ কর। তুমি অতি ধার, স্থির ও নিবিষ্ট-চিন্তা করিলেও অতীব মনোযোগ ও ঐকান্তিকতার সহিত কোরাণ শরিফ ও হাদিস শরিফ ও অলিআল্লাহ্ ও বোজর্গগণের উক্তি পাঠ বা শ্রবণ করিলে, এই চুনিয়ার অনিত্যতা, অসারতা, বিশাস ঘাতকতা, বিফলতা, অকর্ম্মণ্যতা ও দ্রঃখ-দারিদ্র, ক্লেশ-যাতনা ইত্যাদি পরিষ্কারভাবে হৃদয়ঙ্গম করিতে পারিবে এবং ইহার উপকারিতা হইতে অপকারিতা যে কত অধিক, তাহা অতি উত্তম ও পরিক্ষার্রপে উপলব্ধি হইবে। এখন জানা দরকার যে. ছুনিয়াতে জোহদ করা অর্থাৎ সংসারের লোভ ও স্থুখ পরিত্যাগ করা ধা নির্লিপ্ত সংসারী হওয়া "ফারজ", "ওয়াজেব", 'ছোলত' না "মোস্তাহাব!" না কি ? চুনিয়াতে চুই প্রকারের জৈনিষ আছে এক হাব্লাম, দ্বিতীয় হালাল। এই উভয়ের মধ্যেই জোহদ হয়, হারামের মধ্যে জোহদ করা এই যে, হারাম জিনিষ বা কাজ মাত্রকেই তৎক্ষণাৎ ও তন্মুহূর্ত্তেই পরিত্যাগ করিতে হইবে ও ইহা অতি অবশ্য তড়িৎ-পাল্য এবং এই "অতি অবশ্য তড়িৎ-পাল্য" কথাটাকে, আরবী ভাষায় "ফারজে-আহোন<sup>??</sup> বলে ও হালাল জিনিবে "জোহদ" করা "মোস্তাহাব।" আর হালালের সহিত যাঁহারা জোহদ

করেন, তাঁহারা 'গওছে' শ্রেণীস্থ অর্থাৎ প্রায় দেবতা তুল্য মহাশয় ব্যক্তি। তাঁহারা তুনিয়ার অতি পবিত্র ও হালাল জিনিষ ও বস্তু সমূহ হইতেও সেই পরিমাণ জিনিষ মাত্র গ্রহণ করেন, যাহা না হইলে জীবন ধারণ করা চলে না অর্থাৎ কর্ষ্টের সহিত জীবন ধারণ করা চলে, তদতিরিক্ত জিনিয়কে বিষবৎ পরিত্যাগ করেন এবং স্বীয় মনকে এমনই করিয়া গড়িয়া তুলেন যে, জীবন ধারণাতিরিক্ত সামান্য একটুখানি জিনিবের লোভ বা বাসনাও ভ্রমেও তাঁহাদের মনে জাগিতে বা আসিতেই পারে না। জনৈক "বোজর্গ" বলিয়াছেন যে চনিয়া, আল্লাহ-তায়লার অপ্রিয় জিনিব, সেই জন্মই যাঁহারা আলাহ্-তায়লার প্রিয় বান্দা, আলেম, ও, অলি. তাঁহারা তুনিয়ার যজ্জাবতীয় হালাল ও পবিত্র জিনিষকেও এত অধিক ঘুণা ও ভুচ্ছ, ভাচ্ছিলা করিয়া থাকেন; এবং একান্ত প্রয়োজন ভিন্ন উহা স্পর্শও করেন না। এস্থলে আমি একটা উপমা দিতেছি মনে কর জনৈক পাঁচক নানাবিধ অত্যুত্তম ও রসনা তৃপ্তিকর উপকরণ ও মসল্যাদির সহযোগে এক "ডিস" অতি উপাদের ও উৎকৃষ্ট খাছা প্রস্তুত করিয়া উহাতে খানিকটা বিষ মিশ্রিত করিবার সময় এক ব্যক্তি উহা প্রত্যক্ষ করিল। যে ব্যক্তি উহা প্রত্যক্ষ করিল, সে শত অমুরোধ, উপরোধ ও প্রলোভনেও ঐ খাত্ত খাইতে সাহসী হইবে কি ? না, কখনই হইবে না। যদি হয়, তবে তুমি নিশ্চয়ই তাহাকে ঘোর উন্মন্ত, বিকৃত

মস্তিক ও বন্ধ-পাগল ভিন্ন আর কিছুই বলিতে বা মনে করিতে পার না। কিন্তু যে ব্যক্তি অজ্ঞ, যে উহা দেখে নাই ও জানে না, সে কিছতেই উহার লোভ সম্বরণ করিতে পারিবে না ও অমান চিত্তে নিরাপত্তে ঐ খাছ্য আহার করিয়া স্বীয় মৃত্যুর পথ স্বহস্তেই উন্মুক্ত করিতে কিঞ্চিমাত্রও ইতস্ততঃ বা দ্বিধা বোধ করিবে না। এইরূপ অনভিজ্ঞতা ও অজ্ঞতার বশে, এই মায়াময় তুনিয়ার বাহ্যিক চাক্চিক্য ও মনোহারিণী রূপে বিমুগ্ধ হইয়া ও মজিয়া কত শত সহস্র লোক যে অকালে কালগ্রাসে কবলিত ও নিপতিত হইয়া নিরয়গামী হইতেছে, তাহার সংখ্যা কে করিবে ? অজ্ঞে ও বিজ্ঞে, লোভে ও সংযমে, নির্বেবাধে ও স্থবোধে, মূর্থে ও পণ্ডিতে এই প্রভেদ। অতএব যাঁহারা বিজ্ঞ, আলেম, স্থবোধ, সদ্বিবেচক ও পরিণামদর্শী, ভাঁহারা হালাল জিনিখেও "জোহদ' অবলম্বন করতঃ দৃঢ়প্লদে আত্মরক্ষায়, প্রার্বত হন। আর যাহারা ইহাপেক্ষাও সমুচ্চ সোপানে আরোহণ করিয়াছেন, তাঁহারা জীবন ধারণোপ-যোগী যৎকিঞ্চিৎ হালাল খাতোর জন্মেও অন্সের দ্বারস্থ হইতে वा "कुकि" অদেবণে হালাল মজুরী করিতেও বহির্গত হন না। তাঁহার৷ অতীব একনিষ্ঠতার সহিত সম্ভট-চিত্তে একমাত্র আল্লাহ্-তায়লার দয়া ও দাক্ষিণ্যের উপরইসম্পূর্ণ ভরসা, নির্ভর, ও আস্থা, স্থাপন করতঃ এবাদাত্, বান্দেগী ও সৎকার্য্যাদি করনার্থ জীবন ধারণোপযোগী আহার বা শক্তিলাভের জন্য প্রার্থনা করুণাময় আল্লাহ্-তায়লাও প্রার্থী বা যাজ্ঞাকারিদের করেন।

বোগ্যতানুসারে কেহকে, স্বায় পবিত্র নাম স্থা পানে, কেহকে বা অচিন্ত-পূর্বব ও অভাবনীয় উপায়ে অপরিজ্ঞেয় স্থান হইতে হালাল থাত্য বস্তু দানে, সেই শক্তি প্রদান করেন, যেমন তিনি স্বয়ংই কোরাণ শরিফে করমাইতেছেন করেন, যেমন তিনি স্বয়ংই কোরাণ শরিফে করমাইতেছেন কর্মাইতেছেন করেন তিনি স্বয়ংই কোরাণ শরিফে করমাইতেছেন করেন তিনি স্বয়ংই কোরাণ শরিফে করমাইতেছেন করেন তিনি স্বয়ংই কোরাণ শরিফে করমাইতেছেন করেন তিনি স্বাল্লাহ তায়লাকে ভয় করে ও তাঁহারই উপর সম্পূর্ণ নির্ভর করে, আল্লাহ তায়লাকে ভয় করে ও তাঁহারই উপায়ে রক্ষা করেন ও অভাবনীয় স্থান হইতে আহার্য্য প্রদান করেন যে, তাহা মানব বুদ্ধির সম্পূর্ণ অতিত ও

প্রদান করেন থে, তাহা মানব বুদ্ধির সম্পূর্ণ অভিত ও
মানব চক্ষুর সম্পূর্ণ অগোচর) কিন্তু বাহারা এই নির্বৃত্তি
ভরসায়, নিশ্চেষ্ট ও নিশ্চিন্ত হইবার যোগ্যতা অর্জ্জন
করিতে পারে নাই, তাহারা শারিয়াত সম্মত সৎপথে থাকিয়া
পার্থিব হালাল জিনিষাত হইতে জীবন ধারণোপুযোগী
আহার্য্য উপার্জ্জনার্থ আল্লাহ্-তায়লার উপর পূর্ণ ভরসা ও বিশ্বাস
রাখিয়া বে কোন সং-ব্যবসায় অবলম্বন করিতে পারে এবং
তাহাতে পুণ্যই সঞ্চিত হইবে, পাপ উহার নিকটেও আসিতে
বা উহাতে প্রবিষ্ট হুইতে পারিবে না।

দ্বিতীশ্র বাধা,—"মানব অর্থাৎ সংসার লোভী মানব' এই লোভী-মানব হইতে আত্ম রক্ষা করিতে বা নিজেকে, দূরে রক্ষা করিতে না পারিলে এবাদাত্ বান্দেগী কিছুতেই স্থসম্পন্ন, পূর্ণাঙ্গপূর্ণ, শৃষ্ণলা-সম্পন্ন ও স্থনির্বাহিত হইতেই

পারে না. কেননা সাধারণ মানব মাত্রেরই প্রস্পর গল্প, গুজুর, আলাপ আপ্যায়নের উপাদান এই নশ্বর চুনিয়া ও ইহার অকিঞ্চিৎকর স্তুখ, চুঃখ, আমোদ, প্রমোদ, ভোগ, বিলাস বাসনা ইত্যাদি লইয়াই হয়। অতএবই তাহারা (মানবেরা) এই অনিষ্টকারী রুণা আলাপনের সাহায্যে, তোমার অজ্ঞাতে তোমাকে ধীরে, ধীরে, পাপের পথে আকর্ষণ করিতে ও ঠেলিতে থাকে, যাহা তুমি ধারণাও করিতে পার না। অতএব ইহাদের সহবাস ও সংশ্রেব, বিষবৎ পরিত্যাগ করা ধীমান মাত্রেরই অবশ্য কর্ত্তব্য ও বিধেয় ; কিন্তু যাঁহাদের আলাপের উপাদান খোদা, রছলের অমৃতময় মধুর বাণী ও আধ্যাত্মিকতা ও যাঁহাদের কথায়, পরকাল চিন্তা, পাপের পরিণাম, মৃত্যু ভয় ইত্যাদি মনে জাগরিত হয়, তাঁহাদের সহিত নির্বিচারে ও অবাধে মিশিতে পার: কিন্তু আজকাল এরপ লোক জগতে অতি বিরল। সেই জন্ম আমাদের মহামান্ম হজরত ( দঃ 1 নির্জ্জনবাসের ও নির্জ্জনতা অবলম্বন করিবার ইঙ্গিত ও আদেশ প্রদান করিয়াছেন, এই সম্বন্ধীয় কয়েকটী হাদিস শরিফের পূর্ণ অনুবাদ নিম্নে প্রদান করিতেছি। (প্রথম হাদিছ) আবচ্চলা এবনে ওমার এবনে আছ (রাজিঃ) ছাহাবী করমাইতেছেন যে. আমরা মহামান্য হজরতের (দঃ) নিকট বসিয়া ছিলাম, তখন মহামান্ত হজরত (দঃ) "ফেত্নার" উল্লেখ করিয়া ফরমাইলেন যে, "যখন তোমরা দেখিবে যে মানুষ স্বীয় প্রতিশ্রুতি ও প্রতিজ্ঞা পালন করিতেছে না ও ''আমানতে" ''খেয়ানাত্'' করিতেছে,

তখনই বুঝিবে যে, ইহা ফেত্নার 'জামানা'। উক্ত ছাহাবী বলিতেছেন যে. তখন আমি নিবেদন করিলাম যে, এয়া রছুলোল্লাহ্ (দঃ) সেই জামানা আসিলে আমি কি করিব? হজরত্ (দঃ) ফ্রমাইলেন যে "তখন ঘরে বসিয়া থাকিও ও স্বীয় জিহ্বাকে সংযত ও অতি সাবধানে রক্ষা করিও, ও যে বিষয়ের উত্তম জ্ঞান আছে অর্থাৎ যে কাজের কার্য্য-পদ্ধতি ও নিয়ম প্রণালী, তোমার উত্তমরূপ জানা আছে, ও অবগত আছু. তাহাই মাত্র আমল কবিও। আর যাহা ভাল জান না. তাহা করিও না ও স্বধর্মা রক্ষা ও পালনের জন্ম আপ্রাণ চেষ্টা ও যত্ন করিও। অন্সের প্রতি দৃষ্টি বা লক্ষ্য করিও না, অর্থাৎ নিজ মনে একক, স্বধর্ম পালন ও স্বকার্য্য সাধনে রভ ও লিপ্ত থাকিও"। আর এক হাদিছ শরিফে আসিয়াছে যে. মহামাত্য হজরত্ (দঃ) ফরমাইয়াছেন যে "সেটা হইবে "शतुरुवत्र" पिन"। ছाशावांशन निर्वान कतिरलन, शतुरुव पिन কাহাকে বলে ? তখন মহামান্ত হজরত্ (দঃ ) ফরমাইলেন যে. "সে এমন দিন যে, অতি নিকটবর্ত্তি ব্যক্তিকেও অর্থাৎ প্রতিবেশীর প্রতিও নির্ভয়ে বিশাস স্থাপন করিতে পারা যাইবে না"। আর একটা হাদিছ শরিফ এই—আমাদের মহামান্ত শেষ নবী হজরত (দঃ) হারেছ এব্নে আমীর ( রাজীঃ ) নামক জনৈক ছাহাবাকে ফরমাইলেন যে, "তুমি যদি স্থদীর্ঘ আয়ু লাভ কর, তবে তুমি এমন এক জামানা দেখিতে পাইবে যে, তখন উপদেষ্টার সংখ্যা অত্যধিক

হইবে: কিন্তু উহা পালনকারীর সংখ্যা অতি অল্ল ও নগণ্য পরিদৃষ্ট হইবে, ও প্রার্থী ও ভিক্ষুকের সংখ্যা অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইবে: কিন্তু দাতার সংখ্যা বিরল ও নগণ্য পরিলক্ষিত इरेरव এवः **आ**र्लमगृ व्यान्तिगती इरेरव"। এব্নে म्हिल (রাজিঃ) বলিতেছেন, তখন আমি নিবেদন করিলাম যে. সে জামানা কথন হইবে ? মহামান্ত হজরত (দঃ) ফরমাইলেন ''যখন নামাজ কাজা হইতে থাকিবে ও উৎকোচের অবাধ প্রচলন হইবে ও পার্থিব সামাত্য অর্থের বিনিময়ে ধর্ম্ম বিক্রীত হইতে থাকিবে"। হে নেকবখৃত! সেই সময়ের লোক হইতে দুরে অবস্থান করিও": (গ্রন্থকার এমাম গাজালী (রহঃ) বলিতেছেন যে, আমার পূর্ববর্তী 'জামানার' ছুফি ইউছফ এব্নে আছবাত ফরমাইতেছেন যে, হজরত্ স্থফিয়ান ছুরি (রহঃ) জবানি আমি শুনিয়াছি, তিনি বলিয়াছেন যে "আমি সেই অদিতীয় আল্লাহ-তায়লার শপথ করিয়া বলিতেছি যে. আমার এই জামানায়, লোক সঙ্গ পরিহার করিয়া নির্জ্জন বাস করা হালাল হইয়াছে।" সে তুলনায় এতদিন পর আমার জামানায় নির্ভ্জনতা অবলম্বন ক্রা, আমি "ওয়াজেব" ও ফার্জ মনে করি; বিশেষতঃ উক্ত হাদিছ শরিফ সমূহের ঠিক বর্ণনা অনুরূপ অধর্ম জনক ও পাপ কার্য্যাদি করিতে অনেককে আমি স্বয়ং স্বচক্ষে প্রতাক্ষ করিয়াছি। অতএব এখন নির্জ্জন বাস অবলম্বন করা ভিন্ন উপাসকের আর গত্যন্তর নাই )।

## তৃতীয় অধ্যায়

হজরত ওমর খাতাব (রাজিঃ) ফরমাইয়াছেন, "মন্দ লোকের সহবাসাপেক্ষা নিৰ্জ্জনবাস বহুগুণে শ্রেষ্ঠ"। ফোজেয়েল (রহঃ) বলিয়াছেন, "এখন সেই সময় অসিয়াছে, যে সময় জিহবা সংযত করা ও আত্ম গোপন করিয়া নির্জ্জন বাস অবলম্বন করা ও নীরবে মনের প্রতিকার ও চিকিৎসায় আত্ম-বিনিয়োগ করা বিধেয়"। দাউদ-তাই ( রহঃ ) ফরমাইতেছেন যে, "এই চনিয়াতে রোজা রাখ ও পরকালে যাইয়া এফ তার কর আর ব্যাদ্রাতঙ্ক গ্রন্থ মানুষের ন্যায় মানুষ-ব্যাঘ্র হইতে দূরে পলায়ন কর"। মানুষ হইতে তুরে অবস্থানের দ্বিতীয় কারণ এই যে, রেয়ার ভিত্তিই হইতেছে মানুষ। মানুষ হইতে দূরে থাকিলে কিছুতেই রেয়া হইতে পারে না। আর "রেয়া" অতি সাজ্যাতিক জিনিষ। শতমণ ছুম্মের মধ্যে এক ফোঁটা গরু-চণা যেমন—শত বৎসরের কঠোর এবাদাত ও জীবনব্যাপী উপাসনার পক্ষে মৃহূর্ভের রেয়াও তেমনি। আল্লাহ-তারলা আমাদিগকে এই রেয়া হইতে বাঁচায়, এই প্রার্থনা, আ-মী-ন।

এখন জানা দরকীর যে, মনুষ্য হইতে মনুষ্যের দূরে অবস্থান করা সম্বন্ধে বিধি নিষেধ কি ? ও উহার প্রণালীই বা কিরূপ ? ও কোন্ প্রকার প্রবৃত্তির মানব হইতে কোন্ প্রকার মানবকে কি ভাবে কত্যুকু দূরে অবস্থান করিতে হইবে ? এই স্থলে তুই প্রকার ব্যক্তিম্বের উপর তুই প্রকারের ব্যবস্থা প্রদত্ত হইয়াছে। এক সেই ব্যক্তি, যাহার

সহিত সর্ববসাধারণ মোসলমানদের এছলামী স্বার্থ রক্ষার কোনই সম্পর্ক, সংশ্রব ও আবশ্যকতা নাই অর্থাৎ যে ব্যক্তি 'ওয়ায়েজ', 'ফাকিহ', 'মোহাদেছ', 'কাজী', 'আমিরে-শারিয়াত্', 'এমাম', বা 'মুফতি' ইত্যাদি নহেন; এইরূপ ব্যক্তির প্রতি আদেশ যে, 'জোময়া' ও 'জামায়াতের নামাজ', হাজ্জ, ও 'ওয়াজের মাজলেছ' ও স্বীয় একান্ত প্রয়োজনীয় কাজ ভিন্ন জন-সাধারণের সহিত মেলা মেশা না করেন এবং নিজকে এমন করিয়া গোপন রাখেন, যাহাতে অন্মেও তাহাকে না চেনে ও তিনিও অন্তকে না চেনেন : কিন্তু উপরোক্ত 'দিনী' ও অবশ্য প্রয়োজনীয় 'চুনিয়াভী' কাজের জন্মও যদি লোক সকাশে বাহির ২ইতে না চান, তবে তাহা সম্পূর্ণ অবৈধ ও অস্তায় হইবে; বরং ঐরূপ অবস্থায় তাঁহাকে লোক সমাজে বাহির হইতেই হইবে। কিন্তু উপাসনার ক্ষতি বা ব্যাঘাত আশস্কায় জন সাধারণের সহিত আলাপাচারিতে বা লোকালয়ে বাহির হইতে यদি একান্তই অনিচ্ছুক হন, তবে ভাঁহাকে লোকালয় ত্যাগ করিয়া এরূপ কোন দুর বনে. পর্ববতে, বা দ্বীপে, যাইয়া বসবাস করিতে হইবে যে, যে স্থানে যাইলে শারিয়াত্ সিদ্ধভাবে 'ডোময়া', 'জামায়াতাদি' তাঁহার উপর ওয়াজেবই হইতে না পারে। এই কারণে যে সকল আবেদ ও উপাসক, জোময়া ও জামায়াতে উপস্থিতির পুণ্য সঞ্চয়রূপ উপকার অপেক্ষা ঐ উপলক্ষে জন-সাধারণের সহিত মেলামেশায় অধিক অপকার ও ক্ষতির

আশক্কা করেন, তাঁহারা নির্বিবাদে উপাসনা করার উদ্দেশ্যে ঐরপ দূরদেশে যাইয়া অবস্থান করেন, যাহাতে তাঁহাদের উপর জোময়া ও জামায়াত ইত্যাদি কার্য্য ওয়াজেবই হইতে না পারে। অতএব, জোময়া, জামায়াত ও সর্ববপ্রকার পুণ্য- জনক ও স্বীয় আবশ্যকীয় কার্য্যাদির নিমিত্ত আপামর সাধারণের সহিত যে পরিমাণ মেলামেশা আলাপাচারী ও ঘনিষ্টতা করা প্রয়োজন, সেই পরিমাণ মেলামেশা করাই কর্ত্ব্য ও উত্তম,। ইহাতে কোনরূপ ক্ষতির সম্ভাবনা বা অনিষ্টের আশক্ষা নাই।

বিতীয়, সেই শ্রেণীর বাক্তিগণ বাঁহাদের সহিত সর্ববসাধারণ মোসলমানদের এছলামা স্বার্থের অতি নিকট-সম্বন্ধ ও ওতপ্রোতভাবে বিজড়িত যথা—আলেম, এমাম, মুফ্তি, আমীরে-শারিয়াত্, কাজা, ওয়ায়েজ, এছলাম ধর্ম্ম প্রচারক ইত্যাদি, ইত্যাদি। এরপ ব্যক্তিগণের লোকালয় পরিত্যাগ বা নির্জ্জন বাস সম্পূর্ণ নিষিদ্ধ ও অবিধেয়। এই শ্রেণীর ব্যক্তিগণকে লোকালয়ে থাকিয়া, জন সমাজে মিশিয়া আপামর সর্ববসাধারণকে নিয়ত সৎপথ প্রদর্শন ও সৎপথে আকর্ষণ ও সত্নপদেশ প্রদান করাই তাঁহাদের উপর 'ওয়াজেব' ও এই কর্ত্তব্য যথাযথভাবে পালন ও সম্পন্ধ করাই তাঁহাদের পক্ষে, একমাত্র বিধি নির্দ্দিষ্ট কাজ; যেমন আমাদের অতি প্রিয় মহামান্ত শেষ রছুল হজরত্ (দঃ) ফরমাইতেছেন শ্রেখন বাদয়াত প্রকাশিত হয়, তথন যে সকল আলেমেয়া

উহা দেখিয়াও নীরব থাকে. তাঁহাদের উপর আল্লাহ্-তায়লার মা'র পড়িবে ও অভিসম্পাৎ বর্বিত হইবে।" সংসারত্যাগী निर्द्धनवामी व्यात्नात्मत्र উপরও এই হাদিছ শরিফ সমভাবে প্রযোজ্য; কিন্তু সাবধান এই মেলামেশায়, খোদা ও রছুলের আদেশ পালন করা ভিন্ন, পাথিব কোন প্রকার লোভ বা মোহের বা স্বকীয় স্বার্থের নাম গন্ধও যেন উহাতে না থাকে, অর্থাৎ বাহ্যিক তুমি লোক সমুদ্রে ডুবিয়া থাকিলেও তোমার অন্তরে সামান্য একটুকু লোক-প্রভাব ও সংসারের লোভ যেন মুহুর্ত্তের জন্মও প্রবেশ লাভ করিতে না পায়, তৎপ্রতি তীত্র দৃষ্টি রাখিবে এবং তোমার হৃদয়ের পার্থিব লোভ ও স্বার্থের দ্বার চিরকৃদ্ধ ও নিঃস্বার্থের অপার্থিব দ্বার চির বিমুক্ত রাখিবে, ক্ষণেকের জন্মও যেন ইহার ব্যত্যয় না ঘটে। এই বিষয়টী আরো স্থন্দর ও পরিষ্কারভাবে পঁরিস্ফুট করিয়া সরলভাবে ভাবোদ্ধার জন্ম একটা উপমা দেওয়া যাক্ যথা—অগাধ জলে নিমজ্জিত হইলেও জল পেটে প্রবেশ করিতে না পারিলে যেমন মৃত্যু হয় না, অঙ্গ সিক্ত হয় মাত্র, তেমনই বাহ্যিক দেহ সংসার সাগরাবর্ত্তে আবর্ত্তিত ও মগ্ন হইলেও আজার কোন ক্ষতি বা অপচয় হয় না. একটু অধিক পরিশ্রেম হয় মাত্র। কিন্তু ইহার বিপরীতে সর্ববনাশ ও প্রাণ বিন্যাশ অনিবার্যা। এই নির্জ্জনবাস ও নির্জ্জনতার পথ অতি সূক্ষ্ম ও বিশেষভাবে প্রণিধান যোগ্য এবং একান্ত সতর্কতা ও সাবধানতার সহিত সতি সন্তর্পণে

ইহাতে পদার্পণ করা কর্ত্তব্য, যে হেতু ইহাতে প্রথমই এই প্রশ্ন জাগে, যে মহামাত্ত হজরত্ (দঃ) ফরমাইয়াছেন যে, জামায়াতের সঙ্গী হওয়া অর্থাৎ সঞ্চাবদ্ধভাবে একত্রিত থাকা তোমাদের উচিত, কেননা, আল্লাহ্-তায়লা দশের সহিত, আর শয়তান মানবের পক্ষে নেক্ড়ে বাঘের তুল্য। নেক্ড়ে বাঘ যেমন যুথভ্রম্ভ বিপথগামী পশুকে আক্রমণ করিতে কিছুমাত্র ইতস্ততঃ করে না। শয়তানও তেমনি দলভ্রষ্ট কুপথাবলম্বী মানবকে পাইলে তৎক্ষণাৎ আক্রমণ ও কবলিত করিতে কিঞ্চিনাত্রও দ্বিধা বোধ করে না। আমাদের অতি প্রিয়, পূজ্য প্রাণের প্রাণ মহামান্ত হজরত্ ( দঃ ) ফরমাইয়াছেন যে, "শয়তান একের দোসর। আর চুইজন মানুষ একত্রিত হইলে শয়তান তাহাদের নিকট হইতে দূরে পলায়ন করে।" হাদিছ শরিফের এই উক্তি নির্জ্জনতার ঘোর পরিপন্তী ও বিরোধী। এখন এই চুই বিরোধী হাদিছ শরিফের স্বমন্বয় সাধন ও এই সমস্থা সমাধানের উপায় ও উত্তর কি ? ইহার উত্তর এই উভয় প্রকারেই দেওয়া চলে :---

প্রথম, আমাদের মহামান্ত হজরত্ (দঃ) যেমনই লোকের সহিত মেশামিশি করিবার আদেশ প্রদান করিয়াছেন, তেমনই কলিকালে অর্থাৎ যে কালে লোকের ধর্ম্মাধর্ম জ্ঞান শিথিল বা সঙ্কৃচিত হইতে থাকিবে, সেই সময় মানব সঙ্গ ত্যাগ করিয়া নিঃসঙ্গ ও নির্দ্জনবাসের জন্ত ও আদেশ প্রদান করিয়াছেন, কাজেই এই উভয় হাদিছের সমন্বয়ের মধ্যে কোনক্রপ বিরোধেরই স্প্তি হইতে পারে না, সময়ের অবস্থার সহিত ব্যবস্থা করা হইয়াছে মাত্র।

দ্বিতীশ্র ভাবের উত্তর, মহামান্ত হজরত (দঃ) বে ফরমাইয়াছেন বে, "জামায়াতকে" "মজবুতের সহিত আঁকড়িয়া ধর।" ইহার তিন প্রকার অর্থ হইতে পরে।

প্রথম ব্যাস্থ্যা—এই হইতে পারে যে, "শারিয়াত"-সিদ্ধ পার-লোকিক ও আধাাত্মিক কাজে একত্রিত হওয়া অর্থাৎ "এজমার-ওশ্মতের" মতের বহিভূতি কোন কাজ যাহাতে আমরা না করি, কেন না, এই "ওশ্মতের" সংখ্যা গরিষ্ঠের সিদ্ধান্ত ও অভিমত। কোন অবস্থায়ই ভ্রান্ত, বিফল বা কুপথ প্রদর্শক হইবে না ও হইতে পারে না ও পারিবে না। আল্লাহ্-তায়লা স্বয়ং ইহার রক্ষক, এবং এই ব্যাখ্যার সহিত সমস্ত "এমাম" ও "আলেমগণ" স্থমী ও "ছুফি" জন একমত। অতএব ধর্ম্মের সোকর্যার্থ ও "এবাদাতের" নিরাপদতার জন্ম শাস্ত্রীয় বিধানামুক্রপ যাঁহারা নির্জ্জনতা অবলম্বন করেন, ভাঁহাদের প্রতি উক্ত "হাদিছ শরিফ" প্রযোজ্য নহে।

खिতी হা ব্যাখ্যা—"হাদিছ শরিফের" "জামায়াত" শব্দের
অর্থ ও উদ্দেশ্য "জোময়া" ও "জামায়াতে" নামাজ পড়া ও
অন্যান্য সৎকাজে মোসলমানদের সহিত একত্রিত হওয়া।
এই একতার ফলে এছলামের যে জাঁক, জমক, "শান",
"শওকত" ও "দবদবা" পরিদৃষ্ট হয়, তাহা দর্শন করাইয়া
অমোসলমানদের মনে ক্ষোভ ও ভীতির সঞ্চার করা এবং

আমার এ দীর্ঘ বক্তৃতা ও উপদেশের উদ্দেশ্যও ইহাই যে, "জোময়া", "জামায়াত", "ওয়াজ", ইত্যাদি সৎকাজের সময়ই মাত্র জন সাধারণের সহিত মিশিবে ও কার্য্যান্তের পরেই পুনরায় নির্জ্জনবাস অবলম্বন করিবে। এ অর্থেও উক্ত "হাদিস শরিফ" আমার উক্তি ও যুক্তিরই পূর্ণ সহায়ক।

ত্রী ব্রাখ্যা—উক্ত "হাদিছ শরিফের" "জামায়াত আঁকড়িয়া ধর" শব্দের এই অর্থ হইতে পারে যে, দেশ যথন অধর্মাচারে পূর্ণ হইবে, সেই সময় যাহারা তুর্বলচিন্ত, স্বল্প বিশাসী ও অজ্ঞ তাহারা যেন জ্ঞানী ও সাধু মোসলমান ভাতাগণের সঙ্গ পরিত্যাগ না করেন, কেন না, নির্জ্জনতা তাঁহাদের জন্ম মারাত্মক হইতে পারে, কিন্তু যাহারা জ্ঞানী, "আলেম" ও আত্মরক্ষা করিতে সক্ষম, তাহাদের পক্ষে "শারিয়াত্" সম্মত সৎকাজে, যোগদান উপলক্ষে জন-সমাজে মেলামেশা করা ব্যতীত অন্য সব সময় নির্জ্জনে নিরিবিলি বাম্বের জন্মই মহামান্য হজরত্ (দঃ) আদেশ প্রদান করিয়াছেন। এখন যে উপায়ে এই নির্জ্জন বাস স্বার্থক ও সফল হইতে পারে, তাহা অবগত হওয়া আবশ্যক। তিন উপায়ে ঐ উদ্দেশ্য পূর্ণ হইতে পালে।

প্রথম—সর্বদা মনকে এবাদাত্ বান্দেগী ও আল্লাহ্-তায়লার "জেকের" ও চিন্তায় নিযুক্ত রাখা, কেন না, মন কখনই খালি থাকিতে পারে না, সৎকাজে ও চিন্তায় উহাকে লিপ্ত ও আবদ্ধ না রাখিলে, উহাতে অসৎ চিন্তার উদয় হওয়া অনিবার্য।

ব্রিতীশ্র—মনকে সংসার ও সংসারের স্থুখ হইতে সম্পূর্ণ
মুক্ত ও লোভ শূন্য করিতে হইবে, কেন না, মনে লোভ বা
স্বার্থ থাকিলে কিছুতেই একাগ্রতা আসিতে পারে না।
আর একাগ্রতা না আসিলে কোন কাজই সিদ্ধ হইতে পারে
না। কাজেই সংসারের প্রতি মনকে নির্লোভ ও নির্লিপ্ত
করিতে না পারিলে এবাদাত্ 'উপাসনা' "জেকের-আজকার"
সবই বুথা ও পশু হইয়া যাইবে।

তৃতীর—নির্জ্জন বাসের উদ্দেশ্য ও উপকারিতা, ও জন সমাজে মেলামেশার অপকারিতা নিবিফটিতত্তে বিশেষ মনোযোগের সহিত চিন্তা করা। নির্জ্জনবাসী যথন এই ত্রিবিধ উপায় অবলম্বনে এবাদাত্ বান্দেগী ও সৎকার্য্যাদিতে, অত্মনিয়োগে সমর্থ হইবে, তখন আল্লাহ্-তায়লার অপার করুণায় তাহার নির্জ্জন বাসের বৃক্ষ সার্থকিতার মুকুলে, ফুলে-ফলে পরিশোভিত হইয়া তাহাকে ধন্য করিবে, কুতার্থ করিবে।

তৃতীদ্র বাশা, শহাতান শয়তানের আর এক নাম ইব্লিছ। এই শয়তানের মত সাজ্যাতিক ও ভীষণ শক্র মানবের আর দ্বিতীয় নাই। শয়তাম মানবের সহিত শক্রতা করিবার জন্মই সফট হইয়াছে। এই হিসাবে সে মানব মাত্রেরই অজাত শক্র তো বটেই এবং মানবের শক্রতাই তাহার ধর্ম্ম ও ব্যবসায় এবং এই ব্যবসা সে অতি দক্ষতার সহিত প্রথম হইতেই চালাইয়া আসিতেছে ও মহাপ্রলয় কাল পর্যান্ত চালাইবেও নিশ্চিত। কিন্তু আলেম ও আবেদের

প্রতি তাহার আক্রোশ আরও সাজ্যতিক ও ভীষণ। কেন না, আলেম ও আবেদ এই চুই শ্রেণীর মানবগণই শয়তানের অতি সাধের পাপ-কলুষিত পুতিগন্ধময় অন্ধকার পথ হইতে নিজেরা তো আত্মরক্ষা করেনই, পরস্তু অন্য বহু মানবকেও ঐ কণ্টকাকীর্ণ পাপ-পথ হইতে উদ্ধার করিয়া পুয়োজ্বল, নিষ্ণণ্টক, স্থবাস-পুরিত, শান্তিময়, সরল, সত্য, স্থন্দর, ধর্ম-পথে আকুষ্ট ও পরিচালিত করেন। এই জন্ম এই তুই শ্রেণীর মানবের প্রতি শয়তানের আক্রোশ চরম ও পরম, এবং শক্রতা সাধনের হুযোগও শয়তানের সমধিক। প্রথম সে অদৃশ্য। শয়তানকে আমরা দেখিতে পাই না পক্ষান্তরে সে তো আমাদের দেখিতে পায়ই, পরস্ত আমাদের অভ্যন্তরে এবং প্রতি রন্ধে, রন্ধে, অবলীলাক্রমে প্রবেশ করতঃ যথেচ্ছ বিচরণ ও বিহারও করিতে পারে। আল্লাহ্-তায়লার একাস্ত ফজল ভিন্ন উহাকে দেখিবার বা উহার কার্য্য অনুভব করিবার ক্ষমতাও মানবের নাই; অথচ আমারই জিনিয— জীবাত্মা, আমারই অন্তঃরেন্দ্রিয়—কাম, ক্রোধ, লোভ, মোহ, मार्शिक हेलिय निर्देश, आभावह विद्याधी ७ भग्नाति वर्ष। তৎপর কেয়ামত পর্য্যস্ত শয়তান অমর, অজর, আর মানব জরা ও মৃত্যুর অধীন। শয়তান, জ্ঞান-পাপী ও সবল। মানব অজ্ঞান ও তুর্ববল। প্রিয় পাঠক, পাঠিকে! মুহূর্ত্তের জন্ম প্রজ্ঞাচক্ষ্র উন্মীলন করিয়া একটা বারের জন্ম দেখ, ভাব, চিন্তা <sup>•</sup> কর ও বুঝ যে, আমর। কিরূপ কঠিন শক্রু ব্যুহে

পরিবেষ্টিত ও আবদ্ধ হইয়া কাল হরণ ও জীবন যাপন করিতেছি। একমাত্র সেই দয়াময় আল্লাহ্-তায়লার একাস্ত করুণায় শক্তি সঞ্চয় ও কঠোর তপস্থা ভিন্ন এ তুর্ভেগ্ন বাহ ভেদ করিতে পারিবে কি? বা পারা সম্ভবপর কি? কাজেই এই আলোচনা স্বরূপ Ultimatum অর্থাৎ চরম পত্র দারায় ইহাই বিঘোষিত ও সূচিত হইতেছে ও বুঝাইতেছে যে, এখন খোলাখোলিভাবে শয়তানের সহিত সমরাঙ্গনে অবতার্ণ হওয়া ভিন্ন উদ্ধারের আর দিতীয় পন্থা নাই! অতএব এই বুহু ভেদকারী সমর-বিজয়ী, মহারথী, আলেম আবেদগণ ইহা ভেদের যে অব্যর্থ উপায়ত্রয় নির্দ্ধারণ করিয়াছেন, তাহা এই:—

প্রথম উপাত্ম সম্বন্ধে একদল মহামতি আলেমান, বলিতেছেন যে, শরতান আল্লাহ্-তায়লার একটা কুকুর এবং আল্লাহ্-তায়লাই ঐ কুকুরকে মানবের উপর লেলাইয়া দিয়াছেন। আল্লাহ্-তায়লা ঐ কুকুরকে না ফিরাইলে উহা হইতে অব্যাহতি লাভের কোনই আশা ভরসা নাই। তুমি যতই কেন চেফা কর না, তোমার সময় র্থা নফ হওয়া ভিন্ন আর কোন ফলোদয় হইবে না। অতএব অতি একাপ্রতার সহিত সবিনয়ে কুকুরের প্রভুর নিকট কালাকাটী ও আবেদন কর। তোমার নিবেদন 'খালেছ' অর্থাৎ বিশুদ্ধ হইলে, দয়াময় আল্লাহ্-তায়লা তাঁহার অপার করুণায় কুকুরের আক্রমণ হইতে তোমাকে রক্ষা করিবেন।

বিতীয় দলে আলেম বলিতেছেন, শয়তান হইতে অব্যাহতি লাভের উপায়, একাস্ত-চিত্তে "রেয়াজাত" ও "মোজাহেদা" করা এবং শয়তানের মতের বিরুদ্ধ কার্য্যসকল অতি দূঢ়তা ও তৎপরতার সহিত করিতে থাকা।

তৃতীর দলের মত—একাধারে উক্ত উভয়বিধ কাজই সম্পন্ন করা অর্থাৎ আল্লাহ্-তায়লার সাহায্য প্রার্থনা করা ও সঙ্গে সঙ্গে রেয়াজাত ও মোজাহেদাও প্রচুর পরিমাণে করা এবং এই সঙ্গে আরো তিনটা কথা জানা দরকারঃ—

প্রথম, শয়তানের ধোকাবাজী অর্থাৎ কি কি উপায়ে ও কেমন করিয়া মানুষকে সে বিভ্রান্ত করে, ইহা জানা থাকিলে, শয়তান তাহাকে সহসা প্রতারিত করিতে পারে না। যেমন গৃহস্থ জাগরিত থাকিলে চোর সিঁদ কাটিতে সাহস করে না, সেইরূপ মানব সজাগ ও সচকিত থাকিলে শয়তানও ধোকা দিতে অগ্রসর বা সাহসী হয় না।

দ্বিতীশ্র শরতানের 'ওয়াছওয়াছার' প্রতি লক্ষ্য না করা।
কুকুর দেখিয়া ভীত না ইইলে, সে কুকুর যেমন, দংশন, করিছে
অগ্রসর হয় না, 'খানিকটা দশন প্রদর্শন ও চীৎকার
করিয়াই নীরব হয়, শয়তানও সেইরূপ তাহার ওয়াছওয়াছার প্রতি
মোটেই লক্ষ্য না করিলে কয়েকবার মনকে চঞ্চল করিছে
বুথা প্রয়াস ও চেন্টা করিয়া শেষে আপনাপনিই নীরব
হইয়া যায়।

তৃতীক্রা—হাদয়, মন ও জিহবাকে আল্লাহ-তালার জেকেরে সর্ববন্ধণ মগ্ন করিয়া রাখা। মহামান্য হজরত ( দঃ ) ফরমাইয়াছেন "আকেলা" রোগে যেরূপ দেহের মাংস ধ্বংশ করে, আল্লাহ-তায়লার জেকেরও সেইরূপ শয়তানের দেহের মাংস চর্বব করে। উপরোক্ত প্রক্রিয়াসমূহ বিশুদ্ধভাবে ও সন্তর্পণে স্থানির্বাহ হইবার পরও যদি হৃদয়ের মধ্যে শয়তানের আধিপত্য অনুভব করে, তবে নিশ্চয় বুনিতে হইবে যে, আল্লাহ্-তায়লা সেই মানবের ধৈর্য্য ও মোজাহেদা ইত্যাদি পরীক্ষা করিয়া তাহাকে উচ্চাসন প্রদান জন্মই সাময়িকভাবে প্ররূপ কর্ম্ব

এখন শয়তানের ধোকা বাজি ও ওয়াছওয়াছার স্বরূপ জানা আবশ্যক। কেন না, রোগের নিদান অবগত হইতে না পারিলে যেমন চিকিৎসা করা চলে না, সেইরূপ 'শায়তানী ওয়াছওয়াছার' সম্যুক্ জ্ঞান না জিমিলে তাহারও প্রতিকার করা যায় না, অতএব অবগত হও যে, আল্লাহ্-তায়লা "মোলহেম" নামক জনৈক ফেরেস্তাকে মানবের হৃদয়াভ্যন্তরে বিনিয়োগ করিয়াছেন। সেই ফেরেস্তা মানব মাত্রকেই সর্ববদাই পুণ্যের দিকে আকর্ষণ ও আহ্বান করিতেছেন এবং সেই আহ্বানকে আরবি ভাষায় "এলহাম" বলে। ঐ মোলহেম ফেরেস্তার নামেই এই আহ্বানের 'এলহাম' নামকরণ হইয়াছে। ঠিক ঐরূপ ওয়াছ-ওয়াছ' নামক জনৈক শয়তান বংশধরকেও ঐরূপ ভাবে মানব অন্তরে নিমুক্ত রাথয়াছেন, সে সর্ববদা মানবকে

পাপের দিকে আকর্ষণ করিতে থাকে এবং সেই আকর্ষণের নামই "ওয়াছওয়াছা"। কখন কখন এই শয়তান-নন্দনের আকর্ষণ বাহ্যিক পুণোর দিকেও পরিদুষ্ট হয়; কিন্তু মূল উদ্দেশ্য তাহার পাপ, অর্থাৎ কোন সময় এইরূপ কাজে প্ররোচিত করে যে, উহার বাহ্যিক দৃশ্য পুণ্যের অমুরূপ ; কিন্তু অভ্যন্তর ও উদ্দেশ্য অতি মারাত্মক, যেমন "রেয়া" লোক দেখান নামাজ, রোজা, কোরাণ শরিফ, পাঠ ইত্যাদি। এই চুইটী ভিন্ন আর একটা জিনিষও উহাদেরই ন্যায় মানব অন্তরে বিজ্ঞতিত হইয়া আছে। সেটীর নাম ''নাফ্ছ'' অর্থাৎ জীবাত্মা.— যে ভোগ লালসা জাগায় ও সর্ববদা মানবকে দৈহিক স্থুখ ও বিলাসিতার দিকে আকর্ষণ করিতে থাকে, অর্থাৎ সে পাপ পুণ্যের বিচার করে না। সে চায় অবিরাম স্থুখ, সে চায় শুধু আরাম, তাহা পূর্ণ হইলেই হইল। পাপ দারাই উহা পূর্ণ হউক, কি পুণ্যের দ্বারাই পূর্ণ হউক, সে বিচার সে করে না। প্রকৃত পক্ষে এই তিনটীই মানব মনের দাবীদার। ইহা পরিজ্ঞাত হইবার পর তোমাকে ''খাত্রার" সহিত পরিচিত হইতে হইবে। "খাত্রা" মনের সেই ভাব বা প্রবৃত্তিকে বলে যে প্রবৃত্তি মূলে মানব যে কোন কাজে অগ্রসর বা পশ্চাৎপদ, লিপ্ত বা নিলিপ্ত হয় অর্থাৎ যে কোন কার্য্যারম্ভ ও সূচনার, অথবা ক্ষান্ত ও বন্ধ করিবার প্রারম্ভে মনে যে সকল কথা চিন্তা, অনুভূতি ও ভাবাদির উদয় হয় ও যে "ভাবাবেশ" কার্য্য করা বা না করার মূল ভিত্তি, মনের

সেই স্বাগত ও স্বউদিত "প্রেরণা", বা "ভাব", বা জিনিষ্টীরই নাম "খাত্রা"। আরবীতে মনকে এক বচনে 'খাতের' ও বহু বচনে ''খাওয়াতের" বলে ও মনের ঐ প্রেরণা বা ভাবকে (যে প্রেরণাবশে লোকে কার্য্যে প্রবৃত্ত হয়) এক বচনে "খাতরা" ও বহুবচনে "খাত্রাত" বলে। এই খাত্রা চারি প্রকার। প্রথম প্রকার সাল্লাহ্-তায়লার পক্ষ হইতে বিনা চিন্তায়, বিনা কল্পনায় আপনাপনি মনে যে কথা জাগে বা আসে, অর্থাৎ মনের নিজস্ব কথা ইহাকে ''খাছ-খাতের" অর্থাৎ মনের স্বকীয় বিশুদ্ধ প্রেরণা বলে। দ্বিতীহা, মানব প্রবৃত্তি অমুযায়ী মনে যে, ভোগ বাসনা বা লোভ জাগে, ইহাকে 'খাহেশে-নাফ্ছ' বা 'হাওয়া' বলে, অর্থাৎ ভোগ বাসনা, লোভ, লালসা ও কামেচ্ছা ইত্যাদি। তৃতীব্ৰা, মোলহেম্ ফেরেস্তার ইঙ্গিতের পর, মনে যে সদিচ্ছা ও স্থমতির উদয় হয় তাহাকে "এলহাম" বলে। চতুর্থ, 'ওয়াছওয়াছ' নামক শয়তানের ইঙ্গিতের পর মনে যে কদেচছা ও কুমতি জাগে তাহাকে 'ওয়াছওয়াছা' বলে।

প্রথম 'খাত্রায়-রাহমানী' যাহা খাছ আল্লাহ্তায়লার পক্ষ হইতে বান্দার মনে আগনাপনিই উদিত হয়।
বাংলা ভাষায় ইহারই নাম বিবেক ও ইহা প্রায়ই মানবকে
পুণ্য ও নেকীর দিকে আকর্ষণ ও প্ররোচিত করে,—বান্দার সম্মান
বাড়াইবার জন্ম; আবার কখনও কদাচিৎ মন্দ ও বদীর দিকেও
অবনমিত হয়—শুধু বান্দাকে পরীক্ষা করার উদ্দেশ্যে।

বিতীয়, 'খাত্রায়-নাফ্ছানী' ইহা সততই ভোগ, লালসা ও মন্দের দিকে মানবকে আকর্ষণ করিতে থাকে। ইহার আকর্ষণ কথন কখন ভালর দিকে অমুভূত হইলেও তাহার পরিণতি ও পরিণাম নিশ্চিত মন্দ ও পাপ।

তৃতীস্থা, "খাত্রাস্থ-মালাকী" ইহা 'মোলহেম' ফেরেস্তার আকর্ষণ, ইহাকে 'এলহাম' বলে; ইহার বাংলা নাম স্থমতি। ইহা মানবকে সর্ববদাই পুণ্য ও ভালর দিকে আকর্ষণ ও প্ররোচিত করিতে থাকে এবং এই জন্মই ইহার স্থান্তি, ইহা কখনই মন্দের ইঞ্চিত করে না ও করিতে পারে না।

চতুর্থ "খাত্রায়-শাহ্রতানী" ইহা 'ওয়াছওয়াছ' নামক শয়তানের আকর্ষণ, ইহাকে 'ওয়াছওয়াছা' বলে। ইহার বাংলা নাম কুমতি। ইহা সর্ববিক্ষণ মানবকে পাপ ও মন্দের দিকে আকর্ষণ ও প্রালুক্ক করিতে থাকে এবং এই জন্মই ইহার স্প্রিটি। ইহার আকর্ষণ কথন কখন বাহ্যতঃ ভালর দিকে পরিদৃষ্ট হইলেও উহার শেষ ফল অতি ভীষণ, অমঙ্গল ও অকল্যাণকর।

এখন আর তিনটা বিষয়ের অতি সৃক্ষা, তত্ত্ব-জ্ঞান ও অভিজ্ঞতা অর্জ্জন করা একান্ত কর্ত্তব্য ও আবশ্যক। প্রথম, "থাতেরে-খান্তের" ও "থাতেরে শার্র" অর্থাৎ বিবেক, স্থমতি ও কুমতির পার্থক্য জ্ঞান। দ্বিতীস্থা (১) মন্দ বিবেক (যাহা আল্লাহ্-তায়লার নিকট হইতে বান্দার প্রতি পরীক্ষার্থ আসে) ও (২) ভোগ লালসা (যাহা স্বীয় নাক্ছ হইতে উহ্বত হয়) ও (৩) কুমতি

( শয়তানী ইন্সিতে যে কু-প্রবৃত্তিও বাসনা মনে জাগে )। এই তিনটী মন্দ ও কু-জিনিষের উৎপত্তি স্থান কোথায় ও উহা কাহার নিকট হইতে কি ভাবে আসিয়া মনে উদিত হয়, তাহার সম্ক জ্ঞান লাভ করা ও উহা নিবারণের উপায় ও প্রতিকার বিধান, প্রণালী, অবগত হওয়া। 😕 🔿 🚉, ঐরপ তিন দিক হইতে পুণ্যের যে সব প্রেরণা মনে উদিত হয়, তাহার পার্থক্য অবগত হওয়া অর্থাৎ কোন্টী কাহার নিকট হইতে আসিতেছে, তৎসম্বন্ধে উত্তমরূপে জ্ঞান লাভ করা। তৎপর অতি সতর্কতার সহিত ধীর, স্থির-চিত্তে অভিনিবেশ সহকারে উক্ত পুণ্যময় প্রেরণাত্রয়ের পার্থক্য ৰিচারে প্রবৃত্ত হইয়া দয়াময় আল্লাহ্-তায়লা হইতে যে সকল সদিচ্ছাপূর্ণ বিবেকের ও মোলহেম ফেরেস্তা হইতে যে সমস্ত এলহামের প্রেরণা মনে জাগিতেছে বা আসিতেছে **রলিয়া ভোমার দৃঢ় প্রতীতি জন্মিবে, সেই সমস্ত কল্যাণকর** প্রেরণাকে অতি সমাদরে প্রাণপণ যত্নে গ্রহণ, বরণ ও হৃদয়ে ধারণ করিবে ও শয়তান ও নাফ্ছের দিক হইতে যে সব প্রেরণা স্তমতিরূপে আবিভূতি হইতেছে বলিয়া ধারণা হইবে তত্তাবতকে ভীষণ কদাচার ও মূর্ক্তিমান পাপ জ্ঞানে, অতি ক্ষিপ্রতার সহিত বর্জ্জন ও পরিত্যাগ করিবে। এখন তুমি স্কুমতি ও কুমতির অর্থাৎ 'খাতেরে-খায়ের' ও 'খাতেরে-শার্রের' পার্থক্য পরিমাপ করিবার জন্ম যদি একান্ত উদ্গ্রীব, উৎকন্ঠিত ও লালায়িত হইয়া থাক, তবে উহা সূক্ষ্মভাবে পরিমাপের তিনটী নিভুলি পরিমাপ যন্ত্রের বিষয় তোমাকে অবগত করান যাইতেছে।

প্রথম মাপ্যন্ত, 'শরাশরিফ' দ্বিতীয় মাপ্যন্ত, বিশিষ্ট অলি আল্লাহ্গণের উক্তি ও যুক্তি। তৃতীয় মাপখন্ত, 'হাওয়ায়-নাক্ছ' অর্থাৎ লোভ, লালসা ও ভোগ বাসনার "প্রবৃত্তি"। অতএব মনের মধ্যে যে কোন কথা বা কাজের প্রেরণার উদয় হইবে, তন্মত কথা বলিবার, বা কাজ করিবার পূর্বের প্রথমেই শারিয়াতি-নিক্তির দারায় উহা ওজন বা পরিমাপ করিয়া দেখিবে, যদি উহা শারিয়াতসিদ্ধ ও সম্মত হয়, তবে সে কাজ করিতে কোন বাধা নাই : কিন্তু যদি, বিরোধী হয়. তবে তৎক্ষণাৎ অতি ঘুণা ও দৃঢ়তার সহিত উহা বর্জ্জন করিবে। আর যদি শারিয়াতে ঐ সম্বন্ধে বিধি নিষেধ কিছুই না পাও, তবে দ্বিতীয় নিক্তি দারায় উহা পরিমাপ করিবে; তাহাতে বিধান পাইলে উহা করিতে পার, আর নিষেধ পাইলে তৎক্ষণাৎ উহা উক্তরূপই পরিত্যাগ করিবে। আর যদি কোনরূপ বিধি বা নিষেধ কিছুই না পাও, তবে তৃতীয় নিক্তি 'হাওয়ায়-নাফ্ছের' সম্মুখে উহা উপস্থিত করিবে। তখন তোমার বাসনা ও প্রবৃত্তি, বিনা চিন্তায় ( অর্থাৎ সেই কাজের পরিণাম ও উহাতে আল্লাহ্-তায়লার সন্তোষ বা রোষ উদ্দীপ্ত হইবে, কি না হইবে, ইত্যাদি বিষয়ের কোন কিছু চিন্তা মাত্র না করিয়া) হঠাৎ যদি সেই কথা বা কাজ করিতে ইতস্ততঃ বা ঘূণা প্রকাশ করে. কিম্বা অনিজ্যুক হয়, তবে বুঝিবে যে, এই কাজ উত্তম ও ইহা

করিতে কোন বাধা নাই। আর যদি ঠিক ইহার বিপরীত হয় অর্থাৎ উহা করিতে ইক্তা প্রকাশ করে ও সমুৎস্থক হয়, তবে তৎক্ষণাৎ উহা পূর্বেরাক্তরূপ অতি ক্ষিপ্রভার সহিত পরিত্যাগ করিবে। এইরূপভাবে এই তিনটা মাপযন্তের দ্বারায় তোমার প্রতি কথা ও প্রতি কাজ যদি পরিমাপ করিয়া লও, তবে 'খাতেরে-খায়ের' ও 'খাতেরে শারর' অর্থাৎ স্থমতি ও কুমতির পার্থক্য অতি সহজে বুঝিতে পারিবে ও দ্য়াময় আল্লাহ্-তায়লার কল্যাণে জীবন সংগ্রামে তুমি কথনই পরাভূত হইবে না। শনৈঃ শনৈঃ পুণ্য, পবিত্রতা ও শাস্তির দিকেই অগ্রসর ইইতে থাকিবে।

তৎপর 'খাতেরে-শার্র' অর্থাৎ কুমতির মধ্যেও ঐরপ কুমতিত্রয়ের পার্থক্য নির্দ্ধারণ সম্বন্ধে জ্ঞান ও অভিজ্ঞতা অর্জ্জন করিতে হইবে যে, ঐ মন্দ প্রেরণা তিনটার কোন্টা অপার কুরুণাময় আল্লাহ্-তায়লার পক্ষ হইতে পরীক্ষা স্বরূপ, আর কোন্টাই বা শায়তানের পক্ষ হইতে ? ইহারও যাঁচাই ও পরীক্ষা করিবার উপায় তিনটাঃ—

প্রথম সেই কুমতির ইঙ্গিতানুযায়ী মন্দ কথ। বা কাজের প্রেরণা ও খাত্রা (অর্থাৎ পাপোত্তেজনার সহিত তুশ্চিস্তা ও সন্দেহ মিশ্রিত ইতস্ততঃ ভাব যদি সমভাবে মনে জাগিয়াই খাকে, অর্থাৎ প্রেরণার সহিত খাত্রাটীও এক অবস্থায়ই খাকে, কিছুমাত্র ইতর বিশেষ না হয়,তবে বুঝিবে যে উহা আল্লাহ্-ভায়লার, বা হাওয়ায় নাফ্ছ অর্থাৎ মানব প্রবৃত্তির পক্ষ হইতে, আর যদি ঐ খাত্রাটা অর্থাৎ ইতস্ততঃ ভাবটা এক অবস্থায় না থাকিয়া কমিয়া যায়, তবে বুঝিবে যে, তাহা শয়তানের পক্ষ হইতে হইয়াছে।

বিতীস্থা, আর এই খাত্রা, কোন পাপের পর মুহূর্ত্তে যদি হয়, তবে বুঝিবে যে উহা আল্লাহ্-তায়লার পক্ষ হইতে প্রেরণা-রূপে, অনুশোচনা ও অনুভাপ আরম্ভ হইয়াছে। আর কোন পাপের সূচনায় ইতস্ততঃ ও অনুশোচনাহীন, কেবল মাত্র প্রেরণা যদি মনে উদিত হয়, তবে বুঝিবে যে উহা শয়তানের পক্ষ হইতে।

তৃতীর ঐ খাত্রা বা প্রেরণা আল্লাহ্-তারলার জেকের অর্থাৎ নাম জপ ও গুণগানের সময়েও যদি না কমে বা ইতর বিশেষ না হইয়া সমভাবেই মনে জাগরুক থাকে, তবে বুঝিবে যে ঐ খাত্রা 'হোওয়ায় নাফ্ছের" পক্ষ হইতে মনে উদিতৃ হইয়াছে, পক্ষান্তরে জেকেরের সময় ঐ খাত্রা যদি কম অনুভব হয় বা একেবারে অদৃশ্য হইয়া পড়ে, তবে বুঝিবে যে উহা ''শয়তানী-ওয়াছওয়াছা" কেননা, আল্লাহ্-তায়লার জেকের শয়তান সহা ক্লরিতে পারে না।

অতঃপর ''খাতেরে-খায়ের'' অর্থাৎ স্থমতি ত্রয়ের পার্থক্যের জ্ঞানও লাভ করিতে হইবে যে, কোন্টী আল্লাহ্-তায়লার পক্ষ হইতে ও কোন্টা ''মোলহেম'' ফেরেস্তা হইতে ও কোন্টা তুর্ববৃত্ত ''শুয়তানী ওয়াছওয়াছা'' বা ''নাফ্ছে-আম্মারা" হইতে উদ্ভুত। ইহা জানিবার উপায়ও তিনটা। প্রথম, এই 'খাতেরে-খায়ের' অর্থাৎ স্থমতির প্রেরণা যদি দ্বিধা শূক্তভাবে, দৃঢ়তা ও প্রবলতার সহিত সমভাবেই মনে জাগিয়া থাকে, তবে উহা আল্লাহ্-তারলার পক্ষ চইতে, আর বদি টল-টলায়মান অর্থাৎ কখন কম, কখন বেশী অনুভব হয়, তবে ফেরেস্তার পক্ষ হইতে বুবিবে।

দ্বিতীক্স, আর ঐ প্রেরণা অর্থাৎ ''খাত্রা" যদি কোন পুণ্য বা সৎকাজ করার পরে অনুভব হয়, তবে আল্লাহ্-তায়লার পক্ষ হইতে তোমাকে সম্মানিত করার উদ্দেশ্যে বুঝিবে। আর যদি কোন সৎকাজের প্রারম্ভে হয়, পরে না হয়, তবে উহা ফেরেস্তার পক্ষ হইতে বুঝিবে।

ত্রীক্রা আর ঐ খাত্রা যদি ধর্ম্মের মূল ও অভ্যন্তরীণ জ্ঞান বা পরমাত্মা বিষয়ক হয়, তবে আল্লাহ্-তায়লার পক্ষ ইইতে, আর যদি উহা ধর্ম্মের শাখা-প্রশাখা ও বাহ্নিক পুণ্য ও সৎকাজ সম্পর্কীয় হয়, তবে ফেরেস্তার পক্ষ হইতে বুঝিবে। কেননা, হৃদয়ের নিভৃত চিন্তা ও মনের গোপন কথা আল্লাহ্-তায়লা ভিন্ন অন্তের জানিবার ক্ষমতা ও শক্তি নাই। আর শয়তান ও হাওয়ায়-নাফ্ছের পক্ষ হইতে ধোকা-পূর্ণ স্থমতি চিনিবার উপায় এই যে, মনে যে প্রেরণার উদয় হইয়াছে, তন্মত কাজ করার জন্ম, লাফ্ছে অর্থাৎ জীবাত্মা যদি স্থানুভব করে ও অতি অধীরতা ও সত্বরতার সহিত উহা সম্পাদন করিতে অগ্রসর হয় এবং পরিণাম চিন্তা বা ভয় মোটেই না করে, তবে বুঝিবে যে উহা

নিশ্চিত শয়তানী ধোকাবাজী; স্কৃতরাং উহা অবশ্য পরিত্যাজ্য ও বর্জ্জনীয়। আর যদি ইহার সম্পূর্ণ বিপরীত হয়, তবে বুঝিবে যে উহা আল্লাহ্-তায়লা বা তাঁহার ফেরেস্তাদের পক্ষ হইতে মনে উদিত হইয়াছে: ইহা অবশ্য-বরণীয়, পালনীয় ও করণীয়।

এখন উপরোক্ত স্থুখ ও ধীরতা ইত্যাদি শব্দের ব্যাখ্যাও
জানা আনশ্যক। "সুখ" ও "খুসী" ইত্যাদি শব্দ এই
অর্থে উপরে ব্যবহৃত হইয়াছে যে, কোনও প্রকার লাভ বা
উপকারের প্রত্যাশা ও আশা না থাকা সত্ত্বেও নাফ্ছ যে
সকল কাজ করিতে একান্ত উৎস্থক ও উৎফুল্ল হইয়া উঠে
ও আগ্রহশীল হয়। আর "স্থিরতা" "ধীরতা", নিম্নলিখিত
বিষয় পঞ্চক ব্যতীত সর্ববকার্য্যেই অবশ্য পাল্য ও অবলম্বনীয়
অর্থাৎ নিম্নলিখিত পাঁচটী কাজ ব্যতীত অন্য সমস্ত কাজই
ধীর, স্থির চিত্তে করা কর্ত্ব্য।

(১) কল্যা যৌবনে পদার্পণের সঙ্গে সঙ্গেই বিবাহ দেওয়া। (২) ঋশ যত সত্তর সম্ভব পরিশোধ করা, (৩) ছতেরা সৎকার করা অর্থাৎ মৃত ব্যক্তিকে সত্তর কবর দেওয়া। (৪) অতিথি ও অভ্যাগতকে সত্তর আহার্য্য প্রদান করা। (৫) অতি সত্তরতার সহিত 'তগুলা' করা)। এই পঞ্চ কাজ ভিন্ন অন্য সমস্ত কাজেই ক্ষিপ্রকারিতা নিষিদ্ধ ও অবিধেয়।

আর "ভর" শব্দ এই চুই অর্থে ব্যবহৃত হইয়াছে যে, প্রথম ভ্রম এই জন্ম যে এই সং কাজটা বিধি সঙ্গত-

ভাবে আমি হেন অজ্ঞ মূর্থ ও অভাজন দারায় স্থসম্পন্ন হইতে পারিবে কি ? বা হইবে কি ? দ্বিতীয় ভয়, আমি যে সকল অতি নগণ্য ও অকিঞ্চিৎকর সৎকার্যাাদি করিয়াছি বা করিতেছি, তাহা সেই অপার করুণাময়, দয়াময় আল্লাহ্-তায়লার পাক, পবিত্র, মহান দরবারে কবুল ও মঞ্জুর হইবে, না, না-মঞ্জুর হইবে ? অর্থাৎ গৃহীত হইবে কিম্বা পরিত্যাক্ত হইবে ? তাহা একমাত্র তিনি ভিন্ন অন্য আর কে বলিতে পারে ? আর ''পরিণাম চিন্তা" শব্দ এই অর্থে ব্যবহৃত হইয়াছে যে, যে কোন প্রকার পুণ্য ও সৎকাজ আরম্ভের প্রারম্ভে বিশেষ চিন্তা, যুক্তি-তর্ক ও পূর্বব বর্ণিত নিক্তি-ত্রয়ের সাহায্যে বিশেষভাবে পরিমাপ করতঃ স্বীয় প্রতীতি ও বিশ্বাসকে অতি মাত্রায় দৃঢ় করিয়া লইতে হইবে যে, এই কাজটী বস্তুতই সৎ ও পুণ্যজনক ও এই কাজের বিনিময়ে পরকালে আমার অজস্র পুরস্কার লাভের আশা ও সম্ভাবনা আছে। খাত্রাত অর্থাৎ প্রেরণা সমূহকে উত্তমরূপ চিনিবার ও বুঝিবার জন্ম, ''খুসী", ''ধীরতা", ''পরিণাম চিন্তা" শব্দত্রয়ের ব্যাখ্যা একান্ত প্রয়োজনীয় হইয়া পড়িয়াছিল এবং ইহার মধ্যে অনেকগুলিন সূক্ষ্ম ও গুপ্ত-তত্ত্বও নিহিত আছে, যাহার বিষদ ব্যাখ্যা করিবার অধিকার ও শক্তি, আমার শক্তির অতীত। দ্যাম্য আল্লাহ্-তায়লা আমাকে ও আমার সমস্ত মোসলমান ভাতা-ভগ্নিগণকে সেই গুহু তত্ত্ব বুঝিবার অধিকারী করুন এই প্রার্থনা, আ-মী-ন—ছোম্মা আ-মী-ন।

এখন শয়তানের ধোকাবাজী চাল সমূহের গতি, প্রণালী ও ধাতু প্রকৃতি সম্বন্ধে অতি পরিষ্কার ও বিষদভাবে জ্ঞান লাভ করা একান্ত প্রয়োজন। শয়তান সপ্তর্থী সমভিব্যাহারে বিপুল আয়োজনে সর্ববিদিক পরিবেষ্ঠন করতঃ মানব—জীবন— বিফল ও বিনাশ-সংগ্রামে, মানবেরই হৃদয়-অঙ্গনে, সমরে, অবতীর্ণ হইয়া, তাহার শঠতা, ক্রুরতার অক্ষয় তৃণ হইতে ভোগ, বিলাস, লালসা, বাসনা, ইত্যাদির সাতটি বাছাই করা স্থতাক্ষ্ণ শরের অবিশ্রান্ত ও পৌনপুনিক আঘাতে মানব চিত্তকে জর্জারিত, উদ্ভান্ত, ও প্রালুব্ধ করতঃ হস্তগত ও জয় করিবার জন্ম আপ্রাণ চেফ্টা করিতে থাকে। তথন যে সকল ভাগ্যবান আল্লাহ্-তায়লাতে আত্ম-সমর্পণের স্তর্ক্ষিত চর্ভেছ্য চুর্গের ও পূর্ণ তাওয়াকোল অর্থাৎ নির্ভরতার চুশ্ছেছ্য বর্ম্মের আশ্রয়লাভে সমর্থ হইয়াছেন ও হন, কেবল একমাত্র তাঁহারাই এই কঠিন আহবে জয়লাভ করতঃ জীবনকে ধন্য ও সাফল্য-মণ্ডিত করিতে সক্ষম হইয়াছেন ও হন। ঐ সপ্তশবের পরিচয় ও প্রতিকার এই:--

প্রথম শার শারতান এবাদাত্ বান্দেগীর মূলোচ্ছেদ লক্ষ্যেই নিক্ষেপ করে, অর্থাৎ মানবকে বলে যে, কেন অনর্থক কফ্ট করিয়া এবাদাত্ করিতে যাও, তোমার কিসের অভাব ইত্যাদি। তখন এই যুক্তির দ্বারায় উহাকে খণ্ডন ও নিবারণ করিতে হইবে যে, আমরা প্রত্যেকেই পরকাল ফৌশনের যাত্রী ও পথিক এবং পথিক ও যাত্রী মাত্রেরই টিকিট ও পাথেয়ের প্রয়োজন এবং এ পথের এক মাত্র টিকিট ও পাথেয় এই এবাদাত্ ও বান্দেগী; ইহা ভিন্ন যখন দ্বিতীয় উপায় নাই, তখন ইচ্ছায় বা অনিচ্ছায় পাথেয় আমাকে সংগ্রহ করিতেই হইবে।

বিতী শ্র শার—তথন শয়তান বলে যে, বেশ ভাল কথা,
সময় তো আর পালাইয়া যাইতেছে না, অন্য সময় এবাদাত্
বান্দেগী করিলেই চলিবে। এখন তো, পার্থিব এই স্থন্দর
ও উপাদেয় জিনিষগুলি উপভোগ করিয়া লও। তখন
তাহাকে এই বলিয়া নিবারণ করিবে যে, মৃত্যুর সময়
যখন আমার জানা নাই, তখন এবাদাত্ বান্দেগী করার
কর্ত্তব্যকে কোন বুদ্ধিমানই অবহেলা করিতে পারে না, কেন
না, আর যদি সময় না পাওয়া য়য়য়, অথবা আজিকার
কাজ আগামী কল্য, কল্যের কাজ পরশু এইরূপ করিতে
থাকিলৈ কর্ত্তব্য বাড়িতেই থাকিবে; পরিশোধ তো আর
হইবে না!

তৃতী ব্র শার—তথন শয়তান বলে বেশ তো, তাহাই বদি হয়, তবে তাড়াতাড়ি যেমন তেমন করিয়া এবাদাত্টী সারিয়া নেও; তখন তাহাকে এই বলিয়া উপেক্ষা করিবে যে, অঙ্গহীন বহু এবাদাত্ ও পুণ্যাপেক্ষা পূর্ণান্ত পুণ্যাদ্যক্ষা পূর্ণান্ত এবাদাত্ ও শত সহস্র এবাদাত্ ও শত সহস্র গুণে শ্রেষ্ঠ।

চ্ছুৰ্পাৱ—তখন বলে হাঁ ঠিক তো, এবাদাত্ খুব দীৰ্ঘ স্থায়ী ও বেশী বেশীই করা উচিত, তাহা হইলে সত্বরই জন সমাজে তোমার নাম ও সম্মান অত্যধিক বৃদ্ধি পাইবে।
তথন এই বলিয়া উহাকে নিবারণ করিবে যে, ওঃ ইবলিছ!
তুই চাস্ যে এই উপায়ে আমি গুপ্ত "রেয়াতে" লিপ্ত হইয়া
নিজের পায়ে নিজেই কুঠারাঘাত করি। মানুষের সহিত আমার
এবাদাতের কোনই সম্পর্ক নাই; যে আল্লাহ্-ভায়লার জন্য
আমার এবাদাত্, তিনি তাহা জানিলেই আমার যথেষ্ট, ও
উহাই আমার লক্ষ্য ও বাঞ্জিত।

প্রথম শব্ধ—তখন শয়তান বলে হাঁ, হাঁ, ভাই! ঠিক কথা, আমিই ভুল বুঝিয়াছিলাম, তোমার কথাই সত্য। আজ কাল তোমার ন্থায় উপাসক, আলেম, কয়জন আছে, বে বারমাস উপবাস ব্রত করে, ও সারা রাত্রি বিনিদ্র হইয়া তন্ময়-চিত্তে নিশি অতিবাহিত করে। তখন দূঢ়তার মহিত বলিবে ওঃ চুফট, কুমতি ইব্লিছ, তুই চাস যে, এই উপায়ে আমাকে আত্মার্ক অর্থাৎ গুপ্ত 'ওজবে' নিপতিত করিয়া আমারে সর্ক্রনাশ সাধন করি্স; শোন, ইহা সেই দ্য়াময় আল্লাহ্-তারলারই অপার করনা ও মহিমার বিকাশ মাত্র, আমার কি সাধ্য ও ক্ষমতা যে স্থচারুরূপে তাঁহার এবাদাত্ ও বান্দেগী করিতে পারি ? এ সবই তাঁহারই করণা প্রদত্ত দান ও দ্যার বিকাশ মাত্র।

শক্ত শব্ধ—ইহা অতি সাজ্যাতিক। তীক্ষ বুদ্ধিশালী দূরদর্শী আলেম ভিন্ন এই ধোকা বুঝিয়া উঠা অতীব কঠিন। শয়তান, কুমতি, নাক্ছ, ও ওয়াছওয়াছা, একত্রিত হইয়া

অতি সহানুভূতির সহিত বলিতে থাকে যে, দেখ ভাই, লোক চক্ষুর অগোচরে অতি সক্ষোপনে গভীর মনোযোগ, নিষ্ঠা ও একাগ্রতার সহিত ঠিক ঠিক বিধানান্যায়ী আ-প্রাণ চেষ্টায় অনন্য মনে, নীরবে এবাদাত্ ও বান্দেগী করিতে থাক: তাহা হইলে দ্য়াময় আল্লাহ্-তারলা পরিতৃষ্ট হইবেন এবং দয়া করিয়া তিনি নিজেই জন-সমাজে তোমার যশ, প্রতিভা ও ধার্ম্মিকতা প্রচার করিয়া তোমার সম্মান ও প্রতিপত্তি বাডাইয়া দিবেন ও এইরূপ নানা ভাবে তোমাকে পুরস্কৃত ও সম্বর্দ্ধিত করিবেন; তিনি যে দয়ার সাগর ইত্যাদি। তখন অতি রূঢ় ও কঠিনভাবে উহার প্রতিবাদ করতঃ অতি দৃঢ়তার সহিত বলিবে যে, ওঃ মরদুদ! তুই এতদিন সর্বরকমে সর্বভাবে আমার নিকট পরাজিত ও লাঞ্চিত হইয়া, এখন আমারই দারায় আমার মূলোচেছদ জন্য, অতি সুক্ষা ও গোপন ''রেয়া'' করাইতে প্রবুত্ত হইয়াছিস ! আমি তোর ধোকা ও শয়তানী, আল্লাহ্-তায়লার একাস্ত ফজল ও করুণায় বুঝিতে পারিয়াছি শোন মাল্যুন! আমি দাস. একমাত্র আল্লাহ্-তায়লাই আমার উপাস্থ. মুনিব ও দয়াল প্রভু। গোলামের কর্ত্তব্য মুনিবের আদেশ পালন করা. তাহাই আমি করিতেছি মাত্র, আমি লোকের নিন্দা, প্রশংসা, স্বযশ, কুষশ বা কোন কিছুরই প্রত্যাশী নহি। আমি যখন আত্ম-বিক্রিত, চির ক্রীতদাস তখন কোন বিষয়েই আমার কোন প্রকার স্বাধীনতা ও ইচ্ছা বা অনিচ্ছা থাকিতেই পারে না, বা আমার পৃথক কোন সত্তা বা অমুভূতি থাকা বা হওয়াও সম্ভবপর নহে। মুনিব-প্রভু আল্লাহ-তায়লার ইচ্ছাই আমার ইচ্ছা ও তাঁহার অনিচ্ছাই আমার অনিচ্ছা; তিনি ভিন্ন আমার কোন স্বাতম্ভ, স্বাধীনতা নাই ও থাকিতেও পারে না।

**সপ্তম শর,** আরও ভয়ঙ্কর, ও অতি গুরুতর। শয়তান মানবকে নিরবচিছন্ন পাপে লিপ্ত ও মগ্ন রাখিবার জন্য তাহার স্বর্রচিত ষডযন্ত্র কাউন্সিলের সমগ্র সদশ্য ও অধিনায়কগণের সহিত একত্রিত হইয়া পূর্ণ শক্তিতে, মানব মনে নানাপ্রকার কুটীল যুক্তি, চক্র, জাল, বিস্তৃত ও নানারূপ সূক্ষ্ম দার্শনিক, কুট তর্কের অবতারণা করিয়া মনে এই কথাটুকু জাগাইবার জন্ম আপ্রাণ চেষ্টা করিতে থাকে যে, তুমি যখন ''ঘোর অদুষ্টবাদী, তখন তোমার এবাদাতাদি করিবার কোনপ্রকার যুক্তি-যুক্ততা, প্রয়োজনীয়তা, ও সার্থকতা, থাকিতেই পারে না, কেননা, তোমাদেরই স্বীকৃত উক্তি যে ''অদৃষ্ট-লিপি অখগুনীয়'' উহা কোন অবস্থাতেই কিছুতেই খণ্ডে না. ও খণ্ডিতে, পারে না, তোমার অদুষ্টে যদি বৈকুণ্ঠবাস ও স্থভোগ থাকে, তবে তুমি এবাদাত্ বান্দেগী ও সৎকার্যাদি কর বা না কর, বেহেস্তে গমন ও স্থুখভোগ করিবেই করিবে। আর যদি নরক ভোগ ও তুঃখ কষ্ট লিখিত হইয়া থাকে, তবে শত সহস্র এবাদাত্ বান্দেগীতেও উহা খণ্ডিত হইবে না। এমতাবস্থায় তোমার এবাদাত বান্দেগীতে যেগদান করা কি

একেবারেই রুথা, পগুশ্রম, ও নিরর্থক কফটভোগ করা নহে"? তখন তুমি এইরূপ উত্তরে ঐ পাপিষ্ঠকে জব্দ ও উহার মুখ চিরতরে বন্ধ কর যে, ওঃ মালয়ুন শুন্! পূর্বেবও তোকে বলিয়াছি, এখনও পুনঃ বলিতেছি যে, তিনি প্রভু, আমরা আজ্ঞাবহ দাস। প্রভুর আজ্ঞা দাসের অবশ্য শিরোধার্য্য ও পাল্য, তাহা পুরস্কার বা তিরস্কারের অপেক্ষারাথে না। "অদৃষ্ট-লিপি অখণ্ডনীয়", কথাটী যেরূপ স্থির সত্য, পাপ না করিলে শাস্তি বা নরক ভোগ হইবে না, কথাটীও ঠিক তদ্রঃপই স্থির সতা; এবং ''অদুষ্ট মানব চক্ষুর সম্পূর্ণ অগোচর" একথাও সেইরূপই স্থির সত্য। অতএব অদুষ্ট বখন অদৃশ্য ও আল্লাহ্-তায়লার আদেশ অমান্য বা অবহেলা না করিলে নিশ্চয়ই যথন দণ্ড প্রহণ করিতে হইবে না, তখন পাপ হইতে সন্তর্পণে বহুদুরে অবস্থান করাই কি অবশ্য কর্ত্তব্য ও বৃদ্ধিমত্তার পরিচায়ক নহে ? পাগল ভিন্ন সাধ করিয়া ছুঃখকে কে বরণ করিতে চায় ?

চতুর্থ বাধা,—নাফ্ছ অর্থাৎ জীবাত্মা, অক্যান্ত শক্রর তুলনায় নাফ্ছ প্রবলতম শক্র ওইহার শক্রতা যেমনই বিপজ্জনক, প্রতিকারও তেমনি কঠিন ও আয়াস-সাধ্য; কেননা, নাফ্ছ যরের শক্র ওইহার শক্রতা করিবার স্থযোগ ও অবসরও বহুল। দ্বিতীয়তঃ ইহা শক্র হইলেও মানবের প্রিয়, কেননা, স্বীয় দেহ ও স্থখ, শান্তি কে না ভালবাসে ? এবং যাহাকে ভালবাসা যায়, তাহার দোষ চক্ষে পড়েও কম; বরং অনেক

সময় ভালবাসার প্রাবল্যে দোষও গুণ বলিয়া ভ্রম জমে। নৈকট্য হেতু, চক্ষু যেমন চক্ষু-গহবরের অঞ্জন দেখিতে পায় না. নাফছও সেইরূপ মানব দেহাভান্তরে এত অঙ্গাঙ্গিভাবে বাস করে যে, তাহার দোষও সহসা ধরা পড়িতে চায় না এবং আজ পর্যান্ত এনন একটী ক্ষুদ্রাদপি ক্ষুদ্র পাপও অনুষ্ঠিত হয় নাই ও কেয়ামত পর্য্যন্ত হইবেও না, যাহার সহিত নাফ্চের কোন প্রকার যোগাযোগ বা দম্বন্ধ নাই এবং এমন একটা অপকাজও তুমি দেখাইতে পারিবে না, যাহার সহিত নাফ্ছ বিজড়িত ও সংযুক্ত নহে। তৎপর অভান্য বাহিরের শত্রুর স্থায় ইহাকে দমন করাও সহজ নহে: ইহার সহিত জীবনব্যাপী সমরের প্রয়োজন কেননা, এই নাফ্ছ অর্থাৎ জাবাত্মাকে নষ্ট বা বিনাশ করিবারও তোমার ক্ষমতা নাই; যে হেতু জীবলার মৃত্যু হইলে পরমাক্সাও জীবিত থাকিতে পারে না, জীবাত্মার মৃত্যুর সঙ্গে, সঙ্গে, তোমার স্কৃত্যও অনিবার্য। কাজেই ইহার সহিত সংগ্রাম যে কিরূপ কঠিন, বিপজ্জনক ও আয়াস-সাধ্য, তাহা তুমি সহজেই উপলব্ধি করিতে পারিতেছ। ইহাকে ধ্বংশ করিবার, পরিত্যাগ করিবার অথবা তাডাইয়া দিবার ক্ষমতাও মানবের নাই। ইহাকে জয় করিয়া স্ববশে আনিবার বা রাখিবার একই মাত্র উপায় এই যে, ইহার প্রবৃত্তিকে সম্পূর্ণভাবে রুদ্ধ ও দমন করতঃ আজ্ঞানু-বর্ত্তিতার অচ্ছেম্ম কঠিন বন্ধা পড়াইয়া, তাহার রাশ দৃঢ় হস্তে চিরদিনের জন্ম সচকিতভাবে ধারণ করিয়া থাকা। মৃহূর্ত্তের জন্মও ্যেন, রাশ শিথিল বা শ্লখ হইতে না পায়। এই দুর্ববৃত্ত পশুকে

স্ববশে আনিয়া রাশ ধারণের যোগ্যতা লাভাশায় সেই করুণাময় আল্লাহ্-তায়লার পাক, পবিত্র, মহান দরবারে সকরুণ বিনীত প্রার্থনা ও নিবেদন করিতেছি ও সকরুণ প্রার্থনা জানাইতেছি, আমীন। এই হুর্দ্ধান্ত ও অবাধ্য পশুকে স্ববশে আনিয়া বল্লা পড়াইবার উপায় তিনটীঃ—

প্রথম উপার, যেমন তুর্দান্ত তেজস্বী পশুকে বশে আনিতে হইলে উহাকে প্রথম অনশনে রাখিয়া নিস্তেজ ও তুর্বল করিয়া লইতে হয়। তেমনি নাফ্ছ-রূপি তুর্দান্ত প্রবৃত্তিকে, আহার, বিহার ও ভোগ বিলাসে বঞ্চিত করতঃ তুর্বল ও নিজ্জীব করিয়া ফেলিতে হয়।

তৎপর দ্বিতী ব্র উপায়, ক্ষুধিত পশুর উপর অত্যধিক ভারার্পণ করিলে, সে যেমন কাহিল হইয়া প্রভুর বশ্যতা স্বীকারে বাধ্য হয়, তদ্রুপ বুভুক্ষিত নাফ্ছের উপর অজস্র এবাদাতের গুরুভার চাপাইলে সেও তেমনি উপায়াভাবে ক্রমে, ক্রমে, বশ্যতা স্বীকার করিতে থাকে।

তৎপর তৃতীক্স উপায়, অতীব করুণ ও বিনীতভাবে দ্য়াময় আল্লাহ্-তায়লার সাহায্য ও দ্য়া ভিক্ষা করা। অজস্র ও প্রচুর পরিমাণে আল্লাহ্-তায়লার দ্য়া ও সাহায্য লাভ করিতে না পারিলে মানব স্বীয় জীবন সংগ্রামের কোন কাজেই জয় যুক্ত হইতে ও সাফল্য লাভ করিতে পারে না। অপার করুণাময় আল্লাহ্-তায়লার করুণায়, মানব উপরোক্ত উপায়ত্রয় যথাযথভাবে পালন করিলে যখন দেখিতে পাইবে যে, তাহার উন্মার্গগামী,

উদ্ধৃত নাফ্ছ সম্পূর্ণভাবে তাহার বশীভূত হইয়াছে। তথন অগোণে ঐ অবাধ্য পশুর মুখে, তাক্তপ্রান্ত, অর্থাৎ লোভ-ভোগ-বাসনা-পরিশূণ্যতা-অর্থাৎ ত্যাগের লাগাম পড়াইয়া, শক্ত হাতে উহার রাশ গ্রহণ করতঃ চিরদিনের জন্ম স্থীয় জীবনকে বিপন্মক্ত ও রক্ষা করিবে।

এখন "তাকওয়ার" পরিচয় ও জ্ঞানলাভ করা আবশ্যক।
"তাকেওয়া" একটা অমূল্য, অদ্বিতীয় ও অতি ছুম্প্রাপ্য
রত্ন। যে ভাগ্যবান ইহাকে পূর্ণভাবে লাভ করিতে পারিয়াছেন,
তিনি সসাগরা পৃথিবীর রাজস্ব, ইহ পরকালের স্থুখ, শান্তি, সম্মান,
ধন, জন, সোভাগ্য সবই ও অগণিত পুণ্য অর্জ্জন করিয়াছেন।
মানব জীবন-সংগ্রামে ইহার উপকারিতা, আবশ্যকতা, ও গুণ,
অবর্ণনীয়, অগণনীয় ও অসংখ্য। কোরাণ শরিফের বহুম্বলে বহু
আয়াতেও ইহার গুণ ও প্রশংসা কীর্ত্তিত ও বিঘোষিত হইয়াছে।
কোরাণ শরিফ বর্ণতি, "তাকওয়ার" গুণ ও প্রশংসা-বাচক অসংখ্য
আয়াতের মধ্য হইতে মাত্র বারটী আয়েৎ নিম্নে উদ্কৃত করিতেছি,
যথাঃ—

প্রথম আয়েৎ ﴿ الْأَكُورِ الْكَالَّقَوْا فَإِنَّ فَالِكَ مِنْ عَزْمِ الْأَكُورِ প্রথম আয়েৎ ﴿ الْأَكُورِ الْأَكُورِ প্রথাৎ যদি তুমি 'ছবর' কর ও 'তাকওয়া' কর তবে নিশ্চয়ই উহা উচ্চাঙ্গের পুণ্য-জনক ও প্রশংসার্হ কাজ অর্থাৎ মানব মাত্রের পক্ষেই উক্ত কাজ তুইটা করা অবশ্য কর্ত্তব্য ও বিধেয় )।

हिंची स बारस र्रिंग के रेग्रेंट के र्रिंग के रेग्रेंट के र्रिंग के र्रिंग के र्रिंग के र्रिंग के र्रिंग के र्रों

( অর্থাৎ যদি তুমি ছবর ও তাকওয়া কর, তবে শত্রুর শত ষড়যন্ত্রও তোমার কোন অপকার করিতে পারিবে না অর্থাৎ শত্রুর শত্রুতা ও ষড়যন্ত্র বিফল হইবে )।

তৃতীয় আয়েৎ إَن اللهُ مَعُ اللَّذِينَ النَّقُوْ ا رَالَّذِينَ هُمْ مُحَسِنُونَ وَ اللَّهِ مَا كَحَسِنُونَ ( অর্থাৎ যাহারা তাকওয়া ও পরোপকার করে, আল্লাহ্-তায়লা তাহাদের সঙ্গে থাকেন অর্থাৎ আল্লাহ্-তায়লা তাহাদিগকে সাহায্য দান করেন )।

## চতুৰ্থ আয়েৎ:-

কেন প্রত্যাকারীকে' আল্লাহ্-তায়লা সর্বব বিপদে রক্ষা করেন ও এমন স্থান হইতে 'রেজেক' প্রদান করেন, যাহা তাহার ধারণার অতীত অর্থাৎ আল্লাহ্-তায়লা দয়া করিয়া তাকওয়াকারীর সর্ববিধ ও সর্বব্রেকার তুঃখ বিমোচন করেন ও মানবের ধারণা ও কল্পনাতিত স্থান হইতে অভাবনীয় উপায়ে তাহাকে অল্ল, বস্ত্র, ধন সম্প্রদাদি প্রদান করিয়া থাকেন)।

## প্ৰথম আহে :--

 তোমাদের সমস্ত এবাদাত্ বান্দেগী ও পুণ্যজনক কার্য্যাদিকে সর্ব্বাঙ্গ-স্থন্দর ও পূর্ণাঙ্গ-পূর্ণ করিয়া দিবেন )।

কারীর সমস্ত আমল উক্তরূপ, সর্বাঙ্গ-স্থন্দর ও পরিপূর্ণ করিবার পর, তাকওয়াকারীর যজ্জাবতীয় পাপও আল্লাহ্-তায়লা ক্ষমা করিবেন)।

সপ্তম আহোৎ:—(اَنَّ اللهُ يُحِبُّ الْمُتَقَينَ (অর্থাৎ তৎপর মোত্তাকী অর্থাৎ তাকওয়াকারিগণ নিশ্চয়ই আল্লাহ্তায়লার বন্ধুত্ব লাভ করিবে)।

আপ্তম আহোৎ:

(অর্থাৎ
নাত্তাকী ভিন্ন অন্তের এবাদাত্ বান্দেগী আল্লাহ্-তারলা
কবুল করেন না, অর্থাৎ তাকওয়াকারীর সর্ববপ্রকার আমল
এবাদাত্ বান্দেগী ও বজ্জাবতীয় পুণ্যকার্যাদি আল্লাহ্-তায়লা
কবুল করেন)।

নবন আহোৎ : ﴿ اَنَّ الْكُرِّ مُكُمْ عِنْدُ اللهِ الْقَا كُمْ ﴿ (অর্থাৎ তোমাদের মধ্যে যে অধিক তাকওয়াকারা, নিশ্চয়ই সে আল্লাহ্-তায়লার নিক্ট অধিক সম্মানিত ও সম্মানার্হ )।

দশন আয়েৎ:-

الله من المنواركانوا يتقون لهم البشري في العيوة السيدة المنواركانوا يتقون لهم البشري في العيوة الدنبا رفى الإخرة \*

( অর্থাৎ যাহারা এছলাম ধর্ম গ্রহণ ও তাকওয়া অবলম্বন করিয়াছে, ইহ ও পরকালের সর্ববপ্রকার স্থুখ ও আনন্দ বার্ত্তা তাহাদের উপরই প্রযোজ্য অর্থাৎ ইহ ও পারলৌকিক সর্ববপ্রকার স্থুখ, শাস্তি ও আনন্দ তাহাদেরই প্রাপ্য, যাহারা মোত্তাকা অর্থাৎ সংসার-বিরাগী, নির্লোভী, নিঃস্বার্থ, নির্লিপ্ত-সংসারী )।

একাদেশ আহে :—। ﴿ اللهُ يُنْ اللهُ اللهُ

আদিশ আছোহ ঃ— بُعَنَّ الْمُتَّقِيْنَ ( অর্থাৎ "বেহেস্ত" আমি মোত্তাকীদের জন্মই সৃষ্টি করিয়াছি অর্থাৎ অপার করুণাময় আলাহ্-তায়লার অনস্ত দয়ার কল্যাণে মোত্তাকিগণ বেহেস্তে স্থায়ী অবস্থানের অধিকার প্রাপ্ত হইবেন )।

এমন উপাদেয় ও অত্যাবশ্যকীয় জিনিষ লাভের জন্য মানব মাত্রেরই অতি অধ্যবসায়ের সহিত প্রাণপাত চেফা ও যত্ন করা একান্ত কর্ত্তব্য এবং ইহাও বিশেষভাবে শ্মরণ রাখা উচিত ও একান্ত কর্ত্তব্য যে, এবাদাতের মূল ভিত্তি যে তিনটা, এক তাকওয়ার মধ্যে সে তিনটাই ওতপ্রোতভাবে বিজড়িত, মিশ্রিত, ও বর্ত্তমান রহিয়াছে; যথা—(১) এবাদাতের 'তওফিক' ও (২) পূর্ণাঙ্গ-পূর্ণতা ও (৩) কবুল হওয়া। দেখ, আল্লাহ্-তায়লা

করমাইতেছেন; প্রথম, এবাদাতের তওফিক ও সাহায্য লাভ সম্বন্ধে ﴿ اللّٰهُ حَمْ الْمُتَقَيْلُ ( অর্থাৎ আল্লাহ্-তায়লা স্বয়ং মোত্তাকার সঙ্গী)। দিতীয় এবাদাতের পূর্ণাঙ্গতা প্রাপ্তি সম্বন্ধে করিয়া দিবেন)। তৃতীয় এবাদাত্ ও সৎকার্য্যাদি করুল হওয়া সম্বন্ধে ﴿ الْمُتَقَيْلُ اللّٰهُ مِنَ الْمُتَقِيْلُ ( অর্থাৎ মোত্তাকার সর্বকার্য্য সর্ববাঙ্গ স্থন্দর ও পরিপূর্ণ করিয়া দিবেন)। তৃতীয় এবাদাত্ ও সৎকার্য্যাদি করুল হওয়া সম্বন্ধে ﴿ الْمُتَقَيْلُ اللّٰهُ مِنَ الْمُتَقِيْلُ ( অর্থাৎ মোত্তাকা ভিন্ন অন্যের আমল করুল হয় না)। কোরাণ শরিক ও হাদিছ শরিক বহুস্থলে এইরূপ সাক্ষ্য প্রদান করিতেছেন যে, যজ্জাবতীয় এবাদাত্ বান্দেগী ও সৎকার্য্যাদির মূল ও আসল ভিত্তিই উক্ত তিনটী বিষয়; ও "মোত্তাকী" ভিন্ন অন্যের এবাদাত্ করুল হয় না।

প্রিয় পাঠক পাঠিকে! অতি নিবিষ্ট-চিত্তে মনোযোগের সহিত একটু অবহিত হও ও বুঝ যে, একমাত্র তাকওয়ার অভাবে জীবনব্যাপী কঠোর তপ্তা, সাধন, ভজন, এবাদাত্ বান্দেগী ইত্যাদি যদি বুথা ও পণ্ড হইয়া যায়—পক্ষান্তরে আবার ঐ এক মাত্র তাকওয়া অবলম্বন করিলেই কঠোর সাধন, ভজন, জপ, তপ, ও কঠিনতম এবাদাত্ বান্দেগী ইত্যাদি না করিয়াও তাহার পূর্ণ কল লাভ করা যায়, তবে জনম জীবন সফল ও সার্থককারী এমন অমূল্য রত্বকে ঘোর উন্মাদ ভিন্ন আর কে অবহেলা করিতে পারে? অতএব সমস্ত পুণ্য ও সর্বপ্রকার

এবাদাত্ বান্দেগীর মূলশ্য-মূল ও সারস্য-সার যখন একমাক্র তাকওয়াই সাব্যস্ত হইল, তখন অতি মনোযোগের সহিত সসম্মানে, অভিনিবেশ সহকারে, নিবিষ্ট-চিত্তে, আকুল-আগ্রহে, অতি সাবধান সন্তর্পণে সেই অমূল্য রত্ন লাভ করিবার উপায়াবলী শ্রবণ কর। যাহা ইহ ও পারলৌকিক সর্ববপ্রকার সর্বব-রকমের বিত্ত, সম্পদ, হুখ, শান্তি, সম্মান সোভাগ্য ও পুণ্যাদি প্রাপ্তির পক্ষে, যথেষ্ট ও প্রচুর ও অভূতপূর্বব ও অনির্ববচনীয় ও অবর্ণনীয় সম্পত্তি। মহাপুরুষগণ বলিয়াছেন যে, "তাকওয়ার" অর্থ সংসারের সর্ববপ্রকার ভোগ বাসনা, লোভ, লালসা, কামনা ইত্যাদি পরিত্যাগ করতঃ অতি উচ্চাঙ্গের বিশুদ্ধতা ও পবিত্রতার দারা হৃদয়কে দর্পণের মত স্বচ্ছ ও নির্ম্মল করা এবং কৃতাকৃত পাপ-কালিমার সামান্য একটু চিস্তা রেখার ছায়াপাত মাত্রও য়েন উহাতে আর হইতে না পারে ও না হয়। আর কোরাণ শরিফে তাকওয়া এই তিন অর্থে ব্যবহৃত হইয়াছে। প্রথম অর্থ আল্লাহ্-তায়লার ভয় ও ভীতি যথা—ু وَإِيّا كَيْ فَاتَّعُونَ —ার্থা কেবল একমাত্র আমাকেই ভয় করিও ) দ্বিতীয় অর্থ খোদা ও রছলের আদেশ পালন করা ও এবাদাত করা যথা— ধর্মাবলম্বিগণ! তাকওয়া কর ও এবাদাতের মত এবাদাত্ কর)। তৃতীয় অর্থ পূর্বেবাক্তরূপ পাপ হইতে মনকে পরিষ্কার ও পবিত্র করা যথা---

رُ مَنْ يُطِعِ اللهُ وَرُسُولُهُ وَيَخْشَى اللهُ وَيَتَّقِّهِ فَأُولِيكً

كَيْسُ عَلَى الذِّينَ امْنُوا رَعُمِلُو الصَّلِحَتِ جَنَاحٍ فِيمَا طُعِمُوا

إِذَا مَا اتَّقُوا وَامْنُوا وَعُمِلُوا الصِّلِعَتِ ثُمُ التَّقُوا وَأَمْنُوا ثُمُ

\* اتَّقُواْ رَاحْسَنُواْ رَاتُلُهُ يُحِبُّ الْمُحَسِنِيْنَ ( অর্থাৎ তাহাদের কেনি তয় নাই, যাহারা ইমান আনিয়াছে ও সৎকাজ করিয়াছে ও তাকওয়া করিয়াছে ও হালাল জিনিষ আহার করিয়াছে ও লোকের উপকার করিয়াছে ও এবাদাত্ ও পুণ্যজনক কার্য্যাদি করিয়াছে এবং যাহারা এবম্প্রকার সৎকার্য্যাদি করে তাহাদিগকে আল্লাহ-তায়লা ভালবাসেন)।

এই আয়েৎ শরিফের প্রথম, মধ্য ও শেষ অংশের দ্বারায় "তাকওয়ার" ঐ তিন শ্রেণী বিভাগ পরিন্ধারভাবে উপলব্ধি হয়। এই সব ব্যাখ্যা হইতেছে আলেমদের বর্ণিত

তাকওয়ার পুঁথিগত অর্থ সম্বন্ধে, এতদ্ভিন্ন শারিয়াতসিদ্ধ ছুফী মতে "তাকওয়ার" আর একটী অর্থ এই যে, অনাবশ্যক হালাল ও "মোবাহ" জিনিষাতও পরিত্যাগ করা। যেমন মহামান্য হজরত (দঃ) ফরমাইয়াছেন যে "ডাকওয়া"কারিগণকে এই জন্ম "মোত্তাকী" বলা হয় যে, তাহারা "মোবাহ" জিনিষকেও পাপের ভয়ে পরিত্যাগ করে। আমার বিবেচনায় "তাকওয়ার" এমন একটা ব্যাপক অর্থ ও ব্যাখ্যা হওয়া উচিত যাহাতে "কোরাণ শরিফ", ''হাদিস শরিফ'' ও মাননীয় "আলেম" ও ''ছুফি'' মহোদয়গণের উক্তির সহিত কোন প্রকার বিরোধ বা সংঘর্ষ উপস্থিত না হইয়া সামঞ্জস্মও রক্ষিত হয় ; অথচ ব্যাখ্যা ও অর্থটী সহজবোধ্য, হৃদয়গ্রাহী ও সর্বাঙ্গ-স্থন্দর হয়। সে ব্যাখ্যা ও অর্থটা এই, ধর্ম ও পুণ্যের ক্ষতি বা অনিষ্টকারী বে কোন জিনিষ হইতে আত্মরক্ষা করার নামই ''তাকওয়া'' এবং পাপ ও ''হারাম'' জিনিষই হইতেছে ধর্ম্মের অনিষ্টকারী। আর অনাবশ্যক ''হালাল" ও ''মোবাহ'' জিনিয় ধর্ম্মের অনিষ্টকারী না হইলেও উহা আধ্যাত্মিকতা ও আত্মার চরমোৎকর্ষ সাধনের ও উন্নতি লাভের ঘোর পরিপন্থী।

অতএব যাহারা কেবল মাত্র হারাম জিনিষে 'ভাকওয়া" করে, অর্থাৎ পরিত্যাগ করে, তাহারা সর্বব নিম্ন শ্রেণীর মোসলমান মাত্র, উহারা সম্মানিত গৌরব জনক মোক্তাক্তী পদবাচ্য নহে। আর যাহারা "হাব্রাম"ও "ম্শক্তুক" এই ছই প্রকার জিনিষে "ভাকওয়া" করেন, তাঁহারা সাধারণ

পর্য্যায়-ভুক্ত মোত্তাকী অর্থাৎ সর্ব্ব নিম্ন শ্রেণীর ''মোক্তাকী'। আর যাঁহারা ''হারাম,'' ''মশকুক,'' ও "মোবাহ'' এই তিন জিনিষে ''তাকওয়া" করেন, তাঁহারা মধ্যম শ্রেণীর "মোত্তাকী"। আর যাঁহারা "হারাম" "মশকুক", "মোবাহ" ও অনাবশ্যক "হালাল" এই জিনিষ চতুষ্টয়কে সমভাবেই পরিত্যাগ করেন অর্থাৎ "তাকওয়া" করেন, তাঁহারাই সর্বোচ্চ শ্রেণীর ও সর্বশ্রেষ্ঠ "মোত্তাকী" ও "পারহেজগার", এবং এই "তাকওয়াও" যেমন সর্বভেষ্ঠ, ইহা স্থুসম্পন্ন করাও আবার তেমনই কঠিন ও আয়াস-সাধ্য। যাহারা এই সর্বাঙ্গপূর্ণ শ্রেষ্ঠতম "তাকওয়ার, অভিলাধী, তাঁহাদের প্রথম ও প্রধান কর্ত্তব্য যে, অতি দৃঢ়তা ও পূর্ণ শক্তির সহিত স্বীয় "নাফ্ছ" ও প্রেবৃত্তিকে সর্বব রকমের পাপ, "হারাম" "মশকুক", "মোবাহ" ও অনাবশ্যক "হালা্ল" জিনিষ সমূহ হইতে সর্ব্ব-প্রয়ত্নে ও অতি সাবধানে দুরে রক্ষা করতঃ রিপু সমূহকে যথা-সম্ভব শিথিল ও দমন করিয়া স্বীয় আয়ত্বাধীনে আনয়ন করা। আল্লাহ্-তায়ালার অনস্ত দয়া ও কৃপা সাহায্যে ইহা করিতে পারিলেই সে এই শ্রেষ্ঠতম "মোত্তাকী" শ্রেণীর পর্য্যায়ভুক্ত হইতে সক্ষম হইবে এবং এই উচ্চাসনে সমাসীন হইতে হইলে এই পথের ঘোর বিরোধী ও মূল প্রতিবাদী ও প্রবল প্রতিদ্বন্দ্বী, চক্ষু, কর্ণ, জিহবা, মন, ও পেট এই পঞ্চেন্দ্রিয়কে ধর্ম্ম ও পুণ্য-বিনাশক জিনিষ সমূহ হইতে যেরূপেই হউক রক্ষা

করিতেই হইবে। উক্ত ইন্দ্রিয় বা অঙ্গ পঞ্চকের মধ্যে আবার জিহুহ্বা, মন ও পেট এই তিনটীই প্রধান। অত্য তুইটা চক্ষু ও কর্প ইহার অধীন। এখন উক্ত ইন্দ্রিয় সমূহকে পাপ হইতে রক্ষা করিবার উপায় পৃথক, পৃথক ভাবে নিম্নে বর্ণনা করা যাইতেছেঃ—

প্রথম ইন্দ্রিয় চক্ষু, ইহাকে সংযত করিতে না পারিলে ইহা মানবকে বহুরূপ পাপের দিকে আকৃষ্ট করে। মোটামোটা তিনটা কারণে চক্ষু আরুত রাখার জন্ম আল্লাহ্-তায়লা "কোরাণ শরিফে" আদেশ প্রদান করিয়াছেন। প্রথম কারণ "চক্ষু ঢাকিয়া রাখ" অর্থাৎ দৃষ্টি নিম্নগামী কর। উদ্দেশ্য শিষ্ট ও বিনয়ী হও, অর্থাৎ মানবের প্রতি রক্ত-দৃষ্টি ও পাপের প্রতি লুক্ক-দৃষ্টি নিক্ষেপ করিও না ; কেন না, এ উভয়ই পাপ। দিতীয় কারণ, চক্ষুই মনের দার, চক্ষু যদি সর্ববদা উন্মুক্ত রাথ ও যত্র তত্র অবাধে দৃষ্টি সঞ্চালন করিতে থাক, তবে অনেক সময়ই তোমার চক্ষের দৃষ্টি পাপ ও অপবিত্র জিনিষের প্রতি নিপতিত হইবে এবং উহার প্রতিবিম্ব তোমার মানস-ফলকে প্রতিফলিভ হইয়া, তোমার মনে প্রলোভন ও পাপ বাদনা জাগাইবে। আর চক্ষু আরুত রাখিলে, তোমার মনে ঐরূপ বাসনা জাগরিত হইবার আশঙ্কাই তিরোহিত হইয়া যাইবে। তৃতীয় কারণ, প্রলোভনে পতিত হইয়া উহা জয় বা ত্যাগ করাপেক্ষা প্রলোভন হইতে অতি সম্ভর্পণে দূরে বাস করাই কি

অধিকতর নিরাপদ ও সহজ্ঞসাধ্য নহে ৽ অতএব যাহাতে প্রলোভন ও বাসনা মনে প্রবেশই করিতে না পারে তঙ্জ্ঞ্য চক্ষু আবরিত করিয়া, নিরাপদ আত্মরক্ষার পথ স্থগম ও প্রশস্ত করা বুদ্ধিমান মাত্রেরই অবশ্য কর্ত্তব্য ও করণীয়। এই স্থলে আর একটা কথা বিশেষ প্রণিধানযোগ্য এই যে, আমাদের মনের গোপন চিন্তা ও ভাব, ধারা মানব চক্ষুর সম্পূর্ণ অগোচর হইলেও সেই সর্ববান্তর্য্যামী, সর্ববজ্ঞ আল্লাহ্-তায়ালার তো অগোচর ও আবদিত নহে। অতএব মনের ফটক, চক্ষু, কর্ণ, নাসিকা ইত্যাদি ইন্দ্রিয় মার্গে কোনপ্রকার পাপচিন্তাদি প্রবেশ করিয়া যাহাতে মনকে কলুষিত, অপবিত্র ও কলঙ্কিত করিতে না পারে, তঙ্জন্য ঐ ইন্দ্রিয়রূপি প্রবেশ দ্বার সমূহকে চিররুদ্ধ ও অর্গলাবন্ধ করিয়া সর্ববদা সজাগ ও সচকিতভাবে প্রহরায় নিযুক্ত থাকিবে। চক্ষু সম্বন্ধে ইহাই হইল কোরাণ শরিফের মূল্যবান যুক্তি-পূর্ণ সদয় আদেশ। এখন এই সম্বন্ধে চুই একটি হাদিস শরিষও শ্রবণ কর। আমাদের মহামান্ত "পায়গাম্বার" "হজরত্' (দঃ) ফুরমাইয়াছেন যে, "অনাত্মীয়া স্থন্দরী যুবতী রমণীর প্রতি দৃষ্টি নিক্ষেপ করা শয়তানের বিষ-নিষেবিত একটা তীক্ষ্ণ শর বিশেষ"। মহামান্ত "হজরত্" ( দঃ ) আরও ''ফরমাইয়াছেন" যে, ''অনাবশ্যক" ও বৃথা জিনিষের প্রতি যাহারা নিরর্থক দৃষ্টি পরিচালনা করে, তাহারা "এবাদাত্ও সৎকার্যাদি সম্পাদন জনিত, আনন্দ

ও স্থ শান্তি উপভোগে সমর্থ হয় না ও তাহাদের হৃদয়ও স্বচ্ছ, নির্মাল ও মসিশূন্য হইতে পারে না ও হয় না।

দ্বিতীয় প্রবলেন্দ্রিয়, অশ্লীল ও অনাবশ্যক কথা শ্রবণ হইতে কর্ণকে রক্ষা করা, তুই কারণে ( এক "উক্তি" দিতীয় ''যুক্তি") অবশ্য কর্ত্তব্য। উক্তি এই যে, মহামান্ত ''হজরত্' ( দঃ ) ''ফরমাইয়াছেন'' যে, ''অশ্লীল ও অনাবশ্যক কথার "বক্তা" ও "শ্রোতা" উভয়েরই পাপ সমান অর্থাৎ উভয়েই সমান পাপী। আর যুক্তি এই যে, দোষিত ও বিষাক্ত খাছাপেক্ষাও অশ্লাল, অনাবশ্যক, কথা শ্রবণের অপকারিতা ও পাপ অধিক ও গুরুতর, কেননা, আহারের ও উহা পরিপাকের একটা সীমা নির্দ্দিষ্ট আছে অর্থাৎ পূর্ণ এক পেটের উপর আহার করা মানুষের অদাধ্য ও ভুক্ত দ্রব্য এক ঘণ্ট। হইতে ছয় ঘণ্টা পর্য্যস্ত বা ইহার কিছু নৃন্যাধিক সময়ের মধ্যে জার্ণ ও পরিপাক হইবেই হইবে। আর কোটা কোটা কথা বা গল্পের দ্বারায়ও তুমি প্রাবণেক্রিয়কে পূর্ণ ও শ্রুত কথাকে শত বৎসরেও জীর্ণ বা হজম করিতে পারিবে না এবং অধিকাংশ স্থলেই ইহা প্রমাণিতও হইয়াছে বে, গল্পামোদিগণের মধ্যে, শ্রোতা ও বক্তা উভয়েরই অজ্ঞাতে গল্পচ্ছলে, বহুতর পর্নিন্দা ও প্রচর্চ্চার পাপ আপনাপনিই অনুষ্ঠিত হইয়া থাকে; যাহা তাঁহারা অনেক সময় ধরিতেও পারেন না ও বুঝিতেও পারেন না: এবং অনেক সময় এবাদাত্ বান্দেগীরও সবিশেষ ক্ষতি সাধিত হয়, ও অনেক

ক্ষেত্রে মন ঐ অনাবশ্যক কথা ও অশ্লীল উক্তির দ্বারায় এমনভাবে বিষাক্ত ও কলুষিত হইয়া পড়ে যে, চিরদিনের জন্ম মানব জনম ও জীবনটাই বৃথা ও বিফল হইয়া যায় এবং কোন কোন স্থলে ও সময়ে এই অনাবশ্যক ও অতি সামান্য একটুখানি বৃথা কথার অগ্নিস্ফুলিঙ্গ হইতে গৃহ বিবাদের প্রবল দাবানল দাউ, দাউ জ্বলিয়া উঠিয়া বহুদিনের স্থাপিত ও বহু আয়াস ও পরিশ্রেমের গঠিত ভরা সংসার-কেও মুহূর্ত্তের মধ্যে ছারেখার ও সমূলে বিনাশ করিয়া ফেলে। আবার কোন স্থলে অধর্মের জয় ঢাক ধর্ম্মের কর্ণ-পটাহ-ভেদী অশ্লীলতার অশ্রাব্য বিকট তাগুব রোলে, বাজিয়া উঠিয়া ধর্ম্ম ও পুণ্যকে, পাপ ও অধর্ম্মের কর্ম্মনাশার অতল-তলে চিরদিনের জন্য নিমজ্জিত করে।

তৃতীন্দ্র, জিন্থা ইহাকে সংযত রাখা একান্ত কর্ত্তব্য এবং সমগ্র ইন্দ্রিয়ের মধ্যে এই জিহ্বাই অধিক অবাধ্যতা প্রদর্শন করে ও ইহাকে বশ ও সংযত করাও কিছু কঠিন, কেননা, অতি সহজে ইহার ব্যবহার করা চলে; ইহা ব্যবহারে কোনরূপ বেগ পাইতে হয় না এবং প্রধানতঃ ইহার উপর নির্ভর করিয়াই সমস্ত ধর্ম্ম ও সমস্ত পৃথিবীর কাজকর্ম্ম অবাধে চলিয়া আসিতেছে! মুখের একটা মাত্র কথা অর্থাৎ একটা মাত্র "কালেমায়" মোসলমান, খুফান, হিন্দু হওয়া না হওয়া নির্ভর করে। জিহ্বার একটা মাত্র "হাঁ" শব্দ দ্বারায় তুইটা সম্পূর্ণ অপরিচিত জীবন চিরদিনের জন্ম

দাম্পত্য বন্ধনে ও চুইটা সম্পূর্ণ পৃথক সাম্রাজ্য সখ্যতার সন্ধি-সূত্রে অবাধে আবদ্ধ হইতেছে, আবার ঐ জিহ্বারই ছোট্ট একটা ''না' শব্দের দারায় কত বিচ্ছেদ, কত রক্তপাত, কত অনর্থপাত, কত অশান্তি ও কত যুদ্ধ বিগ্রহাদি অবাধে অনুষ্ঠিত ও সঙ্ঘটিত হইতেছে। ইহা সত্য বটে যে, শুধু মুখের কথাতেই ধর্ম্ম, বিবাহ, বন্ধুত্ব ইত্যাদি সংস্থাপিত ও স্থসম্পন্ন হয় না: আচার, ব্যবহার, অনুষ্ঠান ইত্যাদিরও প্রয়োজন আছে; কিন্তু এ সমস্তই জিহবার "হাঁ" বা "না" শব্দের অর্থাৎ স্বীকৃতি বা অস্বীকৃতির পরবর্ত্তী পর্য্যায়ভুক্ত। প্রাথমিক বা কার্য্যারম্ভের মূল, ও ভিত্তি, ঐ জিহ্বা ও উহারই উচ্চারিত ছোট্ট তুইটী অক্ষর হ'কার বা ন'কার অর্থাৎ "হ" বা "ন" অক্ষর। অতএব যে জিহবা একটা মাত্র ক্ষুদ্র আকারযুক্ত অক্ষর বা শব্দোচ্চারণে অর্থাৎ ''হাঁ" বা ''না"য় তোমাকে নরকে বা বৈকুণ্ঠে পঁহুছাইতে ও তোমার মনে প্রেমানল বা বিরহানল প্রজ্বালিত করিতে ও তোমার শক্রকে মিত্র বা মিত্রকে শক্রতে, পরিণত করিতে পারে। তাহাকে বাধ্য ও সংযত করার গুরুত্ব সম্পর্কে আর অধিক ব্যাখ্যার প্রয়োজন আছে কি 

৽ ইহাকে সংযত করিয়া স্ববশে আনিবার একমাত্র উপায়, আ-প্রাণ চেফ্টায় যতদূর সম্ভব নীরবতা অবলম্বন করিয়া সর্ববদা নিবিষ্টচিত্তে ইহার (অর্থাৎ নিষ্প্রয়োজনীয় বাক্যের) অসারতা, অপকারিতা ও কঠোর দণ্ড ও কঠিন শাস্তির

বিধয় অনবরত স্থিরচিত্তে, গাঢ়ভাবে চিন্তা করতঃ স্থীয় মনে প্রবল ভয় ও ভীতির সঞ্চার ও উৎপাদন করা ও এই ভীতি ও শঙ্কাকে অনুক্ষণ মনে সমভাবে জাগাইয়া রাখা।

চ্তুর্থ, মন—অন্যান্য অঙ্গ বা ইন্দ্রিয় অপেক্ষা ইহাকে রক্ষা করার গুরুত্বও যেমন অধিক ও সূক্ষা, ইহাকে রক্ষার উপায় ও তেমনি কঠিন, দায়িত্বপূর্ণ ও বিদ্ধ-বহুল এবং এই সম্পর্কে পাঁচটা "আসল" অর্থাৎ মূল বিষয় মনে রাখা একাস্ত কর্ত্তব্য।

হন। অতএব মনের গোপন কথা, পাপ, পুণ্যের, চিন্তা ইত্যাদিন্দির প্রতি ভাব ধারা যাঁহার নিকট অতি স্থুস্পষ্ট এবং যাঁহা হইতে কোন কিছু সামান্ত বস্তুও গোপনে রাখিবার ক্ষমতাও যখন কাহারও নাই; তখন সেই সর্ববদর্শী, সর্ববজ্ঞ, দয়ায়য় আল্লাহ্-তায়লার এবাদাত্ বান্দেগী ও অন্তান্ত পুণ্য ও সৎকর্ম্মাদিতে মানবের কি পরিমাণ সাবধান ও সতর্কতার সহিত্য মনকে বিশুদ্ধ পবিত্র ও নির্মাল রাখা কর্ত্ব্য, তাহা তো সহজেই অনুমের।

দ্বিতীব্র আসল—আমাদের মহামান্ত পারগান্ধার হজরত্ ( দঃ ) ফরমাইয়াছেন যে, "আল্লাহ্-তায়লা মানবের বাহ্যিক অবয়ব ও আমলের প্রতি দৃষ্টি করেন না, তিনি দৃষ্টি করেন ভিতরের ''মনকে' ও ''নিয়ত" অর্থাৎ, উদ্দেশ্যকে''। বড়ই পরিতাপ ও আশ্চর্য্যের বিষয় যে মানব, জনসাধারণের গোচরিভূত ও: দ্রস্কীব্য স্থল অর্থাৎ বাহ্য অঙ্গ প্রতঙ্গগুলিনকে তো উত্তমরূপ বিধেতি, পরিমার্জ্জিত ও পরিষ্কৃত করিয়াও উত্তম বসন-ভূষণে বিভূষিত হইয়া, নামাজ, রোজা, তছবিহ ইত্যাদি পুণাজনক কার্য্যাদিতে সাগ্রহে, অমানচিত্তে লিপ্ত হয় ; অথচ আল্লাহ্-তায়লার দ্রফীব্যের জিনিষ যে তুইটী "মন" ও "নিহ্রত", সে দিকে মোটেই লক্ষ্য ও দৃষ্টি রাথে না বা অগ্রসর হয় না ও আল্লাহ্-তায়লার. আদেশিত ভীষণ নরক।গ্লির বিভীষিকা মনে জাগরিত করিয়া মন ও নিয়তকে শুদ্ধ, সত্য, নির্ম্মল ও পবিত্র করার দিকে মোটেই আগ্ৰহান্বিত হয় না।

তৃতীন্ত্র আসলে—মহামান্ত হজরত্ ( দঃ ) ফরমাইয়াছেন 
"মানব দেহাভান্তরে একখণ্ড মাংস আছে, যাহার নাম "দেলে"
অর্থাৎ হাদ্পিণ্ড। ইহা সমগ্র দেহ ও ইন্দ্রিয়াদির একচ্ছত্র
সম্রাট। সমস্ত অঙ্গ, প্রভাঙ্গ ইহার একান্ত অধীন প্রজা।
সম্রাট যে কাজে, যখন যে দিকে গমন করিবেন, সমস্ত
প্রজাও সেই দিকে তাঁহার অনুগমন করিবে। অভএব মনই
যখন পাপ, পুণ্যের প্রকৃত মূলাধার, তখন সর্ব্ব প্রয়েজ্ব 
আপ্রাণ চেফ্টায় তাহাকে পাপ হইতে রক্ষা করা অবশ্য
কর্ত্ব্য ও বিধেয়।"

চতুর্থ আসল নানবের পক্ষে নানবের মনটা বহুমূল্য রত্ন পূর্ণ একটা রত্নাগার অর্থাৎ "আজ্বানাখানা"-বিশেষ। মানবের সৎ-প্রবৃত্তি, সদ্বৃদ্ধি, আল্লাহ্-তায়লার প্রেম, 'মায়ারেফাৎ" ইত্যাদি অমূল্য রত্নাবলী রাখিবার ইহাই একমাত্র স্থান এবং সর্ব-প্রকারের বিচ্ছা, জ্ঞান, "খালেছ-নিয়ত" ওঁ খালেছ-এবাদাত্ বান্দেগী, ও আল্লাহ্-তায়লার নৈকট্য লাভের উপায় সমূহ, ইত্যাদি, ইত্যাদি এই ক্ষুদ্র রত্নাগারেই রক্ষিত হয়। অতএব এই অমূল্য ধন, রত্নাদি-পূর্ণ রত্নাগারটা চোর ও ডাকাইতের হস্ত হইতে যেরূপেই হউক, রক্ষা করিতেই হইবে।

প্ৰাক্তি কাজিল এই মনেন্দ্ৰিরের মধ্যে এমন পাঁচটী জিনিষ ও বিষয় সংগুণ্ড আছে, যাহা মানবের অস্থান্য ইন্দ্রিয় বা অঙ্গ প্রত্যান্তের মধ্যে নাই, যথা—

- (ক) 'এলহাম'ও 'ওয়াছওয়াছা, পাপ ও পুণ্য, ইত্যাকার পরস্পর বিরোধী ও সম্পূর্ণ পৃথক ভাবাপন্ন ছুইটা জিনিষ বা শক্তির কেন্দ্র স্থল, এই মন; এবং সমস্ত শক্তদের শক্তিতার মূল ও শেষ লক্ষ্যও এই মন এবং "ফেরেস্তা" ও "শ্রতান," এ উভয়েরই রঙ্গস্থল ও রঙ্গ-ভূমিও এই মন—এই হুদ্য়।
- (খ) হৃদরের ঝঞ্চাটও অত্যন্ত বেশী ও ইহাকে বহু যাতনা সহু করিতে হয় এবং বুদ্ধি ও বাসনা, লোভ ও নির্লোভ, স্থমতি ও কুমতির একমাত্র সমরাঙ্গন ও দম্বহলও এই মন। অতএব ইহাদের পরস্পরের যুদ্ধ বিগ্রহের উপশান্তি করিয়া পরস্পরের মধ্যে সখ্যতাও সন্ধি স্থাপন করতঃ আত্মরক্ষা করা অপরিহার্যা।
- (গ) মনের উদ্ভাবনী, চিন্তা, কল্পনা, ইত্যাদির শক্তি থাকার দরুণ ইহার শক্তর সংখ্যাও অত্যধিক, কেননা, নানাদিক হিইতে নানা রকমের প্রেরণা সর্ববদাই এই মনের উপর বৃষ্টি ধারার ত্যায় বর্ষিত ও পত্তিত হইতে থাকে এবং তাহা নিবারণের ক্ষমতা মানবের নাই কেননা, এই মন চক্ষুর মত তুই পাতারূপি কপাট বিশিষ্ট নহে যে, চক্ষুর পাতা বন্ধ করিয়া বা অন্ধকার স্থানে প্রবেশ করিয়া দৃষ্টি রুদ্ধ করা চলে, বা জিহ্বার মতও নহে যে, দন্ত ও ওষ্ঠ চাপিয়া উহাকে অত্যায় কথন হইতে নিবৃত করিবে; অথবা ইহা প্রবেশন্দ্রিয়ের মতও নহে যে, হস্তাঙ্গুলি বা তুলা বা অন্য উপায় দ্বারা অশ্লীল ও অত্যায় বাক্য প্রবেণ হইতে রুদ্ধ করিয়া রাখিবে।

- (ঘ) মানবের চক্ষু, কর্ণ, নাসিকা, ইত্যাদি ইন্দ্রিয়নিচয় পরিদৃশ্যমান। আর মন অদৃশ্য ইন্দ্রিয়, সেই জন্ম ইহাকে রক্ষা করা সমধিক কঠিন ব্যাপার।
- (৬) তৎপর মন অতিশয় বেগগামী ও দ্রুত পরিবর্ত্তন-শীল এবং পাপ ও অধর্ম্মের পথ যেমনি পিচ্ছিল ও ঢালু, তেমনই প্রলোভনপূর্ণ ও আপাত-মধুর; অতএব বেগবান মন অধর্মের পিচ্ছিল ঢালু পথে একবার নিপতিত হইলে সে এত ক্রত নরকের দিকে অগ্রসর হইতে ও অবতরণ করিতে থাকে যে. অন্য কোন ইন্দ্রিয়ই উহার সমকক্ষতা করিতে বা তত দ্রুত ও তত নিম্নে অবতরণ করিতে পারে না। মনের এই সব বিশেষত্বের জন্মই মানবের পক্ষে তাহার অন্যান্য অঙ্গ প্রতাঙ্গ বা ইন্দ্রিয়াদি অপেক্ষা ইহার প্রতিকার করা সমধিক কঠিন ও আয়াসসাধ্য। এই জন্মই, যাঁহারা সাধু, সঙ্জন, তাঁহারা মনকে অত্যস্ত ভয় করেন ও ইহাকে বিশুদ্ধ ຮ পবিত্র রাখার জন্ম সর্ববদা দেই দ্য়াম্য আল্লাহ-তায়লার নিকট কান্নাকাটা ও প্রার্থনা করিতে থাকেন এবং প্রকৃত পক্ষে সর্বেক্তিয়ের, সর্বর রকমের সংযমের আবশ্যকতা, প্রয়োজনীয়তা ও উদ্দেশ্যও এই মনকে নিরাপদে রক্ষা করা ও সংযত রাখা, এবং এই মনই মানবের যুগপৎ ধর্ম্ম-অধর্ম, পাপ-পুণ্য, স্থমতি-কুমতি ও সদাসৎ কর্মপ্রেরণা ও প্রবৃত্তির আদিম আবাস-স্থল ও সত্যিকার লালা-রঙ্গভূমি। তঙ্জ্বগ্রই ইহাকে সর্বব প্রয়ত্ত্বে ও অতি সাবধানে রক্ষা করার পক্ষে বহু মনীষী,

বহু "অলি-আল্লাহ্" বহু রকম পস্থা ও নিয়ম প্রণালীর বহু উপদেশ ও ব্যবস্থাদি পূর্ণ অসংখ্য সংগ্রন্থাদি রচনা করিয়া. গিয়াছেন। এই ক্ষুদ্র পুস্তকে তত্তাবতের বিস্তৃত আলোচনা ও বর্ণনা অসম্ভব ও অসাধ্য বিধায় মাত্রচারিটি অতি সাজ্বাতিক ও মারাত্মক অনিষ্টকারী বিষয়ের ও উহার প্রতিকার প্রণালীর সার-সঙ্কলন করা যাইতেছে, যাহা অবগত হওয়া ও উত্তমরূপ জানিয়া রাখা, মানব মাত্রেরই অবশ্য কর্ত্তব্য ও অপরিহার্য্য। মনের ঐ মারাত্মক অনিষ্টকারী বস্তু চতুষ্টয়ের নাম এই ঃ—

(ح) "जूल व्याम्ल' ( مُوْلِ امَنْ ) अर्थाए नीर्घ आशा।

(২) "হাছাদ" ( ১

(৩) "প্রজলাত্" (عُجِلُتْ ) অর্থাৎ ক্ষিপ্রকারিতা।.

(৪) "কেবের"(﴿كِبْرِ) অর্থাৎ অহঙ্কার।

উহার প্রতিষেধক বা প্রতিকার, চতুষ্টয় এই—(১) আশার নিবৃত্তি (২) পরোপকার প্রবণতা (৩) ধীরতা (৪) বিনয় ও নিরহঙ্কার। এখন অতি সাবধানে বিশেষ মনোযোগের সহিত প্রবণ কর এবং লক্ষ্য কর যে, এই অনিষ্টকরী চারিটী—মূল বিষয়ের প্রত্যেকটীর মধ্যে আবার আরও কতকগুলিন করিয়া অপকারক ও অনিষ্টকর জিনিষ ছদ্মবেশে ও অতি প্রচ্ছন্নভাবে সংগুপ্ত রহিয়াছে। প্রথম তুল্ল-আমাল (২০০০) এই দীর্ঘ্যাশা মানব মনে একবার আধিপত্য বিস্তার

করিলে, "এবাদাত্" 'বান্দেগী," পাপে দ্বুণা ও "তওবা" করা ইত্যাদি পুণ্য-জনক কার্য্যে ধীরে, ধীরে, শিথিলতা আনয়ন পূর্ব্বক, মৃত্যু ভয় পর্যান্ত ভুলাইয়া দিয়া মিথ্যা, স্তোক ও কপট বাক্যে উদ্ভান্ত করতঃ এ পাঞ্চভৌতিক, ক্ষণ-ভঙ্গুর, নশ্বর দেহকে, অজর, অমর, ভাবিতে শিক্ষা দেয় ও পার্থিব ক্ষণিক সুখ শাস্তি ও সম্পদের মোহে বিমোহিত করিয়া, ধর্ম্মের সরল সত্য পুণ্য পথ হইতে সম্পূর্ণ বিপথে পরিচালিত করে এবং মনকে এই বলিয়া মিথ্যা সান্ত্রনা ও স্তোক বাক্যে প্রবোধিত করিতে চেফ্টা পায় যে, এখনও তোমার কাঁচা বয়স, এখন তুই চারিদিন আমোদ আহলাদ ও স্থথ ভোগ করিয়া লও। ''এবাদাত্'' ''বান্দেগী,'' ও জপ-তপাদি পুণাজনক কার্য্যের জন্ম তোমার বার্দ্ধক্যের স্থুদীর্ঘ সময় তোমার সম্মুখে তো পড়িয়াই রহিয়াছে, শেষ বয়সে উহ। করিলেই চলিবে। হায়! মূঢ় মানব মুহূর্ত্তের জন্মও ভাবে না যে, মৃত্যু ও নিয়তির কোন নির্দ্দিষ্ট পরিচয়, সময়, বা লক্ষণ নাই। উহা যে চিরদিনই লোক চক্ষুর অগোচর। হজরত্ আবুহোরেরা ( রাজিঃ ) ও অন্তান্ত বক্ত মহাত্মা ও মহাপুরুষগণ বলিয়াছেন যে, ছনিয়া ও মানব জাবন তিনটা দিন বা তিনটা ঘণ্টা বা তিনাসী মুহূর্ত্ত মাত্র। প্রথম দিন, ঘণ্টা বা মূহূর্তুটা, যাহা একবার গত হইয়াছে, তাহা সমাগরা পৃথিবী ও উহার অভ্যন্তরস্থ সমগ্র জিনিষাতের বিনিময়েও আর প্রত্যাবর্ত্তন করিবে না, ও উহাকে ফিরাইতে পারিবে না। দ্বিতীয় মুহূর্ত্ত "ভবিষ্যৎ", খাহা এখনও আদে নাই, তুমি জান না যে, ততক্ষণ পৰ্য্যস্ত তুমি

জীবিত থাকিবে কি না ? এখন অবশিষ্ট রহিল মাত্র একটী মুহূর্ত্ত অর্থাৎ "বর্ত্তমান"। বর্ত্তমানের এই একটা মুহূর্ত্ত মাত্রই তোমার আয়ত্তাধীন, অতএব আকুল-প্রাণে, পূর্ণোদ্দমে যাহা পার এই আয়ত্তাধীন মূহূর্ত্তে করিয়া লও, আর তো সময় নাই, এই একমাত্র স্থযোগে "এই বেলা নে ঘর ছেয়ে"। অতএব যে কোন ব্যক্তি, মাত্র এই তিন মুহূর্ত্তের সত্তিকার উপমাটী ধীর, স্থির ও একাগ্র-চিত্তে পূর্ণ বিশ্বাসের সহিত চিন্তা করিয়া কাজে প্রবৃত্ত হইবে তাহার আশা যত বড় দীর্ঘই কেন হউক না, আল্লাহ্-তায়লার ফজলে নিশ্চিতই উহা তিরোহিত হইয়া যাইবেই যাইবে।

বিতীয় হাছাদ—(১৯৯) হিংসা, ইহা অতিশয় মন্দ জিনিষ, ইহার কল্যাণে সর্ববসাধারণ কেন, বহু বিশিষ্ট আলেম ও আবেদগণও বিপথগামী হইয়া চিরতুর্ভাগ্য ও মনস্তাপ লাভ করিয়াছেন ও প্রাপ্ত হইয়াছেন। ইহার অসংখ্য অনিষ্ট ও অপকারিতার মধ্যে মাত্র ৫টা অপকারিতার বিষয় নিম্নে বর্ণনা করা যাইতেছে।

কে ইহা মানবের বহু পরিশ্রম-লব্ধ ও কটোপার্ভিভ অতি বিশুদ্ধ "এবাদাত্" ও সাধনাকেও র্থা ও নই করিয়া ফেলে, যেমন মহামান্ম "হজরত্" (দং) ফরমাইতেছেন, "অগ্নি যেমন ইন্ধনকে পোড়াইয়া ভম্মে পরিণত করে, হিংসাও তেমনই পুণ্যকে ধ্বংশ করিয়া ফেলে"।

(২) হিংসা মানবকে পরশ্রী-কাতর, চাটুকার ও নিন্দুকে

পরিণত করিয়া তাহার মনুষ্যুত্ব পর্যান্ত লোপ করিয়া ফেলে, সেই জন্য আল্লাহ-তায়লা ফরমাইয়াছেন :---

পো হিংস্ক জীবনে কখনই স্থুখ শান্তি পায় না, কেননা, যে পরশ্রী-কাতর, সে অন্যের স্থুখ, শ্রী, সৌভাগ্য, দেখিলে তাহার মনে আপনা হইতেই হিংসানল জ্বলিয়া উঠিয়া তাহার মনের সমস্ত স্থুখ, শান্তিকে দগ্ধ ও বিনষ্ট করিয়া ফেলে।

. স্থাে হিংস্থাকের মন চিরদিন অন্ধলারে আচ্ছন্ন ও আবৃত থাকে, তথার উজ্জ্বলতা ও নির্ম্মলতা, কখনই প্রবেশ ও স্থান লীভ করিতে পারে না, কেননা "হিংসা" "আগুন"-বিশেষ এবং অগ্নি যাহাতে বা যাহাকে আ্লান্ত্র করে, তাহাকেই পোড়াইয়া কাল অঙ্গার বা ভস্মে পরিণত করে। হিংসাশ্রেমে মন মসীলিপ্ত ও মসিমর হয় বলিয়াই হিংসাকে, "হিংসানল" বলে।

ভে হিংস্থাকের বন্ধাছে বা সাহায্যে কেহই অগ্রসর হয় না, কেননা, হিংস্থাক অপারের স্থা, শ্রী, সম্পাদ, সহা করিতে পারে না, কাজেই অন্যেও তাহার সহিত বন্ধাছ স্থাপনে কি তাহার সাহার্যো অগ্রসর হয় না। কুতীর "প্রজ্বাত" ( عجلت ) ক্ষিপ্রকারিতা ইহার, অপকারিতা ও দোষ এত অধিক ও সর্ববজন-বিদিত ও প্রকাশ্য যে ইহা বুঝাইতে উপমা বা সমালোচনার বিশেষ প্রয়োজন হয় না। এ সম্বন্ধে এইটুকু বলিলেই যথেষ্ট হইবে যে শারিয়াত্ মত—

\* التعجديث من الشيطان والتاخير من الرحمن الرحمن الرحمن الرحمن الشيطان والتاخير من الرحمن "किथकाति गंगुणान को कि अभेता आहार - जांगुला को क" ا

চতুর্থ 'কেবের' (২২) অহঙ্কার, পূর্বর বর্ণিত মনের অনিষ্টকারী বস্তু বা স্বভাবত্রয় হইতে এই চতুর্থ স্বভাব-অহস্কারের, অনিষ্ট ও অপকারিতা-শক্তি অতি ভীবন, প্রবল ও ভয়াবহ, কেননা, অপর তিনটীর অপকারিতা, "নেক্-আমাল", অর্থাৎ পুণ্য কার্য্য বিনষ্ট, পশু ও বুথা করা পর্য্যন্তই সীমাবদ্ধ; উহা মানবের "ইমান" নষ্ট করিয়া ''কাফেরে" পরিণত করিতে পারে না : কিন্তু অহঙ্কার মানবের ''ইমান" ধ্বংশ ও বিপর্য্যস্ত করতঃ "কাফেরে" পরিণত করে, যেমন আল্লাহ-তায়লা ফরমাইতেছেন \* أبى واستكبر وكا । (অর্থাৎ অহঙ্কারের জন্ম আমার আদেশ অমান্য করিয়া "কাফেরে পরিণত হইল) আর এই অহঙ্কার মানব মনে একবার দৃঢ়ভাবে কিস্তার লাভ করিলে, চিকিৎসার সম্পূর্ণ অতীত হইয়া পড়ে। ( আল্লাহ-তায়লা আমাকে ও মানব মাত্রকেই ইহা হইতে রক্ষা করেন এই প্রার্থনা, আমীন ) এবং ইহা বহু প্রকার পাপ ও চুর্ভাগ্যের স্থন্টি কারক, তন্মধ্যে ক্ষুদ্রতম চারিটী তুর্ভাগ্যের পরিচয় নিম্নে প্রদান করিতেছি :-—

কে মনকে অন্ধৃকার করে ও আল্লাহ-তায়লার প্রদর্শিত
সত্য, পুতঃ পবিত্র, পুণ্য পথ হইতে বিচলিত করিয়া বিপথে
পরিচালিত করে। যেমন আল্লাহ-তায়লা ফরমাইতেছেন যথা—

\* ক্রিনি নি ক্রিনি নি ক্রিনি নি ক্রিনি করিব তারালা ইহ সংসারে অহঙ্কার করে, তাহাদিগকে আমার

"আয়েৎ" হইতে বঞ্চিত করিব অর্থাৎ সত্য ও নিরাপদতার
পথ জ্রফ্ট করিব)।

(২০ অহম্বারিগণ আল্লাহ্-তায়লার দয়া হইতে বঞ্চিত হইয়া তাঁহার রোষভাজন হয়। আয়েৎ যথা \* اِنْهُ لا يُحِبُّ الْمُتَكَبِّرِيْنَ (অর্থাৎ আল্লাহ্-তায়লা নিশ্চয়ই অহম্বারীকে পছন্দ করেন না ও ভালবাসেন না )।

পো অহস্কারীকে ইহকালে—এই ছুনিয়াতেই লাঞ্ছিত, অপমানিত ও অপদস্থ হইতেই হইবে। হজরত্ হাতেম আছেঁম (রাহঃ) বলিতেছেন ইতরের হস্তে অপমানিত না হওয়া পর্য্যস্ত কোন অহঙ্কারীরই মৃত্যু হইবে না।

(ঘ) অহঙ্কারীর শৈষ পরিণাম চির নরক ভোগ, কেননা, আল্লাহ্-তারলা ফরমাইয়াছেন যে, অহং ও অহঙ্কার আমার চাদর ও তহবন্ধ। যে ইহাতে হস্তক্ষেপ করিবে তাহাকে আমি নিশ্চয়ই নরকের ভীষণ কালানলে চিরদিনের জন্ম নিক্ষেপ করিব। অতএব যে অহঙ্কার মানবের সারবস্তু ইমানকে পর্যান্ত লুপ্ত করে, ও আল্লাহ্-তায়লার রোষ বৃদ্ধি করে ও নরকের ভীষণ অনল প্রদীপ্ত করে, সেই অহঙ্কার কিরূপ সত্বরতার সহিত বিষবৎ পরিত্যাজ্য, তাহা কি ব্যাখ্যা করিয়া বুঝাইতে হইবে ?

পূর্বেরাক্তন, 'তুল-আমাল' 'হাছাদ' 'ওজ্লাত,' 'কেবের', চতুষ্টায়ের আসল বা মূলের সহিত পরিচিত হইবার পর, নিবিষ্ট-চিত্তে ধীর, স্থির-ভাবে অভিনিবেশ সহকারে উক্ত স্বভাব চতুষ্টায়ের মর্ম্ম ও অভিধানিক অর্থ ও তাহার প্রতিকার ও ব্যবস্থাদির বিষয় উৎকর্ণ হইয়া শ্রাবণ কর।

প্রথম তুল-আমালের (১০ ১৮) অর্থ—নিশ্চিত-ভাবে স্থির বিশ্বাস ও ভরসা পোষণ করা যে, আমি বহুদিন পর্য্যন্ত জীবিত থাকিব ও বহু সম্পত্তি, বিত্ত ও টাকা ইত্যাদি উপাৰ্জ্জন করিব, কি পাইব, বা অমুক, অমুক, বিষয় ও এই. এই, কাজ সকল করিব ইত্যাদি, ইত্যাদি, প্রকার আশার— <u>-দীর্ঘতাকে অর্থাৎ "দীর্ঘআশাকে"</u> আরবিতে "তুল-আমাল" বলে। ইহার প্রতিকার, ঠিক ইহার বিপরীত প্রতিশব্দ-"কোতাহি-য়ে-আমাল" (كوتاهي اصل ) এর অর্থ ও ব্যাখ্যার প্রতি আস্থাবান হওয়া অর্থাৎ দীর্ঘায়ুর স্বপন দেখা বা যে কোন প্রকার দীর্ঘ আশার প্রতি মোটেই ভরসা ও বিশ্বাস, পোষণ ও স্থাপন না করা। "কোতাহি-য়ে-আমাল" এর অর্থতঃ উহাই অর্থাৎ আশার নিবৃতি বা সংক্ষিপ্ত-আশা, বা সন্ধিশ্ধ-আশা অর্থাৎ আর এত দিন বা এক বৎসর বা একমাস বা একদিন পর্যান্ত বাঁচিতেও পারি, নাও বাঁচিতে পারি: অথবা অমুক্র কাজে

বা অমুক স্থানে আমার গমন হইতেও পারে, নাও হইতে পারে, বা ধন, জন, সম্পত্তি, লাভ হইতেও পারে, না হইতেও পারে. অর্থাৎ মনে যদি দৃঢ প্রতীতি জন্মে যে, আগামী কল্য পর্য্যস্ত আমি নিশ্চয়ই জীবিত থাকিব বা এক ঘণ্টা পর আমি নিশ্চয়ই অমৃক কাজটী করিব বা করিতে পারিব, তাহারই নাম "তুল-আমাল"—দীর্ঘ আশা ; এবং এই আশার কুহকে যে নিপতিত হয় তাহাকেই বলে দীর্ঘ আশাকারী বা দীর্ঘ আশাধারী: এবং এই প্রকার লোকের মনস্তাপ, লাভকরা ও সর্ববনাশ হওয়া অনিবার্য্য ও অবশ্যস্তাবী। কেননা, এই দীর্ঘায়ুতার মিথ্যা আশার কুহক-বশে স্বীয় জীবন পুস্তিকার স্বকৃত-অকার্য্য, কুকার্য্যাঙ্কিত মসি-মলিন পাতাগুলিন সংশোধন, এমন কি অধ্যয়ন করিবারও অবকাশ বা স্থযোগ ভাহার ভাগ্যে ঘটিয়া উঠে না। কাজেই উহা আর সংশোধিত বা পরিবর্ত্তিতও হইতে পারে না এবং এই প্রকার অপ্রস্তুত, ও অতৈয়েরী অবস্থাতেই অকস্মাৎ একদিন হঠাৎ ভাকে মহামহিম সম্রাট সদনে উপস্থিত হইয়া তাঁহার বহু পূর্বব নির্দ্দিষ্ট নরকের কঠোর দণ্ড অবনত শিরে গ্রহণ ও স্বকৃত পাপের অনুশোচনায় দীর্ঘ-তপ্তশাস বিমোচন করা ভিন্ন, গত্যস্তর বা উপায়ান্তর থাকে না, থাকিতে পারে না। আর যাহা ইহার বিপরীত অর্থাৎ আগামী কল্য পর্যান্ত জীবিত থাকা বা একঘন্টা পর অমুক কার্য্য করিতে পারা বা না পারা সম্বন্ধে যাহাদের মনে মোটেই বিশ্বাস নাই, বা' যাহারা মনের সহিত বলে যে আল্লাহ্-তায়লা আর

একঘণ্টা বা একদিন যদি আমাকে বাঁচাইয়া রাখেন, ভবে অমুক কাজ করিব বা অমুক স্থানে যাইব বা অমুক কাজ করিবার বা অমুক স্থানে যাইবার ইচ্ছা আছে। এই উক্তি অনুরূপ গাঢ় ও স্থির বিশ্বাদেরই নাম "কোতাহি-য়ে-আমাল" অর্থাৎ সঙ্কোচিত, অনির্ভর ক্ষুদ্র আশা বা আশার নির্ত্তি বা সন্ধিশ্ব ও শংক্ষিপ্ত ভরসাহীন আশা এবং এই সৌভাগ্য যাঁহারা লাভ করেন, তাঁহারাই প্রকৃত দীর্ঘ আশা ও লোভ পরিশূন্য নির্লিপ্ত সংসারী বা মহাপুরুষ। এই "তুল-আমাল" নিবারণের একমাত্র প্রতিকার ও পত্মা সদা-সর্ববদা মৃত্যুকে স্মরণ রাখা, বিশেষ করিয়া হঠাৎ মৃত্যু বা সন্ন্যাস রোগ, যাহাকে ইংরেজীতে হার্টফেল (Heart fail) বলে। সত্যই যে মন হঠাৎ মৃত্যু ভয়ে সতত সন্ত্রস্ত ও সজাগ, পাপ সে মনের ত্রিদীমাতেও প্রবেশাধিকার লাভ করিতে পারে না। – দ্বিতীয় হাছাদ—হিংসা, অর্থ অন্তের স্থুখ, সম্পদ ও সোভাগ্যে ব্যথিত ও চুঃখিত হওয়া, অর্থাৎ কোনরূপ কার্য্য বা বাক্য দ্বারা বা সঙ্গোপনে মনে মনেও কেহর অনিষ্ট চিন্তা বা কামনা করাকেই হাছাদ বা হিংসা বলে। এই জন্মই হিংসার আর এক নাম পরশ্রী-কাতরতা, কেননা, 'হিংমুক অন্যের স্থ সোভাগ্য ও উন্নতি সহ্য করিতে পারে না, তাহার বুকে হিংসা-নল আপনি জ্বলিয়া উঠে ও তাহাকেই যাতনা দিতে ও দগ্ধ করিতে থাকে। আর যাহার। ইহার বিপরীত অর্থাৎ অন্যের স্থুখ, সম্পদ দর্শনে যাহারা কাতর বা ড্রিয়মান হয় না, ভাহারা

অহিংস্থক। এই হিংসার প্রতিকারও উক্তরূপ মৃত্যুকে স্মরণ করা ও সবিনয় আল্লাহ্-তায়লার কৃপা ভিক্ষা করা ও অন্মের স্থ্, সম্পদ দর্শনে আনন্দ ও স্থানুভব করিতে স্থীয় অবাধ্য মনকে বল-পূর্বক ও আপ্রাণ পরিশ্রম ও অক্লান্ত, অবিরাম যত্ন চেফ্টায় ধীরে ধীরে, বাধ্য ও অনুগত করতঃ আনন্দোৎফুল্লু করিয়া তোলা।

তৃতীয় ওজলাত—অর্থাৎ ক্ষিপ্রকারিতা, অর্থ মনে কোন কথা বা কার্য্য-প্রেরণা উদয় হওয়ার সঙ্গে সঙ্গেই উহার ভালমন্দ বিচার ও পরিণাম চিন্তা না করিয়া তন্মুহূর্ত্তেই তাহা বলা বা করার জন্য প্রস্তুত হওয়া, বা উহা তৎক্ষণাৎ সম্পন্ন করাকে "ওজলাত" অর্থাৎ ক্ষিপ্রকারিতা বলে; এবং ইহার বিপরীত অর্থাৎ প্রতি কথা ও কাজের স্বফল, কুফল ও শেষ পরিণতি ও পরিণাম সম্বন্ধে বিশেষভাবে চিন্তা করিয়া ধীরে, স্থিরে, আস্তে, হস্তক্ষেপ করাকে ধীরতা বলে। তুমি নিবিষ্ট-চিত্তে অনুসন্ধান করিলে পরিষ্কার ও স্থুস্পফ্টভাবে দেখিতে ও বুঝিতে পারিবে ও তোমার প্রতীক্তি জন্মিরে যে, হঠাৎ ও ক্ষিপ্রতার সহিত সম্পাদিত কার্য্যাবলীর শতকরা নক্বইটীই পরিণামে কুফল ও ধারতার সহিত সম্পাদিত কার্য্যাবলীর শতকরা নক্বইটীই পরিণামে স্থফল প্রাসব করিয়াছে ও করে। ইহার প্রতিকার এই যে, গাঢ মনোযোগের সহিত হঠাৎ ও ক্ষিপ্রকারিতার ব্যর্থতা, নিষ্ফলতা ও মন্দ পরিণতির বিষয় বিশেষভাবে মনোযোগের সহিত সতত চিন্তা ও প্রণিধান করিতে থাকিলে আল্লাহ্-তায়লার ফজলে তোমার ঐক্ষিপ্রকারিতার প্রবৃত্তির ছলে আপনই ধীরতার উদয় হইবে।

চতুর্থ কেবেল্ল—অর্থাৎ অহঙ্কার, ইহার ক্রিয়া অন্তকে স্কুদ্রাদপি-ক্ষুদ্র ও অকিঞ্চিৎকর ও তুচ্ছ তাচ্ছিল্য করিতে শিক্ষা দিয়া নিজের মধ্যে আত্মস্তরিতাও অহং জ্ঞান আনয়ন করতঃ অহস্কৃত চাল চলন ও আলাপনে অভ্যস্থ করিয়া তোলে ও ইহার বিপরীতকে আরবীতে "তাওয়াজো"(تراضع) ও বাংলায় নিরহঙ্কত, নমতা, ও বিনয় বলে। ইহার প্রতিকার এই যে, অহস্কারীর ভীষণ দণ্ডের কথা সর্ববদা স্মরণ রাখিয়া সাধারণ খাতাদি ও বসন ভূষণে পরিতৃষ্ট থাকা ও নিরহক্ষত অল্ল মূল্যের জিনিষ সমূহ ব্যবহার করা অর্থাৎ যেমন তেমন ও সাদাসিধা খাছা ও বস্তুতেই সম্ভুষ্ট হওয়া ও অতি গম্ভীরভাবে মনকে এই বলিয়া প্রবোধিত ও তিরস্কৃত করা যে,-জন্ম যাহাদের অতি জঘন্য পুতি গন্ধময়, অপবিত্র বীর্য্য-জলে, মাতৃগর্ভে নয়মাসাধিককাল ভক্ষ্য যাহাদের ঘূণিত-অস্পৃশ্য রজঃ, উদর যাহাদের সর্ববদা অকার-জনক মল, মৃত্র ও ক্রিমি-কীটে পরিপুরিত, তাহাদের মুখে অহঙ্কার বাণী কি একান্তই হাস্যোদ্দীপক, লজ্জ্ঞ্জর. অশোভন ও ভূতের মুখে রাম নাম উচ্চারণের মতই নহে ?

পঞ্চম ইন্দ্রির বা অঞ্জ, পোট—এই পেটই সর্ববপ্রকার ও সর্ববিধ পাপ ও পুণাের একমাত্র আদি উৎস্থ ও
লীলাভূমি এবং মানবের সমগ্র অঞ্চ, প্রত্যঙ্গ বা ইন্দ্রিয়াদির সবলতা,
দুর্ববলতা ও সদাসৎ প্রবৃত্তি ইত্যাদির আদি কেন্দ্র। কেননা,
পানাহার ভিন্ন এই ক্ষণ-ভঙ্গুর ভৌতিক, নশ্বর, দেহ, সজীব
খাকিতে পারে না এবং এই একমাত্র পেট ভিন্ন মানুবের অন্য

কোন অঙ্গই খাত্য ধারণ ও ততুৎপন্ন রক্ত কণা ও শক্তি সাহায্যে দেহের সর্বব শিরায় রক্ত সঞ্চালন ও সর্ববাঙ্গের পুষ্টি সাধন করিতে পারে না এবং ইহাও অবিসম্বাদিত সত্য যে, পুষ্টিকর ও অপুষ্ঠিকর, লঘুপাক ও গুরুপাক, উত্তম ও অধম খাছাদির তারতম্য ও ইতর বিশেষে সবল-তুর্ববল, রোগ-নীরোগ, রক্তকণা সমূহ পেটের মধ্যেই স্থান্তি হইয়া সর্ববাঙ্গে প্রবাহিত ও পরিব্যাপ্ত হয়। "হালাল" ও "হারাম" খাছাও সেইরূপ মনের মধ্যে পাপ বা পুণ্যের প্রবৃত্তি ও বাসনা জাগাইয়া সর্ববাঙ্গে পরিব্যপ্ত ও বিস্তৃত হইয়া পড়ে। এই সকল যুক্তি তর্কের দারায় পাপ পুণ্যাদি প্রবৃত্তির মূল নিদান যখন একমাত্র খাছ্য বস্তুই নিণীত ও সাব্যস্ত হইল, তখন মানব মাত্রেরই খাছ্য বিচার করা ও হালাল-হারাম বস্ত্র ও বিষয়াদির সহিত ঘনিষ্টভাবে পরিচিত হওয়া অবশ্য কর্ত্তব্য, এখন তাহাই বলা যাইতেছে ৷ নিষিদ্ধ খাছা তিন প্রকার—(১)"হারাম" সম্পূর্ণ নিষিদ্ধ খাত । (২) "মশকুক্ সন্দেহ জনক খাগ্য অর্থাৎ যে খাছোর পবিত্রতা, বিশ্বস্ততা, বিশুদ্ধতা ও শুচিতা সম্বন্ধে সন্দেহ আছে। (৩) "ফক্রুল-হালোলে" বা "মোবাহ" অর্থাৎ যাহা খাওয়ার বিধান শাস্ত্রে আছে কিন্তু অনাবশ্যক। অর্থাৎ যাহা না হইলে জীবন ধারু বা শরীর পোষণ সম্বন্ধে কোনরূপ ব্যাঘাৎ হয় না।

প্রথম "হারাম"—নিষিদ্ধ খান্ত, ইহা খাওয়া তো দূরের কথা উহা স্পর্শ করাও পাপ এবং এ সম্বন্ধে "কোরাণ-শরিফ" ও "হাদিছ শরিফে"র অসংখা "আয়েৎ" বর্তমান এবং ইহা প্রত্যেকেরই স্থবিদিত ; কাজেই এ সম্বন্ধে অধিক বলা অনাবশ্যক ও নিষ্প্রয়োজন।

বিতীয় "মশকুক্" সন্দেহ জনক খাতা—মর্থাৎ যে খাতের বৈধতা, "হালাল" বা "হারাম" সম্বন্ধে উত্তম জ্ঞান নাই, বা যে খাতের বৈধতা, বিশুদ্ধতা ও পবিত্রতা সম্বন্ধে মনে সন্দেহের উদ্রেক হয়, তাহা দ্বিতীয় শ্রেণীর "হারাম" হইলেও প্রথম শ্রেণীর হারামের মতই পরিত্যাজ্য; তবে প্রাণাস্তকর ক্ষুধা তৃষ্ণার সময়, ইহা ভিন্ন অন্য খাত্ত-পেয়, না পাইলে জীবন ধারণোপযোগী স্বল্প পরিমাণ খাওয়া চলে; "আবেদ" ও "ছুফ্টী" মহোদয়গণের নিকট "হারামের" সহিত ইহার এইটুকু মাত্রই প্রভেদ।

তৃতীর "ফজুল-হালাল" বা 'মোবাহ"—হালাল অর্থাৎ বৈধ জিনিব মাত্রকেই 'মোবাহ'' বলে। ''ছুফি''দের মতে ''ফজুল-হালালে''র অর্থ সন্ত্র পরিমিত স্থাদ বিহীন ও অতি কম মূল্যের আহারীয় বস্তু ও গাত্রাবরণ, যাহা কর্ষ্টের সহিত খাওয়া পরা চলে অর্থাৎ যে পরিমাণ আহার ও বস্ত্র না হইলে, জীবন রক্ষা পায় ন! ও শীতাতপ নিবারিত হয় না, ঠিক সেই পরিমাণ "হালাল" বস্তু ব্যতীত অন্য সমস্ত ''হালাল'' ও বৈধবস্তুকে ''ফজুল-হালাল" বলে; অর্থাৎ যে জিনিষ নিঃসন্দেহে নিশ্চিতরূপে ''হালাল'' ও বৈধ কিন্তু জীবন যাপন পক্ষে আনাবশ্যক, "ছুফি"গণ তত্তাবত জিনিষ সমূহকেও সানন্দ-চিত্তে অপিচ অতি ঘ্লা ও দৃঢ়তার সহিত পরিত্যাগ, করিয়া

থাকেন। এই "ফজুল-হালাল" অর্থাৎ অনাবশ্যক "হালাল" জিনিষ ব্যবহার করা সর্বব-সাধারণ মোসলমানের পক্ষে "শারিয়াত্" সম্মত ও সম্পূর্ণরূপে বৈধ, সিদ্ধ, হালাল ও "মোবাহ" হইলেও নিম্নলিখিত দশটী কারণে "ছুফি" "আবেদ", "জাহেদ", সাধক, ও উপাসকের নিকট প্রথম শ্রেণীর "হারামে"রই ভায় অবশ্য পরিত্যাজ্য ও বর্জ্জনীয়। কারণ দশটী এই যথা—

(১) অধিক ভোজনে হৃদয় কঠিন ও অন্ধকার হয়,
যেমন মহামান্ত হজরত্ (দঃ) ফরমাইয়াছেন "মানব হৃদয়
শশ্ত ক্ষেত্রের মত, শশ্ত ক্ষেত্র যেমন জলে ডুবিয়া গেলে
মরিয়া যায়, হৃদয়ও তেমনি অধিক পানাহারে ময় হইলে
কঠিন ও বিনষ্ট হইয়া যায়"। পারসিক কবি সাদি বলিয়াছেন,
যথা—

اندرون ازطعام خالی دار تا درر نور معرفت بینی

অর্থ—যদি আল্লা প্রেম, তুমি চাও হৃদি পুরি, রাখিও পেটেরে তব অন্ন শৃহ্য করি!

- (২) অতিরিক্ত আহারে সর্বাঙ্গে লালসা আনয়ন করে, বে ক্ষুধিত, তাহার মনে লালসা ও বাসনা জাগে না, মন পবিত্র থাকে, এই জন্মই উপবাস ও ব্রহ্মচর্য্যের স্থান্তি।
- (৩) আকণ্ঠ ভোজনে স্থবৃদ্ধি ও স্থচিস্তার ক্রাস করে ও স্বল্ল আশহারে উহার তীক্ষতা বৃদ্ধি করে।

(৪) অতিরিক্ত আহারে অতিরিক্ত নিদ্রা ও আলস্ত আনয়ন করে, কাজেই ''এবাদাত্'' ও "বান্দেগীও" কমিয়া যায় এবং জোর করিয়া উপাসনায় প্রবৃত্ত ও রত হইলেও তাহাতে স্থা ও শান্তি পাওয়া যায় না। হজরত্ এহিয়া (আঃ) একদিন শয়তানের হাতে একটা ফাঁদ দেখিয়া জিজ্ঞাসা করিলেন যে, তোর হাতে ওটা কি ? শয়তান উত্তর করিল যে, লালসা ও বাসনার ফাঁদ; যাহা দারায় আমি মানুষ শিকার করি; তিনি তখন বলিলেন যে, তোর নিকট এমন কোন ফাঁদ আছে যদারায় আমাকে আবদ্ধ করিতে পারিস ? শয়তান উত্তর করিল যে, না—তবে এক রাত্রিতে আপনি ক্ষুধা-পূর্ণ আহার করিয়া-ছিলেন, সেই রাত্রিতে আমি আপনার দেহে আলস্ত আনয়ন করতঃ নফল নামাজ ও এবাদাত হইতে বঞ্চিত করিয়া আপনাকে শোওয়াইয়া রাখিয়াছিলাম। তখন তিনি বলিলেন যে, আমি এই শপথ করিতেছি যে, এ জীবনে আর কখনও পেট পূরিয়া আহার করিব না। তখন শয়তানও বলিল যে, আমিও প্রতিজ্ঞা করিতেছি যে, এ জীবনে আর কখনও আমি কাহাকেও সত্য কথা বলিব না, বা কোনপ্রকার সত্তপদেশ প্রদান করিব না। এই তো সেই সকল মহাপুরুষ ও মহাত্মাণণের অবস্থা। যিনি জীবনে একদিন, তাহাও ভূরি ভোজন নহে, মাত্র ক্ষুধা-পূর্ণ পরিমিত আহার করিয়াছিলেন, কিন্তু হায়! তাহাদের স্ববস্থা ও পরিণাম কি হইবে যাহারা জীবনে একদিনের জন্যও আধ-পেটাও খায় নাই ? ছুফিয়ান ছুরি (রহঃ) নামক জনৈক

## তৃতীয় অধ্যায়

শ্রেষ্ঠ-ছুফি ও সাধক বলিয়াছেন, "এবাদাত্" একটী ব্যবসা এবং তাহার দোকান নির্জ্জনতা ও উহার পণ্য ক্ষুধা।

- (৫) অধিক পানাহারে পার্থিব কার্য্যশক্তির ন্থায় আধ্যাত্মিক শক্তিও এবাদাত্ করিবার ও উহার স্থুও, শান্তি উপভোগ ও স্থাদ গ্রহণের শক্তিও কমিয়া যায়।
- (৬) অতি লোভীর শুদ্ধাশুদ্ধ বিচার শক্তি যেমন কমিয়া যায়, অতি ভোজীরও "হালাল" "হারাম" জ্ঞান ও ভয়ও তেমনই কমিয়া যায়। 'হাদিছ শরিফে' উক্ত হইয়াছে যে এই পৃথিবীতে 'হোনাল" অপেকা ''হারাম" বস্তুই স্থপ্রচুর ও অধিক প্রাপ্তবা।
- (৭) অধিক আহারে অধিক সময় নফ্ট হয়। প্রথম খাছা দ্রব্য সংগ্রহে, উপার্জ্জনে, বা আহরণে, তৎপর রন্ধনে, তৎপর ভোজনে, তৎপর মলমূত্র নিঃসারণে অর্থাৎ ত্যাগে।
- (৮) অধিক ভোজনকারীর মৃত্যু যন্ত্রণাও অধিক ইয়, কেননা, ইহা স্বতঃসিদ্ধ কথা যে, সংসারের আকর্ষণ বাহার যত বেশী থাকিবে সংসার ত্যাগের সময় তাহার কফ্ট ও যন্ত্রণাও ততোধিক হইবে।
- (৯) "অতি লোভে তাঁতী নফ্ট" প্রবাদ বচনের মত "অতি ভোজীর পরকাল নফ্ট" কথাটীও অতি সত্য কেননা, এ সম্বন্ধে "কোরাণ" ও "হাদিছ শরিফে" ভুরি ভুরি প্রমাণ রহিয়াছে যে, অতি ভোজীর তুলনায় স্বল্লাহারি পরকালে সমধিক স্থুখ সম্পদ লাভ করিবে।

(১০) অতি ভোজীকে কেয়ামতের দিন হিসাব নিকাশ দিতে হইবে এবং হিসাব নিকাশ না হওয়া পর্যাস্ত "হাশরের" মাঠের সেই ছায়াহীন প্রচণ্ড সূর্য্যোত্তাপ-তলে দাঁড়াইয়া অপেক্ষা করিতে হইবে। "শারিয়াত্" সিদ্ধ "হালাল" ও বিশুদ্ধ জিনিয় সমূহ ব্যবহার করার জন্মই পরকালে কৈফিয়ৎ ও হিসাব নিকাশ দিতে হইবে এবং সেই জন্মই বাঁহারা "আবেদ", "জাহেদ", মহাপুরুষ, তাঁহারা অতি সন্তর্পণে "ফজুল-হালাল" অর্থাৎ অনাবশ্যক "হালাল"কে প্রায় হারানের মতই পরিত্যাগ করিয়া থাকেন। আর বাহা "হারাম" ও সন্দেহজনক তাহা তো প্রত্যেকের পক্ষেই অতি রণ্য, অস্পৃশ্য ও নরকের ভীষণ কালানলত্ল্য অবশ্য বর্জ্জনীয় ও পরিত্যাজ্য। এখন "হালাল" জিনিষ সম্বন্ধে আমাদের মোটামোটি একটু জ্ঞান লাভ করা উচিত।

"হালাল" অর্জ্জন ও উহার ব্যবহার—এখন জানা দরকার যে, এই "হালাল" অর্থাৎ শারিয়াত্ সম্মত, বৈধ, সিদ্ধ ও পবিত্র জিনিষ সমূহের মধ্যে কি পরিমাণ বা কতচুকু নির্বিল্পে উপার্জ্জন ও ব্যবহার করা চলেও কতচুকুর নিমিত্ত "হাবাছ", হিসাব-নিকাশ ও কৈফিয়তের জন্ম দায়ী হইতে হয় বা কতচুকুর জন্ম দায়ী হইতে হয় বা কতচুকুর জন্ম দায়ী হইতে হয় বা। এখন বিশেষ মনো-ধোগের সহিত শ্রবণ কর যে, "হালাল" তিন প্রকার ঃ—

(১) আত্মন্তরিতা, অহঙ্কার বা লোকের নিকট স্বীয় সম্মান প্রাপ্তি বা বৃদ্ধির উদ্দেশ্যেই যদি "হালাল" উপার্জ্জনে রত ও লিপ্ত হয় তবে ঐ ব্যবসায়, বা উপায়, শাস্ত্র-সম্মত হইলেও শুধু ''নিয়ত'' অর্থাৎ উদ্দেশ্যের জন্মই সে তিরস্কৃত, দণ্ডিত ও নরকে নিক্ষিপ্ত হইবার যোগ্য।

- (২) শারিয়াত্ সম্মত, বৈধ আত্ম স্থা ও আত্ম প্রাসাদের জন্মই যদি হালাল উপার্জ্জনে লিপ্ত হয়, তবে সে নরকগামী না হইলেও "হাবাছ" ও হিসাবের জন্ম দায়ী, বেমন মহামান্ম হজরত্ ( দঃ ) ফরমাইয়াছেন যে "তুনিয়ার "হালাল" বস্তুর জন্মই তো হিসাব দিতে হইবে, অর্থাৎ "হারাম" জিনিষ ও "হারাম" কাজের জন্ম তো নরকের দার স্পান্টই উন্মুক্ত ও বিভাষান রহিয়াছে, তাহার আর হিসাব নিকাশ কি ? হিসাব হইবে "হালাল" বস্তু ও "হালাল" কাজের উপরেই।
- (৩) এবাদাত্ বান্দেগী ও সৎকার্য্যাদি করণ ও সাদাসিধা ভাবে জীবন যাপন ও পরিবার প্রতিপালন উদ্দেশ্যে পরিমিত "হালাল" উপার্জ্জনে লিপ্ত ও রত হওয়াই নির্দ্দোষ ও প্রশংসিত উপার্জ্জন এবং ইহার জন্ম কোনরূপ হিসাব দিতে বা জবাবদেহী করিতে তো হইবেই না, বরং ঐ পরিমাণ উপার্জ্জনের চেফ্টানা করা দোষনীয় ও করিলে পুণ্যাধিকারী হইবে এবং এই উপার্জ্জনে তাহার যে পরিমাণ সময় ব্যয়িত হইবে, সেই সময়টা ভাহার এবাদাতের মধ্যে গণ্য হইবে। এখন কেহ যদি এই প্রশ্ন করে যে ঠিক "শারিয়াত্ সম্মত বৈধ উপায়ে পার্থিব স্থখ সম্ভোগ আশায় "হালাল" উপার্জ্জনে যদি কেহ ব্রতা হয় তবে কি তাহাও পাপ বলিয়া গণ্য হইবে? তাহার উত্তর এই য়ে, পূর্ব্বাক্ত ব্যাখ্যা ও বর্ণনা মত অত্যাবশ্যকীয় প্রয়োজন নিবারণার্থ

যদি এই "হালাল" উপার্জ্জনের প্রচেষ্টা হয়, তবে তাহা পুণাজনক ও উত্তম কাজ বলিয়া গণ্য হইবে, কিন্তু তাহা না হইয়া, উহা যদি "শারিয়াত্" সম্মত বৈধ, ভোগ, বিলাস, বাসনা-সঞ্জাত "ফজুল-হালাল" অর্থাৎ অনাবশ্যক "হালালও" হয় তথাপি সেই "হালাল" কাজ ও উপার্চ্ছনের জন্ম নরক যন্ত্রণা বা অন্য কোন প্রকার গুরুতর ও কঠিন দণ্ডভোগ করিতে না হইলেও অল্প একটু তিরক্ষার, লাঞ্ছনা ও "হাবাছ' ইত্যাদি ভোগ করিতে ও হিসাবের জন্ম দায়ী হইতেই হইবে। আবশ্যক ও অনাবশ্যক হালালের প্রভেদ ও পার্থক্য পরিস্কারভাবে বুঝাইবার জন্ম একটা উদাহরণ দিতেছি; যথা—বিবাহের মুখ্য উদ্দেশ্য সন্তান উৎপাদন ও রিপু দমন, ইত্যাদি, অথচ "শারিয়াতৃ" এক সঙ্গে চারিটি পত্নী গ্রহণ করিবার অধিকার প্রত্যেককেই প্রদান করিয়াছে। এমতাধস্থায় এক ব্যক্তির সন্তানবতী ও সম্ভোগ-সক্ষমা অর্থাৎ যুৱতী পত্নী থাকা সত্ত্বেও অন্য কোন রমণীর রূপে বা ঐশ্বর্য্যে বা অন্য যে কোন কারণে প্রালুদ্ধ বা বিমুশ্ধ হইয়া বিবাহ করিলে. সেই বিবাহকেই "ফজুল-হালাল" বা অনাবশ্যক "হালাল" বলিতে হইবে ও বুঝিতে হইবে। আর ঐ প্রথম বিবাহকে আবশ্যক হালাল বলিবে এবং ঐ প্রথম বিবাহের জন্য পরকালে কোন প্রকার জবাবদেহী করিতে হইবে না, কেননা, ইহা আবশ্যকীয় 'হালাল'। আর ঐ দ্বিতীয় বিবাহের জন্ম জবাবদেহী করিতে হইবে মাত্র, অন্য কোনরূপ দণ্ড হইবে না, কেননা ইহা অনাবশ্যক ''হালাল''।

আর প্রথমা পত্নী নিঃসন্তান, বন্ধা, বা সন্তোগ অযোগ্যা-রুদ্ধা বা স্থবিরা হইলে ঐ কৈফিয়ৎও দিতে হইবে না। প্রিয় সাধক! এখন বোধ হয় তুমি হুন্দর ভাবে হৃদয়ঙ্গম করিতে পারিয়াছ যে উক্ত উভয় বিবাহ একইরূপ তুল্য মূল্য ও "শারিয়াত্" সম্মত সিদ্ধ ও বৈধ, "হালাল" হইয়াও প্রথম বিবাহ আবশ্যকীয় "হালাল" গণ্যে পুণ্যার্হ ও দ্বিতীয় বিবাহ অনাবশ্যকীয় "হালাল" গণ্যে নিন্দার্হ ও লঙ্কার্হ।

এখন "হেছাব" ও "হাবাছ" কাহাকে বলে ভাহা জানা আবশ্যক। ইহ-লোকিক পাপ, গুণ্য, সৎ-অসৎ ইত্যাদি যজ্জাবতীয় কাজ, ও ''হালাল'' "হারাম" "মশকুক" "মোবাহ" আবশ্যকীয় ও অনাবশ্যকীয় "হালাল" ইত্যাদি যজ্জাবতীয় জিনিষাত অর্থাৎ ইহকালীয় স্বকৃত পাপ-পুণ্য কার্য্যাদি ও স্বোপার্জ্জিত, ''হালাল-হারাম'' জিনিযাদির সম্বন্ধে; কোন্ কাজ, কোথায় কি উদ্দেশ্যে, কেমন অবস্থায়, কি কারণে করা হইয়াছিল ও জিনিষ সমূহ কোন স্থান হইতে কি ভাবে কোন উদ্দেশ্যে সংগ্রহ বা উপার্জ্জন করা হইয়াছিল ও উহা কি, কি, ভাবে কোনু কোনু স্থানে, কোনু কোনু উদ্দেশ্যে ব্যয়িত হইরাছিল, কেয়ামত অর্থাৎ শেষ বিচারের দিন তত্তাবতের জন্ম আল্লাহ্-তায়লার নিকট যে কৈফিয়ত ও হিসাব নিকাশ দিতে ও জবাবদেহী করিতে হইবে. তাহাকেই "হিসাব" বলে, এবং ঐ কেয়ামতের মাঠে. উলঙ্গ, ক্ষুধিত, তৃষ্ণার্ত্ত অবস্থায় বেহেস্তে যাইতে পারিব,

কি. পারিব না ইত্যাদি আশা-নিরাশার সন্দেহোদেলিত ও ভীতি-বিহ্বল-চিত্তে উক্ত হিসাবের নিমিত্ত অনির্দ্দিষ্ট কালের জন্ম প্রতীক্ষা করিয়া থাকাকে "হাবাছ" বলে। এস্থলে এই প্রশ্ন জাগিতে পারে যে আল্লাহ্-তায়লা দয়া করিয়া তাঁহার বান্দাদের জন্ম যাহা "হালাল" করিয়া দিয়াছেন, তজ্জ্ব্য হিসাবের লাঞ্ছনা ও "হাবাছের" গঞ্জনা ও লজ্জা ভোগও সহ্য করিতে হইবে কেন ? তাহার উত্তর এই যে, "হালালের আদৰ" অর্থাৎ শিষ্টাচার ও সম্মান রক্ষিত হয় নাই বলিয়া। যেমন কোন সম্রাট তাঁহার জনৈক নগণ্য ও সাধারণ প্রজাকে এক সঙ্গে এক টেবেলে খাওয়ার অধিকার প্রদান করিলে, সেই বুভুক্ষু প্রজা রসনা তৃপ্তিকর নানাবিধ চব্য-চুয়্য-লেছ-পেয় খাতোর প্রাচুর্য্যে বিমুগ্ধ ও মোহিত হইয়া খাওয়ার, ''আদ্ব-কায়দা'' অর্থাৎ শিফ্টাচার বিস্মৃত হইয়া তৎপরিবর্ত্তে যদি অশিষ্টতা ও বর্ববরতা প্রদর্শন করে, তবে সে এ অশিষ্টতা ও বর্ববরতা প্রকাশ জন্ম আহার হইতে বঞ্চিত বা অন্য কোনরূপ কঠিন দণ্ডে দণ্ডিত না হইলেও, সে উপহাস, লাঞ্ছনা ও গঞ্জনা লাভের যে নিশ্চিত যোগ্য ও অধিকারী, তৎসম্বন্ধে যেমন সামান্য একটু সন্দেহেরও অবকাশ থাকিতে পারে না; সেইরূপ কেবল মাত্র এক আল্লাহ্-তায়লার উপাসনা করার জন্মই যে মানবের স্পষ্টি সে যদি স্বীয় কর্ত্তব্য ভুলিয়া অনাবশ্যক "হালালের" ভোগ বিলাসে প্রমন্ত হয়, তবে তাহার পক্ষে ঐ "হিসাব" ও "হাবাছের"

## তৃতীয় অধ্যায়

সামান্ত একটুখানি লাঞ্ছনা, গঞ্জনা সহু করাও অবশ্য উচিত। পারসিক কবি "গাদি" বলিয়াছেন—

خـورد ن برای زیستن و ذکرکردنست
تر معتقد که زیستن از بهر خوردنست
حاکی বিশ্ব ধারণ আর উপাসনা তরে
মানব স্থজিত এই অবনী ভিতরে।
তুমি ভাবিয়াছ বুঝি মনে আপনার
জীবন ধারণ শুধু করিতে আহার।

 কণ্টকা-কীর্ণ বন্ধুর পথে পরিচালিত করতঃ এবাদাতে অবহেলা ও ওদাসীতা প্রদর্শন করিলে, সে নিশ্চয়ই কঠোর দণ্ড ও কঠিন শাস্তি লাভের যোগা; কিন্তু অপার করুণাময় আল্লাহ্-তায়লা স্বীয় অনন্ত দয়াও অসীম করুণা মাহাজ্মে এমতাবস্থায়ও তাঁহার অধম ও একান্ত তুর্বল দাসগণের প্রতি কোনপ্রকার দণ্ডের ব্যবস্থাই না করিয়া, মাত্র 'হাবাছ' ও ''হিসাবের' সামাত্য একটু লাঞ্ছনা, গঞ্জনা ও লজ্জা দেওয়ার বিধানই নির্দিষ্ট করিয়াছেন। ধত্য, ধত্য, ধত্য—হে! তুমি দয়াময়।

এই অনাবশ্যক "হালালের" প্রতি "মোন্ডাকীদের" বিশেষভাবে তীক্ষ্ণ দৃষ্টি রাখা একান্ত প্রয়োজন। যাঁহারা সাধারণ শারিয়াত্ওয়ালা অর্থাৎ "মোন্ডাকী", "জাহেদ' বা "ছুফী" নন, তাহাদের পক্ষে "ফজুল-হালাল" অর্থাৎ অনাবশ্যক "হালাল" জিনিষ তত দোষনীয় না হইলেও, "ছুফী" "মোন্ডাকী" ও "জাহেদের পক্ষে উহা ভয়ঙ্কর বিষাক্ত ও অতি মারাত্মক। হজরত্ এব্রাহিম আদহাম, (রহঃ) কথিত নিম্নলিখিত উপদেশ চতুষ্টায় মানব নাত্রেরই বিশেষভাবে স্মরণ রাখা একান্ত কর্ত্ত্ব্যা (১) অতি ভোজী কখনই এবাদাতে স্থখ ও শান্তি পাইবে না। (২) যে অধিক নিদ্রা যায়, তাহার আয়ু কমিবেই কমিবে। (৩) যে ব্যক্তি কেবল মানবেরই মন যোগায় সে কিছুতেই আল্লাহ-তায়লার মন যোগাইতে ও তাঁহার দয়াকর্ষণ করিতে সমর্থ হইকে

## ্তৃতীয় অধ্যায়

না। (৪) যে অধিক কথা বলিবে, তাহার মুখ হইতে মিগ্যা ও পরনিন্দাও নিশ্চয় বাহির হইবে।

কাপুরুষ তুর্বল ও ভীরুর পক্ষে এই ''ঘাটি" অতি কঠিন; কিন্তু সাহসী নির্ভীক ও ''তাওয়াকোলওয়ালা" অর্থাৎ আল্লাহ্-তায়লার উপর সম্পূর্ণ নির্ভর ও ভরসাকারীর পক্ষে এই ঘাটি অতি সহজ ও সরল।

এই ঘাটি নির্বিবাদে ও নিরাপদে উত্তীর্ণ হওয়ার জন্ম আমার ও সমগ্র মোসলমান ভ্রাতাভগ্নীদের পক্ষ হইতে অপার করুণাধার আল্লাহ্-তায়লার দয়া ও করুণা প্রার্থনা করিতেছি, আ-মী-ন।

## ভতুর্থ অধ্যাস্ত্র আওয়ারেজের ঘাটি

"আরেজের" বছবচন "আওয়ারেজ"। আরেজের অর্থ প্রতিবাদরূপে যাহা সম্মুখে আসে, অর্থাৎ বাধা, প্রতিবন্ধকতা, রুদ্ধতা, ইত্যাদি। যে আরেজ, এবাদাতের প্রতিবন্ধক, "ছালেকের" পক্ষে তাহাকে অতি সম্বর অপসারণ করা অবশ্য কর্ত্তব্য এবং এই আওয়ারেজ চারি প্রাকার—(১) "রেজেক" (رزق)) অর্থাৎ অন্ন চিন্তা। (২) "তাফভিজ" ( تفريف ) অর্থাৎ জীবনের ছোট বড় প্রত্যেক কাজ স্কুফল প্রসূত্ত সফল করার জন্ম সম্পূর্ণভাবে আল্লাহ-তায়লাকে আত্ম সমর্পণ করা। (৩) "কাজা" (نض؛) অর্থাৎ অদৃষ্ট লিপি অনুযায়ী ইহ-সংসারে মানবের ভাগ্যে নিত্য যাহা ঘটিতেছে উহা "স্থ" বা "কু" "ভাল" বা "মন্দ" "স্থখ" বা "তুঃখ" যাহাই কেন হউক না। (৪) ছাবার ( صبر ) ধর্ষ্যা, অর্থাৎ সর্ব্ব রকম সর্ব্বকার্য্যে, বিপদে, সম্পাদে, ধর্য্যাবলম্বন করা, অর্ধার ও অধ্বর্য্য না হওয়া।

প্রথম রেজেক অর্থাৎ অন্নচিন্তা—অন্নের চিন্তা থাকিলে বিশুদ্ধ এবাদাত্ বান্দেগী কিছুতেই হইতে পারে না; অথচ অন্ন অর্থাৎ আহার ভিন্ন জীব বাঁচিতেও পারে না। অতএব

''আবেদ'' ও উপাসকের সর্বব প্রধান ও প্রথম কর্ত্তবা ঐ আহার্যা বস্তুর চিন্তা হইতে নিজেকে বিমুক্ত করা এবং ঐ অন্ধ-চিন্তা হইতে মুক্তি লাভের একমাত্র উপায় তাওয়াক্ষোল করা, অর্থাৎ খাছ প্রাপ্তি সম্বন্ধে সম্পূর্ণভাবে আল্লাহ্-তায়লার উপর অবিচলিত স্থির ও দৃঢ় নির্ভর, ভরসা, ও বিশাস স্থাপন করা এবং মোসলমান মাত্রেরই 'তাওয়াকোল' করা ফরজ, কেননা, আল্লাহ-তায়লা করমাইতেছেন কুর্নিটিন কুর্নিটিন কুর্নাইতেছেন আলাহ্-তারলা তোমাদিগকে স্থপ্তি করিয়াছেন, তৎপর তোমাদের আহারও যোগাইতেছেন)। এই আয়েৎ দারায় পরিস্কার বুঝা গেল যে. তিনি যেমন জীব স্থপ্তি করিয়াছেন, তেমনই তাহাদের আহারও স্প্রি করিয়াছেন এবং জীবকে আহার প্রদান করিবেন বলিয়া দয়া করিয়া তাহার অনুজ্ঞাও জ্ঞাপন করিয়াছেন : যথা— \* إِنَّ اللَّهُ هُو الرَّبَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِيْنِ ( अर्थाए निশ্চয়ই আল্লাহ্-তায়লা অমদাতা ও তিনি অতি শক্তিশালী) এবং সেই খাছ্য বস্তু জীব মাত্রকেই বিতরণ করিবার জেম্বাদারী. অর্থাৎ দায়িত্বও, স্বয়ংই দয়া করিয়া গ্রহণ করিয়াছেন যথা— عَلَى اللهِ رِ زُقَهَا \* ) رَ مَا مِنْ دَابَةً فِي الْأَرْضِ اللَّهَ عَلَى اللهِ رِ زُقَهَا \*

প্রাণী মাত্রকেই আল্লাহ্-তারলা আহার প্রদান করিবেন)
তৎপর উহা যথাযথভাবে প্রদত্ত হইবে বলিয়া অপার করুণাময়
আল্লাহ্-ভ্রায়লা স্বয়ং শপথও গ্রহণ করিয়াছেন, যথা—

अर्थां निष्कंह निष्कंत मंशे ) فَوَرَبِ السَّمَاءِ رَ ٱلْأَرْضِ إِنَّهَ لَحَقَّ ﴿ করিয়া ফরমাইতেছেন যে, আকাশ ও মেদিনীর পালন কর্তার শপথ করিয়া বলিতেছি যে, উহা অতি সত্য অর্থাৎ প্রাণী মাত্রকেই আমি সাহার প্রদান করিব), তৎপর আল্লাহ্-তায়লার উপর সম্পূর্ণ নির্ভর ও ভরসা করিবার জন্ম তাওয়াকোলের আদেশ وَنُونَكُ عَلَى الْحَى الَّذِي كُلُ يُمُونُ \* —প্রান করিয়াছেন যথা \* فَالْ يُمُونُ اللَّهِ عَلَى الْحَلَّى اللَّهِ عَ (অর্থাৎ তাঁহারই উপর "তাওয়াকোল" অর্থাৎ নিবূর্যুচ় ভরসা কর, যাহার মৃত্যু নাই )। প্রাণী মাত্রকেই আহার্য্য প্রদান সম্পর্কে স্বয়ং আল্লাহ্-তায়লার এই সকল আদেশ, শপথ, প্রতিশ্রুতি ও খাছ্য প্রদানের জেমাদার হওয়া, প্রভৃতি উক্তির প্রতি যদি কেহ বিশ্বাস বা আস্থা স্থাপন না করে; অথবা একবিন্দু পরিমাণ.ও দন্দেহ করে, তবে তাহার শিরে যে কি ভীষণ বজ্র-কঠোর শণ্ড নিপতিত হইবে, তাহা ভাবিতেও ভয়ে প্রাণ বিকম্পিত ও শিহরিয়া উঠে। আমাদের মহামান্ত পারগাম্বার হজরত ( দঃ ) এবনে ওমরকে (রাজিঃ) করমাইয়াছিলেন বে, তুমি যদি সেই সময় পর্য্যন্ত জীবিত থাক, যে সময় ইমানের দৌর্ববল্য বশতঃ মানুষ আল্লাহ্-তায়লার উপর ''তাওয়াকোল" না করিয়া সম্বৎ-সরের আহারীয় বস্তু ঘরে সঞ্চিত ও সংগ্রহ করিয়া রাখিবে. তাহা হইলে তুমি কি কর ? তিনি সন্ত্রস্ত ও তটস্থভাবে বলিয়া উঠিলেন বে এযা রছুলোল্লাহ্ ( দঃ ) আমি যেন তাহাদের মুখা-বলোকন না করি, তজ্জ্বতা আল্লাহ্-তায়লার সাহায্য ও করুণা

ভিক্ষা ও প্রার্থনা করিতেছি। হাছান বাছরী (রাজীঃ) বলিয়াছেন, যাহারা আল্লাহ্-তায়লার উক্তি ও শপথ বিশ্বাস করে না, তাহারা "লাস্কানতি" অর্থাৎ অভিশপ্ত ও অতি পাষ্ট ।

এখন "তাওয়াক্ষোলের" অর্থ ও ব্যাখ্যা এবং উহা কোন স্থানে কি পরিমাণ, কি ভাবে, কতটুকু, প্রযোজ্য, তাহা বিষদভাবে অবগত হওয়া একান্ত প্রয়োজন। "ওকালত" বা "ভেকালাত" শব্দ হইতেই "তাওয়াকোল" ও "উকিল" শব্দদ্বয বাহির হইয়াছে। কেহর প্রতি সম্পূর্ণ নির্ভর ও ভরসা করাকে "তাওয়াকোল" ও ভরসাকারীকে "মোতোয়াক্কেল" ও যাহার উপর ভরসা করা হয়, তাহাকে ''উকিল" বা ''ভকিল" বলে। ''তাওয়াকোলের" শব্দগত অর্থ ইহা হইলেও একমাত্র আল্লাহ -তায়লার উপর পূর্ণ নির্ভর ও ভরসা করা অর্থেই এই শব্দ ব্যবহার হইয়া আসিতেছে এবং "তাওয়াকোলে"র প্রকৃত ও আসল উদ্দেশ্য ও অর্থও এই যে, আল্লাহ-তায়লা ভিন্ন অন্য সমস্ত, মানুষ, ফেরেস্তা, দেবতা, উপদেবতা, জেন-পরী. জীব-জন্তু, কটি-পতঙ্গ, গাঁছ-পালা, নদী-নালা, পাহাড়-পর্বত, জল-স্থল, উদ্ভিদাদি, মুজ্জাবতীয় ও সর্ববপ্রকার জিনিষাত ও জাব-জন্তু হইতে সামান্য একটু সাহায্য লাভের বা বল ভরসার আশাটুকু পর্যান্ত সমূলে মন হইতে উৎপাটিত করিয়া একমাত্র আল্লাহ্-তায়লার উপরই পূর্ণ নির্ভর, ভরসা ও দৃঢ় বিশাস স্থাপন ক্রা অর্থাৎ আলাহ্-তায়লার উপর ভরদা করার অর্থেই 'তাওয়াকোল' শব্দ ব্যবহৃত হয়, অন্মের প্রতি ভরসা বা নির্ভর করাকে ''তাওয়াকোল" বলে না, এবং তিন স্থলে বা অবস্থায় ''তাওয়াকোল" করা অবশ্য কর্ত্তব্য অর্থাৎ ''ফারজ"।

প্রথম—অদৃষ্ট বা নিয়তির স্থলে, কেননা আল্লাহ্-তায়লা অদৃষ্টে যাহা লিখিয়াছেন, তাহা হইবেই হইবে, কিছুতেই তাহার অন্তথা বা তাহা রোধ হইবে না ও হইতে পারে না।

দ্বিতীশ্র—প্রতি কার্য্যস্থলে অর্থাৎ আল্লাহ্-তায়লার সাহায্য ভিন্ন কোন কাজ বা কোন কিছুই করিবার উপায় বা ক্ষমতা মানবের নাই এবং তাঁহার প্রতি অবিচলিত ও পূর্ণ নির্ভর ও ভরসা করিয়া যে কোন সৎকার্য্যে হস্তক্ষেপ করিলে নিশ্চয়ই তাঁহার সাহায্য প্রাপ্ত হইবে।

তৃতীর—অন্ন সংস্থান অর্থাৎ জীবন "ধারণোপযোগী" অন্ন প্রাপ্তি স্থলে, এবং এই স্থলে 'তাওয়াকোল' করা মোসলমান মাত্রেরই উপর, ফার্জ—নামাজের মতই "ফারজে-আয়েন" এবং এই স্থানে আল্লাহ্-তায়লার উপর পূর্ণ "তাওয়াকোল" করার প্রয়োজনীয়তার বিষদ ব্যাখা। করাই আমার উদ্দেশ্য, কেননা এই "রেজেক," অর্থাৎ অন্ন ও আহারীয় প্রাপ্তি স্থলে আল্লাহ্-তায়লার উপর পূর্ণ তাওয়াকোল না করিলে মানুষ মোসলমানের গণ্ডি হইতে বাহির হইয়া যায় ও "কাফেরে" পরিণত হয়। কাজেই "রেজেক" অর্থাৎ জীবন-ধারণোপযোগী খাছ্য-বস্তু বা উহা ক্রেয় করার পরিমাণ অর্থ সংগ্রহ ও প্রাপ্ত হওয়ার বা লাভ করার স্থলে "তাওয়াকোল" করিতেই

হইবে। এই "রেজেক" (رِزْقُ ) চারি প্রকার— (১) "রেজেকে-মাজমুন? (رُزْقِ مُضْمُونُ) (২) "রেজেকে-"মাক্ছুম" (رُزْقِ مُقْسُومُ ) (৩) " রেজেকে-মামলুক । (رِزْقِ مُرْعُود) (৪) রেজেকে-মাওস্কুদ (رِزْقِ مُمْلُوك)

প্রথম—"রেজেকে-মাজমুন" অর্থাৎ যে খাত্ত-বস্তু যোগাইবার জন্ম আল্লাহ্-ভায়লা জামিন হইয়াছেন অর্থাৎ দয়া করিয়া প্রতিশ্রুতি প্রদান করিয়াছেন, উহা সেই পরিমাণ আহাৰ্য্য ও পানীয় যাহা না হইলে মানব জীবিত থাকিতে পারে না (তন্তির বস্ত্র কিম্বা অন্যান্য একান্ত প্রয়োজনীয় তৈজ্ব-পত্রাদি, গৃহ-সামগ্রী ইহার অস্তর্ভূক্তি নহে) সেই পরিমিত আহার্যা ও পানীয়। উহা খাছ্য বস্তুর দ্বারাই হউক বা নগঢ় টাকা পয়সার দ্বারায়ই হউক বা অন্য যে কোন উপায়েই হউক, বিনাশ্রমে বিনাচেফীয় করুণাময় আল্লাহ্-তায়লা হইতে, শুধু মানব নহে জীব মাত্রেই প্রাপ্ত হইবে, কদাচ ইহার অন্যথা হইবে না ও হইতে পারে না। এই স্থির বিশ্বাস ও একিনের সহিত আল্লাহ-তায়লার উপর তাওয়াকোল করা প্রত্যেক মোসলমানের উপর সমভাবে ফারজ নামাজের মতই "ফারজে আয়েন", ''ফারজে আয়েন,'' ''ফারজে আয়েন''। এই সম্বন্ধে কোরাণ শরিফে ভূরি, ভূরি, প্রমাণ ও নিদর্শন থাকা সুত্ত্বেও অধিকস্তু নঃদোষায়েৎ রূপে তিনটা অতি সরল যুক্তির দারায়ও ইহার যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা, সপ্রমাণ করিতে আমি প্রয়াস পাইব।

প্রথম সুক্তি—আল্লাহ্-তারলা প্রভু, আমরা তাঁহার দাস।
প্রভুর কাজ করা ও আদেশ পালন করা দাসের পক্ষে যেমন
অবশ্য কর্ত্তব্য ও পাল্য; দাসের আহার যোগানও তেমনই
প্রভুর পক্ষে বিধেয়।

দ্বিতীয় শুক্তি—আল্লাহ্-তায়লা জীবনকে যখন খাত্যাধীন করিয়াছেন অথচ ঐ খাত্য প্রাপ্তির পথ জীবকে বলিয়া দেন নাই, তখন জীবের জীবন ধারণ পরিমিত আহার্য্য আল্লাহ্-তায়লার আপনা হইতে যোগানই স্বাভাবিক।

ত্রতীর স্থাক্তি— চুইটা পৃথক ও বিভিন্ন শক্তির একত্র একই সময়ে, একই স্থানে সমাবেশ হওয়া যেমন অসস্তব, এক্ই হাদয়কে, একই সময়ে পরম্পর বিরোধী ছুইটা কাজে একত্র মিযুক্ত করা ও রাখাও তেমনই অসম্ভব, অর্থাৎ খাছাাঘেষণে ব্যাপৃত মানবের দ্বারায় যেমন এবাদাত্ বান্দেগী ও অক্যান্ত সৎ-কার্য্যাদি স্থচারুরূপে স্থসম্পন্ন ও নির্বাহ হইতে পারে না, এবাদাত্ বান্দেগীতে রত ও লিপ্ত মানবের পক্ষেও তদ্রুপ খাছাা-বেষণে ব্যস্ত ও ব্যাপৃত থাকা চলে না। একের আরম্ভে অপরের অবসর বা একের আগমনে অপরের তিরোধান, অবধারিত ও স্থনিশ্চিত। অতএব আল্লাহ্-তায়লা মানবকে যখন কেবল মাত্র এবাদাত্ বান্দেগীর জন্তাই স্থিতি করিয়াছেন ও উহা স্থচারুরূপে সম্পন্ন করিতে বিশেষভাবে আদেশ প্রদান করিয়াছেন, সেমতাবস্থায় মানব যাহাতে নিশ্চিন্তে ও নিরুদ্বেগে এবাদাত্ বান্দেগীতে লিপ্ত হইতে পারে তজ্জ্য জীবন ধারণোপযোগী আহার্যা বিনাশ্রমে মানবকে প্রদান করাও আল্লাহ্-তায়লা সঙ্গত ও উচিত বোধ করিয়াছেন, যাহাতে মানব নির্বিবাদে ও সর্ববাস্তঃকরণে এবাদাত্ বান্দেগীতে আত্ম-নিয়োগ করিতে পারে।

"বিতীয় বেজেকে-মাক্ছুম" তাহাকে বলে যাহা, ''আজাল" (ازل)) অর্থাৎ প্রথম স্প্রির দিনই, আল্লাহ্-তারলা, তাহার "বান্দাদের খাজ-পের, বস্ত্র, ধন, জন ও অন্তান্ত জিনিবাদি প্রাপ্তির পরিমাণ ও প্রাপ্তির সমর নির্দেশ করিয়া দিয়াছেন, উহার একটুও ব্যতিক্রম বা এতটুকুও এদিক্ ওদিক কিছুতেই হইতে পারে না, হয় না ও হইবে না। যেমন আমাদের মহামান্ত হজরত্ (দঃ) ফরমাইয়াছেন যে "রেজেক বন্টন হইয়া গিয়াছে, কোন পুণ্যবানের পুণ্যেও উহা বাড়িবে না ও পাপীর পাপেও উহা কমিবে না"।

তৃতী হা "ব্রেক্তেকে-মাম্লুক" তাহাকে বলে, যাহা আল্লাহ্-তায়লার আদেশ মত অদৃষ্টের নির্দ্দেশানুসারে মানব ইহকালে ভোগের জন্ম যৈ সমস্ত জিনিষাতের স্বভাধিকার বা স্বামিষ প্রাপ্ত হয় বা স্বায় পরিশ্রম, যত্ন, চেফ্টার দ্বায়ায় উপার্জ্জন করে, অর্থাৎ স্বোপার্জ্জিত বা উত্তরাধিকার-সূত্রে যে সমস্ত ধন, সম্পত্তি পাওয়া যায়, তত্তাবত প্রত্যক্ষভাবে খাওয়া-পরা না চলিলেও, পরোক্ষভাবে চলে, যেমন ভূসম্পত্তি ও পত্না ইত্যাদি, ইত্যাদি। প্রত্যক্ষভাবে ইহা খাওয়া-পরা যায় না সত্য, কিন্তু সম্পত্তির

উপস্থত্বের দ্বারায় খাওয়া, পরা ও দ্রীর রূপ, যৌবন, সেবা, যত্ন ইত্যাদি উপভোগ ও সম্ভোগ করা চলে।

চতুর্থ "রেজেকে-মাওক্রুদ" চুক্তি-মূলক "রেজেক" অর্থাৎ দরামর আল্লাহ্-তারলা স্বীয় অপার করুণাবলে তাঁহার "মোত্তাকী" অর্থাৎ পুণ্যবান বান্দাগণকে তাহাদের স্বকৃত পুণ্যের মাত্রাধিক্যতা, বা স্বল্পতানুসারে উহার বিনিময়ে (ঐ পুণ্যের বিনিময়ে) পরকালে তো অসংখ্য দান করিবেনই; তন্তিন্ন ইহকালেও যে অপর্য্যাপ্ত ও অপরিমিত বিত্ত, সম্পদ, সম্মান ও পুত্র, কলত্র ও পারিবারিক নানাপ্রকার স্থখ, শান্তি ও ধন, জনাদি দান করিবার ওয়াদা করিয়াছেন অর্থাৎ প্রতিশ্রুত্ব প্রদান করিয়াছেন, তাহাকেই "রেজেকে-মাওয়ুদ" বলে, অর্থাৎ সর্ত্তিয়া বা চুক্তি-মূলক দান, যেমন আল্লাহ্-তায়লা ফরমাইতেছেন— .

\* رَكُنَ يَتَوَّ الله يَجْعَلْ لَهُ صَخْرِجًا رَيْرَوْتُ وَ صُلَ كَيْتُ الله يَجْعَلْ لَهُ صَخْرِجًا رَيْرَوْتُ وَ صُلَ كَيْتُ الله يَجْعَلْ لَهُ صَخْرِجًا رَيْرَوْتُ وَ صُلَ كَيْتُ الله يَجْعَلْ لَهُ صَخْرِجًا رَيْرَوْتُ وَ صُلَ وَالْمِوهِ الله وَالله وَاله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله وَالله

পরিণত হইয়া এছলামের গণ্ডির বাহির হইয়া পড়ে। "তওবা" করতঃ পুনরায় ইমান না আনিলে সে আর "মোসলমান" পদবাচ্য হইতে পারে না। যে সমস্ত উপায়ে "তাওয়াক্ষোলে"র ভিত্তি হৃদয়ে দৃঢ়ভাবে স্থাপিত, অধিষ্ঠিত ও বন্ধমূল হয় তত্তাবতের মধ্যে নিম্নে অল্প কয়েকটা উপায়ের বিষয় বর্ণনা করা যাইতেছে, উহা এই যে, জীবকে খান্ত যোগান সম্পর্কে "কোরাণ শরিফে" স্বয়ং আল্লাহ্-তায়লার প্রতিশ্রুতি প্রদান ও ''জামিন'' হওয়ার ''আয়েৎ'' ও তাঁহার সত্যবাদিতা ও অসীম শক্তিশালিতা ও ক্ষমতার বিষয় বিশেষভাবে লক্ষ্য করা ও সদা সর্ববদা স্মারণ করিতে থাকা এবং কখনই কোন অবস্থাতেই তাঁহার ভুল-ভ্রান্তি হয় নাও হইতে পারে নাও কোন কার্যোই তিনি অক্ষম বা অপারগ নহেন ও তাঁহার ''ওয়াদা'' অর্থাৎ প্রতিশ্রুতি কখনই রুখা বা নিক্ষন হয় না ও হইতে পারেনা ও কোন কিছুই অতি সামান্ত ও নগণ্য বস্তু বা কথাও তিনি বিস্মৃত হন না বা তাঁহার প্রজ্ঞাঃ চক্ষুকে এড়াইতে পারে না ইত্যাদি, ইত্যাদি, বিষয়ের উপর মানবের অবিচলিত স্থির ও দৃঢ় বিশ্বাস জন্মিলে তখন সে আপনা হইতেই আল্লাহ্-ভায়লার উপর "তাওয়াকোল" করিতে থাকিবে।

এখন যদি কেহ প্রশ্ন করে যে, কোন বিশেষ অবস্থাধীনে কোনও প্রকার ''রেজেকের" জন্ম পার্থিব কোনরূপ চেফী বা তদ্বির করা সঙ্গত কি না ? তাহার উত্তর এই যে, প্রথম ''রেজেকে-মাজমুন", অর্থাৎ জীবিত থাকার উপযুক্ত পরিমাণ আহার্য্য ও দ্বিতীয় ''রেজেকে-মাক্ছুম'' অর্থাৎ অদৃষ্ট-লিপির

নির্দ্ধারিত ও নির্দিষ্ট খাছা, অর্থ, বা ধনাদি। এই উভয় প্রকার অর্থাৎ ঠিক জীবন ধারণ পরিমিত রেজেক, প্রাপ্তি, লাভ বা অর্জ্জন আশায় মোসলমান মাত্রের পক্ষেই কোনপ্রকার পার্থিব চেষ্টা যত্ন করা তো বহুদূরের কথা, চেফী করার ইচ্ছা, চিন্তা, বা কল্পনাও মনে উদিত হইতে পারে না, কেননা, ইহা (বাঁচিয়া থাকার পরিমাণ খাছাদি) জীবের জীবন মরণের সমস্তা, আর জীবন মৃত্যুর উপর আল্লাহ্-তায়লা ভিন্ন অন্য কেহর *হস্তক্ষে*পের ক্ষমতা ও অধিকার মাত্রও নাই, বিশেষতঃ আল্লাহ্-তারলা বিনাসর্ত্তে স্বীয় অপার করুণাবশে স্বয়ংই যে জিনিষের জিম্বাদারী অর্থাৎ দায়িত্ব স্বহস্তে গ্রহণ করিয়াছেন ও বিনা চেফায় বিনাশ্রমে প্রত্যেক প্রাণীকে কোন্সময়, কোন্ স্থান হইতে, কোন্ জিনিষ, কোন্ উপায়ে কি পরিমাণ ও কি, কি ভাবে কাহার দ্বারায় কোথায় কিরূপে কতটুকু প্রদান করিবেন, তাহার প্রত্যেকটা ছোট, বড়, সমস্ত বিষয় ও কথাও যখন ''লাওহ্-মাহ্ফুজে' ( لرح سحفوظ ) वियमভाবে निशिया ও আমাদের জন্মের বহু সহস্র বৎসর পূর্ব্ব হইতেই প্রত্যেকের ''কেছ্মাৎ'' অর্থাৎ প্রাপ্য-গণ্ডাও বণ্টন করিয়া রাখিয়াছেন, তখন ক্ষুধার অন্ন যোগাইবার জন্ম, উপায়-জ্ঞানহীন ও অসমর্থ, তুর্ববল, অদুরদশী মানবের পক্ষে, নিশ্চিত প্রাপ্তি ও সফলতার নিক্ষণ্টক পুণ্যোজ্জ্বল ''তাওয়াকোলের'' স্থমহান পৃতঃ, পবিত্র অনায়াস-লভ্য পথ হইতে বিচ্যুত ও বিভ্রান্ত হইয়া অন্ন লাভের, অজ্ঞেয়, অপরিচিত, অজ্ঞানিত ও অনিশ্চিত, চেফ্টা তদ্বিরের মিথ্যা,

বিকল ও কণ্টকাকীর্ণ আয়াস-সাধ্য, বন্ধুর পথে শুধুই প্রধাবিত হওরা কি একান্তই মূর্থতা, বাতুলতা, ব্যর্থতা ও পগুশ্রম নহে ? হে আমার স্বধর্মাবলম্বি মোসুেম, ভাতাভগিনিগণ! উত্তমরূপে জানিয়া রাখ ও দৃঢ়তার সহিত বিশাস কর, অদৃষ্টলিপি অখগুনীয় যাহার "তক্দিরে" যে প্রাপ্য লিখা আছে তাহা সে পাইবেই পাইবে, পাইতেই হইবে। যেমন আমাদের মহামান্য পারগাম্বার হজরত (দঃ) একদিন জনৈক ভিক্ষুককে একখণ্ড রুটী দান করার সময় ফরমাইয়াছিলেন যে, "এই রুটীটি নিয়া নেও, তুমি যদি না আসিতে, তবে এই রুটীই তোমার নিকট চলিয়া যাইত"।

যদি কোন নির্বোধ, এই প্রশ্ন করে যে, রেজেকের মত আমাদের যজ্জাবতীয় কাজ-কর্ম্ম, পাপ-পুণ্য "লাওহ্-মাহ্ফুজে" অর্থাৎ অদৃ্ট-লিপিতে লিখিত হওয়া সত্ত্বেও আমরা পুণ্য ও সৎকাজ করিতে এবং পাপ ও অসৎ কাজ হইতে বিরত থাকিতে আদিষ্ট হইয়াছি। এমতাবস্থায় আমাদের কৃতকার্য্যতার দ্বারায় ঐ পাপের বা পুণ্যের ফলপ্রাপ্তি সম্বন্ধে কোনরূপ ইতর বিশেষ হয় কি না ? অর্থাৎ বাড়ে কমে কি না ? তাহার উত্তর এই যে, পুণ্য ও সৎকাজ করিবার জন্য আল্লাহ্-তায়লা আমাদিগকে আদেশ প্রদান করিয়াছেন এবং উহা না করিলে বা পাপজনক কাজ করিলে আমাদিগকে কঠোর দণ্ড প্রদান করিয়াছেন বিরাধিত আদেশ প্রচার করিয়াছেন এবং দয়া করিয়া ইহাও ঘোষণা, ও 'ওয়াদা' করিয়াছেন যে, আমরা পুণ্য ও সৎকাজ করিলে আমাদিগকে স্প্রপ্রচুর ও অপ্রত্যাশিত পুরস্কার ও পারিতোষিকও

প্রদান করিবেন। কিন্তু ''রেজেক'' অর্থাৎ জীবের আহার্য্য প্রদান সম্বন্ধে যেরূপ স্বয়ং "জেম্বাদারী" গ্রহণ ও "ওয়াদা" করিয়াছেন, পাপ-পুণ্য সম্বন্ধে সেরূপ কোন "ওয়াদা" কোথাও কখনই করেন নাই অর্থাৎ "রেজেক" সম্বন্ধে যেমন "ওয়াদা" করিয়াছেন যে, তুমি হিন্দু, মোসলমান, খুফীন, জৈন, পারসিক, ইহুদী, বৌদ্ধ, ইত্যাদি যে কোন ধর্মাবলম্বী ও বে কোন শ্রেণীর ও যে কোন প্রবৃত্তি ও প্রকৃতির জীবই হও না কেন, এবং সম্পূর্ণ অলস ও নিক্ষন্ম হইয়া যে কোন নির্জ্জন বনে বা নিভূত, বন্ধুর-পর্ববত-কন্দরে ও গিরি-গুহায় নীরবে নিশ্চেষ্ট বসিয়া থাক না কেন, তোমার জীবন ধারণোপযোগী পরিমিত খাছা তোমার বিনা চেষ্টায়, বিনাশ্রমে, বিনা-আহ্বানে নির্বিববাদে তথায় বসিয়াই তুমি পাইবে, পাইবেই পাইবে: এবং নিশ্চিতই তোমাকে উহা পাইতেই হইবে, কোন অবস্থাতেই, কোন প্রকারেই ও কোন কিছুতেই ইহার ব্যত্যয় বা অন্যথা হইবে না ও হইতে পারিবে না। পাপ-পুণ্যাদি সম্বন্ধে অপার করুণা ও মঙ্গলময় আল্লাহ্-তায়লা স্বয়ং এরূপ কোন কিছুর "জামিন" বা জিম্বাদারও হন নাই বা কোন প্রকার প্রতিশ্রুতিও প্রদান করেন নাই; বরং পরিন্ধার ও বিস্তৃতভাবে কোরাণ শরিফের বহুস্থলে পুণ্যের জন্য স্লেহ-কোমল মধুরকণ্ঠে পুরস্কার, ও পাপের জন্ম বজ্র-কঠোর তাব্র-কণ্ঠে ও গন্তীর নির্ঘোষে তিরস্কারই ঘোষণা ও প্রচার করতঃ কোমলে-কঠোরে, সংমিশ্রিত, মিশ্র ও সর্ত্রযুক্ত ওয়াদা ও প্রতিশ্রুতিই প্রদান করিয়াছেন। অতএবই অপরিজ্ঞাত, অদৃশ্য অদৃষ্ট-লিপির উপর নির্ভর করিয়া বসিয়া থাকা চলে না,তোমাকে আদেশ পালনার্থ কার্য্যে রত হইতেই হইবে এবং "তক্দির" অর্থাৎ অদৃষ্ট সম্বন্ধে আরও একটু অবগত হওয়া প্রয়োজন, তাহা জানা থাকিলে "রেজেক', পাপ-পুণ্য, স্থুখ-তুঃখ, সদাসৎ ও সর্বপ্রকার কার্য্যাবলা, সম্বন্ধে আল্লাহ্-তায়লার নির্দিষ্ট "তক্দিরের" গুঢ়ার্থ ও মর্ম্মাদি বুঝিতে আর কোনপ্রকার কর্ষ্ট বা বেগ পাইতে হইবে না, এবং এই বিষয়ক সমস্ত কথা ও ব্যাখ্যাই অতি সহজ ও সরলবোধ্য হইয়া পড়িবে। উহা এই "তক্দির" তুই প্রকার—প্রথম "নোব্রেম্ বা মাত্লাক"। দ্বিতীয় "নোয়াল্লাক"।

প্রথম "মোব্রেম্ বা মাত্লাক" (এই উভয় শব্দই একার্থ জ্ঞাপক শব্দ) "তক্দির-মোব্রেম্" সেই অদৃষ্ট-লিপিকে বলে, যে লিপি সর্ত্তবিহীন ও অথগুনীয়; যাহা কিছুতেই পরিবর্ত্তিত বা খণ্ডিত হইবে না, হইতে পারে না, উহা ঘটিবেই ঘটিবে এবং ঘটিতেই হইবে—যেমন "রেজেক" ও মৃত্যু।

দিতীয় তক্দির "নোক্রাক্লাক" ইহা সর্ত্যুক্ত অদৃষ্টলিপি; অতএবই ইহার পরিবর্ত্তন হয়। যেমন এই কয়টী পুণাজনক কাজ করিলে তুমি বেহেস্তে যাইতে পারিবে, উহা না করিয়া তদিপরীত পাপে লিপ্ত হইলে দোজথে নিপতিত হইবে ইত্যাদি, ইত্যাদি।

অতঃপর তৃতীয় "রেজেকে-মাম্লুক্" ও চতুর্থ "রেজেকে-মাওয়ুদের" অর্থ পূর্বেবই বর্ণনা করা হইয়াছে। এখন উহার সিদ্ধাসিদ্ধ ও ব্যবহার প্রণালী সংক্ষিপ্তভাবে প্রবণ কর। পূর্ব্বেই বলা হইয়াছে যে প্রথম চুইটী "রেজেকে-মাজমুন" ও "রেজেকে-মাক্ছুম" অর্থাৎ সেই পরিমাণ আহার্য্য-বস্ত্র ও শীতাতপ নিবারক গৃহ, কুড়ে, বুক্ষ-তল বা পর্বত-কন্দর বা ধন, জন, ইত্যাদি, যাহা না হইলে মানুষ কিছুতেই বাঁচিতে ও জীবিত থাকিতে পারে না ; মৃত্যু অনিবার্য্য হইয়া উঠে। সেই পরিমাণ বস্তু-সমূহ বিনা চেষ্টায়, বিনাশ্রমে মানবকে আপনা হইতে বিতরণ করিবেন বলিয়া পরম করুণাময়, দ্যার সাগর, আল্লাহ্-তায়লা স্বয়ং কোরাণ শরিফে অভয়বাণী ঘোষণা ও প্রতিশ্রুতি প্রদান করিয়া ধর্ম্ম-প্রাণ মোসলমান মাত্রকেই নিরুদ্বিল্ল নিশ্চিন্ত-চিত্তে এবাদাত্ "বান্দেগী" ও জপ, তপাদিতে পূৰ্ণভাবে আত্ম-বিদিয়োগে লিপ্ত ও রত হইবার মহাস্থযোগ ও অবদর প্রদান করতঃ কৃত-কৃতার্থ ও ধন্য করিয়াছেন। এই অতি সত্য, পাক, পবিত্র, ওয়াদার প্রতি অতি গাঢ় ও অবিচলিত স্থির ও পূর্ণ বিশ্বাস স্থাপন করতঃ একমাত্র তাঁহারই উপর একান্তিক গভীরতার সহিত অটল, অচল, ভরসা ও নির্ভর মূর্থাৎ তাওয়াকোল করার জন্ম অতি দৃঢ়ভাবে আদেশও প্রদান করিয়াছেন। অতএব "রে**জেকে-মাজমুন**" ও "রেজেকে-মাক্ছুম'' এই উভয় রেজেকের উপর অতি নিষ্ঠা ও বিশুদ্ধতার সহিত পূর্ণ তাওয়াকোল স্থাপিত করিয়া অপর তৃতীয় ও চতুর্থ রেজেক

চুইটা অধিক পরিমাণে অর্থাৎ আবশ্যকাতিরিক্ত ও অতি মাত্রায় পাওয়ার ও লাভ করার জন্য আল্লাহ্-তায়লার উপর পূর্ণ তাওয়াকোল অর্থাৎ অতি দৃঢ় ভরসা ও বিশ্বাস স্থিরতর রাখিয়া ও ( "আমাদের এমন কোন শক্তি, সামর্থ ক্ষমতা বা বাহু বল নাই যদারা আল্লাহ্-তায়লার দয়া ও সাহায্য ব্যতীত আমরা একটা কপর্দ্দক মাত্রও উপার্জ্জন করিতে বা জীবনের অতি সামান্য ও ক্ষুদ্রতম কোন একটা কাজেও সাফল্য লাভ করিতে পারি। আমাদের কাজ কেবল চেফী, যত্ন ও পরিশ্রম করা বা বুক্ষের বীজ বপন করা মাত্র; কিন্তু আমাদের ঐ এমের সিদ্ধিদাতা ও বীজ হইতে বৃক্ষ উৎপন্ন করা ও তাহাকে ফুলে-ফলে স্থশোভিত করা বা না করা, সম্পূর্ণ ও একান্তই আল্লাহ্-তায়লার ইচ্ছা ও করুণাধীন। তিনি प्रा कतिया উহা দিলে আমরা পাইব, না দিলে পাইব না") ইত্যাকাররূপ বিশ্বাস, দ্বিধা-শৃন্মভাবে অতি দৃঢ়তার সহিত মনে পোষণ করতঃ সতুদ্দেশ্য প্রণোদিত হইয়া পুণ্য ও সত্য পথে থাকিয়া পার্থিব নিয়ম ও রিত্যানুযায়ী সর্ববপ্রকার ব্যবসা বাণিজ্য, কৃষি-শিল্প, জমিদারী, তালুকদারী, ঢাকুরী ইত্যাদি যজ্জাবতীয় বৈধ কাজ ও ব্যবসা সমূহের মধ্যে যে কোন ব্যবসায় বা কার্য্যে, "শারিয়াত্" সম্মত বিধি বিধানানুরূপ, পবিত্র ও বিশুদ্ধ অন্তঃকরণে লিপ্ত ও ব্রতা হইয়া বিপুল ধন-সম্পত্তির অধিকারী হইলেও এবং ঐ উপাৰ্জ্জিত ''হালাল" পৰিত্ৰ জিনিষাত "শারিয়াত" সিদ্ধ বৈধভাবে বাছিক দেহ দারায় (মনের দারায়

নহে ) উহা ভোগে রত হইলে ও উত্তমরূপে উপভোগ করিতে থাকিলেও মন যদি ঐ সকল "হালাল"-বিলাস অভ্যস্ত ও লোভযুক্ত না হইয়া পড়ে তবে ঐ সমস্ত ''হালাল" জিনিষ পূর্ণ মাত্রায় উপভোগ করিতে থাকিলেও কোনপ্রকার ক্ষতি, ভয় বা আশঙ্কার কারণ ও সম্ভাবনা নাই। কিন্তু সাবধান, অতি সাবধান, স্বীয় হৃদয় ও মনকে পার্থিব এই সমস্ত আপাত-মধুর অস্থায়ী ও লোভনীয় "ফজুল-হালাল" অর্থাৎ অনাবশ্যক, ''মোবাহ্'' বস্তু সমূহেরউপভোগ লালসায় প্রলুক্ক, আত্ম-বিস্মৃত ও উন্মত্ত করিয়া তুলিয়া আত্ম-প্রবঞ্চনা করিও না, ও মুহূর্ত্তের তুর্বলতা, উত্তেজনা ও উন্মাদনায় আত্মহত্যার মহাপাতকে লিপ্ত হইয়া চির দুর্ভাগ্য বরণ করিয়া লইও না : অর্থাৎ, বাহ্যিক যত ইচ্ছা 'ফজুল-হালালের' জিনিষ সমূহে লিপ্ত হইতে ও উহা উপভোগ করিতে পার; কিন্তু অভ্যন্তরে-হৃদয় ও মনকে অতি সন্তর্পনে, সাবধানে ও অতি দৃঢ়তার সহিত ইহা হইতে সম্পূর্ণ-রূপে বিচ্ছিন্ন, পৃথক, নিশ্মুক্ত ও নির্লিপ্ত করিয়া ও রাখিয়া স্বীয় ''ইমান", ''একিন" ও ধর্ম্মকে রক্ষা করিতেই হইবে, এবং প্রাকৃত প্রস্তাবে মন সংসার হইতে উদাসীন, চিরমুক্ত নির্লোভ ও নির্লিপ্ত আছে কি না ? তাহা অবগত হইবার অতি সহজ উপায় এই যে, যে কোন আশায় নিরাশ হইলে বা যে কোন আকাঞ্জন। অপূর্ণ थाकित्न अर्थां भूर्न ना श्रहान वा त्य त्कान जात्व, त्य त्कान বিষয় বা কাঞ্জ-কর্ম্মে পরাজিত ও পরাস্ত হইলে তোমার মনে কোনপ্রকার ব্যথা জাগে কি না, বা মন বিন্দু পরিমাণও তুঃখিত,

বিষন্ধ, বিমৰ্য, ক্ষুদ্ধ বা উচাটন হয় কি না ? তাহা বিশেষ মনোযোগের সহিত লক্ষ্য করিবে ও পরীক্ষা করিবে; যদি হয় তবে নিশ্চয় জানিও ও বুঝিও যে, তোমার মন সংসারে লিপ্ত, প্রলুব্ধ, কলঙ্কিত ও কলুষিত হইয়াছে, তখন তৎক্ষণাৎ সেই মুহূর্ত্তেই সর্ব্ব-প্রয়ম্মে ইহার প্রতিকারে আপ্রাণ চেফ্টায় আত্ম-বিনিয়োগ করিবে। না করিলে ইহা স্থির ও নিশ্চিত বিশাস করিও যে, তোমার পতন অনিবার্যা ও সর্ববনাশ অবশাস্তাবী ও অতি নিকটবর্ত্তী। স্থূল কথা এই যে, বাহ্নতঃ সংসারে তুমি যতই কেন লিপ্ত ও মগ্ন থাক না কেন, অন্তর যদি নির্লোভ, নিলিপ্ত নির্ম্মল, পবিত্র ও বিশুদ্ধ থাকে, তবে কোন অবস্থাতেই তোমার কোনপ্রকার ভয়, ভীতি, বা ক্ষতির আশঙ্কাও সম্ভাবনা নাই, কেননা, দয়াময় আল্লাহ্-তায়লার সহিত মানবের ভিতরের অর্থাৎ হৃদয়ের পবিত্রতার সংশ্রবই সত্যিকার সংশ্রব, বাহিরের নহে। অতএব এখন যখন পরিক্ষারভাবে ইহা বুঝিতে পারিলে বৈ আল্লাহ্-তায়লার উপর পূর্ণবিশাস ও ''তাওয়াকোল" স্থাপন করিয়া ''শারিয়াত্" দিদ্ধ ভাবে সংসারের যে কোনপ্রকার স্থ-ভোগ, ও আরাম প্রাপ্তির আশায় যে কোনপ্রকার "হালাল" ব্যবসায় ও কাজে যথা—রোগের চিকিৎসা, ঔষধ ব্যবহার—খাছ্যের জন্য শস্ত সঞ্চয়, ''মোবাহ্'' অর্থাৎ বৈধ ও ''হালাল'' সুখ বিলাসের জন্য অর্থ উপাৰ্জ্জন কিম্বা প্ৰবাসে বা বিদেশে গমন কালে সঙ্গে লোকজন, খাতা, ও অর্থ গ্রহণ ৬ সংগ্রহ করণ ইত্যাদি কার্য্যে মনোনিবেশ করিলে ও প্রবৃত্ত হইলে আত্মার কোনই প্রকার ক্ষতি, অমঙ্গল,

অপকার বা আশস্কার কোনই সম্ভাবনা ও কারণ নাই; কিন্তু ঐ ঔষধ, পথ্য, খান্ত, শস্তু, পাথেয়, সঙ্গীয় লোকজন ও অর্থের উপর ভরদা যেন মোটেই না থাকে ও না আসে। এক আল্লাহ্-তায়লা ভিন্ন অন্ত কেহ বা কিছুরই উপর সামান্ত একটুখানি ভরদার চিন্তারেখাও যেনমনে উদিত না হয়ও স্থান না পায় ও না আসে। হে! অপার করুণাময় আল্লাহ্-তায়লা! আমাকে ও আমার সমস্ত মোসলমান ভ্রাতাভগিনিগণকে, তোমার ফজল, রহম ও করমে এই পথের পথিক হইবার সোভাগ্য প্রদান কর—আ-মী-ন।

দ্বিতীয় "তাফ্ভিজ" ( تفريض ) আত্ম-সমর্পণ অর্থাৎ প্রতি কাজের অজানিত শেষ ফলের আশস্কা. ভীতি ও পরিণাম চিন্তার, চিন্তা হইতে অব্যাহতি লাভের জন্ম আল্লাহ্-তায়লাকে সম্পূর্ণভাবে আত্ম-সমর্পণ করিয়া নিশ্চিন্ত ও নির্ভয় হওয়াকে. ''তাফ্ ভিজ" বলে। প্রথমেই উক্ত হইয়াছে যে. যে সকল কাজের পরিণাম ফল অজানিত সেই সমস্ত ক্রাজে আল্লাহ্-তায়লার উপর আত্ম-সমর্পণ করাকে ''তাফ্ভিজ' বলে। এই উক্তির দ্বারায় উত্তমরূপে ইহাই সাব্যস্ত হইতেছে ও বুঝা যাইতেছে যে, যে সমস্ত "ফার্জ", "ওয়াজেব", পাপ-পুণ্য ও সদাসৎ কার্য্যের পরিণাম ফল অর্থাৎ তিরস্কার বা পুরস্কার আল্লাহ্-তায়লা স্বয়ং ''কোরাণ শরিফে'' বা তাঁহার অতি প্রিয় ''রছুল'' মহামান্ত হজরত (দঃ) ঘারায় ''হাদিছ শরিফে'' পরিস্কারভাবে আমা-দিগকে জানাইয়া দিয়াছেন ৷ তদ্বাতীত অন্ত সর্বব প্রকার ইহ ও পারলোকিক যজ্জাবতীয় ছোট বড়, সমস্ত 'নফল' ও 'মোবাহ'

কাজ সমূহে "তাফ্ভিজ" করতঃ আতারকা করা, তাঁহাদের পক্ষে "ফারজ" ও অবশ্য কর্ত্তব্য ; যাঁহারা ইহ-পরকালে নিষ্ণটক ও অনাবিল স্থ্য-শান্তি ও সোভাগ্য উপভোগ করিতে ও নিশ্চিন্ত জীবন যাপন করিতে একান্ত সমৃৎস্ক। অবশ্য "তাফ্ভিজ"-কারীর অলস ও নিশ্চিন্ত হইয়া বসিয়া থাকা চলিবে না. কাজ করিতে হইবে ও বাহাতঃ সংসারে অবস্থানও করিতে ও লিপ্তও হইতে হইবে : কিন্তু ঐ কাজের ফলাফলের জন্ম মনকে কখনই মুহূর্ত্তের জন্মও বিচলিত, উৎকণ্ঠিত বা লিপ্ত করিবে না এবং বিশুদ্ধভাবে ''তাফ্ভিদ্ধ" করিতে পারিলে আল্লাহ্-তায়লার 'ফজলে' উৎকণ্ঠার কোন কারণই ঘটিবে না ও ঘটিতে পারিবে না। 'কোরাণ শরিফ' ও 'হাদিছ শরিফের' বর্ণিত 'ফারজ' ও 'ওয়াজেব' 'হালাল' 'হারাম' কার্য্যাদিতে 'তাফ্ভিজ' অর্থাৎ আত্ম-সমর্পণ না করার কারণ এই যে, উক্ত কার্য্য-সমূহ ইচ্ছায় বা অনিচ্ছায় করিতেই হইবে। তাহা না করিলে দণ্ডের ব্যবস্থাও পরিস্কারভাবে বর্ণিত হইয়াছে অর্থাৎ ঐ কার্য্যাদি করা ও না করার ফল স্থপ্রকাশ্য ও অতি স্থম্পাই। আর আত্ম-সমর্পণ করা দেই স্থলেই বিশেষ কার্য্যকরী, যে সকল স্থলে কার্য্যের শেষ ফল অপরিজ্ঞাত। অতএবই প্রথমোক্ত স্থলে আত্ম-সমর্পণ করা নিরর্থক, কেননা, ঐ স্থলে আত্ম-সমর্পণ করিয়া নারবে বসিয়া থাকা তো চলিবেই না কোরাণ ও হাদিছ শরিফোক্ত নিষেধ-বিধি, অতি অবশ্য মান্য ও পালন করিতেই হইবে: কাঙ্গেই ঐ স্থলে আত্ম-সমর্পণ না করিলেও চলে !

তৃতীস্ত্র "কাজা" ( ভাঁক) বহু পূর্বের লিখিত "তাক্দির" অর্থাৎ অদৃষ্ট-লিপির, লিখনামুরূপ স্থুখ, ছঃখ, সৌভাগ্য বা দুর্ভাগ্যের, ভোগ আরম্ভ হওয়াকে "কাজা" বলে, অর্থাৎ "তাক্দির" ও "কাজার" মধ্যে প্রভেদ এই যে, বহু সহস্র বৎসর পূর্বের বাহা লিখা হইয়া রহিয়াছে, তাহাকে "তাক্দির" ও সেই লিখা মত যখন কাজ আরম্ভ হয় ও ফলিতে থাকে, অর্থাৎ মানবের গোচরিভূত, স্থপ্রকাশিত, ও বিকশিত হইতে থাকে, তখন তাহাকে "কাজা" বলে এবং এই জন্ম অনেকে "কাজা ও **"কাদার"শব্দ এক সঙ্গে একত্র ব্যবহার করেন। এই ''কাদার**" ও "কাজার" শব্দের বাংলা ব্যাখ্যা এইরূপ হইবে যথা— ''অদুষ্টের পরিহাস ও স্থহাস'' বা "নিয়তির পুরস্কার ও তিরস্কার'` বা "অদুষ্ট ও তাহার বিকাশ" বা "অগোচর ও সগোচর অদৃষ্ট" ইত্যাদি, ইত্যাদি। এই "কাজা" অর্থাৎ নিয়তি স্থখের বা দুঃখের, আরাম-দায়ক বা পীড়া-দায়ক "সোভাগ্য-সূচক বা তুর্ভাগ্য ভোতক" বা ''আনন্দপূর্ণ বা নিরানন্দময়" যাহাই কেন হউক না, উহার প্রতি মানব মাত্রেরই সন্তুফ্ট ও শান্ত থাকা অবশ্য কর্ত্তব্য, কেননা অসম্ভম্ট হইলে নিজের মনকেই কেবল অশাস্ত ও অস্থ্রখী করিয়া তুলিয়া স্বীয় মানসিক ও দৈহিক অবসাদ ও দৌর্বল্য আহ্বান ও অপকার ও ক্ষতি করা ভিন্ন অন্য কোন-প্রকার তিল পরিমাণ উপকারের প্রত্যাশাও যখন নাই তখন সন্তুষ্ট-চিত্তে "মঙ্গলময়ের মঙ্গল বিধান ও মঙ্গল ইচ্ছাই পরিপূর্ণ হউক বলিয়া" ঐ "কাজাকে" সসম্মানে সাহলাদে নির্বিকারচিত্তে,

আনন্দের সহিত বরণ করিয়া লওয়াই কি অতি সঙ্গত ও সমীচীন ও বুদ্ধিমন্তার পরিচায়ক নহে ? সস্তোষের সহিত এই "কাজাকে" গ্রহণ করা বা না করার মধ্যে যত প্রকার উপকার বা অপকারের সম্ভাবনা আছে নিম্নে তাহার কথঞ্চিৎ বর্ণনা করা যাইতেছে যথাঃ—

অবুঝ শিশু-রোগীর রোগ নিরাময় জন্ম তাহার করুণাময় পিতামাতা যখন তাহাকে নানাপ্রকার তিক্ত, কধায় ও কটু ঔষধ সমূহ সেবন করাইয়া ও নিয়মিত আহার পর্য্যন্ত বন্ধ করিয়া তাহাকে বাহ্যিক কন্ট প্রদান করেন, তথন শিশুও স্বীয় বুদ্ধির অপরিপক্কতা, চাপল্য ও অজ্ঞতা বশতঃ তাঁহাদিগকে নিষ্ঠুরই মনে করিয়া লয়, সেইরূপ অপার করুণা ও মঙ্গলময় আল্লাহ্-তায়লা আমাদের স্থায়ী ও সত্য মঙ্গল উদ্দেশ্যে অল্প সময়ের জন্ম বাহ্যিক সামান্ম একটু কফ্ট প্রদান করেন মাত্র: আমরাও ঐ অবোধ শিশুরই মত ভ্রান্তি, অজ্ঞানতা ও পার্থিব মোহবশে সেই মহোপকারী পরম মঙ্গলকর দানকে কন্ট ও তুঃখকর জ্ঞানে পরিত্যাগ করিয়া সত্যিকার তুঃখও কষ্টকেই বরণ করতঃ "এবাদাতের" পুণ্যোচ্ছল, সত্য, সরল পথ হইতে বিচ্যুত ও বিপথে পরিচালিত হইয়া নিজেকে নিজেই ধ্বংশের দিকে আকর্ষণ করিতে থাকি ; শুধু ইহাই নহে, এই "কাজাকে" সম্ভূষ্ট-চিত্তে গ্রহণ না করিলে বিপদের আশঙ্কাও অল্প নহে। এ সম্বন্ধে একটা পৌরাণিক উদাহরণ এম্বলে সঙ্কলন করা যাইতেছে। ( পুরাকালে জনৈক পায়গান্বার পার্থিব বিপদে পতিত

হইয়া আল্লাহ্-তায়লার নিকট অনুযোগ করায় এই আদেশ প্রাপ্ত হইয়াছিলেন যে, "তুমি আমাকে 'খোদায়ী'-অর্থাৎ ঈশ্বরকে, ঈশ্বরত্ব, স্থষ্টি-কর্ত্তাকে স্থাষ্টি-তত্ত্ব, স্বয়ং কর্ত্তাকে কর্ত্ত্ব শিখাইতে চাও ? তুমি কি চাও যে পার্থিব কাজ সমূহ আমার ইচ্ছা মত-লিখিত "লাওহ্-মাহফুজের" নির্দ্দেশামুরূপ না হইয়া তোমার স্লখ-স্থবিধা ও ইচ্ছামত হয় ও আমারই স্থজিত ও আমারই প্রদত্ত "কাজা"-জনিত বিপদ ও আপৎপাতে তুমি স্থখী, রাজী ও সম্ভ্রফ্ট নহ ? আমাপেক্ষা তুমি কি বেশী জ্ঞানী ? তোমার ভালমন্দ আমার অপেক্ষা তুমি কি অধিক জান? সাবধান! দ্বিতীয়বার এইরূপ অনুযোগের প্রবৃত্তিও যদি তোমার মনে জাগে বা উদয় হয় তবে তৎক্ষণাৎ তোমার এই পায়গাম্বারী পদ কাড়িয়া লইয়া সাধারণ অপরাধীরই স্থায় তোমাকে নরকে নিক্ষেপ করিব)। অতএব সম্ভুষ্ট-চিত্তে "কাজাকে" বরণ না করিলে প্রায়গাম্বারগণের প্রতিই যদি এইরূপ শাসন-বাক্য প্রয়োগ বা দণ্ডের ব্যবস্থা হয়, তবে সে তুলনায় আমাদের দণ্ডের প্রচরতা, শাস্তি ও শাসনের পরিমাণ যে কত অধিক ও ভীষণ হইতে পারে তাহা তো সহজেই অনুমেয়। এখন "কাজার" রকম ভেদ জানা দরকার। "কাজা" চারিপ্রকার—(১) স্থুখ, সৌভাগ্য, সম্পদ। (২) ছুঃথ, ছুর্ভাগ্য ও বিপদ। (৩) পুণা, সত্য, উত্তম। (৪) পাপ, অসতা, অধম। এই "কাজা" অর্থাৎ অদৃষ্ট-লিপির লিখা ও ব্যবস্থানুষায়ী বিকাশ চতুষ্টয়কেই সাদরে গ্রহণ করিতে হইবে; কেননা, এ সমস্তই যে সেই দয়াল মুনিব, মঙ্গলময় আল্লাহ-

তায়লারই প্রদত্ত ''দান"–তবে গ্রহণের মধ্যে একটু পার্থক্য আছে ; যথা—প্রথম ও তৃতীয়, ইহা মানব মাত্রেরই বাঞ্ছিত এবং প্রায় লোকেই ইহার স্থায়িত্ব ও আধিক্য কামনা করে। আল্লাহ্-তায়লার "কাজার" নির্দ্দেশ মত এই উভয় জিনিষ যে পরিমাণই প্রাপ্ত হউক না কেন, তাহাই কৃতজ্ঞ-হৃদয়ে আহলাদের সহিত গ্রহণ করিতে হইবে। অর্গাৎ অধিক পরিমাণ পাইলেও যে পরিমাণ, কম পাইলেও সেই পরিমাণ সন্তোষের সহিত গ্রহণ করিতে হইবে ও তজ্জন্য স্বয়ং আল্লাহ্-তায়লা ও যাহার দ্বারায় উহা তিনি প্রদান করান সেই উপকারী ব্যক্তির অশেষ কৃতজ্ঞতা স্বীকার ও শোকরিয়া অর্থাৎ ধন্যবাদ প্রদান করা একান্ত কর্ত্তব্য। কেননা, আল্লাহ্-তায়লা প্রায়শঃই কোন কাজ স্বয়ং স্বহস্তে করেন না; নিজে পরোক্ষে থাকিয়া প্রত্যক্ষে এক জনের দ্বারায়ই অন্য জনের কাজ করান, অবশ্য কখন কখন মধ্যবর্তী লোক না রাখিয়া স্বরংও করেন; কিন্তু উহা কদাচিৎ ও অতি বিরল। দ্বিতীয় ও চতুর্থ প্রকার, বিপদপূর্ণ "কাজাকেও" উক্তরপভাবে কৃতজ্ঞতা, ও আনন্দের সহিত্ই গ্রহণ করিতে হইবে, কিন্তু উহা মন্দ ও বিপদপূর্ণ বলিয়া নহে, –বরং উহা দয়াময় প্রভু আল্লাহ্-তায়লার দান বলিয়া; কেননা আল্লাহ্-তায়লা মঙ্গলময়, তিনি যাহা করেন সমস্তই মঙ্গলের জন্ম করেন, এবং ঐ বিপদকে অতি ধৈর্য্যের সহিত বরণ করিয়া লইয়া সেই বিপন্মুক্তির জন্ম সেই বিপদ-বারণ আল্লাহ -তায়লারই শরণ লইতে হইবে ও উহা হইতে উদ্ধার পাইবার জন্ম তাঁহারই নিকট কান্নাকাটা করিতে হইবে,

তজ্জ্ব্য অধৈর্য্য, অধীর, ত্যক্ত-বিরক্ত, বা অসুখী হইলে চলিবে না, এবং ঐ বিপদাপদের জন্ম "কাজার" উপর অসম্ভষ্ট হইলে বিপদ তো কমিবেই না বরং বাড়িয়াই চলিবে এবং যে মানুষ ঐ বিপদপূর্ণ "কাজার" নিমিত্ত-স্বরূপ হইবে, প্রথম ও তৃতীয় "কাজার" স্থায়, তাহার নিকট কুতজ্ঞ হইতে না পারিলেও সে শুধু নিমিত্তের ভাগী বলিয়া তাহাকে ক্ষমা করা উচিত। ক্ষমা করিতে না পারিলে ঠিক ''শারিয়াত্'' সম্মতভাবে প্রতিকারের প্রয়াদ পাইতে পারে; কিন্তু ইহা অপেক্ষা সামান্ত একটুও যদি অধিক অগ্রসর হয়, তবে নিশ্চিত বুঝিতে হইবে যে, সে মুখে যাহাই বলুক না কেন, তাহার মন কিন্তু এই "কাজাকে" সম্ভোষের সহিত গ্রহণ করে নাই ও বরণ করিয়া লয় নাই, এবং এই বিপদের নিয়ন্তা ও শ্রেষ্টাকে সে মানুষ বলিয়াই ধারণা করিয়া লইয়াছে,—আল্লাহ্-তায়লা বলিয়া বিশাস করে নাই। স্থূল কথা "পুল্য ও সুখ সম্পদপূর্ণ কাজা", ও "পাপ দুঃখ ও বিপদপূর্ণ কাজা", এই উভয়বিধ কাজাকে সন্তুষ্টচিত্তে বরণ করিয়া লওয়ার মধ্যে পার্থক্য এইটুকু যে প্রথমোক্তটী পুণ্য ও সুখজনক, ও দ্বিতীয়টী পাপ ও তুঃখদায়ক বলিয়া নহে,-বরং এইজন্ম যে ইহা সমস্তই সেই মঙ্গলময় একই আল্লাহ্-তায়লার দারায়, স্বষ্টি ও নিয়ন্ত্রিত ও প্রদত্ত বলিয়া। কেহ যেন এ ভ্রম না করেন যে. পুণ্যের মত পাপকেও সন্ত্রুষ্টচিত্তে গ্রহণ ও বরণ করতঃ ভাহাতেই মগ্ন হইতে ও মজিয়া থাকিতে হইবে, তাহা কিন্তু নিশ্চিতই নহে ; যাহা

পাপ তাহা চির্রাদনই পাপ ও ঘুণ্য, ও উহা অতি অবশ্য পরিত্যাজ্য ও পরিবর্জ্জনীয়, এবং বিপদ চিরদিনই বিপদ। লোক কখনই বিপদ ও পাপের আকাজ্জা বা কামনা করে না. কিন্তু হঠাৎ যদি ঘটিয়া পড়ে তবে লোকে তাহা হইতে পরিত্রাণেরই চেফী পায়। আমার লিখার উদ্দেশ্যও তাহাই, অর্থাৎ পাপ ও বিপদে ধৈর্যাহারা হইয়া অভিসম্পাৎ বা কোনপ্রকার অক্যায়াচরণ ও অতিশয়োক্তি করিও না, কেননা পাপ ও বিপদের স্প্রিকর্তা. নিয়ন্তা ও নিৰ্ম্মাতাও যে সমুং তিনিই অর্থাৎ সেই একই দয়াময় আল্লাহ্-তায়লা। যথা—কুদর্শন ও কদাকার মূৎভাগু বা পাত্রের নিন্দা ও গ্লানি করিলে বা গালাগাল দিলে তাহা ·যেমন তন্নির্ম্মাতা–কুন্তকারেই বর্ত্তে ভাণ্ডের কোনও অপমান বা অপচয় হয় না; ইহাও যে তেমনই এবং অবিকল তাহাই। অতএব অতি দৃঢ়তার সহিত পাপকে বর্জ্জন ও উহা হইতে সম্ভর্পণে দুরে অবস্থান করিবার শক্তি, ও অতি ধৈর্য্যের সহিত বিপদকে বরণ করিয়া, তাহা হইতে মুক্তি লাভের উপায়, ধীর স্থির ও অবিচলিত চিত্তে সেই মঙ্গলময়ের নিকটই প্রার্থনা করিতে থাকিবে। কোন অবস্থাতেই উৎক্ষিপ্ত, অধৈৰ্য্য, বিচলিত ও মঙ্গলময়ের মঙ্গল ইচ্ছায় সন্দিগ্ধ বা সন্দিহান হইবে না, ও নিজকে উত্ত্যক্ত বা উৎপীড়িত বা অস্থখী-বোধ বা জ্ঞান করিবে না। মঞ্চলময়ের মাঙ্গল্যে পূর্ণ বিশ্বাস-দূঢ়, ও স্থিরতর রাখিবে, রাখিবেই রাখিবে, এবং রাখিতেই হইবে, কিছুতেই ইহার অন্যথা করিবে না।

চতুৰ্থ ছাবার ( سبر ) ধৈৰ্য্য, অৰ্থাৎ কোনপ্ৰকার ছঃখ-কফ, আপদ-বিপদে বিচলিত, মিয়মাণ, নিরুৎসাহ ও ক্ষুক্ত না হইয়া দৃঢ়পদে ধৈর্যাবলম্বন করতঃ মানব জীবনের কর্ত্তব্যসমূহ (मार्नाट्न, निर्विकात्रिहित्छ, भानन कता। "आभन-विभात, স্থাখে-ত্যুখে, বা রোগে-শোকে মুহুমান" ও অধীর হওয়াটা মানবের এবাদাত বান্দেগী ও অন্যান্য যজ্জাবতীয় কাজ ও কর্ত্তব্য সম্পাদনের পক্ষেই একটা প্রবল বাধা ও বিষম অন্তরায় স্বরূপ। এই বাধা অপসারণ করিতে না পারিলে এবাদাত্ বান্দেগী ও অন্তান্ত কর্ত্তব্য-নিচয় স্থচারুদ্ধপে সম্পাদন করিতে ও সম্পন্ন হইতে পারে না, এবং উহা অপসারণের একমাত্র পত্না ও উপায় **"ছাবার**", অর্থাৎ ধৈর্য্যাবলম্বন করা। অতএব মানবমাত্রের পক্ষেই যে কোনপ্রকার আপদে-বিপদে ও তুঃখে-কষ্টে ও রোগে-শোকে "ছাবার" করা অবশ্য কর্ত্তবা ও প্রয়োজনীয় হইলেও আবেদের পক্ষে উহা "ফার্জে-আয়েনের" 'তুল্য। "ছাবের" অর্থাৎ ধৈর্যাশীল না ইইলে সে কিছুতেই এবাদাত্ বান্দেগীতে লিপ্ত হইতে পারে না, কেননা ওজুর কর্ম, রাত্রি জাগরণের কম্ব, উপবাসের কম্ব, ইত্যাদি, ইত্যাদি, স্বীকার না করিলে সে কিরূপে সাধন-ভজন ও উপাসনায় প্রবৃত হইবে। কোন ধর্মেই এমন কোন এবাদাত্ বান্দেগী, সাধন-ভজন বা উপাসনা নাই, যাহা করিতে সামান্য একটু কফ্ট ও বেগ পাইতে, ও ত্যাগ স্বীকার করিতে না হয় ? ততুপরি সংসারে অবস্থান ও জীবন-যাপন করিতে গেলে সর্ববদা নানাপ্রকার দৈহিক.

মানসিক, আর্থিক ও রোগ-শোক, আপদ-বিপদ, চুঃখ-কষ্ট ইত্যাদিরও সম্মুখীন হইতে হয়: এমতাবস্থায় যদি একটু "ছাবার" করিতে,—ধৈর্য্য ধরিতে না শিখেও না পারে, তবে তাহার জীবন ধারণই বিড়ম্বনা ও বুথা হইয়া পড়ে, এবং ঐরূপ অধৈর্য্য ও অসংযমী লোকের দারায় পৃথিবার বৃহৎ কোন কাজ হওয়া তো বহুদুরের কথা, অতি ছোট খাট ও ক্ষুদ্রতম কোন একটী কাজও স্থসম্পন্ন হইতে পারে না ও হয় না। শ্রেষ্ঠ "আবেদ" ও "ছুফি"-মণ্ডলী বলিয়াছেন যে, বাহিরের আপদ-বিপদ ও কষ্টে "ছাবার" করা অপেক্ষা এবাদাত্ বান্দেগীর কষ্টের উপর "ছাবার" করা সমধিক কঠিন ও আয়াস-সাধ্য, কেননা, "নাক্ছ" বাহিরের কোন একটা বৃহৎ আপদ-বিপদে যত সত্বর ও সহজে "ছাবার করিতে প্রস্তুত হয়: এবাদাতের জন্ম তদপেক্ষা বহু-গুণে ক্ষুদ্রতর বা ক্ষুদ্রতম কষ্টও তত সহজে স্বীকার করিতে, অগ্রসর বা রাজী হইতে চাহে না এবং এই জন্মই এবাদাতু वात्मित्री, देणानित्व कर्षे-महिक्षु, व्यथावमाश्ची, स्त्रित-मक्क्स, ব্যক্তিগণের পক্ষে নানাবিধ ও বছপ্রকার পুরস্কার ও সুখ-সৌভাগ্য প্রাপ্তির বিষয় "শারিয়াতে" বিষদভাবে বর্ণিত হইয়াছে, এবং "ছাবের" হইতে না পারিলে অর্থাৎ ধৈর্যাশীল না হইলে इर ও পরকালের কোন অভীষ্টই সিদ্ধ হইতে পারে না: বিশেষতঃ ছফি ও শ্রেষ্ঠ সাধকগণের পক্ষে "ছাবার" করা অর্থাৎ বৈর্যাশীল হওয়া একটা বাধ্যকর সর্ত্ত। যেমন হজরত্ ফোজেল আয়াজ (রহঃ) বলিয়াছেন, যাহারা এই পথের

পথিক হইতে চান তাহাদের পক্ষে প্রথমেই (১) শ্বেত-মৃত্যু, অর্থাৎ ক্ষুধা-তৃষ্ণা ও উপবাসের কষ্ট সহ্য করা। (২) ক্লহ্রু-মূত্রু অর্থাৎ অন্তের সন্মুখে ও জন-সমাজে নিজকে হেয় ও অতি মন্দ বলিয়া দাঁড় করান। (৩) ব্রক্ত-মৃত্যু অর্থাৎ মনে-প্রাণে শয়তানের বিরুদ্ধাচরণ করা। (৪) সবুজ-মূত্যু অর্থাৎ সর্ববপ্রকার আপদ-বিপদ তুঃখ-দৈন্য ও কন্টকে সন্তুষ্ট-চিত্তে বরণ করিয়া লওয়া। এই চারি প্রকার মৃত্যুকে অতি অবশ্য বরণ করিয়া লইতে হইবে, এবং যে কোনপ্রকার বিপদ আপদই কেন হউক না উহা হইতে পরিত্রাণের একমাত্র উপায় এই ''ছাবার'' যেমন আল্লাহ্-তায়লা ফরমাইতেছেন যথা— ر من يتق الله يعتمل له مخرجاً دير زقه من حيث لا يعتسب\* ( অর্থাৎ ছাবারের সহিত যে তাক্ওয়া করিবে আলাহ-তায়লা তাহাকে সর্বব বিপদে নিশ্চয়ই রক্ষা করিবেন, ও প্রচুর রেজেক প্রদান করিবেন)। শক্রর উপর বিজয় লাভ করিবার উপায়ও এই ছাবার যথা— \* ﴿ وَإِنَّ الْعَاقِبُمُ اللَّهِ عَلَى الْعَاقِبُمُ اللَّهُ الْعَلَقَ مِنْ الْعَاقِبُمُ اللَّهُ الْعَاقِبُمُ اللَّهِ الْعَلَمَ اللَّهُ الْعَلَمُ اللَّهُ اللَّا اللَّلَّا اللَّهُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّالِمُ اللَّا اللَّال কর, কেননা শেষ জয় মোতাকিগণই লাভ করিবে)। স্বীয় অভাষ্ট সিদ্ধির উপায়ও এই ছাবার যথা—

رُتَمَتُ كُلِمَةُ رَبِّكَ الْكُسْنَى عَلَى بَـنِى اِسْرَا ئِيلَ بِمَا صَبُرُوا \*
(वर्थाद वानि এছরাইলগণ ধৈর্য্যাবলম্বন ছারায় আল্লাহ্-তায়লার
করুণা ও দ্য়া প্রাপ্ত হইয়াছিল )। তৎপর জনসমাজের অগ্রণী

হওয়ার ও আল্লাহ্-তায়লার প্রিয়পথে জনসাধারণকে পরিচালিত করিবার শক্তি লাভের উপায়ও এই ছাবার, যথা—

مرامه مراكبة مراكبة مراكبة المراكبة ا বলম্বন করিলেন তথন আমি ইহাদিগকে জন-সমাজের নেতৃত্ব-পদ প্রদান করিলাম )। আল্লাহ্-তায়লাকে সন্তুষ্ট করিবার উপায়ও এই ছাবার যথা— \* إنَّا رَجِدُ نَاهُ صَابِراً نِعْمُ الْعَبْدُ إِنَّهُ الْرَابِ \* — ছাবার যথা — \* আইয়ুব (দঃ) পায়গান্ধার ছাবার করার জন্মই আমার আদরণীয় ও পুণ্যবান হইতে পারিয়াছে )। আল্লাহ্-তায়লার সন্তোষজনক বার্ত্তা অর্থাৎ খোস-খবরি লাভের উপায়ও এই ছাবার যথা— رُ بِشِرِ الصَّابِرِينَ الدِّينَ إِذَا أَصَّابِتُهُم مُصِّيبُهُ قَالُوا إِنَّا لِللَّهِ وَإِنَّا اللّهِ \* رَاجِعُونِ ( অর্থাৎ যাহারা বিপদে পতিত হইয়া ছাবার করে, বিচলিত হয় না ও বলে যে, আমিও আল্লাহ্-তায়লার এবং তাঁহারই নিকট আমাদের সমস্তকেই প্রত্যাবর্ত্তন করিতে হইবে, তাহাদিগকে স্বসংবাদ অর্থাৎ বেহেস্তে প্রবেশের আনন্দবার্তা জ্ঞাপন কর)। আলাহ্-তালার বন্ধুত্ব, যাহা চরম ও পরম সোভাগ্যের জিনিষ তাহাও মানবের लार्ভत छेभाव এই ছावात यथा— ﴿ يُنْ اللّٰهُ يُعُبُّ الصَّا بِرِيْنَ — लार्डत छेभाव এই ছावात यथा ( अर्थी ९ देश्यामील व्यक्तिशनरक आल्लाइ-ठायला ভालवारमन )। বেহেন্তের শ্রেষ্ঠ আসন লাভের উপায়ও এই ছাবার যথা— \*। বর্গাণ কিন্তু কিন

अर्थाए टेश्यानील ) إِنَّمَا يُوفَى الصَّابِرُونَ ٱجْرُهُمْ بِغَيْرِ حِسَابٍ \* ব্যক্তিগণকে তাহাদের ধৈর্য্যের বিনিময়ে অসংখ্য পুরস্কার প্রদক্ত হইবে )। অতএব সামান্য একটু সময়ের ছাবারে ইহ ও পরকালের এতগুলিন স্থু, সম্পদ ও শাস্তি যখন অতি সহজে লাভ করা যায়, তখন মানব মাত্রের পক্ষেই কি ইহা অতি দৃঢ়ভার সহিত পাসন করা অবশ্য কর্ত্তব্য ও বিধেয় নহে ? পক্ষান্তরে ছাবার না করিলে অর্থাৎ অধৈর্য্য ও অধীর হইলে, আপদ-বিপদ, দুঃখ-তুর্দিশাদি নিবারিত ও রুদ্ধ তো হইবেই না বরং আল্লাহ্-তায়লার কোপ, রোষ, ক্রোধ, বর্দ্ধিত করিয়া, বিপদের উপর বিপদ, সর্ববনাশের উপর সর্ববনাশকেই ডাকিয়া আনিয়া তুর্দ্দশা ও. তুর্ভাগ্যের চরমে উপনীত হওত আত্মনাশের পথকেই প্রশস্ত ও পরিসর করা হইবে। এই স্থলে (১) "তাওয়াকোল", (২) "তাফ্ভিজ", (৩) ''রাজ্বা", (৪) ''ছাবার", সম্বন্ধে কয়েকটী অতি প্রয়োজনীয় কথা ও সূক্ষা-তত্ত্ব লিপিবদ্ধ করিতেছি। অতি

মনোযোগ ও একাগ্রতার সহিত স্থির, ধীর-চিত্তে, উহা শ্রবণ কর ও করুণাময় আল্লাহ্-তায়লার করুণা ও সাহায্য ভিক্ষা করিয়া তদ্বৎ কাজে প্রাণপণে লিপ্ত ও প্রবৃত্ত হও।

প্রথম "তাওয়াক্কোল" সম্বন্ধে—চারিটী সূক্ষা তত্ত্ব শ্রবণ কর। প্রথম তত্ত্ব—তুমি বিশেষভাবে বুঝিয়া দেখ যে, জনৈক নগণ্য লোকেও যদি তোমাকে এক সন্ধ্যা আহারের জন্ম নিমন্ত্রণ করে, তবে তুমি সেই নগণ্য লোকটীর কথাও বিশ্বাস করিয়া সেই সন্ধ্যার আহারের জন্ম নিশ্চিন্ত হও ও বাড়ীতে পাক করিতে নিষেধ করিয়া দাও। আর এদিকে আল্লাহ -তায়লা তোমার জীবন ধারণোপযোগী "রেজেকের" অর্থাৎ খাল্লের জন্ম স্বরং ''কোরাণ শ্রীফে" তোমাকে নিমন্ত্রণ করিয়াছেন ও জামিন হইয়াছেন, এমতাবস্থায় তুমি আল্লাহ্-তায়লার উপর 'ভাওয়া-কোল" না করিয়া আহারান্বেষণে যদি বাহির হও, তবে তোমার শেই কার্য্যের দারায় ইহাই কি প্রতিপন্ন ও সূচিত হয় না যে, তুমি আল্লাহ্-তায়লার অঙ্গীকারের উপর নির্ভর ও বিশাস স্থাপন করিতে পার নাই এবং এই অবিশ্বাদের পরিণাম ফল যে কিরূপ ভীষণতম, সাজ্বাতিক 'ও কঠোর হইতে পারে ও হওয়া সম্ভব তাহা তো সহজেই অনুমেয়: এবং এই অন্নদান স্থলের ''তাওয়াকোল" সম্বন্ধেই আল্লাহ্-তায়ল। ফরমাইয়াছেন যথা—

अर्थाए यि क्रि हैमाननात

মোসলমান হও তবে আল্লাহ্-তায়লার উপর তাওয়াকোল অর্থাৎ

ভরসা ও নির্ভর কর অর্থাৎ রেজেক সম্বন্ধে যাহারা আমার উপর তাওয়াকোল করে না, তাহারা "মোমেন" পদবাচ্য নহে, "বে-ইমান', )।

বিতীয় তত্ত্ব—"রেজেক" সম্বন্ধে এদিক দিয়া চিন্তা করিয়াও তুমি সম্পূর্ণ নিশ্চিন্ত ও নিরুদ্বেগ হইতে পার যে, আমার ভাগ্যের প্রাপ্য 'রেজেক' তো আল্লাহ্-তায়লা "আজালের" দিবসেই নির্দ্দিন্ত ও বন্টন করিয়া রাখিয়াছেন এবং বিশেষ কারণে যে কয়েক স্থলে উহার পরিবর্ত্তন হইতে পারে বলিয়া আল্লাহ্-তায়লা স্বয়ং কোরাণ শরিকে ও তাহার প্রিয় পায়গাম্বার আমাদের মহামান্ত হজরত্ (দঃ) এর জবানা 'হাদিছ শরীফে বর্ণনা করিয়াছেন, সেই কয়েক স্থল ভিন্ন অন্ত কোন স্থলেই কোনরূপেই উহার পরিবর্ত্তন হইবে না ও হইতে পারে না। তবে কেন আমি আহারাম্বেষণের মিধ্যা ও বৃথাশ্রেমে দেহপাত ও জীবনের সার বস্তু 'ইমানকে' বিলুপ্ত ও বিনষ্ট করতঃ আত্মহত্যার মহাপাতকে লিপ্ত ও প্রবৃত্ত হইয়া জীবনকে নরকের বিষময় ফুলেফলে স্থ্যজ্জিত করিতে ব্রতী হইয়াছি ও হইতেছি।

তৃতীর তন্ত্র—"রেজেক" জাবিতের জন্ম প্রয়োজনীয়,
মৃত ব্যক্তির জন্ম নহে। অত এব জাবিতের জাবন রক্ষার জন্মই
আহারের প্রয়োজন; কিন্তু সেই জীবনই যখন আল্লাহ্-তায়লার
হাতে, এবং আয়ুহীন ব্যক্তিকে শত সহস্র মণ আহার্য্য বস্তু
ভক্ষণ করাইলেও যখন জীবিত রাখিতে পারা যায় না ও
যাইবে না, তখন আহার অন্তেখণে অযথা সময়ের অপব্যয় করতঃ

আল্লাহ্-তায়লার কোপ, রোধ ও অসম্ভোষ উৎপাদন করিয়া কেন নিজের পায় নিজেই কুঠার আঘাৎ করিতেছি।

চতুৰ্থ তত্ত্ব-পূৰ্বেই উক্ত হইয়াছে যে আল্লাহ্-তায়লা বান্দার সেই পরিমাণ রেজেকের জন্ম জামিন হইয়াছেন, যাহা না হইলে মানুষ জাবিত থাকিতে বা এবাদাত বান্দেগী করিতে পারে না, উহা উপাদেয়, স্বস্বাদ্ধ খাছ্য-সামগ্রী দ্বারাই হউক. বা ফলমূল, লতাপাতা বা অন্য কোনপ্রকার বস্তুর দারায়ই হউক. বা 'ফেরেস্তা'দের ন্যায় 'তছবিহ' 'তাহ লিল' ও আল্লাহ -তায়লার নাম জপ ও গুণ-গান বা অন্ত যে কোন উপায় দ্বারায়ই হউক. মোট কথা "বান্দা" বিনাশ্রমে বিনাকষ্টে ও বিনা-চেষ্টায় আল্লাহ্-তায়লা হইতে এমন কিছু নিশ্চয়ই প্রাপ্ত হইবেই হইবে, যদারা মানবের জীবন ও এবাদাতের শক্তি অক্ষন্ত্র ও অব্যাহত থাকিবেই থাকিবে, কোন অবস্থাতেই, কিছুতেই, ইহার অন্তথা ঁবা ব্যাভিচার হয় নাই, হইবে না ও হইতে পারে না। অতএব সাবধান, অতি সাবধান, আল্লাহ্-তায়লার প্রতিশ্রুতি, অঙ্গীকার, ও "কোদ্রাতের" উপর ভ্রমেও সন্ধিহান হইও না, এবং আহার অভাবেও মানুষ বাঁচিতে বা জীবিত থাকিতে পারে, ইহা শুনিয়া আশ্চর্য্য ও অবাক হইও না : কেননা, তোমার চক্ষুর সম্মুখে তুমি সদাসর্বাদা শত, শত, অতি ক্ষীণকায়-জীর্ণ-শীর্ণ ও দুর্ববল রোগিগণকে দেখিতেছ যে, দশ পনের বা ইহাপেক্ষাও বেশী দিন শুধু জল বা ঔষধ পান করিয়াই, জীবিত থাকিতেছে, সে তুলনায় স্থস্থ

ও সবল দেহধারীর পক্ষে তুই একদিন সম্পূর্ণ উপবাসী হইয়াও জীবিত ও সবল থাকা কি, বেশী আশ্চর্যাজনক? নিশ্চয়ই নহে। এই আলোচনার এক উদ্দেশ্য এই যে. আহারের সার্থকতা, ও উদ্দেশ্য সম্বন্ধে জ্ঞানার্জ্জন করা। খাওয়ার উদ্দেশ্য বাঁচিয়া থাকা ও এবাদাত্ করিবার শক্তি সঞ্চয় করা, ভদ্তির, স্বীয় লোভ ও বাসনা চরিতার্থ, বা খাত্য বস্তুর আস্বাদন গ্রহণ করা, খাওয়ার উদ্দেশ্য মোটেই নহে। দ্বিতীয় উদ্দেশ্য এই যে, পরিন্ধার ও উত্তমরূপে, হাদয়ক্ষম করান যে, আল্লাহ্-তায়লার উপর পূর্ণভরদাকারী ও অতি দৃঢ় "তাওয়াকোলওয়ালা" হইয়াও যদি কাহারও খাছ্য প্রাপ্তির পার্থিব উপায় ও প্রণালী সমূহ হঠাৎ রুদ্ধ হইয়া যায় ও অনাহারে ও উপবাস-জনিত শারীরিক বলের কোনপ্রকার ফ্রাসতা ও লঘুতা অনুভূত না হয়, অর্থাৎ এবাদাত্ বান্দেগীর শক্তি যদি অটুট, ও অব্যাহত থাকে, তবে বুঝিতে হইবে যে সেই ব্যক্তির ভাগ্য অতি স্থপ্রসন্ন: অপার করুণাময় আল্লাহ্-তায়লা একান্ত করুণা করিয়া তাঁহাকে খাওয়ার ঝঞ্জাট ও দীনতা, হীনতা হইতে রক্ষা ও মক্তি দান করতঃ অতি উচ্চ ও বহু সম্মানার্হ ফেরেস্তা পদবীর সমকক্ষ পদবীতে উন্নিত ও সমাসীন করিতে মনস্থ করিয়াছেন এবং এই সৌভাগ্য একমাত্র অতি দৃঢ় ও ্বিশুদ্ধ "তাওয়াকোল"কারীর ভাগ্যেই লাভ হইতে পারে। এবং ''তাওয়াকোল' ভিন্ন কোনপ্রকার এবাদাত্ বান্দেগীই

পূর্ণাঙ্গতা প্রাপ্ত হইতে বা সফলতা লাভ করিতে পারে না এবং "তাওয়াকোলের" সমগ্রগুণাবলী, প্রশংসাবলী ও উপকারিতা বর্ণনা করিতে হইলে এইরূপ বহুখণ্ড পুস্তকের আবশ্যক। অতএব এই সামান্ত করেকটা উপকারিতা ও গুণাবলা কার্ত্তন দারাই আমাকে ইহার পরিসমাপ্তি করিতে হইতেছে।

দ্বিতীয় "তাফ্ভিজ<sup>77</sup>—বিদ্বান, বুদ্ধিমান, বিচক্ষণ ও যোগ্যতম ব্যক্তির হস্তে কোন কার্য্যভার শুস্ত ও অর্পণ করিতে পারিলে সে কাজ স্থন্দর ও স্থচারুরূপে সম্পন্ন হওয়া সম্পর্কে যেমন নিশ্চিন্ত হওয়া যায়, তজ্জ্ব্য কার্য্যার্পণ-কারীর, আর কোনরূপ মাথা ঘামাইতে বা অন্ম কোন প্রকার বেগ পাইতে কি অশান্তি ভোগ করিতে হয় না। সেইরূপ সমস্ত পৃথিবী ও সর্ববকার্য্যের স্ষষ্টি-স্থিতি-লয়, কর্ত্তা, সর্ববকার্য্য-বিষারদ, সর্ববজ্ঞ, ও সর্ববশক্তিমান, অপার করুণাময়,-প্রবল-প্রতাপ, আল্লাহ্-তায়লাকে বিশুদ্ধ, নির্ম্মল ও গভার আন্তরিকতার সহিত আত্ম-নিবেদন ও আত্ম-সমর্পণ ক্রিতে পারিলে ইহ ও পরকালের নিমিত্ত তাহার আর কোনপ্রকার 'উদ্বেগ, ভয়, ভাতি আত্ম বা কার্য্যনাশের, বা কোন কিছুর ক্ষতি বা অপচয়ের আশঙ্কাই আর থাকিতে পারে না, ও কোনপ্রকার চিন্তা, উদ্বেগ ও অশান্তি তাহাকে স্পর্শও করিতে পারে না বরং তখন সে স্থ্য,—সোভাগ্য-পূর্ণ শান্তিময় নিশ্চিন্ত জীবন নির্বিবাদে যাপন ও অতিবাহন করিতেই বাধ্য হইবে, চেষ্টা করিয়াও

সে আর অশান্তি, উদ্বেগ, ও উৎকণ্ঠার স্থান্তি বা ছুঃখ কষ্ট, ছুৰ্দ্দশা আনয়ন করিতে পারিবে না।

তৃতীয় "রাজা" (نا) "রাজার" অর্থ রাজী হওয়া, স্বীকার করা; এস্থলে, "রাজার" অর্থ, আল্লাহ-তায়লার "কাজার" উপর রাজী হওয়া অর্থাৎ সম্ভষ্টচিত্তে মানিয়া নেওয়া ( গ্রহণ ও বরণ করা )। "কাজার" অর্থ পূর্বেবই বলা হইয়াছে যে, অদৃষ্ট-লিপির লিথানুযায়ী কাজ-সমূহ (সুখ-তুঃখ যাহাই কেন হউক না ) যখন ফলিতে থাকে, তাহাকে "কাজা" বলে। 'সেই কাজাকে' সাদরে গ্রহণ ও স্বীকার করিয়া নেওয়াকে "রাজা" বলে ; অতএব 'রাজা' বা "কাজার" বাংলা অর্থ বা ব্যাখা এই হইবে যে, "অদৃষ্ট-লিপির নির্দিষ্ট বিধান সমূহকে দ্বিধাশূন্য-ভাবে মানিয়া নেওয়া "বা নিয়তির কার্য্যা-বলী বিনা প্রতিবাদে সম্ভোষের সহিত স্বীকার ও গ্রহণ করা"। এই "রাজাকে" সানন্দচিত্তে গ্রহণ না করিলে অর্থাৎ অস্বীকার করিলে চুইটী ভীষণ বিপদে পতিত হওয়াও যেমন অবধারিত, তেমনই আবার ইহাকে উপেক্ষা না করিয়া সাদরে গ্রহণ ও বরণ করিয়া লইলে চুইটা অত্যুত্তম শুভকরী ও মঙ্গলদায়ক ফল লাভও স্থনিশ্চিত। প্রথম বিপদ এই एक, विधि-लिशि अथछनीय, উटा मानत्वत्रं मं जिल्ला प्रकार, ক্রন্দনে, অসম্বৃষ্টি, অস্বীকৃতি, ও বিরক্তিতে বা কোন কিছুতেই খণ্ডিবে না, ও খণ্ডিতে পারে না। তবে কেন উহাকে সম্ভোষের সহিত গ্রহণ না করিয়া নিরর্থক মনের, ক্ষোভ, রোষ, দুঃখ, দৈশু, অশান্তি, উদ্বেগ ও দুশ্চিন্তাদি বুদ্ধি করতঃ
মনকে, বিহবল, মুহ্মান বিপথ-গামী ও বিপন্ধ করিয়া তোলা, ও
নিজে নিজের সর্ববনাশ ও বিপদকে ডাকিয়া আনা ? স্বীয়
অপকার ও অনিষ্ট-সাধন ভিন্ন ইহাতে অশু কোনপ্রকার
বিন্দুমাত্রও উপকার বা ইষ্টলাভের আশা বা প্রত্যাশা নাই।

বিতীয় বিপদে, আল্লাহ্-তারলার রোষ-প্রদীপ্ত ও
তজ্জনিত স্বীয় ভাগ্যে দণ্ডের কঠোরতা বৃদ্ধি করা মাত্র, ষেমন
"হাদিছ-কোদ্ছিতে" আছে, আল্লাহ্-তারলা ফরমাইতেছেন, "যে
কোন ব্যক্তি আমার "কাজায়" রাজী না হয়, আমার দেওয়া
বিপদে "ছাবার" না করে, আমার নেয়ামাতে "শোকর" না করে,
তাহাকে বলিয়া দেও য়ে, সে যেন অহ্য থোদা খুঁজিয়া নেয়"।
ইহা অতি ভীষণ ও কঠোর ভয় প্রদর্শক আদেশ-বাণী।
পরম দয়াময় আল্লাহ্-তায়লা এই ভীষণ বিপদ হইতে
আমাকে ও সমস্ত মোসলমান ভাতা-ভগিনিগণকে পরিত্রাণ
ওরক্ষা করেন, সবিনয় এই প্রার্থনা আ-মী-ন)।

আর ইহার বিপরীতে, অর্থাৎ সম্ভট্টচিত্তে "কাজাতে" রাজী হইলে অর্থাৎ মানিয়া নিলে যে তুইটা অত্যুত্তম শুভ ফল প্রসব করে তাহার প্রথমাতী এই স্বীয় মনের শান্তি, তৃপ্তি ও নিশ্চিন্ততা। বিতীশ্রতী সেই অতি মহার্য ও তুম্প্রাপ্য বস্তু স্বরং আল্লাহ্-তায়লার "রাজা-মন্দি" অর্থাৎ সম্ভণ্টিলাভ। যেমন

আল্লাহ্-তায়লা ফরমাইতেছেন যথা— \* ضَى الله عَنْهَمْ وَرَضُوا عَنْهُ \*

( অর্থাৎ আল্লাহ্-তায়লা তাহাদের প্রতি রাজী অর্থাৎ সন্তুষ্ট হইয়াছেন ও তাহারাও আল্লাহ্-তায়লার উপর রাজী সন্তুষ্ট হইয়াছেন)।

চতুর্থ ছাবার (مبر ) অর্থাৎ ধৈর্যা, ইহা একটী অতিশয় তিক্ত, কটু ও কধায় ঔষধ ও অতি বিস্বাহু পানীয়; কিন্তু ইহা মানবের জীবন-যাত্রা নির্ববাহের পক্ষে, সর্ববপ্রকার আপদ-বিপদ, পাপ-তাপ, দুঃখ-কষ্ট, জ্বালা-যন্ত্রণা, অপনোদক, মহোপকারী ও বহু ফলোপধায়ক, ছঃখ-হারিণী, বিপদ-বারিণী, পাপ-তাপ-বিজয়িনী এক অপূর্বব মৃত্যু-সঞ্জিবনী-স্থধা বিশেষ। অতএব জ্ঞানী-জন মাত্রেই সর্ববদা এই তিক্ত, বিস্বাহু, ঔষধকে সানন্দ-চিত্তে, অব্যাজে, অবলীলাক্রমে পান করতঃ পাপ-বিজয়ী-তুঃখাঞ্জয়ী, পুণ্যবান, ও সোভাগ্যবান হইয়া নিশ্চিন্ত-মনে, নির্বিবাদে বৈরীহীন স্থখময় জীবন যাপনে, অতিমাত্র আগ্রহান্বিত 'ও লালায়িত থাকেন ও হন। এখন এই অমূল্য রত্ন "ছাবারের" রকমভেদ বা শ্রেণী-বিভাগ ও প্রয়োগ স্থান ও অন্যান্য উপকারিতা সম্বন্ধে মোটামুটা কিছু জ্ঞান লাভ করা কর্ত্তব্য। উহা এই ''ছাবার'' অর্থাৎ ধৈর্য্য চারি প্রকার—

(১) "এবাদাতে" "ছাবার" অর্থাণ এবাদাত্ বান্দেগী ও পুণ্য-জনক কার্য্যে যে সকল কফ ও পরিশ্রেম স্বীকার করিতে ও বেগ পাইতে হয় অমান-চিত্তে সস্তোষের সহিত তত্তাবতে ধৈর্য্যাবলম্বন করতঃ আগ্রহের সহিত এবাদাতে মনোনিবেশ করা।

- (২) পাপ না করার জন্ম "ছাবার" অর্থাৎ পাপের মাদকতার বিমুগ্ধ ও ক্ষণিক স্থথের মোহ ও লোভ হইতে অতি দৃঢ়তার সহিত মনকে বিভিন্ন করতঃ দার্ঢ্যতার সহিত ধৈর্য্যাবলম্বন করা।
- পোর্থিব প্রাচুর্ব্যে 'ছাবার' অর্থাৎ অনাবশ্যক "ফজুল-ছালাল" ও "মোবাহ্" জিনিব সমূহের প্রলোভনে প্রলোভিত না হওয়ার জন্য ধৈর্যাবলম্বন করা।
- (৪) আপদ-বিপদে "ছাবার" অর্থাৎ দৈহিক, মানসিক, আর্থিক ইহার যে কোনপ্রকারের আপদ-বিপদ, শোক-তাপ, ছঃখ-কষ্ট, বা ছুর্দ্দশাই হউক না কেন, তাহাতে বিচলিত না হইয়া দৃঢ়তার সহিত ধৈর্য্যাবলম্বন করতঃ ধার, স্থির, ও অবিচলিত থাকা।

এই স্থল চতুষ্টয়ে অতি দৃঢ়তার সহিত যে ব্যক্তি ''ছাবার" অর্থাৎ' ধৈর্যাবলম্বন করিতে পারিবে সে অসংখ্য ও অগণিত, পুণ্য সঞ্চয় করতঃ সর্ববপ্রকার আপদ-বিপদ, চুংখ-কষ্ট ও অভাবের হস্ত হইতে পরিত্রাণ ও মুক্তি লাভ করিয়া ইহকালের যজ্জাবতীয় স্থখ-শান্তি, 'সোভাগ্য উপভোগ করিতে, ও পরকালে নিশ্চিন্তে, নির্বিদ্ধে ও প্রফুল্ল অন্তরে, অবাধে বেহেস্তে গমন করিতে পারিবে। আর যে হতভাগ্য এই "ছাবার" করিতে পরাশ্ম্য হইবে বা বিরত থাকিবে, সে ছাবার করার পুণ্য হইতে তো বঞ্চিত্র হইবেই; অধিকন্ত তাহার অতি সাধের জাবন-তরী 'ছাবার' না করা জনিত ভাষণ পাপ-পয়োধির

হইয়া আবর্ত্তিত হইতে, হইতে, ক্রমে অতলে, অকালে চির-ত্বর্ভাগ্যের তিমির ''কাফন"-যবনিকায় আবরিত হইয়া চিব্ৰতবে সমাহিত ও বিলীন হইয়া যাইবে। যেমন ''হাদিছ-শরিফে" উক্ত হইয়াছে যথা— \* هُنْ لاَ صَبْرِلُهُ لاَ إِيْمَانَ لَهُ \* ( অর্থাৎ যাহার 'ছাবার' নাই তাহার 'ইমান'ও নাই )। হজরত্ আলি ( রাজিঃ ) জনৈক ব্যক্তির বিপদে সহানুভূতি প্রকাশের সময় ফরমাইয়াছিলেন যে, "তোমার অদুষ্টে যাহা ছিল, তাহা হইয়াছে। এখন ছাবার অর্থাৎ ধৈর্য্যাবলম্বন কর, তাহা করিলে পুণ্য সঞ্চয় করিবে। আর যদিনা কর, তবে অদৃষ্ট-লিপি তো কিছুতেই পরিবর্ত্তিত হইবেই না, মধ্য হইতে তুমি পুণ্যে বঞ্চিত হইয়া শুধু গাপের ভাগীই হইবে মাত্র। অতএক জ্ঞানী মাত্রের পক্ষেই পার্থিব সমস্ত বন্ধন ও মোহপাশ ছিন্ন করতঃ অকুষ্ঠিত ও অবিচলিত-চিত্তে আল্লাহ্-তায়লার উপর পূর্ণ "তাওয়াকোল, "ছাবার ও আত্ম-সমর্পণে নিয়তির প্রত্যেক কাজকে অতি আগ্রহ ও সন্থোষের সহিত গ্রহণ, বরণ ও স্বীকার করিয়া লইয়া আত্ম রক্ষা করা অবশ্য কর্ত্তব্য ও বিধেয়; এবং সেই মঞ্চলময় আল্লাহ্-তায়লাকে মানবের প্রতি তাঁহার প্রদত্ত বাছিক আপদরূপি মঙ্গলকর দান-সমূহ প্রদান জন্ম, মানব মাত্রের পক্ষেই সর্ববদা কৃতজ্ঞ-হৃদয়ে,

সবিনয় আকুল-কণ্ঠে, কোটী, কোটী ধন্যবাদ ও কৃতজ্ঞতা

উত্তাল তরঙ্গাভিঘাতে নৈরাশ্যাবর্ত্তের প্রবল আবর্ত্তে বিক্ষিপ্ত

জ্ঞাপন করা "ফার্জে আয়েন" অর্থাৎ অবশ্য কর্ত্তরা। যেমন আমাদের মহামান্য পায়গান্ধার হজরত্ (দঃ) ফরমাইয়াছেন যে, আল্লাহ্-তায়লা যখন যে সম্প্রদায় বা ব্যক্তিকে সম্মানিত, সমুন্নত ও স্বীয় প্রিয় করিতে ইচ্ছা করেন, তখন প্রথমে তাহাদিগকে আপদ-বিপদের অগ্নি-পরীক্ষায় নিক্ষেপ করেন। অতএব যে কোন ধার্ম্মিক মোসলমান, যে কোনরূপ পার্থিব আপদ-বিপদে নিপতিত হইয়া তাওয়াকোল, ছাবার, ইত্যাদিতে অবিচলিত ও স্থিরতর থাকিতে পারিলে, নিশ্চয় জানিও, ও স্থির বিশাস করিও যে, অদূর-ভবিম্বতে অফুরন্থ, অভাবনীয়, ও অগণিত, স্থখ-শান্তি ও সম্পদ তাহার জন্ম অপেক্ষা করিতেছে।

আল্লাহ্-তায়লার নিকট যুক্ত-করে সবিনয়ে এই সমস্ত অমূল্যনিধি প্রাপ্তির প্রার্থনা ও নিবেদ্ন জানাইতেছি।

## পঞ্চম অধ্যাস্থ বাওয়ায়েছের ঘাটি

"বায়েছের" বহুবচন "বাওয়ায়েছ" বায়েছের অর্থ উদ্দেশ্য, কারণ, নিমিত্ত, ইত্যাদি অর্থাৎ যে উদ্দেশ্য বা কারণের বশবর্ত্তি হইয়া মানুষ কাজ করিতে ইচ্ছুক হয় ও কাজ করে, সেই কারণকে বলে, কেননা, কারণ ছাড়া কাজ হয় না; এই অর্থেই লোকে কার্য্য-কারণ শব্দ ব্যবহার করিয়া থাকে। অতএব যে সকল সাধক, উপাসক, সাধনায় ও উপাসনায় রত হন, তাহার মূল কারণ কি ? সেই কারণ এই অধ্যায়ে বর্ণিত হইয়াছে বলিয়া এই ঘাটির নাম হইয়াছে "বা ওহাত্তের" ঘাটি অর্থাৎ এবাদাতে লিপ্ত হইবার কারণ সমূহের ঘাটি।

পৃথিবীতে উত্তম-অধম, পাপ-পুণা, ইত্যাদি যত প্রকার ও যত রকমের, যত কাজই হউক না কেন, উহাতে প্রবৃত্ত ও লিপ্ত হইবার কারণ বা উদ্দেশ্য মাত্র চুইটা, "ভয়" ও "আশা" বা "সার্থ ও ভীতি" ইহাকে অস্থা যে কোন ভাবেই ও যে কোন নামেই বর্ণনা ও অভিহিত কর না কেন, "কারণ" কিন্তু চুইটা ভিন্ন তিনটা বাহির হইবে না। কার্য্যের এক কারণ বা উদ্দেশ্য "লোভ বা আশা", দ্বিতীয় কারণ "ভয় বা ভীতি"। লোকে সব কাজই হয় "ভয়ে" করে, নয় "লোভে" করে। এবাদাতের' কার্যা কারণও তেমনি ঐ তুইটাই, তবে পার্থক্য এইটুকু যে, পার্থিব কাজ লোকে উক্ত উভয় কারণের যে কোন একটার অনুবর্ত্তী হইয়া বা একত্র উভয় কারণের বশীভূত হইয়া করে; কিন্তু এবাদাত্, বান্দেগী ও পুণ্যজনক প্রতি কাজই একত্র উক্ত "যুগল" কারণের অনুবক্ত ও বশীভূত হইয়া করিতে হয়, ইহার কোন কাজেই শুধু এক কারণের জন্ম লিপ্ত হইবার উপায় নাই এবং কেন নাই তাহা বলিবার জন্মই এই অধ্যায়ের অবতারণা।

সর্বপ্রকার এবাদাত্ ও সৎকাজে প্রবৃত্ত হইবার কারণ তুইটা
(১) "থাওফ্" অর্থাৎ ভয়, (২) "রাক্রা" অর্থাৎ আশা ও
ভরসা। মানবের হৃদয়-পটে এই যুগল কারণ গভীরভাবে
মুদ্রিত ও অঙ্কিত না হইলে তাহার দ্বারায় কোন প্রকার সংকাজ ও এবাদাত্ বান্দেগীই পূর্ণাঙ্গ-পূর্ণ ও নির্দেশযভাবে
সম্পন্ন হইতেই পারে না। প্রথম খাওফ অর্থাৎ ভয়, এবাদাতের
জন্ম, এই ভয়, কারণের বিগ্রমানতার অত্যাবশ্যকতা ও একান্ত
প্রয়োজনীয়তা তুই কারণে "ওয়াজেব" অর্থাৎ এই ভয় বা ভীতি
গুণবাচক বিশেষ্য পদটী এবাদাতের, ও সৎকার্য্যাবলীর নিমিত্ত
হওয়ার পক্ষে তুই কারণে "ওয়াজেব" অর্থাৎ অত্যাবশ্যক।

প্রথম কারণ ভয় না হইলে বা না থাকিলে মানুষ পাপের বাছিক সৌন্দর্য্য ও চাক্চিক্যময়-মোহিনী-মূর্ত্তির প্রলোভন হইতে আত্মরক্ষা করিতে পারে না, কেননা নাফ্ছ মানবের দেহ ও মনকে সর্ববদা ঐ পাপের দিকে পুনঃ পুনঃ আহ্বান ও আকর্ষণ করিতে থাকে। অতএব দৃঢ়-হস্তে ভয়ের কশাধারণে নাফ্ছ্কে নিয়ত ঐ কশার তীব্রাঘাতে সন্ত্রস্ত ও বাকা ও কার্যোর দ্বারায় প্রবল ভীতি উৎপাদনে ব্যতিব্যস্ত ও শঙ্কিত করিয়া তুলিতে না পারিলে পাপ হইতে মুক্তিলাভ যেমনই স্কুর-পরাহত হইয়া পড়ে, তেমনই এবাদাত্ ও সৎকাজ সমূহ হইতেও সম্পূর্ণরূপে বঞ্চিত হইয়া নিক্ষণ বিডম্বিত জীবন-ভারই কেবল বহন করিতে হয়।

দ্বিতীয় কারণ—ভয় না থাকিলে এবাদাতে "ওজব" অর্থাৎ ( এবাদাত্ সম্বন্ধে ) আত্ম-প্রশংসা, আত্মগর্বব, আত্মস্তরিতা, আত্ম-তৃপ্তি ও আত্ম-গরিমার, উদয়-আশঙ্কা অত্যন্ত প্রবল হইয়া পড়ে ( আর ওজৰ আবেদের কিরূপ মারাত্মক ও ভীষণ শক্র তাহা পূর্বর, পূর্বর, অধ্যায়ে বর্ণনা করা হইয়াছে। উহার পুনরোল্লেখ এস্থলে নিষ্প্রয়োজন) এবং এইজন্য ''আবেদ'' ও ''ছুফি"গণ সর্ববদা নিজকে এই বলিয়া তাড়নাও ভর প্রদর্শন করিয়া থাকেন যে, তোমার এই কঠোর এবাদাত্ বান্দেগী ও কঠিন জপ-তপ, সাধন-ভজন, দরগাহ্-বারিতে কবুল হইয়াছে কি না ? তাহা যখন তুমি জান না, তখন কোন্ দলিলে, কোন্ প্রমাণে, ও কোন্ ভরসায়, গর্বিত ও আনন্দোৎফুল্ল হইয়া "ওজব" অর্থাৎ আত্ম-গরিমার, গর্ব্ব-মসিতে দেহ-মনকে মসিলিপ্ত ও কলা, কলঙ্কিত করিতেছ ও বেহে:স্ত যাইবার মিথ্যা আশা পোষণ করিয়া রুথা উল্লাসে মনকে উল্লাসিত করিতেছ বরং তোমার এবাদাত্ বান্দেগী ও সৎকার্য্যাবলী, সেই পাক-দরবারে

কবুল না হওয়ার ভয় ও আশস্কায় সর্ববদা ভয়-চকিত, শক্কিত-প্রাণে, ও ম্রিয়মান-অবস্থায়, তোমার দিনাতিপাত ও জীবন-যাপন করাই কর্ত্তব্য ছিল, মুহূর্ত্তের জন্মও তোমার নির্ভয় ও নিঃশক্ষ হওয়া সঙ্গত, উচিত ও বিধেয় নহে, ইত্যাদি, ইত্যাদি নানারূপ ভীতি-পূর্ণ উক্তি ও যুক্তির দ্বারায় মনের মধ্যে বিষম ভয় ও ত্রাসের সঞ্চার করতঃ "ওজব" অর্থাৎ আত্ম-গরিমার প্রবেশ-পথকে চিরতরে ও দৃঢ়ভাবে রুদ্ধ করা "ফার্জ" অর্থাৎ একান্ত কর্ত্তব্য।

দ্বিতীয় রাজ্বা (১৮১) অর্থাৎ আশা, ইহাও উক্ত ভয়-কারণের অনুরূপ এবাদাতের নিমিত্ত হওয়ার পক্ষে চুই কারণে অত্যাবশ্যকীয় ও প্রয়োজনীয়। প্রথম কারপ এই যে, সাধারণতঃ প্রায় লোকেই বিনা-স্বার্থে, বিনা-লাভে বা বিনা-আশায় কোন শ্রম বা কফজনক কার্য্যে অগ্রসর হইতে বা হস্তক্ষেপ করিতে চাহেনা, ও করেনা। সেইরূপ এবাদাত্ত-বান্দেগা ও সংকার্যাদিতেও যে সকল কফ্ট. শ্রম ও ত্যাগ, স্বীকার ক্রিতে হয়, তাহাতে কোন লাভের আশা ও প্রত্যাশা না থাকিলে, স্বভাবতঃ মানব তাহাতে আকৃষ্ট ও প্রলুব্ধ হইতে চাহিত না ও হইত না। অতএব, এবাদাত্ বান্দেগীর শ্রম ও চুঃখ, কফ, সম্ভব্ট চিত্তে সহু করিবার জন্ম যে কোন প্রকারের একটী পুরস্কার, লাভ বা আশার, আশা থাকা একান্ত প্রয়োজন। কাজেই এবাদাতের পক্ষে রাজার একান্ত আবশ্যকতা সম্বন্ধে আর অধিক যুক্তি-তর্ক ও প্রমাণ প্রয়োগ অনর্থক ও অনাবশ্যক।

আমার মোরসেদ কেমন স্থন্দর চারিটী কথা ফরমাইরাছেন—(১) ছুঃখ, ক্ষুধা-হারক। (২) আল্লার ভয়, পাপ নিবারক। (৩) রাজ্বা, এবাদাতে আগ্রহ ও শক্তি সঞ্চারক। (৪) মৃত্যু ভয়, অনাবশ্যক "হালাল" পরিবর্জ্জক।

**দ্বিতীয় কারণ—**অল্প পরিশ্রমে অত্যধিক লাভের আশা থাকিলে স্বভাবতঃই মানব তৎপ্রতি অধিক আকৃষ্ট ও আগ্রহান্বিত হইয়া পড়ে, অথবা মধু-লোভী, মধুর লোভে অমান-বদনে মক্ষিকার তীব্র দংশন জালাও যেমন অকাতরে সহ্য করে, তৎপ্রতি দৃক্পাত ও জ্রঞ্চেপ মাত্রও করে না, তেমনই সাধক-মানব যথন রাজ্বার অর্থাৎ আশার প্রবল ও সত্য আকর্ষণে, আকর্ষিত ও ঐ মধুলোভীরই স্থায় মধুপেক্ষা শত সহস্র গুণ শ্রেষ্ঠ এবাদাতের স্থায়ী মধুর স্বাদ আস্বাদনে অভ্যস্ত ও প্রলুক্ক হইয়া উঠে, তখন এবাদাতের ক্ষণস্থায়ী—শ্রম, কফট, ছঃখ ও পার্থিব অস্থায়ী স্থাকে প্রবল ঝঞ্চাবেগে বিক্ষিপ্ত তৃণবৎ দূরে নিক্ষিপ্ত ও পদ-বিদলিত করিয়া উন্মত্ত, অধীর-আগ্রহে এবাদাতের পুণ্যোজ্জ্বল, সরল, সত্য, শুভ্র-পথে উল্কাবৎ ক্ষিপ্রগতিতে প্রধাবিত ও অগ্রসর হইতে কিঞ্চিন্মাত্রও দ্বিধা বৈধি করে না। প্রধাবন ও অগ্রগমনের মূল কারণ ঐ রাজা অর্থাৎ আশা।

এবাদাতের পক্ষে "খাওফ্" ও "রাজ্বা" কারণ দ্বয়ের যুগপৎ একত্র ও এক সঙ্গে স্থিতি, বিছমানতা, ও অবশ্য প্রযোজ্যের অত্যাবশ্যকতা সম্বন্ধে আরো তুই একটা যুক্তি-মূলক সমর্থন ওঃ প্রমাণ দেওয়া যাইতেছে যথা—কোন একখণ্ড ভূমির উর্বরতা

শক্তির উপর সম্পূর্ণ নির্ভর ও আশান্বিত হইয়া কেহ যদি অকর্ষিত অবস্থায় তাহাতে বীজ বপন করিয়াই নিশ্চিন্ত হয় ও বীজের গোডায় জল সিঞ্চন ও সার ক্ষেপণ ইত্যাদি কোন প্রকার যতুই না নেয়, তবে সেই বীজের অকাল-মৃত্যু যেমন অনিবার্য্য, ঠিক তেমনই অতি ভয়ে ভীত ও জমির উর্ববরতা শক্তিতে সন্দিহান মানব অতি মাত্রায় কর্ষিত ও সারযুক্ত জমিতেও বীজ রোপণ করতঃ সম্পূর্ণভাবে জলে ডুবাইয়া রাখিলে সেই বীজের অকাল মৃত্যু বা অপমৃত্যুও ঐরূপই অবধারিত ও স্থনিশ্চিত; অথবা রাগী প্রভুর বিরাগ ভয়ে অতি মাত্রায় ভীত ভৃত্য যেমন কোন কাজই স্থন্দর ও স্থচারুরূপে শৃখলার সহিত নির্বাহ করিতে না পারিয়া প্রভুর বিরাগ-ভাজনই হয় মাত্র, দয়া আকর্ষণ করিতে পারে না ; তেমনই দয়াল প্রভুর দয়ায় অতিমাত্র নির্ভরশীল ভৃত্যও কাজে শিথিলতা, অবহেলা ও উদাসীনতা প্রদর্শন করিয়া দয়ার পরিবর্ত্তে প্রভুর বিরাগই শুধু অর্জ্জন করিতে থাকে। এই "খাওফ্" ও "রাজ্বা" এতত্বভয়ের মধ্যে সমতা রক্ষিত না হইয়া কোনও একটার মাত্রাধিক্য ও প্রাবল্য ঘটিলে মানবের অদুষ্টেও ঠিক তদনুরূপ বিষময় ফলই লাভ হইয়া থাকে অর্থাৎ "খাওফ্" (ভয়) যাহারা আল্লাহ্-তায়লাকে অতিমাত্র ভয় করিতেই শিখিয়াছে, তাঁহার দয়া ও করুণার প্রতি, আশা-ভরসা ও বিশাস স্থাপন করিতে শিখে নাই, তাহারা ভয়ে, ভয়ে, জীবন-ভোর এবাদাত্ বান্দেগী ও সৎকার্যাদিতে লিপ্ত থাকিয়াও একমাত্র এই অতি ভয়-জনিত নৈরাশ্যের জন্মই আল্লাহ্-তায়লার অপার করুণা ও দ্য়ার উপর হইতে ভরসা ও বিশ্বাস হারাইয়া ফেলে এবং এই অতি ভয়-জনিত নৈরাশ্য ও ভরসাহীনতাই পরিণামে তাহাদের দোজখের পথ প্রশস্ত করিয়া দেয়, যেমন আল্লাহ্-তায়লা ফরমাইয়াছেন যথা—

\* তিনি নির্বাচিত বির্বাচিত বির্বাচিত বিরাম বির

 বিষদ ও উত্তমরূপে হৃদরঙ্গম ও নিবিড্ভাবে উপলব্ধি ও তৎপ্রতি গভীর মনোযোগ আকর্ষণ ও দৃঢ়তা অবলম্বন জন্ম পবিত্র কোরাণ-শরিফ হইতে কয়েকটী আয়েৎ উদ্ধৃত করা যাইতেছে। এই অল্ল কয়েকটী আয়েতের দারায়ই "খাওফ্"ও রাজা এই উভয়কে একত্র এক সঙ্গে হৃদয়ে ধারণ, পোষণ, ও রক্ষা করণ যে অবশ্যক্তির অর্থাৎ 'ফার্জিয়াতে' গণ্য তাহার প্রমাণ অতি স্থান্দর ও পরিক্ষারভাবে প্রতিপন্ন হইয়া যাইবে। রাজা অর্থাৎ আশা সম্বন্ধীর পবিত্র কোরাণ-শরিকের মাত্র আটটী "আয়েৎ" নিম্নেউদ্ধৃত করা হইল যথা—

- ﴿ تَفْنَطُواْ مِنْ رَحْمَةُ اللهِ إِنَّ اللهُ يَغْفُرُ الذُّ نُوْبَ جَمِيْعًا \* (د) ﴿ مَا اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ الللهُ اللهُ ا
- . (২) \* رَمَّنُ يَغُفُرُ الذَّ نُوْبَ إِلاَّ اللهِ (২) ( অর্থাৎ আল্লাহ্-তারলা ভিন্ন আর কে পাপ বিমোচন করিতে পারে ) ?
- (৩) \* غَافِر النَّنْبِ رَقَابِلِ التَّرْبِ (অর্থাৎ এক মাক্র আল্লাহ্-তায়লাই পাপ বিমোচন করেন ও তওবা কবুল করেন)।
- (৪) \* وَهُوَ النَّذِي يَعْبَلُ التَّوْبَةُ عَنْ عِبَا دِهِ وَيَعْفُوا عَنِ السَّيَّاتِ (৪)
  ( অর্থাৎ তিনিই সেই একমাত্র আল্লাহ্-তায়লা—যিনি সমস্ত
  বান্দার তথবা কবুল করেন, ও পাপ ক্ষমা করেন )।

- (৬) \* َرُحْمَتِی رَسِعَتُ کُلَّ شَلَی مُسَا کُتَبَهَا لِلَّذِینَ یَتَقُوْنَ \* (৬) (এথাৎ আমার ক্ষমা সর্বব্যাপী, বিশেষ যাহারা মোত্তাকী, তাহারা অতি সত্তর ক্ষমা প্রাপ্ত হইবে)।
- (৮) \* رَحْيَمُ بِالْمُؤْمِنِينَ رَحِيمً ( অর্থাৎ আল্লাহ্-ভারলা. ইমানদারদের উপর বিশেগভাবে অত্যধিক ও অতিশয় দয়াবান ও ক্ষমাশীল )।

খাওফ্ অর্থাৎ ভয় সম্বন্ধে মাত্র পাঁচটী আয়েৎ উদ্ধৃত করিতেছি যথা—

- (১) \* يَاعِبَادُ نَاتَّقُولِ ( অর্থাৎ হৈ আমার বান্দাগণ!
  তোমরা আমাকে ভয় করিও)।
- (২) \* اَنْكَ اَلْمَا خُلُقْنَكُمْ عَبْدًا (অর্থাৎ তোমরা কি মনে করিয়াছ যে, আমি তোমাদিগকে শুধু হাসি, তামাসা, খেলা ও বিলাস-ভোগের জন্ম ব্থাই স্প্তি করিয়াছি) ?

- (৩) \* اَيُحَسَّبُ الْإِنسَانُ اَنْ يُتْرَكَ سُدَّى (অর্থাৎ মানবেরা কি মনে করিয়াছে যে, তাহারা এমনই নিষ্কৃতি লাভ করিতে পারিবে অর্থাৎ বিনা বিচারেই অব্যাহতি লাভ করিবে ) ?
- (8) \* رُمْنُ يَعْمَلُ سُرِّ يَجْزُبِهِ (शब्दी एवं सम्म कांक कतित्व তাহার দণ্ড তাহাকে ভোগ করিতেই হইবে)।
- (﴿﴿ مُنَا إِلَى مَا عَمِلُ وَمِنَ عَمَلِ فَجَعَلْنَهُ هَبَاءًا مَّنْتُورًا ﴿ ﴿﴿ وَهِ مَنَا إِلَى مَا عَمِلُ وَمَ عَمَلِ فَجَعَلْنَهُ هَبَاءًا مَنْتُورًا ﴿ ﴿ (﴿ عَالَمُ عَلَمُ عَلَيْهِ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهِ عَلَى اللّهُ عَلَى الل

এই সমস্ত কালামের ঘারায় পরিস্কার বুঝা গেল, যাহারা "রাজা" ও 'থাওফ্" এই চুইটীর মধ্যে একটাকে বাদ দিয়া মাত্র একটাকে অবলম্বন করিয়া থাকিবে, তাহাদের আর পরিত্রাণের উপায় নাই। পরিত্রাণ ও নিস্তার তাহারই লাভ করিবে যাহারা "খাওফ্ ও রাজ্রা" এই উভয়কেই সমভাবে অতি দৃঢ়তার সহিত অবলম্বন করিয়া থাকিবে। "থাওফ্" ও "রাজা" এই উভয় গুণকে সমভাবে একত্র এক সঙ্গে মনে স্থাপন ও অধিষ্ঠিত করার অত্যাবশ্যকতা অত্যুত্তমরূপে হল্বোধ, ও মনকে তৎপ্রতি গভীরভাবে আকৃষ্ট করার জন্য পবিত্র কোরাণ শরিফ হইতে মাত্র তিনটী আয়েৎ পাশাপাশি ভাবে নিম্নে উদ্ধৃত করা হইল যথা—

(১) "রাজা" \* نَبِّى عِباً دِي إِنَّى اَنَا الْعَفُورُ رَحْدِيمُ \* "রাজা" (১)

খাওক্ \* رَأَنَّ عَـذَابِي هُرَانَعَـذَابُ ( অর্থাৎ আমার বান্দাগণকে উত্তমরূপে জানাইয়া দেও যে, আমি অতি দয়াবান ও ক্ষমাশীল, ও সঙ্গে সঙ্গে বিশেষভাবে সতর্ক করিয়া দেও যে, আমার দণ্ডও অতি কঠোর ও ভীষণ )।

- خَرَى الطَّوْلِ لاَ اللهِ তৎপর রাজা عَلَيْ الْعَقَابِ "তৎপর রাজা خُرَى الطَّوْلِ لاَ اللهِ তৎপর রাজা خُرَى الطَّوْلِ لاَ اللهُ وَهُمَّ وَالْعُولِ \* ) ( অর্থাৎ আমি বেমনই অতি কঠোর দণ্ড প্রদানকারী, আবার তেমই অতি উত্তম পুরস্কার প্রদানকারী, এবং একা আমিই মাত্র সর্ববিপ্রকার এবাদাত্ ও পূজা পাইবার অধিকারী )।
- (৩) খাওফ । ﴿ يُصَحَـــُّوْرُ كُمُ اللهُ نَفْسَــهُ ﴿ وَاللهُ رَكُوْفُ بِالْعِبَادِ ﴿ وَاللهُ رَكُوْفُ بِالْعِبَادِ ﴿ وَاللهُ رَكُوفُ بِالْعِبَادِ ﴾ ﴿ وَاللهُ رَكُوفُ بِالْعِبَادِ ﴾ ﴿ عَلَا اللهُ اللهُ

রাজা ও খাওফ্-মিশ্রিত এই পাক আয়েৎত্রয়ের দ্বারার পরম করুণাময়, দয়ায়য়—আল্লাহ্-তায়ল। তাঁহার অধম দাসগণকে পরিস্কারভাবে আদেশ প্রদান করিতেছেন যে, আমার ভয়ে অতি মাত্র ভীত হইয়া নৈরাশ্য আনয়ন করিও না; কিম্বা আমার অনস্ত করুণা, দয়া ও দানশীলতার জন্য একাস্ত আশান্বিত হইয়া ভয়শূন্যও হইও না। এই উভয়ই তোমাদের জন্য অতি মারাত্মক ও সাজ্যাতিক; সতএব ভয় ও "রাজ্বা" এই

উভয়ের সংমিশ্রেণে এক মধ্য পন্থাকে অতি আগ্রহ ও দৃঢ়তার সহিত অবলম্বন কর, তাহা হইলেই অনায়াসে মুক্তি ও পরিত্রাণ লাভ করতঃ বিমল আনন্দ ও অনস্ত স্থুখ, শাস্তি উপভোগে জীবনকে ধন্য ও কৃত-কৃতার্থ করিতে সক্ষম হইবে। এই খাওফ্ ও রাজা একত্র মিশ্রিতভাবে হৃদয়ে দৃঢ় বন্ধমূল করার সহায়ক-স্বরূপ কোরাণ-শরিফের বর্ণিত ও সর্ববন্ধন-বিদিত হজরত্ 'আদেম' (আঃ) ও অত্যাত্য পায়গাম্বার (আঃ) সাহেবানদের ও শয়তান 'মরত্বদের' ঘটনাবলী, গল্পসমূহ, গাঢ়ভাবে স্মরণ করিও, তাহা হইলে আল্লাহ্-তায়লার ফজলে তোমার মন আপনাপনই "খাওফ্" ও "রাজায়" অভ্যন্ত হইয়া পড়িবে ও তোমাকে সর্বপ্রকার ও সর্বব-রকমের বিপদাপদ হইতে রক্ষা করিয়া শান্তি ও স্থথের পথে লইয়া বাইবে।

এই ক্ষুদ্র বহির কলেবর বৃদ্ধি ও বাহুল্য ভয়ে এই "খাওফ্" ও "রাজ্ব" সম্বন্ধে অন্যান্য বহু ঘটনা-মূলক উপদেশাবলী ও গল্প-, সমূহ পরিবভিজত হইল। স্ত্রী-পুরুষ নির্বিশেষে মোসলমনে মাত্রকেই আল্লাহ্-তায়লা স্বীয় অপার করুণা ও দয়াগুণে এই ঘাটি হইতে নির্বিদ্ধে উত্তীর্ণ করেন, এই প্রার্থনা—আ-মী-ন।

## ষষ্ঠ অধ্যান্ত্র কাওয়াদেহের ঘাটি

"কাদেহ" শব্দের বহুবচন "কাওয়াদেহ", ইহার অর্থ—বিনাশক, নিবারক, বিদারক, ক্ষতি ও অনিষ্ট-কারক, পশু ও র্থা-কারক ইত্যাদি, ইত্যাদি। অর্থাৎ যে সমস্ত জিনিষ এবাদাত্-বান্দেগী ও সৎকার্য্যাদিকে বিনষ্ট করে, ধ্বংশ করে, বিনাশ করে, এবং অন্যান্ত বহুপ্রকার কাওয়াদেহ অর্থাৎ এবাদাত্ ও সৎকার্য্যাদির ধ্বংশ ও বিলোপকারী জিনিষ-সমূহের মধ্যে "ব্রেহ্রা" ও "ভক্তোব" এই চুইটাই সর্বর্গ্রধান। অতএব এই রেয়া ও ওজোবের শকার্থ ও অপকারিতা ও অনিষ্টকারিতা ইত্যাদি সম্বন্ধে নিম্নে বিষদভাবে ব্যাখ্যা ও বর্ণনা করা যাইতেছে।

প্রথম-"রেহ্রা"—লোক-দেখান যে কোন কাজকে "রেয়া" বলে, উহা বাছিকই হউক বা আন্তরিকই হউক, যাহাই কেন হউক না এবং এই "রেয়া" শব্দের বিপরীত প্রতিশব্দ

"এখূলাছ" ইহার অর্থ যে কোন প্রকারের, যে কোন কাজ, লোক-দেখান উদ্দেশ্যে না হইয়া এক লক্ষ্যে, এক উদ্দেশ্যে, ভিতরে-বাহিরে এক হইয়া করা হয় অর্থাৎ একনিষ্ঠতা। এই স্থলে "রেয়া" ও "এখুলাছ" শব্দ-দ্বয়ের অর্থ উত্তমরূপে হৃদয়ঙ্গমের জন্ম আমি একটী উদাহরণ প্রদান করিতেছি। উদাহরণ এই—আল্লাহ্-তায়লার দয়া লাভের আশায়, ও স্বীয় মুক্তি কামনায় যদি কেহ "নফল" নামাজ, রোজা, দান-খায়রাত ইত্যাদি সৎকাজে প্রবৃত্ত হয় এবং এই সব পুণ্য-জনক কাজ করিবার সময় লোকে দেখুক বা শুনুক, কিম্বা লোকে আমাকে ধার্ম্মিক জ্ঞান করুক বা আমার প্রশংসা কীর্ত্তন করুক, ইত্যাকার "নিয়ত" অর্থাৎ উদ্দেশ্য ও ভাব মনে না রাখিয়া সরলভাবে গোপনে সম্পন্ন করিতে যাইয়াও যদি কোন অপ্রত্যাশিত কারণে তাহা প্রকাশ হইয়া পড়ে. কিম্বা উক্তরূপ সৎকার্য্যাদি সম্পন্ন করিবার সময় হঠাৎ শত-সহস্র লোকেও যদি উহা প্রত্যক্ষ করে তবুও ঐ ব্যক্তির ঐ কাজ একমাত্র তাহার নিয়তের জন্মই "খালেছ" অর্থাৎ এক লক্ষ্যে ও উদ্দেশ্যে সম্পাদিত বলিয়া গণ্য হইবে, এবং ইহারই নাম "এখলাছ"। অপর পক্ষে কোন ব্যক্তি উক্তরূপ সংকার্য্যাদি হইতে বছগুণ শ্রেষ্ঠ পুণ্যজনক কার্য্যাদি অতি গোপনে লোক-চক্ষুর অন্তরালে সম্পন্ন করিয়াও যদি মনে এই আশা ও উদ্দেশ্য-পোষণ করে বা রাখে যে, লোকে ইহা কোনরূপে অবগত হউক কিম্বা আমার প্রশংসা করুক, তবে ঐ ব্যক্তির সমস্ত সংকার্য্যাবলী কেবলমাত্র ঐ এক "নিয়ত" অর্থাৎ মনোগত-

ভাব ও উদ্দেশ্যের জন্মই "লোক-দেখান" বলিয়া পরিগণিত হইবে এবং ইহারই নাম "ক্রেক্রা"। এইরূপ ইহ বা পারলোকিক সৎ বা অসৎ প্রত্যেক কাজেই "রেয়া ও "এখ্লাছ" বিভাষান।

অতি তুঃখ ও ক্ষোভের সহিত অনুবাদককে ইহা স্বীকার করিতেই হইতেছে যে, আজকাল অন্সের অনুকরণে "নেফাক" ও "রেয়া" অর্থাৎ লোক-দেখান সৌজন্য ও ভাবের প্রাবল্য আমাদের মধ্যেও এত প্রবল হইয়া উঠিয়াছে যে, উহা বাছ্যিক চাল-চলন, কথা-বার্ত্তা, গৃহ-শ্য্যা ছাড়াইয়া স্নেহ-প্রেম, ভক্তি-ভালবাসায় আসিয়া আঘাত করিতেছে। আজ আগাদের বসন-ভূষণ অন্তকে দেখান জন্ম, স্নেহ-প্রীতি-বন্ধুত্ব লোক ভূলান-জন্য; দাড়ি, পাগ্ড়ি, তহবন্দ লোক-দেখান জন্মই। আমি স্বচক্ষে অতি সম্ভ্রান্ত ব্যক্তি বিশেষকে বিনা "ওজুতে" নামাজ পড়িতে দেখিয়াছি। হায়-মূঢ়-মানব! এ যে তুমি নিজেকে নিজেই ঠকাইতেছ, ইহা কি মুহূর্ত্তের জন্মও বুঝিতেছ না ? ইহা কি ঠিক শীত-দিবসে লোক-ভুলান পশম-দৃশ্যি শীতল পট্টবস্ত্ৰ পরিধান বা শীত-নিশিতে মৃত্তিকাপূর্ণ লেপে দেহ আচ্ছাদিত করিয়া বর্ত্তমানে শীতভোগ ও পরিণামে নিউমোনিয়া রোগ স্ষ্ট্রি করার মতই মারাত্মক ও আত্মঘাতক নহে ? অসুবাদ করিতে বসিয়া মনের আবেগে আমি এ কি সব লিখিতেছি? থাক, পুনমূষিক ভবঃ হইয়া এখন আবার স্বকার্য্যে (क्या याक।

এখন অতি সংক্ষেপে "রেয়ার"-অপকারিতা-সম্বন্ধে আলোচনা করা যাউক। উপরের উদাহরণ দ্বারায়ই পরিক্ষারভাবে বুঝা গিয়াছে যে, লোক-ভুলান বাহ্যিক পশম বা তুলার বা তদমুরূপ বর্ণ-বিশিষ্ট ও চাক্চিক্যশালী বস্ত্র বা লেপে যেমন দেহের শীত নিবারিত না হইয়া দেহের কফ্ট ও যাতনাই বুদ্ধি করে, "রেয়াও" এবাদাত্ বান্দেগী ও পুণ্যজনক কাৰ্য্যাদিকে ঠিক তেমনই র্থা ও বিনাশ করিয়া মানবকে "দোজখের" দরজায় নিয়া হাজির করে এবং এই ''রেয়া" শত, শত, বৎসরের অতি কঠোর সাধন-ভজন, ও অতি নির্ম্মল ও বিশুদ্ধ এবাদাত্ বান্দেগীকেও মুহূর্ত্তের মধ্যে শত মণ ছুগ্নে এক ফোঁটা গরু-চণার মতই নফ্ট, ধ্বংশ ও বিফল করিয়া ফেলে। এই কারণে স্বয়ং মহামান্ত হজরত্ (দঃ) ও সমস্ত শ্রেষ্ঠ সাধক, আবেদ ও ছুফিগণ এই ''রেয়া" হইতে বহু-বহু দূরে অবস্থান করার জন্ম দৃঢ়ভাবে আদেশ ও উপদেশ প্রদান করিয়াছেন এবং এই "রেয়ার" হস্ত হইতে মুক্তি লাভের জন্য তাঁহারা যেমনই কঠোর "রেয়াজাত্" করিয়াছেন; তেমনই পরম দয়াময় আল্লাহ্-ভায়লার পাক দরবারে সর্ববদা "মোনাজাত" ও কান্নাকাটিও করিয়াছেন।

দ্বিতীয়-প্রকোব অর্থাৎ আত্ম-গরিমা, আত্ম-প্রাশংসা, বা স্বকৃত পুণ্য-কাজকে বড় মনে করা, বা অমুক কাজটী স্বীয় বাহুবলে করিয়াছি ধারণায় আত্মপ্রসাদ লাভ করাকে "প্রকোব" বলে, অর্থাৎ আল্লাহ্-তায়লার অপার করুণা ও সাহায্য ব্যতীত

কাহারই ক্ষুদ্র এক বিন্দু পরিমাণ কাজও যে করিবার ক্ষমতা শক্তি ও সামর্থ নাই, তাহা বিস্মৃত হইয়া স্বীয় বাহুবলে বা অন্য যে কোন উপায়ে "আমি করিয়াছি"র ভ্রান্ত ধারণার-আত্ম-গরিমায় উৎফুল্ল ও উল্লাসিত হইয়া আত্ম-প্রবঞ্চনা করা। মোটামুটী ইহাই হইল "ওজোবের" অর্থ এবং সহ ও পুণ্য-জনক কার্য্যাদি সমূলে বিনাশ ও বিলোপ করিতে ইহার শক্তি ও কার্য্যকারিতা প্রায় ''রেয়ার" অনুরূপই অমোঘ ও অব্যর্থ, অর্থাৎ সর্ব্যপ্রকার 'এবাদাত্ বান্দেগী' ও পুণ্য-জনক কার্য্যকে সমূলে ধ্বংশ ও বিনষ্ট করিতে 'রেয়া' ও ''ওজোব'' উভয়েই প্রায় তুল্য-মূল্য। এই স্থলে অতি বিখ্যাত ও প্রায় সর্ববজন-বিদিত একটা হাদিছ শরিফের অনুবাদ করার সংবরণ করিতে পারিলাম না। "হাদিছ শরিফটী" এই—হজরভ্ 'মারয়াজ' (রাজিঃ) বলিতেছেন যে, আমি একদিন আমাদের মহামান্য পায়গাম্বার, আল্লাহ-তায়লার শেষ-প্রেরিত রছল, মহাপুরুষ হজরত (দঃ) সহিত একত্র তাঁহার পশ্চাৎদিকে আরোহী ছিলাম; ( কিসে আরোহী ছিলেন, উষ্ট্রে কি অন্য কোন যানে, তাহা লিখা নাই) তখন মহামান্ত হজরত্ (দঃ) ফরমাইলেন—"আয় মায়য়াজ! তোমাকে আমি একটা হাদিছ বলিতেছি যদি ইহা স্মরণ রাখ, তবে অগণ্য উপকার প্রাপ্ত इरेट वर्षां यिन এर रामिष्ट्रमा कार्या कत, जार निर्विवास. নিষ্ণটকে 'বেহেস্তে' গমন করিবে ও তোমার জাবন মধুময় হইবে। আর যদি এই ''হাদিছটী'' নফ্ট কর, তবে

আল্লাহ্-তায়লার দয়া লাভের ও পরিত্রাণের অন্য কোন উপায়ই আর তোমার অবশিষ্ট থাকিবে না"। \* আয় মায়য়াজ। এই সপ্ত আকাশ স্থান্তি করিবার পূর্বেবাই আল্লাহ্-ভায়লা সাতজন "ফেরেস্তা" স্থন্তি করিয়া প্রতি আকাশের দরজায় এক একজন করিয়া ঐ "ফেরেস্তা"—দার-রক্ষকরূপে নিযুক্ত করিয়াছেন। প্রত্যহ "কেরামন-কাতেবায়েন" নামক ফেরেস্তান্বয় মানব-কুত যজ্জাবতীয় দৈনিক কার্য্যের তালিকা লইয়া নিয়ম মত যখন আকাশে প্রয়ান করেন, তখন ঐ আকাশের দাররক্ষক "ফেরেস্তা" দপ্তক একে, একে উহা যাঁচাই করিয়া নেন এবং ঐ কার্যা-তালিকা আকাশে প্রবেশের যোগ্য হইলে দ্বার মুক্ত করেন, অযোগ্য হইলে তাহা আমল-কারীর মুখের উপর সবেগে নিক্ষেপ করার জন্ম প্রত্যাখ্যান করেন। বানদার দৈনিক আমল অর্থাৎ কৃতকার্য্যের তালিকা লইয়া "কেরামন-কাতেবায়েন" নামক ফেরেস্তান্বয় প্রথম আকাশের দরজায় উপস্থিত হইয়া বানদার ঐ

<sup>\*</sup> অর্থাৎ এই হাদিছ-মত বদি কান্ধ না কর, তবে তে'মার রক্ষার আর কোনই উপার নাই, এই "হাদিছ" শরিফটীতে বুগপৎ আশা ও নিরাশার বাণী বর্ণিত হইয়াছে। এই হাদিছোক্তভাবে কান্ধ করিতে না পারিলে তাহার পরিণাম অতি ভয়াবহ। এই হাদিছটী অতি মারাত্মক ও সাজ্যাতিক ইহার অর্থের দিকে মনোনিবেশ করিলে শরীর রোমাঞ্চিত, মস্তিক্ষ, বিঘূর্ণিত ও চক্ষ্ বিক্ষারিত ও হাদর বিকম্পিত হইয়া উঠে। দয়ময় আল্লাহ্-তায়লা আমাকে ও আমার সমস্ত মোসলমান লাতাভিশ্বিগণকে এই হাদিছ মত আমল করিবার "তওফিক্" ও শক্তি সামর্থ-প্রদানে ও তৎ-সমাপনে ইহার ভীতি হইতে রক্ষা করেন, এই একমাত্র সকরুণ প্রার্থনা—আ-মী-ন।

আমলের প্রশংসা করতঃ দ্বার মুক্ত করিতে অনুরোধ করেন। তখন প্রথম আকাশের দাররক্ষক "ফেরেস্তা" বলেন যে, এই সৎকাজ সমূহ আমল-কারীর মুখের উপর সবেগে ছুড়িয়া মার। কেননা, আল্লাহ-তায়লা আমাকে "গিবতের ফেরেস্তা" অর্থাৎ পরনিন্দা ও পরচর্চ্চার পরীক্ষকরূপে এই দ্বারের দ্বারী নিযুক্ত করিয়াছেন ও আদেশ প্রদান করিয়াছেন যে, পরচর্চ্চাকারী ও নিন্দুকের শত-সহস্র এবাদাত্ বান্দেগী ও পুণ্যজনক কাৰ্য্যও আকাশে প্ৰবেশ লাভ করিতে পারিবে না। তৎপর ঐ পরনিন্দা দোষ পরিশূন্য অর্থাৎ यमिन्दूक वाक्तित नानाপ্रकात भूगा ७ मह्काक्रभूर्ग यामन रस्ख "কেরামন-ক।তেবায়েন" প্রথম আকাশের দার নির্বিবাদে উত্তীর্ণ হইয়া যখন দ্বিতীয় আকাশের দ্বারে আসিয়া উপস্থিত হন, তখন দ্বিতীয় আকাশের দ্বারের "ফেরেস্তা" বলেন যে, এই "আমলের" উদ্দেশ্য ছিল তুনিয়া ও তাহার সুখার্জ্জন, স্থতরাং ইহাও পূর্বেবাক্তরূপ আমলকারীর মুখের উপর নিক্ষেপ কর। ইহার প্রবেশ এ আকাশে নিষিদ্ধ। এইরূপ এই উভয় দোষ বিমুক্ত নানা-প্রকার সৎকার্য্যাবলী সম্বলিত আমল-সহু তৃতীয় আকাশের দারে উপস্থিত হইলে, তথাকার দ্বার-রক্ষক ফেরেস্তা বলেন যে. এই আমল অহস্কারীর; স্থতরাং ইহার প্রবেশ নিষিদ্ধ এবং ইহাও পূর্বেবাক্তরূপ আমলকারীর মুখে সজোরে নিক্ষেপ কর। ঠিক এইরপভাবে চতুর্থ আকাশে "ওজোব" অর্থাৎ আত্ম-গরিমা, পঞ্চম আকাশে "হাছাদ" অর্থাৎ হিংসা ও ষষ্ঠ আকাশে হৃদয়-হীনতা অর্থাৎ লোকের প্রতি সমবেদনা প্রদর্শন না করা, ও সপ্তম

আকাশে, লোক-সমাজে আত্ম-গৌরব ও আত্ম-প্রতিষ্ঠা লাভের উদ্দেশ্যে বলিয়া সমস্ত "আমল"ই ঐ উক্তরূপ একই ভাবে প্রত্যাখ্যাত হইতে থাকে। অতঃপর এই সপ্ত প্রকার দোষ-বিমুক্ত বহু প্রকার শ্রেষ্ঠ ও অতি পবিত্র উচ্চাঙ্গের সৎকার্য্য ও আমল সমূহ যথা—"নামাজ", "রোজা", "হঙ্জ", "জাকাৎ", সত্য-কথন, সত্য-ভাষণ, মিষ্ট-ব্যবহার, "তছবিহ", "ক্লেকের" ইত্যাদি. ইত্যাদির সহিত "কেরামন-কাতেবায়েন" নির্বিবাদে আকাশ সপ্তকের দার অভিক্রম করতঃ ঐ রক্ষী ফেরেস্তা সপ্তক ও তদমুগামী অন্য আরো তিন সহস্রে "সহচর ফেরেস্তা"সহ একত্র সংমিলিত ভাবে আল্লাহ-তায়লার পবিত্র মহান "দরবার"-সানিধো উপনীত হইয়া বখন সকলে সমবেত-স্ববে আনিত "আমলের" গুণ কীর্ত্তন করিতে পাকেন, তথন আল্লাহ-তায়লা ফরমান যে, তোমরা আমার বান্দার "আমলের" বাহ্যিক দর্শক, লেখক ও পরীক্ষক ছিলে, আর আমি উহাদের অভান্তরের ও নিভূত হাদয়-কন্দরের নিহিত গুহাতি-গুহু বিষয়ের সূক্ষাতি-সূক্ষা পরিদর্শক। আমি জানি এই সমস্ত "এবাদাত বোন্দেগী" ও সৎকার্য্যাদি আমার উদ্দেশ্যে করা হয় নাই, মাসুষের উদ্দেশ্যে করা হইয়াছে—অর্থাৎ "রেয়া"। ঐ আমলকারিগণ • মানবগণকে ও তোমাদিগকে প্রতারিত করিয়াছে ও ধোকা দিতে পারিয়াছে ও দিয়াছে; আমার সহিত প্রতারণা করিবার কিম্বা আমাকে ধোকা দিবার ক্ষমতা উহাদের নাই, কেননা, আমি সর্বজ্ঞ. সর্ববদর্শী ও সর্ববজ্ঞানী, প্রত্যেকের ও প্রতি বস্তুর অন্তর-বাহির

আমার নিকট সম-পরিদৃশ্যমান ; অতএব ঐ ধোকাবাজ আমল-কারীর উপর আমার "লান্ত্" অর্থাৎ অভি-সম্পাৎ ও রোষ বর্ষিত হউক। ইহা শ্রবণ মাত্র সমস্ত ফেরেস্তা তটস্থ হইয়া অতি ভীত ও সন্ত্ৰস্তভাবে বলিতে থাকেন যে, হে আল্লাহ্-ভায়লা ! ঐরূপ ''রেয়া"কারের প্রতি তোমার ও আমরা সমস্ত ফেরেস্তার ও সমস্ত পুণ্যাত্মাগণের "লান্ত্" ও অভিসম্পাৎ বর্ষিত হউক, বর্ষিত হউক, বর্ষিত হউক। এই পর্য্যন্ত প্রবণ করিয়াই হজরত্ মায়য়াজ (রাজিঃ) চীৎকার করিয়া রোদন কয়তঃ নিবেদন করিলেন, এয়া রছুলোল্লাহ (দঃ)! কি করিলে ইহা হইতে ত্রাণ ও অব্যাহতি পাওয়া যাইবে ? মহামান্ত হজরত্ (দঃ ) ফরমাইলেন যে, "অকপটে অতি দৃঢ়তার সহিত স্বীয় পারগাম্বারের পদাক্ষ অনুসরণ করিয়া চলিলে।" তখন মায়য়াজ (রাজিঃ) নিবেদন করিলেন আমাদের কি সাধ্য যে, ঠিক, ঠিক ভাবে হুজুর ( দৃঃ )-পদাঙ্ক অমুসরণ করিতে পারি ?" তথন মহামান্ত হজরত্ (দঃ) নিম্নলিখিত নয়টা কথা ফরমাইলেন, আয় মায়য়াজ! (১) ''স্বীয় জিহ্বাকে সংযত কর। (২) কখনুই পরনিন্দা, পরচর্চচা করিও না। (৩) যে দোষে তুমি দোষী সেরূপ দোষ অস্তের মধ্যে থাকিলেও তুমি তাহা বলিও না। (৪) অন্তের কটেে নিজে স্থানুভব করিও না। (৫) তোমার কোন কাজ ''রেয়ার' দারায় কলুষিত করিও না। (৬) পৃথিবীতে বা পার্থিব কাজে এত লিপ্ত হইও না, যাহাতে পরকালের কাজে ভ্রান্তি আসে বা আসিতে পারে। (৭) কখনই নিজকে অ্যাপেক্ষা উচ্চ, মহৎ বা ভাল

জ্ঞান করিও না। (৮) অশ্লাল শব্দ ও বাক্য কদাপি মুখেও আনিও না। (৯) কখনই কোন লোকের বা লোকের-বংশের গ্লানিকর, লঙ্ভাকর, মান-মর্যাদা ও সম্রম-হানিকর বা নাশক ও কলঙ্ক-জনক কথা জিহ্বাগ্রেও আনিও না; যদি দোজখের কুকুর হইতে স্বীয় দেহ রক্ষা করিতে চাও।" তখন হজরত্ মায়য়াজ ( রাজিঃ ) পুনরায় নিবেদন করিলেন যে 'এয়া রছুলোল্লাহ্ (দঃ) এতগুলিন কাজ করিবার শক্তি-সামর্থ কাহার হইবে ? ইহা তো অল্প বিষয় নহে ?" মহামাতা হজরত্ (দঃ) তখন ফরমাইলেন যে, "আয় মায়য়াজ! তোমাকে তো আমি প্রথমেই বলিয়াছি বে. অপার করুণাময় আল্লাহ্-তায়লা যাহার পক্ষে ইহা সহজ করিবেন, সে অনায়াসে ও অতি সহজে এ সমস্তই পালন করিতে পারিবে। যাহা হউক, তোমাকে আমি এখন মাত্র একটা কথা স্মরণ রাখিতে ও পালন করিতে বলিতেছি, ঠিক মত সেই একটা বিষয় পালন করিতে পারিলে এই সমস্ত বিষয় আপনা হইতেই স্ফারুক্সপে পালিত ও স্কমপান হইয়া যাইবে: তাহা এই,—"সৰ্বা-কাজে ও সর্ব্ধপ্রকার সর্ব্ব-বিষয়ে তুমি তোমার নিজের জন্য যাহা পছন্দ কর ও ভালবাস অন্যের জন্যও তাহাই পছন্দ করিও, ও ভালবাসিও, এবং নিজের পক্ষে যাহা বাঞ্জনীয় মনে কর না, বা পছন্দ কর না, অন্যের পক্ষেও তাহা বাঞ্চুশীয় মনে করিওনা বা পছুন্দ করিও লা"। যখন তুমি আমার এই উপদেশটীর উপর দৃঢ়

ভিত্তি স্থাপন করতঃ আমল করিতে অর্থাৎ পালন করিতে প্রবৃত্ত হুইবে, তখন তুমি সর্ব্ব-বিষয়ে ও সর্ব্ব-বিপদে নিরাপদ ও নির্বিত্ম হুইবে"।

হে আমার প্রিয় ভ্রাতাভগিনী ও পাঠক-পাঠিকাগণ! যখন তোমরা যুগপৎ-অভয় ও ভয় পূর্ণ এই কঠিন "হাদিছ" শরিফটী শ্রবণ করিলে, যাহার অর্থের প্রতি মনোযোগ আকৃষ্ট হইলে, ভয়ে বুক তুর-তুর করিয়া কাঁপিয়া উঠে, হৃদয় ও মেরুদণ্ড ভাঙ্গিয়া পড়িতে চাহে, মস্তিক্ষ বিঘূর্ণিত, চক্ষু বিস্ফারিত ও পিত্ত জল হইয়া যায়, তখন একান্ত নিরুপায় ও অসহায় ভাবে, অতি দীনতা-হীনতা-নম্রতা ও একান্ত বিনয়ের সহিত সরোদনে সেই একমাত্র বিপদহারী, ত্রাণকারী, অসীম শক্তিধারী, অপার করুণা-ময়, অনন্ত-দাতা, দয়াময় আল্লাহ্-তায়লার উপর সম্পূর্ণরূপে অতি দৃঢ়তার সহিত আপন ভুলিয়া পূর্ণ "তাওয়াকোল" ও আত্ম-সর্মর্পণ করতঃ বশ্যতা স্বীকার কর, ও আপ্রাণ চেফীয় স্বীয়-বক্ষ-রক্ত দানে তাঁহার প্রতি আদেশ ও নিষেধ অক্ষরে, অক্ষবে বর্ণে-বর্ণে স্থচারুরূপে প্রতিপালনে স্থির-প্রতিজ্ঞ ও কৃত-নিশ্চয় হও—রক্ষা পাইবে, সুখী হইবে, চিরশান্তি লাভ করিবে— পরিণামে, সহাস্থ-মুখে, দেবতা-বাঞ্ছিত সেই চির-বসন্তময়, অমরধাম "বেহেস্তে"র স্থায়ী শান্তি-নিকেতনে, চিরস্থায়ী ও উদ্বেগহীন, শান্তিময়, মধুর জীবন যাপনে ধন্ম হইবে, চরিতার্থ হইবে, কুতার্থ হইবে।

## সপ্তম অপ্যাস্থ হাম্দু ও শোকরের ঘাটি

"হাম্দ্" অর্থ বাক্তি বিশেষের গুণ ও প্রশংসা কীর্ত্তন করা হইলেও ইহা কেবল আল্লাহ্-তায়লার গুণ ও প্রশংসা কীর্ত্তন করা স্থলেই অধিক ব্যবহৃত হইয়া থাকে। "শোকরের" অর্থ দাতাকে ধন্যবাদ প্রদান করা, কৃতজ্ঞতা স্বীকার করা ইত্যাদি। অত এব "হাম্দ্" ও "শোকরের" মিলিত অর্থ হৃদয়ের সহিত, সর্বদা আল্লাহ্-তায়লার নাম-জপ, গুণ-গান ও প্রশংসা কীর্ত্তন করা, ও তাঁহার অসীম-অক্ষয় দানের জন্ম মুক্ত-কণ্ঠে তাঁহাকে সতত, শত-সহস্র ধন্যবাদ প্রদান ও স্থায়ী কৃতজ্ঞতা প্রদর্শন করা ইত্যাদি।

আল্লাহ্-তায়লার একান্ত করুণা ও অপার দয়া ও মহিমার কল্যাণে এত বড় বৃহৎ বিরাট ও কঠিন ঘাটি-সমূহ নিরাপদে উত্তীর্ণ হইবার পর আবেদের পক্ষে তুই কারণে আল্লাহ্-তায়লার "হাম্দ্" ও "শোক্র" করা "ফার্জ" অর্থাৎ অবশ্য কর্ত্তব্য।

প্রথম—এই ছয় ঘাটিতে লব্ধ, অপরিসীম ও অমূল্য নেয়ামাত সমূহের স্থায়িত্বতার জন্ম। বিতীক্স—ঐ "নেয়ামত" সমূহ আরো বর্দ্ধিত হওয়ার জন্ম, কেননা, হাম্দ্ ও শোকর

না করিলে "নেয়ামাত" কখনই স্থায়ী ও বর্দ্ধিত হয় না, হইতে পারে না; বরং কমিতে, কমিতে শেষে সম্পূর্ণ বিলুপ্ত হইয়া যায়, যেহেতু নেয়ামাতের স্থায়িত্বতা ও উহা বর্দ্ধিত হওয়ার পক্ষে শোকর একটা অপরিহার্য্য সর্ত্ত। যেমন মহামাত্ত হজরত ( দঃ ) ফরমাইয়াছেন যে, "নেহ্রামাত একটী বন্য পশু তাহাকে শোকর দারায় আবদ্ধ কর"। শোকর যেমনই নেয়ামাতকে স্থায়ী করে, তেমনই পরিবদ্ধিতও করে। যেমন আল্লাহ্-তায়লা স্বয়ংই শোকর কর, তবে আমি তোমাকে অধিক নেয়ামাত দান করিব) এবং ইহা স্বতঃসিদ্ধ কথা যে, কৃতজ্ঞ ব্যক্তিকেই 'লোকে দান করিয়া থাকে ও করিতেও ইচ্ছা হয়, অকুতজ্ঞকে কেহ দান করে না, ও করিতে ইচ্ছাও হয় না,: আর কৃতন্বকে প্রত্যেকেই ঘুণা করে ও পূর্ব্বকৃত দানও তাহা হইতে কাডিয়া নেয়।

অতঃপর অবগত হও যে, আল্লাহ্-তায়লার প্রদত্ত "নেয়ামাত" চুই প্রকার—প্রথম ইহলোকিক অর্থাৎ পার্থিব, দ্বিতীয় পার্রলোকিক অর্থাৎ অপার্থিব। প্রথম ইহ-লোকিক নেয়ামাত; ইহা আবার চুই প্রকার—(১) লাভ-কারক। (২) বিপদ-হারক। প্রথম লাভ-কারক নেয়ামাত তাহাকে বলে, যাহা লাভ-জনক ও যাহাদ্বারা লোকে উপকৃত হয়। ইহাও আবার দুই রকম—প্রথম,-এই যে সর্ববাবয়ব ও সর্ববাঙ্গ-পূর্ণ, সবল, সুস্থ, স্থন্দর, নীরোগ দেহ ও দ্বিতীস্থা নানাপ্রকার খাছ্য-পেয়, দ্রী-পূত্র ইত্যাদি নেয়ামাত সমূহ বিনা মূল্যে প্রদান করিয়াছেন। দ্বিতীস্থা বিপদ-হারক নেয়ামাত তাহাকে বলে, যাহা বিপদ নিবারণ করে ও সর্ববপ্রকার দুংখ-দৈন্ত, রোগ-শোক, পাপ-তাপ, জালা-যন্ত্রণা হইতে রক্ষা করে। ইহাও ঐরপ দুই প্রকার—প্রথম দৈহিক নানাপ্রকার রোগ, পীড়া ইত্যাদি হইতে—দ্বিতীস্থা বাছ্যিক নানাপ্রকার আপদ-বিপদ এবং মানবের শক্রতা ও হিংস্র জন্তু, পশু ও সরিস্থপ ইত্যাদির দন্ত, নখর ও দংশনাঘাত হইতে রক্ষা ও নিরাপদ করিতেছে।

দ্বিতীয়—পারকৌকিক নেয়ামাত ইহাও চুই প্রকার—
(১) "নেয়ামাতে-তৌফিক" (২) "নেয়ামাতে-এছমাত্"। প্রথম—
শেরামাতে-তৌফিক এই যে, আল্লাহ্-তায়লা একান্ত
দ্য়া ও করুণা পরবশে আমাদিগকে এছলাম-ধর্ম্ম,
"ছোন্নত", ও তাঁহার আদেশ পালনের অধিকার প্রদান
করিয়াছেন ও অতিমাত্র দয়া-প্রকাশে তাঁহার এবাদাত্
ও বান্দেগী করিবার সৌভাগ্যও দান করিয়াছেন। দ্বিতীয়—
শেরামাতে-প্রছমাত, এই যে, আমাদিগকে 'কোফর',
"পের্ক", "গোমরাহি", বাদয়াত্ ও সর্বপ্রকার পাপ হইতে
রক্ষা করতঃ দোজথের ভীষণ কালানল হইতে পরিত্রাণের
পথ প্রদর্শন করিয়াছেন।

অপার করুণাময় আল্লাহ্-তায়লা আমাদিগকৈ এত অধিক ও অসংখ্য প্রকার অগণিত নেয়ামাত্-সমূহ দান. করিয়াছেন ও করিতেছেন যে, উহার সংখ্যা নির্ণয়: করিবার ক্ষমতা এক আল্লাহ্-তায়লা ভিন্ন অপর কাহারও নাই। যেমন তিনি স্বয়ংই কোরাণ শরিফে ফরমাইতেছেন— ें जर्शा वाह्वार्-जायनात ( वर्शा वाह्वार्-जायनात-প্রদত্ত নেয়ামাত সমূহের যদি তুমি নির্ণয় করিতে চাও, তবে তাহা গণনা করিয়া শেষ করিতে পারিবে না)। তৎপর "হাম্দ্ ও শোকর" এই অতি ক্ষুদ্র ও সহজোচ্চারিত শব্দদ্বয় যথা-যথভাবে ব্যবহৃত, ও প্রতি-পালিত হইলে, আল্লাহ্-তায়লার দয়া-দত্ত, উপরোক্ত দেবজন-বাঞ্ছিত অমূল্য "নেয়ামাত''-নিচয়কে আল্লাহ্-তায়লা কিরূপ দৃঢ় ও গভীরভাবে চিরস্থায়ী করতঃ অতি দ্রুত ও ক্ষিপ্রতার সহিত উহাকে ক্রম-বর্দ্ধিত ও প্রসারিত করিতে থাকেন, তাহা কল্পনারও কল্পনাতীত এবং ঐ অনায়াস ও সহজ-বাচ্য ছোট্ট "হাম্দ্ৰ" ও "শোকৱ" শব্দ 'তুইটী কত মূল্যবান ও কিরূপ অমূল্য-নিধি এবং উহার সার্ব্ব-মাঙ্গল্য, ও কল্যাণপ্রদ স্মিগ্ধ, শীতল, ও মনোরম, আশ্রয় সাহায্যে কত অল্লায়াসে ও অল্প সময়ে, স্বল্প-শ্রেমে কিরূপ অভাবনীয়, অভূত-পূর্বর, অসংখ্য ও ধারণাতীত, অগণিত ও অগাধ সমৃদ্ধি, স্থ-শান্তি, সম্মান ও ইহ-পারলোকিক বিত্ত, সম্পদ, সোভাগ্য ও কুশল

লাভ হয়, তাহা বর্ণনা ও ব্যাখ্যা করিবার ভাষা আজও জন্মগ্রহণ করে নাই। অতএব এই অতুলনীয় অথচ সহজ-লভ্য-স্পর্শমণি, ও স্বল্পশ্রমে আশাতীত ফল-প্রদায়ী, অমূল্য-নিধি "হাম্দে ও শোকাব্রে" দেহ-মন-প্রাণ সম্পূর্ণ ভাবে বিনিয়োগ ও উৎসর্গ করা মানব মাত্রের পক্ষেই—একটী অবশ্য করণীয়-কর্ত্তব্য ও ফারজ বিশেষ।

# পরিশিষ্ট

এখন যদি কেহ বলেন যে, এই "তাছাওফ" (تصرف) অর্থাৎ আধ্যাত্মিকতার পথ যথন এতটা কণ্টক-সমাকুল, বিঘ বহুল ও কঠিন, তখন এইরূপ কফীসাধ্য পথে পদার্পন করিতে কে সাহসী হইবে ? যেমন আল্লাহ্ -তায়লা স্বয়ংই ফরমাইতেছেন যথা— رُوَّلِيلٌ مِن عِبَادٍ مِي الشَّكُورِ وَلَكِن اكْثُرِ النَّاسِ لاَ يَعْلَمُونَ - لاَ يَشْكُرُونَ رُوَّلِيلٌ مِن عِبَادٍ مِي الشَّكُورِ وَلَكِن اكْثُرِ النَّاسِ لاَ يَعْلَمُونَ - لاَ يَشْكُرُونَ \* لَيْعَقُّلُونَ ( अर्था आमात वान्नारनत मरधा अन्न त्नारक ह আমার শোকর করে, এবং অধিকাংশই শোকর, করে না ও শোকরের মর্যাদা জানে না ও বুঝে না )। উহার উত্তর এই যে, হাঁ এ পথ নিশ্চয়ই কঠিন বটে এবং সেই জন্ম এ পথের পথিকও অতি অল্প: কিন্তু বান্দার পক্ষে চেফা করা অবশ্য কর্ত্তব্য। তৎপর সোজা পথে নেওয়া না নেওয়া, আল্লাহ্-ভায়লার কিন্তু বান্দা সত্যাগ্রহে (আজকালকার রাজনৈতিক হিন্দুয়ানী সত্যাগ্ৰহ নহে )" "সত্য-আগ্ৰহে" প্ৰকৃত ও বিশুদ্ধ ভাবে এই পথে অবতীর্ণ হইলে, নিশ্চয়ই আল্লাহ্-ভায়লার দয়া ও সাহায্য লাভ করিবে, যেমন আল্লাহ্-তায়লা ফরমাইয়াছেন যথা---رَالَّذِينَ جَاهُدُواْ فِينَا لَنَهُ يَنَّهُمْ مُبِلِّنَا وَإِنَّ اللَّهُ لَمَعَ الْمُحْسِنِينَ \*

( অর্থাৎ যাহারা এই পথের পথিক হইতে লালায়িত হইয়া বিশুদ্ধভাবে গভীর আন্তরিকতার সহিত পরিশ্রম ও চেফা যত্ত্ করে তাহাদিগকে আমি পথ দেখাই এবং আল্লাহ্-তায়লা নিশ্চয়ই নেক্কার অর্থাৎ সৎকার্য্যকারী ও পুণ্যবানদের সহায়ক)। অতএব অতি দীন-হীন, নগণ্য, চুর্ববল, মানব এই পথে আত্মোৎসর্গ করতঃ তাহার সাধ্যায়ত্ব সম্পূর্ণ যত্ন চেফীয় প্রবৃত্ত ও রত হইলে, সেই অপার করুণাময়, মহিমাময় অসাম, শক্তিশালী আল্লাহ্-ভায়লা, এ সসাগরা পৃথিবী যাঁহার নিকট মশকের একটা পক্ষাপেক্ষাও ক্ষুদ্রতম ও অতি কুছে, তিনি তাঁহার স্বীয় প্রতিশ্রুতি ও অনস্ত দয়া সত্ত্বেও নগণ্য বান্দাদের ঐ আপ্রাণ—অক্লান্ত সত্য প্রচেষ্টাকে বিফল করিয়া দিবেন বা দিতে পারেন, ভূলেও এরূপ সন্দেহ, চিন্তা বা ধারণা মনে জাগিতে পারে কি ? কখনই নহে। মানবের চেফ্টা আন্তরিক ও বিশুদ্ধ হইলে. অভীফ সিদ্ধ হইবেই হইবে, ইহাতে বিন্দুমাত্র সন্দেহেরও অবকাশ থাকিতে পারে না ও নাই। কেননা, স্বয়ং আল্লাহ্-তায়লাই ফরমাইতেছেন যথা—

কথাই অতি সত্য; কিন্তু তোমার গভীর আন্তরিকতা-পূর্ণ আপ্রাণ সতা প্রচেষ্টার উপর অপার করুণাময় আল্লাহ্-তায়লার করুণা-বারি সিঞ্চিত ও বর্ষিত হইলে ঐ আয়াস-সাধ্য, কণ্টকাকীর্ণ, বিল্প-বক্তল, কর্ম্ট-সাধ্য, দীর্ঘ পথও মুহূর্ত্তের মধ্যে ক্ষীণ, ও কণ্টক পরিশৃন্ত, বিল্প-বিহীন, স্থাম, ও অনায়াস-সাদ্ধে পরিবর্ত্তিত ও রূপান্তরিত হইয়া যাইবে। তখন তুমি, ঐন্দ্রজালিক প্রভাবান্বিত ব্যক্তির স্থায়ই বিস্ময়স্তিমিত ও বিমুগ্ধ হইয়া যাইবে ও অতিমাত্র তৃপ্তি ও স্থখ-শান্তির আরাম-দায়ক নিশাস ত্যাগে নিজেকে ধন্য মনে করিবে, এবং এই পথের দীর্ঘতা ও হ্রস্বতা, বিদ্ব-বহুলতা, ও বিদ্বহীনতা প্রত্যেক মানবের পক্ষে সমান ও একরূপ হয় না। ইহা মানবের আন্তরিকতা, একাগ্রতা, বিশুদ্ধতা ও ভাগ্যের উপর সম্পূর্ণরূপে নির্ভর করে এবং পথের এই স্থগমতা ও তুর্গমতার ন্যায় সময়েরও তারতম্য হয়। কেহ এই পথ সত্ত্রর বৎসরে, কেহ বিশ বৎসরে, 'কেহ দশ বৎসরে, কেহ এক বৎসরে, কেহ বা একমাসে, কেহ এক সপ্তাহে, কেহ এক দিবসে, কেহ বা এক ঘণ্টায় উত্তীর্ণ হয় এবং কেহ বা বিনা কারণে হঠাৎ অপার করুণাময় আল্লাহ্-তায়লার অতিরিক্ত দয়া ও কৃপা লাভে এক মুহূর্ত্তেই এই পথ বিদ্যুতের মত অতিক্রম করতঃ "মোতওয়াকেলুন" ( متوكلون ) "মোন্তা-কিয়ুন" ( مارفون ) "আরেফুন" ( مارفون ) "ছাবেরুণ" ( سابر رن ) "রাজেয়ূন" ( را ضيرن ) শ্রোজেয়ূন" ( صابر رن ) এই সব অতি উচ্চাসনে উন্নিত ও সমাসীন হয়েন, এবং কোরাণ-শরিকে ইহার ভূরি, ভূরি প্রমাণও বর্ত্তমান আছে। যেমন

"আছহাব-কাহাফ" ও "ফের-আয়ুনের যাতুকর'গণের কেচ্ছা অর্থাৎ গল্প। আবার কেহ বা ঐরূপ, আল্লাহ্-তায়ালার অহেতুক ও আকস্মিক অতিরিক্ত দয়া লাভের সোভাগ্যে বঞ্চিত হইয়া এই ঘাটি-সমূহের একটী সামান্ত ঘাটির ক্ষুদ্র শাখায় আবদ্ধ থাকিয়া নানারূপ সাধন, ভজন, বিলাপ, ও রোদনে, জীবন অভিবাহিত ও দেহপাত করিয়াও অভীষ্ট লাভে পূর্ণ-মনোরথ হইতে পারিতেছে না। ইহাই হইল "তক্দিরের" লীলাখেলা। এখানে মানব ও সর্ব্বপ্রকার—সর্ব্বরকমের—স্বষ্টি ও প্রকৃতির শক্তি সম্পূর্ণ অচল, অবশ, অক্ষম, পরাভূত, ও বিপর্য্যস্ত। এই অদৃষ্টের উপর কাহারও টুঁ শব্দটী পর্য্যন্ত করিবার উপায় নাই, কেননা— अर्था९ हेश सहे أَلْكِ تَقْدُ يُرُ الْعَلَيْمُ الْعَدُلِ الْحَكَيْمُ \* পরম দয়াল, সর্ববশক্তিমান্ সর্ববজ্ঞ ও অতি ন্যায় ও সদ্বিচারক আল্লাহ্-তায়লার লিখিত তক্দির অর্থাৎ বিধিলিপি)। এইস্থলে যদি কোন অর্বাচীন-মূর্থ এই প্রশ্ন করে যে, এ তারতম্য কেন হয় ? আমরা সমস্তেই একইরূপ আল্লাহ তায়লার বান্দা হইয়াও একজন হঠাৎ এত অধিক স্থুখ, সৌভাগ্য, সম্মান ও পুরস্কার প্রাপ্ত হয় কেন ? অত্যে কি অপরাধ করিয়াছে ? এই প্রশ্নের উত্তর আমি তিন প্রকার ইযু ধার্য্যে যুক্তি তর্কের দারায় প্রদান করিতে চেফ্টা পাইব। (প্রথম, ইযু) অহেতুকী দানে অন্সের প্রতিবাদ বৈধ কি না ? (দ্বিতীয়, ইযু) দয়ায় পাত্র বিচার চলে কি না ? (তৃতীয়, ইযু) আল্লাহ্-তায়লার শানে ঐরূপ প্রশ্ন অত্যস্ত বেয়াদবী অর্থাৎ ধৃষ্টতা-পূর্ণ কি না ? এখন একে একে, এই ইযু-ত্রয়ের যুক্তি-সঙ্গত স্থায়-বিচারে প্রবৃত্ত হওয়া যাক্।

প্রথম ইমু-সম্পর্কে কোরাণ-শরিফ, হাদিছ-শরিফের কোন স্থলে বা এছলামী কোন ধর্মগ্রন্তে কখনই ইহা উক্ত বা বলা হয় নাই যে, আল্লাহ্-তায়লা বিনা-বিচারে ও বিনা-কারণে কেহকে কখনও কোনপ্রকার সামাশ্য একটু দণ্ডবা যাতনাও প্রদান করিয়া-ছেন, করেন, বা ভবিষ্যতে করিবেন ; বরং জোর গলায় ইহাই বলা হইয়াছে ও প্রচার করা হইয়াছে যে, আল্লাহ্-তায়লা বিনা-কারণে অনেক সময় বহু ব্যক্তিকে অকস্মাৎ পুরস্কৃত ও সম্মানিতই করিয়াছেন, করেন ও করিবেন। এমন কি, বিনা কারণে স্বীয় অপার করুণা-মাহাত্ম্যে অসংখ্য, ঘোরতর-পাপিগণকেও অনেক সময় দোজখের ভীষণ দণ্ড হইতে মুক্তি প্রদানে বেহেস্তের অনন্ত-অক্ষয় ও চরম-স্থখ সোভাগ্য দান করিয়া কৃত-কৃতার্থ ও চরিতার্থই করিয়াছেন, করেন ও করিবেন। এমতাবস্থায় ব্যক্তি বিশেষের প্রতি অপার করুণাময় আল্লাহ্-তায়লার এই অতিরিক্ত করুণা-বারি অহেতৃকী ও আকস্মিক ভাবে বর্ষিত হইয়া তাহাকে পুরস্কৃত ও সম্মানিত করিলে অন্মের তাহাতে প্রতিবাদ, অভিমান বা গোঁসা করিবার কি অধিকার আছে, বা থাকিতে পারে ? বরং করিলে উহা একাস্তই বেখাপ, অসঙ্গত, বেয়াদবি, চরম-ধৃষ্টতা ও নির্ববৃদ্ধিতারই পূর্ণ-পরিচায়ক হইবে মাত্র।

দ্বিতীক্স ইম্—অমুক ব্যক্তি দয়ার যোগ্য কি না ? এ বিচার ভোমার আমার নহে, ইহার বিচার করিবেন যিনি দাতা- তিনি। তুমি আমি উহাতে প্রতিবাদ করিলে, আমাদের নির্ব্ব দ্বিতা, নীচাশরতা, ও মনের সংকীর্ণতাই প্রকাশ পাইবে মাত্র, তদ্ধির অন্য কোনপ্রকার বুদ্ধিমন্তা বা জ্ঞান-বত্তা প্রকাশ পাইবে না বা কোনরূপ পোরষ, যশ, ও পুরস্কারও লাভ হইবে না, বরং নশ্চিতভাবে একমাত্র তিরস্কার ও লাঞ্জনা, গঞ্জনাই লাভ হইবে মাত্র। তৎপর বিশ্ব-বিশ্রুণত ও সর্বব্দ্ধান ও অসম্মান করিয়া প্রতিবাদ করিতে যাওয়াও কি একান্ডই ন্যায়-বিগর্হিত, মূর্থতা, খীন-চিত্ততা, ও অতি মাত্রায় দুষ্ট-প্রকৃতি ও প্রবৃত্তির পরিচায়ক নহে?

তৃতীহা ইযু—অযোগ্য ব্যক্তিকে দান করার জন্ম কোন নগণ্য দাতাকেও যদি যুক্তি-সঙ্গত ও শিফানার সম্মতভাবে কোন কিছুই বলা কহা না চলে বরং বলিলে নিজেকেই খাট, উপহসিত ও বিত্রত করিয়া তুলিতে ও অকুক্ষণ অন্মের ঠাট্টা বিজ্ঞপই কেবল সহু করিতে হয়, তবে অপবিত্র অস্পৃশ্য ও ঘৃণ্য বার্য্য হইতে যে নগণ্য ও হেয় মানবের উৎপত্তি, তাহার মুখে-সেই পরম পাক, পবিত্র, সর্ববশক্তিমান, সর্বজ্ঞ, সর্ববদশী, বিরাট ও মহান আল্লাহ্-তায়লার অহেতুকী দান-দাক্ষিণ্য ও দয়ার প্রতিবাদ বা সমালোচনা করা শোভা পায় কি ? এবং করিলে ঐ বেয়াদবীর জন্ম সেই ব্যক্তির ইহকালে সর্ববনাশ ও পরকালে নরকবাস ব্যতীত অন্য কোনরূপ ব্যবস্থা থাকা বা হওয়া সঙ্গত ও উচিত হইত কি ? বা হওয়া

উচিত কি ? এবং ঐরূপ ধৃষ্ট ব্যক্তির পক্ষে আল্লাহ্-তায়লার ভীষণ ও চরম দণ্ডের বিধান ও ব্যবস্থাই ঐ ধুষ্টত্বের একমাত্র উত্তর হওয়া ভিন্ন দিতীয় কোন, উত্তর হইতে বা থাকিতে পারে কি ? স্থল কথা, "তারিকাত্" ও "মায়ারেফাডের" এই পার্থিব পথ-সমূহ ঠিক পরকালের "ছেরাত" নামক পুল পার হওয়ারই অনুরূপ। উহা যেমন কেহ বিচ্যাৎবেগে, কেহ মন্তর, কেহ বা অতি ধীর-গতিতে, যাহার যেরূপ পুণ্য ও ভাগ্য, সেই প্রকার এই পুল অতিক্রেম করিবে; কেহবা, আবার পুলের এ পারেই পড়িয়া থাকিবে, পার হওয়ার ভাগ্য আর তাহার ভাগ্যে ঘটিয়া উঠিবে না। সেইরূপ পার্থিব এই "মায়ারেফাতের" পথেও মানবের পুণ্য ও ভাগ্যানুযায়ী তারতম্য ও ইতর-বিশেষ পরিলক্ষিত হয়, এবং পার্থিব অন্যান্য সাধারণ পথ যেমন কোনপ্রকার যান-বাহনে আরোহণ করিয়া, কিন্তা পায় হাটিয়া উত্তীর্ণ হওয়া যায়, মায়ারেফাছের এই পার্থিব পথ সেরূপ পায় হাটিয়া বা যান-বাহনে চড়িয়া অতিক্রম করা যায় না. এ পথে আত্মা-মন-প্রাণ ও হৃদয়রূপি-"পা" ও নানারূপ সৎ ও পুণ্যজনক-কার্য্যাদি "যান", ও অসংখ্য প্রকার এবাদাত-বান্দেগী, ও সাধন-ভজন, জপ-তপাদি "বাহন" সাহায্যে চলিতে, ও পার হইতে হয়, এবং যাহার যেরূপ "ইমান", "একিন", ধর্ম্ম-বিশ্বাস, জ্ঞান, পুণ্য-বল, ও ভাগ্য আছে, সেইরূপ-ভাবে এই পথে যাত্রা ও চলা আরম্ভ করিয়া কেহ বা স্বীয় ধর্ম্ম-বিশ্বাসের অল্পতা, অজ্ঞতা, দৌর্ববল্য ও এবাদাত্-বান্দেগী, সৎ ও

পুণ্য-জনক কার্য্যাদির অঙ্গহীনতা বা অপূর্ণতার জন্ম শত বৎসরে, তদপেক্ষা দৃঢ়-চিত্ত ও কর্ম্মঠ ব্যক্তি পঞ্চাশ বৎসরে, তদপেক্ষা অধিক যোগ্যতম, বলিষ্ঠ, ও দৃঢ়-প্রতিজ্ঞ-ব্যক্তি বার বৎসরে, বা এক বৎসরে, এমন কি এক মাসেও, লক্ষ্যে উপনীত হয়। আবার কেহ বা অপার করুণাময় আল্লাহ্-তায়লার অহৈতুকী ও আকস্মিক অতিরিক্ত কুপার কল্যানে, মুহূর্ত্তের মধ্যে—বিদ্যুৎগতিতে এই পথ অতিক্রম করতঃ লক্ষো উপনীত হইয়া অভীষ্ট-লাভে জাবনকে পুণ্যময়, ধন্ম, ও কৃত-কৃতার্থ করে। আবার কেহ বা তুর্ভাগ্য বশতঃ স্থীয় অকর্ম্মণ্যতা, তুর্বলতা, বিশাস-হীনতা, মলসতা, ও অনভিজ্ঞতার, জন্ম, সারাজীবন রুথা চেষ্টা ও পরিশ্রম করিয়াও সিদ্ধিলাভে বঞ্চিত হয়। কিন্তু এই অভীষ্ট সিদ্ধ না হইলেও আমরা আমাদের সেই একমাত্র মুনিব আল্লাহ্-তায়লার একান্ত অধীন আজ্ঞাবহ দাস বলিয়া মানব মাত্রকেই প্রভুর অর্থাৎ আল্লাহ্-তায়লার আদেশ অবশ্যাবশ্য অক্ষরে অক্ষরে প্রতিপালন করিতেই হইবে : কেননা, দাস মাত্রই প্রভুর আদেশ পালনে অবশ্য বাধ্য এবং অপালনে তাহার ভাগ্যে দণ্ড ও যাতনা ভোগ যেমনই অনিবার্য্য, আদেশ পালনে পুরস্কার লাভও তেমনই অবধার্য্য। উপরোক্ত বিষয়টী আরো একটু পরিষ্কার ও 'উত্তমরূপে হৃদ্-বোধের জন্ম এই সংসারে প্রায় নিত্য-ঘটিত ও পরিদৃষ্ট একটা সরল, ফুন্দর উদাহরণ প্রদান করিতেছি, যথা-এই সংসারে আমরা একরূপ প্রায় নিতাই দেখিতে পাই যে আমাদের আদেশ একইরূপ ও

সমভাবে পালনকারী ভূত্যগণ মধ্যে, বিনা কারণে হঠাৎ কেহকে কখন অধিক স্নেহের চক্ষে দেখিয়া থাকি, এবং কখন কখন ঐ স্নেহ প্রাপ্ত ভূত্যের বেতন অহেতুকীভাবে কেবল মাত্র অতিরিক্ত স্নেহ-দয়া বশতঃই বর্দ্ধিত ও তাহাকে পুরস্কৃতও করিয়া থাকি। অবশিষ্ট অন্যান্ত কার্য্যরত ও আদেশ পালনকারী ভূত্যগণের বেতন, বৃদ্ধি বা তাহাদিগকে পুরস্কৃত না করিলেও বিনা অপরাধে ঐ ভূত্যগণকে কখনই তিরস্কার বা দণ্ড প্রদান করি না, বা উহাদের বেতনও কর্ত্তন করি না ; কিন্তু কাজে অবহেলা বা আদেশ পালনে শিথিলতা প্রদর্শন করিলে ঐ অতিরিক্ত দয়া ও স্নেহ-প্রাপ্ত ভৃত্যেরও বেতন কর্ত্তন কি তিরস্কার ও শাসন করিতে, বা অন্য কোন প্রকার দশু বিধান করিতে, একটুও ইতস্ততঃ, দ্বিধা, বা শক্ষোচ বোধ. করি না। অবিকল এইরূপ প্রভু—আল্লাহ্-তায়লার নির্দ্দেশিত পথে তাঁহার মানব দাসগণকে অবশ্য চলিতেই হইবে এবং তাঁহার প্রতি আদেশ ও বিধি-নিষেধ অক্ষরে, অক্ষরে, বর্ণে-বর্ণে, যথাশক্তি আপ্রাণ চেষ্টায় পালনে আত্মোৎসর্গ করিতেই হইবে। দাসের ভাগ্য-দোষে প্রভুর 'অতিরিক্ত স্নেহাকর্ষণে বঞ্চিত হইয়া অভীষ্ট-লাভে বার্থ-মনোর্থ হইলেও বেতনের টাকা-রূপি-পানাহার ও অত্য নানাবিধ দর্য়া দাক্ষিণ্যাদি হইতে তো কিছুতেই বঞ্চিত হইতে, কিম্বা আজ্ঞা লঙ্ঘন না করিলে আদেশ অমান্য বা কার্যাবহেলা-জনিত পাপের কঠোর দঞ্চে যে কখনই দণ্ডিত হইতে হইবে না ইহা স্থির-নিশ্চিত।

অতএব যথাসাধ্য অতি-নির্ম্মল, বিশুদ্ধ, পবিত্র অন্তরে, গভীর আন্তরিকতা, প্রাণপণ যত্ন-চেফা, ও অতি তৎপরতার সহিত সেই মঙ্গলময় আল্লাহ্-তায়লাকে পূর্ণভাবে আত্ম-সমর্পণ করতঃ তাঁহার প্রতি-আদেশ ও বিধান অবনত-মস্তকে, সানন্দ-চিত্তে সাগ্রহে অনন্য-মনে, অক্ষরে, অক্ষরে পালন করার জন্ম, স্বীয় ধন-জন, দেহ-মন-প্রাণ অতি দৃঢ় ও স্থায়িত্বতার সহিত চিরতরে উৎসর্গ ও আত্ম-সমাহিত করিয়া ইহ ও পরকালে নিশ্চিস্ততা. নিরাপদতা ও পূর্ণ-মুক্তির আশায় তাঁহারই উপর সম্পূর্ণ নির্ভর ও ভরসা করিয়া থাকা—"মান-ও-ছ্লন্র" বিশিষ্ট "**মানুহ্ন"**—পদবাচ্য, ব্যক্তি মাত্রের পক্ষেই অবশ্য কর্ত্তব্য, বিধেয়, ওয়াজেব, ও ফার্জ, যেমন উক্ত হইয়াছে— \* يُفْعَلَ اللهُ مَا يَشَاءُ وَيَحْكُمُ مَا يُرِيدُ \* अर्थार आक्वार्-ভায়লা যাহা ইচ্ছা করেন, সেইরূপ কাজ ও আদেশ প্রদান করেন। অর্থাৎ মানবের পক্ষে যাহা ভাল, তাহাই তিনি করিয়া থাকেন )। এই স্থলে কোন অজ্ঞ, অপরিণামদর্শী ভ্রান্ত-মানব, যদি প্রশ্ন করে যে, এই সতা-পুতঃ-পবিত্র ধর্ম্মের পথে এত পরিশ্রম ও ক্ষ-স্বীকারে জীবন অতিবাহিত করিবার উপকারিতা ও সার্থকতা কি ? তাহার উত্তর এই যে, জাতি-ধর্ম্ম-বর্ণ-নির্বিশেষে মানব মাত্রেই এই চুইটা জিনিষকে জীবনের উদ্দেশ্য লক্ষ্য, কাম্য ও ইপ্নিত বস্তু বলিরা মনে করে। এক সর্ব্বপ্রকার রোগ-শোক, আপদ-বিপদ, ছঃখ-কষ্ট, দারিদ্র

ইতাদি হইতে রক্ষা পাওয়া অর্থাৎ নিরাপদতা। দ্বিতীয় সর্ব্বপ্রকার, ধন-জন, শান্তি, বিত্ত-সম্পত্তি, স্থথৈশ্বর্ঘ্য সম্মান, সম্পদ, ইত্যাদি প্রাপ্ত হওয়া—অর্থাৎ স্থখ-সম্পদ, বিত্তাধিকারী হওয়া অর্থাৎ সুখ ও বিক্তশালিতা, উহা ইহকালীয়, পরকালীয়, বা উভয়-কালীয়, যে কোন কালীয়ই হউক না কেন, এবং উক্ত উভয় জিনিষ বা উহার কোন একটা লাভ করিতে সক্ষম হউক বা না হউক এবং উহার প্রাপ্তি সম্বন্ধে কোনপ্রকার নিশ্চয়তা ও স্থিরতা না থাকা সত্ত্বেও মানব ঐ জিনিষ চুইটীর প্রাপ্তি ও লাভাশায় অকুষ্ঠিত-চিত্তে উন্মত্তবৎ জীবনপাত চেফী, পরিশ্রম ও যে কোনপ্রকার চুঃখ-কফ বরণ, এমন কি, স্বীয় জীবন পর্য্যন্ত বিপন্ন করিতেও ইতস্ততঃ বা দ্বিধা বোধ করে না। এমতাবস্থায় এমন কোন সহজ পন্থাও উপায় যদি নির্দেশ করা যায়, যাহাতে ঐ উভয় জিনিষই নিশ্চিতরূপে, নিঃসন্দেহে, ও স্বল্লায়াদে লাভ হইতে পারে, তবে সেই পন্থা অনুসরণ-জন্ম কির্থ পরিমাণে তুঃখ-কফট, শ্রম ও আয়াস স্বীকার করা কি বুদ্ধি-জীবী মানবের পক্ষে অতি অবশ্য কর্ত্তব্য ও বিধেয় নহে ? ধর—সামান্য এক কোটা টাকা লাভের লোভে আমরা যে কেহ যদি সানন্দ চিত্তে, অকাতরে, প্রফুল্ল-বদনে আটচল্লিশ ঘণ্টার নিমিত্ত নিরম্ব উপবাস ও যে কোন প্রকারের তুঃখ-কষ্ট, জ্বালা-যন্ত্রণা, শীতাতপ কফ-ভোগ ও সহু, করিতে পারি ও প্রস্তুত হই; তবে ঐ তুলনায় শত-সহস্র বা ততোধিক কোটী টাকা ও তৎসহ অফুরন্ত স্থুখ-শান্তি, সম্মান-সৌভাগ্য ও ধন-জনাদি <u>পরিশি</u>ষ্ঠ ২২১

প্রাপ্তির আশায় মাত্র বার ঘণ্টার জন্ম উপবাস ও তদমুপাতে স্বল্প-পরিমিত তুঃখ, কষ্ট ও শ্রমকে, সন্ত্রম-সমাদর ও সানন্দ-ব্যাগ্রচিতে, গ্রহণ-বরণ ও স্বীকার করিয়া না নেওয়া কি একান্তই মূর্থতা, বাতুলতা ও উন্মন্ততার পরিচায়ক নহে ? হাঁ—ইহা নিশ্চয়ই বাতুলতা। এই উদাহরণে প্রদর্শিত যুক্তির সারবতা ও কঠোর সত্যের প্রতি অনিচ্ছা-সত্ত্বেও মানব মাত্রকেই অবনত-শিরে হৃদয়ের গভীর বিশ্বাস ও শ্রদ্ধা জ্ঞাপন ও প্রদর্শন করিতেই হইবে এবং জ্ঞানী ও ধী-মান মাত্রেই উহা স্বীকার করিতে বাধ্য এবং মুক্ত-কণ্ঠে ইহাও অবশ্যই স্বীকার করিতে ও মানিয়া লইতেই হইবে যে, আল্লাহ্-তায়লার নির্দ্দেশিত একমাত্র পথ ভিন্ন, মানব জীবনের এই অতি কাম্য, আরাধ্য ও ইপ্সিত উভলোকে ও সর্ববকালীয় "বিপশ্মক্তি" ও "সম্পদপ্রাপ্তি" অর্থাৎ "নিরাপদতা" ও "সুখ-বিক্তশালিতা" বস্তুদ্ধ প্রাপ্ত হইবার অন্ত কোন উপায়ই নাই। আল্লাহ্-তায়লার নির্দ্দিষ্ট পথই উহা লাভের একমাত্র পন্থা, তদাতীত পন্থান্তর ও গতান্তর—নাই, নাই, নাই। অতএব এই অকিঞ্চিৎকর—মায়া-মোহময়ী নশ্বর-ধরা-ধামে, ক্ষণ-ভঙ্গুর মানবাত্মাকে সফল-জনম সার্থক-জীবনে, পরিণত করিয়া ,সর্ববজনীন-ইহ-পারলোকিক বিপন্মক্তি ও অবিনশ্বর, অনস্ত, অফুরস্ত, স্থুখ-সম্পদ লাভাশায়, সেই পরম দ্য়াম্য আল্লাহ্-তায়লার নির্দেশিত শারিয়াতের, সত্য, সরল্ পুণ্য, পৃত, পবিত্র, মঙ্গলদায়ক, জ্ঞ্যোতির্শ্বয় স্থমহান একমাত্র রাজবন্ধ কৈ স্বীয় ব্যক্তিত্বতালে প্রাণপণ শক্তি, শ্রম, অধ্যবসায় ও বিশুদ্ধ, গভার শ্রদ্ধা, ভক্তি, প্রেম-প্রীতি, বিশ্বাস-ভালবাসায় আপনা ভুলিয়া, নাফ্ছ-বিজয়ী নিপুণতা ও দৃঢ়তার সহিত অনুসরণে আত্মোৎসর্গ করতঃ আল্লাহ্-তায়লার উপর পূর্ণ "তাওয়াক্ধোল" ও সর্ভবিহীন আত্ম-সমর্পণ করা, মানব মাত্রের পক্ষেই নিঃসন্দেহে অবশ্য কর্ত্তব্য, পাল্য, বিধেয় ও ফার্জ, এবং মানবের সার্ব্বত্রিক, চিরস্থায়ী, অনন্ত, অফুরস্ত সদা বর্দ্ধনশীল, সার্ব্ব-লোকিক স্থখ-সোভাগ্য লাভের ও প্রাপ্তির ইহাই একমাত্র চরম ও পরম পত্থা।

এ অধম দীন, হীন, অতি পাপী, ঘোর-পাতকী, অনুবাদক তাহার নিজের ও সমগ্র মোসুেম ভাতা-ভগিনিগণের পক্ষে এই অমূলানিধি প্রাপণ ও লাভাশায় তাঁহার পাক, পবিত্র, মহান, করুণাময়, সদয়-দরবারে, গললগ্নি-কৃত-বাসে, রক্তাশ্রু-পূর্ণলোচনে, যুক্ত করে, বিশুদ্ধ-মনে, ব্যগ্র-চিন্তে, সকরুণ, সবিনয়, প্রার্থনা ও নিবেদন করিতে করিতে এই বহির পরিসমাপ্তি ও উপসংহার করিতেছে। \* مين ثم أمين ثم أم

لاَ حُوْلُ وَلاُقَوْةً إِللَّهِ الْعَلَيِّ الْعَظَيْمِ - وَالْحَمْدُ لللهِ

رُبِ الْعَلَمِينَ - وَالصَّلْمِ السَّالَمُ عَلَى رَسُولُهُ الْكَرِيمِ الْمُ

# এই পুস্তকে ব্যবস্থত আরবী-পারসী শব্দাবলী ও সংক্ষিপ্তাক্ষরের অর্থ

- ১। ( দঃ ) "দরুদ শরিফ" পড়িতে হইবে।
- ২। (রাজিঃ) "রাজি আল্লাহো-আন্হো" পড়িতে হইবে
- ৩। ( আঃ ) ''আলায়হেমোছছালাম" পড়িতে হইবে।
- ৪। (রাহঃ) 'রাহ্মাতোল্লাহ্-আলায়হে" পড়িতে হইবে।

# বর্ণান্বক্রমিক শব্দার্থ

#### অ অ অ

অলা ( ولی )—দোস্ত, বন্ধু, ফকির। অলী-আলাহ্ ( ولی ! شّه )—আলাহ্র-বন্ধু, ও ফকির।

# আ আ আ

আজাব ( ابنت )—শান্তি, দণ্ড।
আরেত ( ابنت )—চুরণ, পূর্ণপদ, অর্থাৎ একটী পরিপূরিত বাক্য।
আবেদ ( এ.৬ )—উপাসক, সাধক।
আলেম ( الله )—জানী, অর্থাৎ এছলাম ধর্ম্মাভিজ্ঞ ব্যক্তি।
আলেমান ( الله ) —আলেমের বছবচন, অর্থাৎ জানী, ও
এছলাম ধর্ম্মাভিজ্ঞ ব্যক্তিগণ।

আমল ( 🔑 )—কাজ, ক্রিরা, কার্য্য-কলাপ।

আমল ( ১০। )--আশা।

আদলের নিক্তি বা মিজান ( سيزان )—মিজান নামক পরকালের সেই তুলাদণ্ড যাহাতে পাপ, পুণ্য তুলিত হইবে।

আমানাত্ ( امانت )—গচ্ছিত, ডিপোজিট ( Deposit )।

আমিরে-শারিরাত্ ( امير شريعت )—শারিরাতের কর্ত্তা, অর্থাৎ এছলাম শাস্ত্রান্থবায়ী অন্ধশাসনকারী।

ব্দাকেলা ( ৯৬।)—এক প্রকার রোগের নাম, এই রোগে দেহের মাংদ ক্ষয় করে।

আজাল ( 👉 ! )—সমস্ত জগং স্পৃষ্টি করিবার বহুপূর্বের স্পৃষ্টিকর্ত্ত।
আলাহ -তায়লা তাঁহার ''লাওহ -মাহ ফুল্ল' নামক স্বর্গীয় পবিত্র শ্লেটে
যথন সমস্তের অদৃষ্ট-লিপি লেখেন, সেই সময়টিকে বলে।

আমল-নামা (المن عمل )—মানবের স্বকৃত পাপ-পুণ্যের দৈনিক-লিপি।
আরেফুন (عارفون )—আল্লাহ্-প্রাপ্ত মহাত্মাগণ, অর্থাৎ বাঁহারা
আল্লাহ্-তায়লাকে চিনিরাছেন ও জানিয়াছেন।

# ज ज

ইঞ্জিল (انجيل )—হজরত্ ইছার (আঃ) উপর অবতীর্ণ স্বর্গীয় কেতাবের নাম।

ইলা (এএ।)—পত্মী পরিত্যাগের বিধান বিশেষ।

ইমান ( ايان )—থর্মের প্রতি অবিচলিত স্থির ও গাঢ় বিশ্বাস, বাহ। ভিন্ন মোসলমান হওয়াই যার না।

ইব্লিছ ( ابليس )—শয়তানের এক নাম ( শয়তান শক্ দেখ )।

#### 9 9

এবাদাত্-বান্দেগী ( عبادت بندگی )---সাধনা, ভজনা, উপাসনা। এলেম ( الله )—জানা, অবগত হওয়া, ধর্মবিস্তা, ও জ্ঞান। এলহাম ( ৄ ৬ ! ) — প্রত্যাদেশ, অর্থাৎ স্বপনে বা জাগরণে মানব মনে যে দকল পুণ্য-জনক কার্য্যের ও কথার প্রেরণা জাগে বা উদয় হয়, তাহাকে বলে। এহ ছান ( كسان )—উপকার, পরহিত, অনুগ্রহ, অনুকম্পা। এমাম ( ১৬ ৷ ) — অগ্রবর্ত্তী, নামাজ, বা অস্ত যে কোন সংকাজে যিনি অগ্রবন্তী হইবা সম্পন্ন করেন, অর্থাৎ ধর্মনেতা। এখ লাছ ( إخلاص )—এক নিষ্ঠতা, এক-চিত্ততা। একিন ( يقين )—অতি দূঢ়, অবিকম্পিত স্থির বিশ্বাসকে বলে। এরা ( ७) -- সংখাধন বাচক, হে, ! বা, ওছে ! ইত্যাদি। এলাহী ( 🚜। )—আল্লাহ্-তারলার একটা নাম। এফ তার (১৫১) )—উপবাস ভঙ্গের জন্ম প্রথম যে খাত খাওয়া হয়। এজমায়ে-ওন্মাত ( اجماع । ১ – মাননীর ছাহাবা ও তাঁহাদের সম-সাম্য্রিক বা পরবর্ত্তী অতি সচ্চরিত্র, বিদান, বুদ্ধিমান মোলেন ভ্রতাগণের মধ্যে সংখ্যা গরিষ্ঠ দল। এচমাত ( عصب ,—পাপ হইতে আত্মরক্ষা করা, পবিত্রতা, সচ্চরিত্রতা।

#### 9 9 9

প্রনাদা ( ১৯৯১)—প্রতিন্তা, প্রতিশ্রুতি। গুয়াজেব ( جب ) `—কর্ত্তব্য, পালনীয়, করণীর ওয়াছ-ওয়াছা ( رسوسه )—মানব-মনে যে সকল, মন্দ ও পাপ-জনক প্রেরণার উদয় হয়।

ওজু ( وضر )—নামাজের জন্ম নিয়মান্থগভাবে হস্ত, মুখ, পদাদি প্রাথগালন ও ধৌত করা।

ওয়ায়েজ ( داعظ )—ধর্ম্ম-বক্তা, সছপদেষ্টা ।

ওরাজের মাজলেছ ( مجلس وعظ )—ধর্ম্ম-সভা ;

ওজব ( بجب )—আত্মগর্কা, আত্ম-প্রশংদা, আত্ম-গরিমা।

ওম্মাত্ ( ্ত্রা )—মন্নর্ত্তক, পারগাম্বারের অম্বর্ত্তী, অর্থাৎ শিশ্যগণকে বলে।

### ক ক ক

কাফন ( عنی )—বে বস্তের দারায় মোসলমানদের শব আবৃত ক্রিরা কবর দেওয়া হয়, অর্থাৎ সমাহিত করা হয়।

করম ( کرم )—দয়া, অমুগ্রহ :

कर्रालमा, वा कर्ननाम ( کلمه یا کلام )—कथा, वांका, नक।

কাওরাদেহ (قرادح )—বিনাশক, বিদারক, অনিষ্ট ও অপকারক-বস্ত ও জিনিষ সকলকে বলে।

কোরাণ-শরিফ ( قرآن شريف ) — বিখ্যাত মোসুেম ধর্ম্ম-গ্রন্থ, বাহা আমাদের মহামান্ত পারগাম্বার হজরত্ (দ্ঃ) উপর অবতীর্ণ হইরাছে। কেবের ( کبر )—অহঙ্কার।

কেন্নামাত ( قيامت )—মহাপ্রলয়, অর্থাৎ পৃথিবীর শেষ দিন।
কবরের আজাব (عذات قبر )—সমাধি-গহ্বরে পাপী মানবের উপর
যে সকল শাস্তি হয়।

কেরামন-কাতেবায়েন ( کرامن کا تبین )---মানবের স্বক্কত পাপ-পুণ্যের দৈনিক-লিপি-লেথক, ফেরেস্তা-ছরের নাম।

কৰ্ল ( گبر )—স্বীকার করা, গ্রহণ ও মঞ্জুর করা, গ্রাহ্ছ করা।

কাজা ( قط )—পরিশোধ করা, পরিত্যক্ত কাজের পুনঃ প্রতিষ্ঠা করা ও নিয়তি।

কবিরা ( کبيره )—বড় পাপ, বৃহৎ পাপ।

কাজী ( ভ ض )—বিচারকর্তা অর্থাৎ মোদ্রেম ধর্ম্ম-শাস্ত্রাহ্মরূপ বিচার-কারী, বিচারক।

কোদরাত্ ( قدرت )—শক্তি, বল, বীর্যা।

কাফের ( کا فر )—গোপনকারী, অমান্সকারী, অর্থাৎ এছলাম ধর্ম্ম-গোপন ও অমান্সকারী।

কোফর ( كفر )—গোপন করা, অমান্ত-করা, অর্থাৎ এছলাম ধর্ম-গোপন করা ও অমান্ত করা।

কোফরী ( کفری )—গোপনকর, অমান্তকর কাজ, অর্থাৎ এছলাম ধর্ম্ম-পোপনকর ও অমান্তকর কাজ :

## থ থ খ

খাওফ্ ( خوف )—ভর, ভীতি, ত্রাস। থেরানাৎ ( خيانت )—বিশ্বাস ঘাতকতা, অপচয়। খালেছ ( خالص )—বিশুদ্ধ, নির্ম্মণ। খাহেশে-নাফ্ছ, বা হাওয়া, বা থাত্রায়ে-নাফ্ছানী خصر يا هوا (خواهش نفس يا هوا —লোভ, ভোগ-লালসা, বিলাস-বাসনা; কামেছা,

প্রভৃতি, মনের মন্দ প্রেরণা ও প্রবৃত্তি-নিচযুকে বলে।

পাত্রায়-রাহ্মানী (خطرة رحمانی)—আল্লাহ্-তারলার পক্ষ হইতে বে সকল পুণ্যমন্ত্র, সদিচ্ছা, বিবেক, স্থমতি, ইত্যাদির প্রেরণা মনে জাগে।

খায়ের (خير )—পুণ্য, দৎ, উত্তম।

খাত্রা (১,৮২)—এই প্রেরণা বহু প্রকার হর, যথা—স্কু, কু, কুন্চিন্তা, স্কুচিন্তা, বা ইতন্ততঃ ও অনুশোচনাপূর্ণ, বা ধীর, স্থির ও দ্বিধাশূল, ইত্যাদি, ইত্যাদি।

### গ গ গ

গোস্থা ( غَمِهُ )—রাগ, ক্রোধ, কোপ, রোষ। গায়েব ( غيبُ )—চক্ষ্র আগোচর, অদৃশু, ভবিষ্যং . গোছল ( ১৯৯৯ )—স্থান।

গোমরাহী ( گسراهی )—বিপথ, কুপথ, ভ্রান্ত-পথ, অধর্ম্মের পথ, ইত্যাদি। গোনাহ ্ ( گناه )—পাপ, অনাচার, কলুষতা,।

গাওছ ( ప্ )—ইহার ব্যবহারিক অর্থ, আল্লাহ্-তায়লার শ্রেষ্ঠ ককির, খোদা-প্রাপ্ত-শ্রেষ্ঠ-মহাত্মা। ফকির, ও ছুফি মহোদয়গণের বহু শ্রেণী আছে, তন্মধ্যে করেকটা শ্রেণী ও পদের নাম নিম্নে লিখা হটল—সর্কোচ্চ পদ (১) গাওছোল-আজাম্, তৎপর (২) গাওছ, তৎপর (৩) আওতার, (৪) আওতাদ, (৫) আবদাল, (৬) কোতব, (৭) অলী, (৮) দোরভেশ, (৯) ফকির টত্যাদি।

#### せ ほ ら

চুগলী ( چغلی )—কানকথা বলা, কোটনামি করা অর্থাৎ অগোচরে এক ্যক্তির নিন্দা-স্কুচক কথা অন্ত স্যক্তিকে বলা।

#### 豆豆豆

ছ ওরাব ( نواب - سواب ) — পুণা, ও পুণাের-পুরস্কার, সৎকাজ, উত্তম কাজ ইত্যাদি।

ছাবার ( صبر )— বৈর্যা।

ছারা-জাহান ( سارا جهان )— আকাশ-মেদিনী সহ সমস্ত জ্বগৎ অর্গাৎ সমস্ত সৃষ্টি।

ছাহাবা ( اسحاب )—আমাদের মহামান্ত হজরতের ( দঃ ) বয়প্রাপ্ত ন্থির-মস্তিষ্ক মোনুেম সহচর, পার্শ্বচর, অনুচর-বর্গ, মহোদয়গণ ( রাজিঃ )।

ছেরাত্(المراط) — পথ, ও নরকের উপরিস্থ অতি সক্ষা ও তীক্ষধার সেতু, যাহার উপর প্রত্যেককেই আরোহণ করিতেই হইবে।

ছাগিরা ( مغيرة )—ছোট, কুদ্র পাপ।

ছোনাত্ ( سنس )—মাহামান্ত হজরতের (দঃ ) উক্তি, চাল-চলন, আচার-ব্যবহার ও আদেশাবলীকে বলে।

ছুফ ( صوفى )—गहांजा, नांधू, नन्नाांनी, कंकित, जनी ।

ছালেক ( الله )---শন্ধার্থ, পথিক, পান্থ, যে পথচলে, কিন্তু ব্যবহারিক অর্থ, গৃহী-ফ়কির, সাধু, ছুকি, অলী, ইত্যাদি।

ছাবেরুণ ( صابرون )—ধৈর্য্যাবলম্বী, ধৈর্য্যশীল, মহৎ ব্যক্তিরণণ, ইহার এক বচন ''ছাবের''! ছালামাতি ( سلامتی )---ভয়শ্ন্ত হওয়া, নিষ্কৃতি লাভ করা, রক্ষা ও পরিত্রাণ পাওয়া।

ছাবের (بنب )— বৈধ্যাশীল, বৈধ্যাশালী, অর্থাৎ যে মহাত্মা ও মহাপুরুষ ধর্ম্মোদ্দেশ্যে, বৈধ্যাবলম্বন করেন, ইহার বহুবচন "ছাবেরুণ"।

#### জ জ জ

জে্ন ( جن )—দৈত্য, দানা, পরী।

জাকাৎ ( زکواة) — দরিদ্রগণকে বিতরণ জন্ম শারিয়াত্-নির্দিষ্ট অবশ্র দাতব্য অর্থকে বলে।

জেনা ( ১৫১) —ব্যাভিচার, পরদার গমন !

জামানা (১০৮)—সময়, কাল, যুগ, যেমন—কলিকাল, সভাযুগ ইত্যাদি। জোময়া (১৯৯৯)—শুক্রবারের বিশেষ নামাজ।

জামায়াত ্ ( جِما عت )—সমাজ, দল, একত্রিত বহু লোক।

জেকের ( ,১১)—আল্লাহ্-তায়লার নাম জ্বপ করা।

জব্র (زبور )—হজরত দায়ুদের (আঃ) উপর অবতীর্ণ আছমানী অর্থাৎ স্বর্গীয় কেতাবের নাম।

#### ত ত

তারিকাত্ ( طریقت )—পথ, আত্মা-শুদ্ধির পথ, অর্থাৎ থোদাপ্রাপ্তি ও ফকিরী লাভের পথ।

তাওফিক্ ( تونيق )—সংকাজ করিবার সৌভাগ্য, ও অধিকার প্রাপ্ত হওয়া। তওবা ( تَوبه )—পাপ বিমুক্তির প্রক্রিয়া অর্থাৎ প্রায়শ্চিত্তকে বলে। তাওরিত্( توریب )—হজরত্মুছার (আঃ) উপর অবতীণ স্বর্গীয় কেতাবের নাম।

তাহারাত ( طه رت )—পরিস্কার-পরিচ্ছন্নতা, পবিত্রতা, স্নান ইত্যাদি।
তাওয়াকোল ( تَوْكُل )—আল্লাহ ্তায়লার উপর সম্পূর্ণ নির্ভর ও
ভরদা করা।

তাফ ্ভিদ বা তাফ ্ভি্জ ( نفريض )—আল্লাহ ্-তায়লাতে আত্ম-সমর্পণ ও আত্মনিবেদন, ও উৎসর্গ করা।

তুল-আমাল ( طول ا ا ا طول )—দীর্ঘআশা, অসীম বা অফুরন্ত আশা।

তাজিম ( تعظیم )—শ্রদ্ধা, উচ্চ দম্মান, দন্তম।

তালাক ( طلاق )—পত্নী পরিত্যাগের বিধান।

তারেব ( نئب )—তওবাকারী, প্রায়শ্চিত্তকারী।

তোহ মাত ( نيمت )—অপবাদ, মিথ্যা কলঙ্ক প্রচার।

তছবিহ ( تسبير )—জপের মালা ও মালা জপ করা।

তওবাতুরছুহা ( تربة النصوحا )—অতি বিশুদ্ধ ও থাঁটি তওবা, অনড় ও অটল প্রায়শ্চিত।

তাক্ওয়া ( تقوی )—পাপ ও সংসার লোভ-পরিশৃন্ততা, ও ত্যাগ স্বীকার করা।

তাক্দির ( تقدير )—অদৃষ্ট-লিপি, অদৃষ্ট, বিধিলিপি, ইত্যাদি।

তাহ ্লিল ( تحلیل و نحلیه )—হালাল করা, হজম করা, গুণ কীর্ত্তন করা ইত্যাদি।

তাওয়াজো ( تراضع )—বিনয়, নম্রতা, সৌজন্ত।

#### म म म

দোজথ ( حررخ )—নরক। ছনিরা ( دنيا )—পৃথিবী, সংসার, ইহকাল। ছনিরাদার (دنيا دار )—সংসারী।

দিয়াত (دین ) — প্রাণের বিনিমরে অর্থদণ্ড, শারিরাত নির্দিষ্ট উহার মোটাম্টি পরিমাণ ১২০০০ বার হাজার টাকা হইতে উর্দ্ধে ৩০০০০ তিন লক্ষ টাকা পর্যান্ত।

দিনী ( دینی )—পরকালীয়, পারলোকিক, পারত্রিক ও ধর্ম্ম-সম্বন্ধীয় । গুনিয়াভী ( د نیاری )—ইহকালীয়, পার্থিব, ইহলোকিক ।

দরগাহ— ( ১৫) ১) দার, দরবার, রাজসভা ইত্যানি।

#### **a a a**

নের ্শৃত ( نعمت )—বহুমূল্যবান ও মহার্ঘ্য জিনিয়াত, ও পুরস্কারাদি। নাফারমানি ( نافر مانی )— আদেশ লঙ্খন, অমান্ত ইত্যাদি।

নাক্ছ ও নাক্ছে-আক্মারা (نفس - نفس - نفس - जीवाज्ञा, ও নানব অভ্যন্তরের সেই শক্তি বা প্রবৃত্তিটা, যাহা মানবকে সর্বাদা, পপে, ভোগ-বাসনা, বিলাস-লিম্পা, ও সাংসারিক স্থও নানারপ মন্দ কর্য্যাদির দিকে আকর্ষণ করিতে থাকে।

নবী, রছুল, পারগাম্বার (نبى - رسول - پيغمبر )—আল্লাহ্-তারলার বার্ত্তাবহ, প্রেরিত পুরুষ। নাজেল ( ১১<sup>৫</sup>)—অবতীর্ণ।

নফল (نفل )—দেই সকল কাজ যাহা না করিলে পাপ হয় না, কিন্তু করিলে পুণ্য হয়।

নামাজ (ু )— মোদলমানদের অবশ্য করণীয় উপাদনা, যাহা না করিলে "মোদলমান" হইতেই পারা যায় না। মোদ্রেম ও অমোদ্রেমের পার্থক্য এই নামাজ।

নেফাছ (خَاسُ )—নস্তান প্রসবের পর স্ত্রীলোকের যে **অশো**চ হয় তাহার নাম।

নিরত ( 🤐 )—দঙ্কল, উদ্দেশ্য, ইচ্ছা।

নেকী ( نیکی )—পুণ্য, সৎ, ও উত্তম কাজ।

নেকাক ( نفاق )—মনে এক, মুখে আর, অর্থাৎ মনে এক কথা, মুখে অহ্য কথা।

নেক্বাখ্ত ( نیک بخت )—পুণ্যবান, ধার্শ্মিক, সৎপ্রবৃত্তি ও প্রকৃতি বিশিষ্ট বাক্তি।

## 외 의 외

পারহেজগার ও মোভাকী ( پرهيزگار - منقى )—-ভদ্ধাচারী, নিলোভ, পুণ্যাত্মা, ত্যাগী, নির্নিপ্ত-সংসারী।

পাক ( এ৬) – পনিত্র।

পয়দা ( اپيد )—সৃষ্টি, জনা।

'পারগাম্বার---( नवी, भक्त (मथ )।

## ফ ফ ফ

- ফজল ( فضل )—আল্লাহ্-তায়লার অপরিসীম দরা, দাক্ষিণা ও অপার করণা, রূপা, ইত্যাদি।
- ফার্জ ( فرض )—অবশু কর্ত্তব্য ও পালনীয় কাজ, যাহা না করিলে বা অবহেলা করিলে, নরক ভোগ অবধারিত ও অনিবার্য্য।
- ফেরেন্ডা ( فرشته )—দেবতা, স্বর্গীর দৃত।
- ফেরেববাজ (فريب باز )—শঠ, ধোকাবাজ, প্রবঞ্চক অর্থাৎ যে শঠতা করে ও লোককে ধোকা দেয় ও প্রতারক।
- ফার্জে-মায়েন ( فرض عين )—নোসলমানদের পক্ষে তড়িৎপাল্য অর্থাৎ অব্যাজে তৎক্ষণাৎ ও তক্ষুহুর্ত্তে অবশ্য পাল্য ও করণীয়, কাজ সকলকে বলে।
- ফার্জে-কেফায়ং ( فرض کفایه )— সেই প্রকার কর্ত্তব্য ও কার্য্যসূহ,
  যাহা কতিপয় মোসলমান পালন করিলেই সমগ্র মোসলমান
  কর্ত্ত্ক উহা প্রতিপালিত হইয়াছে বলিয়া গণ্য হয়, কিন্তু
  কোন মোসলমানই যদি উহা পালন না করেন, তবে জগতের সমগ্র
  মোসলমান সম্প্রদায় উহার জন্ত সমতাবে পাপী ও দায়ী হইবেন।
  আর কতিপয় মোসলমান উহা পালন করা সত্ত্বেও যদি অন্ত কোন
  মোসলমান পুনং তাহা করেন, তবে তাঁহার অশেষ পুণ্য সঞ্চিত
  হইবে। যেমন জানাজার নামাজ ( মৃতের সংকার ) ও সমস্ত
  কোরাণ-শরিফ মৃথস্থ করা, ও আবশ্রকাতিরিক্ত ধর্ম-বিত্যা শিক্ষা
  করা ইত্যাদি।
- ফেত্রা (فطره )—উপবাদের মাদে দরিদ্রগণকে দান করার জন্ত নির্দ্দিষ্ট অর্থের নাম।
- কেত্না ( فتنه )—অমঙ্গল, তুষ্ট, মন্দ সম্বা, অর্থাৎ কলিকাল ইত্যাদি।

ফাকিহ্ ( ﴿فَقِيهِ )—এছলাম ধর্ম্ম-শাস্ত্রবেত্তা, দার্শনিক পণ্ডিত অর্থাৎ শারিয়াত্-অভিজ্ঞ ব্যক্তি:

#### व व व

বেহেশ্ত্ ( بهشت )---বৈকুণ্ঠ, স্বর্গ ।

বদ্বথ্ত ও বে-নছিব ও বদ-নছিব (بدنسیب ر بدنسیب ر

বালাম-বাউর (بلعم باعور )—জনৈক ইছদী-বংশীয় ছর্ভাগা ফকিরের নাম, পরিণামে যে ধর্মজাাগী-কাফের হইয়াছিল।

বারিতালা ( بارى تعالى )—অল্লাহ্-তায়লার নাম।

বান্দা ( ১১২ )—দাস, ভূত্য।

(त-এলেমী ( بى على )--- शर्य-विजाहीन ও জ্ঞানहीन, पूर्थ।

বোজগ ( بزرگ )—মহামাননীয়, শ্রেষ্ঠ সন্ধানার্হ, শ্রদ্ধেয় মহাপুরুষ \*ইত্যাদি।

বাদয়াৎ ( بدعت )—এছলামে যে কোনপ্রকার নব-সংস্কার, বা নৃতন যে কোনরূপ আচার, রীতি-নীতির সৃষ্টি বা প্রচলন করা।

বদি ( بدی )—মন্দ, পাপ, ছষ্ট।

বো-ইমান ( بی ایمان )—স্বর্গীয় পবিত্র-এছলাম ধর্ম্মে-বিশ্বাসহীন ব্যক্তি। বানি-এছরাইল ( بدی اسرافیل )—হঙ্করত্মুছা ও ইছার (আঃ)

ওন্মত ও স্ববংশীয় যথা—ইহুদী ও খৃষ্টান।

বরকৎ ( بركت )—পুণ্যের সহিত বন্ধিত হওয়া, বাড়স্ত, অফুরস্ত।

#### ম ম ম

মায়ারেফাত (معرفت)— চিনন, স্থানন, অর্থাৎ মাল্লাহ ্-তাগ্নলা ও তাঁহার মহিমা, গুণাবলী, প্রভাব, প্রতিপত্তি ও ক্ষমতাদির সহিত স্ক্ষভাবে পরিচিত হওয়া।

মঞ্জুর---( "কবুল" শব্দ দেখ )!

মোত্তাকী—( "পারহেজগার" শব্দ (দথ )।

আছ্লা ( ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴾ ﴾ )—শারিয়াতের বিধি-নিষেধ সম্পর্কীয় বিধান, ও উহা জানার জন্ম প্রশ্ন করা।

নেরেরাজ ( معراج )—্যে রাত্রিতে আমাদের মহামান্ত হল্পরত্ ( দঃ )
সশরীরে স্বর্গে গমন করিয়াছিলেন।

মায়য়াজেলা (। عجز )—মানব শক্তির অতীত, অভাবনীয়, অনৈসর্গিক, ও ঐশী শক্তি সম্পন্ন কার্য্যকলাপ সমূহ।

মোন্কের নকীর (منكرنكير )—মৃত্যুর পর কবরের মধ্যে প্রথম বে ছইজন প্রশ্নকারী ফেরেস্তা আদেন, তাঁহাদের নাম।

মাফ ( ৩৩ )—ক্ষা, মুক্তি, পরিত্রাণ।

মোনাজাত ( ৣ ৬ )—শারিয়াত নির্দিষ্ট প্রণালীতে উভর হস্তোত্তলন করিয়া আলাহ -তায়লার নিকট যাক্রা ও প্রার্থনা করা বা চাওয়া।

মোন্তাহাব ( ూూ )—পছন্দ-সই, উত্তম, ভাল-জিনিষ।

মোহাদ্দেছ ( এ৯৯০ )—হাদিছ-বেন্তা, অর্থাৎ হাদিছ শরিফ অভিজ্ঞ ব্যক্তি।

মুক্তি ( শুরু )—মোসুেম ধর্ম-শাস্ত বিশারদ, পাতিদাতা, ব্যবস্থাদাত। অতি বড় পণ্ডিত।

মজৰুত ( عبوط )—দৃঢ়তা, অতি শজ্, কঠিন।

- মোজাহেদা ( مجاهده )—ত্যাগ, দৃঢ়তা, ধর্ম্মের জন্ত কট স্বীকার করা ও যুদ্ধাদি করা ইত্যাদি।
- মালাকী ( هلاکی )—দেবকীয়, অর্থাৎ ফেরেস্ত:-জনোচিত কাজ ও কাজের প্রেরণা।
- মারহদ্ ও মাল্যুন ( جردو ملعون )—অভিশপ্ত, বিতাড়িত, লাঞ্ছিত, দ্বণিত, পাপাশর, হর্কাত ।
- মোবাহ্ ( ে ৬০ )—সেই সকল জিনিব ও কাজ, যাহা করিতে শারিয়াতে কোন বাধা নাই ও কোনপ্রকার পাপও হয় না; কিন্তু অনাবশুক ও বাহুল্য। পুণ্যের আশায় ও ধর্মোনেশ্রে যদি ঐ সকল পরিত্যাগ করে তবে অশেষ পুণ্য সঞ্চয় হয়।
- মশকুক্ ( مشکوک )—-বাহার পবিত্রতা ও বৈধতা সহদ্ধে সন্দেহের উদ্রেক হয়।

মোরশেদ ( অ্লু )—ধর্ম্ম-শিক্ষক, মন্ত্রদাতা, গুরু ৷

মোতোওয়াকেলুন ( তই্থানু )—আল্লাহ -তায়লার উপর পূর্ণ নির্ভর ও

ভরদাকারী মহাত্মাগণ।

মোত্তাকিয়ুন ( متقيو )—-মোত্তাকীর বহু বচন, ( "পারহেজগার" শক (দ্ব।)

### র র র

রহম (رحم) )—দয়া, অন্তগ্রহ, রুপা।
রেজেক ( زق ) )— অন্ন, বস্ত্র, ধুন ইত্যাদি অর্থাৎ মানবের জীবন ধারণোপ্রোগী, ও নিত্য প্রোজনীয় জিনিষের সমষ্টিকে বলে!

রাজা (رجاء)—আশা, আলাহ্-তারলা হইতে পুরস্কার প্রাপ্তির আশা, কামনা, আকাজ্ঞা;

রেয়া ( খু) )—লোক দেখান কাজ।

রছুল,—(''নবি'' শব্দ দেখ)।

রোজা (১) )—উপবাস, অর্থাৎ একাদশী।

রাজয়াৎ ( رجعت )—প্রত্যাবর্ত্তণ, ও পত্নীত্যাগের পর তাহাকে পুনঃ গ্রহণ :

রাহমাত ( তেত্র) — দয়া, রুপা, অমুগ্রহ।

রাকরাৎ ( رکعت )--নামাজের ক্ষুদ্র অংশ বা সংক্ষিপ্ত নামাজ।

কৃজি ( روزی )—উপার্জন, উপজীবিকা।

রেরাজাত ( رياضت )—শ্রম, অধ্যবসার, অর্থাৎ সাধনার জন্ত, কঠিন ও ক§সাধ্য পরিশ্রম করা।

রাজেয়ুন বা রাদেয়ুন ( راضيوں) —সেই মহাত্মা ও মহাপুরুষ-গণ, যাঁহারা আল্লাহ্-তারলার প্রত্যেক কাঙ্গের উপরই শ্রদ্ধাবান, সন্তুষ্ট, ও রাজী।

#### ল ল ল

লাওহ-মাহ ফুল্প ( لوح محفوظ )—জগৎস্থান্তির বহু পূর্বের ''আজ্ঞালের'' দিবস আলাহ-তায়লা তাঁহার সমগ্র স্থান্তির অদৃষ্ট-লিপি যে পবিত্র তথ্তি অর্থাৎ শ্লেটে লিপিকা-বদ্ধ করিয়াছেন, সেই স্বর্গীয় পবিত্র তথ্তির নাম।

#### **\* \* \***

শোক্রিয়া ( শ্রু )—ক্বজ্ঞ, ধন্তবাদ, ক্বজ্ঞতা ইত্যাদি।

- শারতান (شيطان)—আল্লাহ্-তারলার বিতাড়িত মানব-কুলের ঘোর শক্র জ্বেন অর্থাৎ দৈত্য-কুলোড়ব, জ্বনৈক অশ্রীরী জীবের নাম, ইহার আর একটী নাম ইব্লিছ।
- শারতানী (شيطانی )—ঐ শরতান প্ররোচিত, পাপ-জনক ছ্ঠ ও মন্দ কার্যাদি।
- শান, শওকাৎ,—("দবদবা" শব্দ দেখ)।
- শরা-শরিফ বা শারিয়াত্ ( شريعت )—স্বর্গীয় পবিত এছলামী ধর্ম-শান্তের নাম।
- শারর্ (شر )—পাপ, মন্দ, অধম, দোষিত, কলুষিত, হীন-কার্য্য, কথা, ও বস্তু সমূহ।
- শেরেক ( ন্র্ন্ন্র্ন্)—আল্লাহ্-তায়লার শরিক বানান, অর্থাৎ এক অল্লাহ্তায়লা ভিন্ন অন্ত কেহ বা কোন কিছুর পূজা, উপাসনা ও অর্চনা
- করা, বা করার কল্পনা বা চিন্তা বা ধারণা করা।

#### • হ হ হ

হাছান-বাছ্রী ( حسن بصری )—প্রায় মহামান্ত হজরতের (দঃ) ছাহাবা-মহোদয়গণের তুল্য সম্মানার্হ জনৈক বাছ্রা দেশবাসী বিখ্যাত ও শ্রেষ্ট সাধকের নাম।

হাছাদ ( ১৯৯৯ )—হিংসা, পরশ্রী-কাতরতা। হজ্জ ( 🔑 )—মকা শরিফের হজ্জ্বী তীর্থ হায়েজ ( حيض )—স্ত্রীলোকের শ্বতু।

হাদিছ-কুদ্ছি (حدیث قدسی )—আল্লাহ্-তায়লার স্বকীয় উক্তিরূপে আমাদের মহামান্ত হজরতের (দঃ ) মুখ-নিঃস্ত পবিত্র বাণী।

হক্দার (عقد ।) — পাওনাদার, অংশীদার, ওয়ারিশ অর্থাৎ যাহাদের স্বস্থ আছে।

হক ( عق )—পাওনা, প্রাপ্য, স্বন্ধ।

হারাম (حرام)—নিষিদ্ধ বিষয় ও জিনিষ-সমূহ, যাহা অমাত্যে কঠিন নত্তকদণ্ড অনিবার্য্য।

হালাল ( الحلا )— সিদ্ধ ও বৈধ, বিষয় ও জিনিং-সমূহ অর্থাৎ যাহার ব্যবহারে পাপ হয় না।

হাশরের মাঠ (ুএন ুল্লান্ত ক্রেন্ডার পর তাম-নির্মিত বে বিরাটি মাঠে আল্লাহ্-তারলা স্বয়ং তাঁহার স্পষ্ট-সমষ্টির পাপ-পুণ্য ও ভার অভ্যারের স্ক্রাতিস্ক্র বিচার করিবেন, সেই মাঠের নাম।

হাবাছ ( حبس )—কয়েদ, রদ্ধ, আটক, আবদ্ধ।

হাম্দ ( ১৯০ )—আল্লাহ ্তায়লার, মহিমা, প্রশংসা, নাম ও ওং কীর্তুন।